মধ্য-লীলা

পঞ্চবিংশ পরিচ্ছেদ

বৈষ্ণবীকৃত্য সন্ন্যাসিমুখান্ কাশীনিবাসিনঃ। সনাতনং স্কুসংস্কৃত্য প্রভূনীলালিমাগসং।। ১ জয় জয় প্রীচৈতন্ম জয় নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥ ১ এইমত মহাপ্রাভু তুই মাসপর্য্যন্ত। শিক্ষাইলা তাঁরে ভক্তিসিদ্ধান্তের অন্ত ॥ ২ পরমানন্দ কীর্ন্তনীয়া—শেখরের সঙ্গী । প্রভুকে কীর্ত্তন শুনায়—অতি বড় রঙ্গী ॥ ৩ সন্ম্যাসীর গণে প্রভু যদি উপেক্ষিল । ভক্তত্বঃখ খণ্ডাইতে তারে কৃপা কৈল ॥ ৪

গ্রোকের সংস্কৃত টীকা।

অবৈষ্ণবান্ বৈষ্ণবান্ কৰা ইতি বৈষ্ণবীক্তা। সন্যাসিম্খান্ সন্যাস্থান্। স্থাংস্ভা শোভনং সংস্থারবস্তং কুলা ইত্যথিঃ। চক্রবর্ত্তী॥১॥

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

মধ্যলীলার এই পঞ্চবিংশতি-পরিচ্ছেদে—শ্রীমন্মহাপ্রভু কর্তৃক কাশীবাসী অবৈষ্ণব সন্ত্যাদিগণের বৈষ্ণব-করণ এবং তদনস্তর কাশী পরিত্যাগ করিয়া শ্রীমন্মহাপ্রভুর নীলাচল-প্রত্যাবর্ত্তন-লীলা বর্ণিত হইয়াছে।

ক্রো। ১। অন্তর্ম। প্রভু: (প্রীমন্মহাপ্রভু) দনাতনং (প্রীপাদ দনাতনকে) স্থদংস্কৃত্য (স্থলরব্ধপে দংস্কৃত করিয়া—ভক্তি-দিন্ধান্তাদি শিক্ষা দিয়া) কাশীনিবাদিনঃ (কাশীবাদী) দল্যাদীমুখান্ (প্রকাশানন্দ-দরস্বতী প্রভৃতি দল্যাদি-প্রমুখ জনগণকে) বৈষ্ণবীকৃত্য (বৈষ্ণব করিয়া) নীলাদ্রিং (নীলাচলে) আগমং (আগমন করিয়াছিলেন)।

অসুবাদ। শ্রীমন্মহাপ্রভু কাশীবাদী প্রকাশানন্দ-দরস্বতী প্রভৃতি দল্ল্যাদিপ্রমুখ-জনগণকে বৈষ্ণব করিয়া এবং ভক্তি-দিদ্ধান্ত শিক্ষা শ্রীপাদ-দনাতনকে স্থন্দররূপে দংস্কৃত করিয়া নীলাচলে আগমন করিয়াছিলেন। ১

এই শ্লোকে এই পরিচ্ছেদের আলোচ্য-বিষয়ের উল্লেখ করা হইল।

- ২। এই মত—মধ্যলীলার ২০শ হইতে ২৪শ পরিচ্ছেদে বর্ণিত প্রকারে। তাঁরে—শ্রীসনাতন গোস্বামীকে। ভক্তি-সিদ্ধাত্তের অন্ত—ভক্তিশান্ত্রে যে সমস্ত সিদ্ধান্ত আছে, তাহাদের চরম অবধি। সমস্ত সিদ্ধান্ত।
- ৩। পরমানন্দ কীর্ত্তনীয়া—পরমানন্দ-নামে জনৈক কীর্ত্তনীয়া। শেখর—চক্রশেখর; ইনি জাতিতে বৈঅ; কাশীতে থাকিয়া লেখকের কাজ করিতেন। ইনি তপনমিশ্রের সথা ছিলেন। রক্ষী—কীর্ত্তনাদিতে অত্যস্ত অহরাগযুক্ত।
- 8। সন্ত্যাসীর গণে কাশীস্থিত প্রকাশানন্দ-সরস্বতী ও তাঁহার শিষ্যান্থশিষ্যাদি মায়াবাদী সন্ত্যাসীদিগকে। উপেক্ষিল উপেক্ষা করিলেন; সন্ত্যাসিগণ প্রীমন্মহাপ্রভুর যে সকল নিন্দাবাদ করিয়াছিলেন, সেই সমস্ত প্রভু গ্রাহ্নই করিলেন না; তাঁহাদের নিন্দাদির প্রতিবাদাদি করিলেন না, নিন্দার কথা গুনিয়া তিনি মনঃকুর্রও হইলেন না। তাঁহাদের আচরণের প্রতি সম্পূর্ণ উদাসীত দেখাইলেন।

সন্ধ্যাসীরে কৃপা পূর্বের লিখিয়াছি বিস্তারিয়া।
উদ্দেশ করিয়ে ইহাঁ সংক্ষেপ করিয়া॥ ৫
যাহাঁ তাহাঁ প্রভুর নিন্দা করে সন্ধ্যাসীর গণ।
শুনি তুঃখে মহারাষ্ট্রী করয়ে চিন্তন—॥ ৬
প্রভুর স্বভাব—যে তাঁরে দেখে সন্ধিানে।

স্বরূপ অনুভবি ভাঁরে 'ঈশ্বর' করি মানে॥ ৭ কোনপ্রকারে পারেঁ। যদি একত্র করিতে। ইহারে দেখি স্ন্যাসিগণ হৈব ইহার ভক্তে॥ ৮ বারাণসীবাস আমার হয়ে সর্ববকালে। সর্ববকাল হুঃখ পাব, ইহা না করিলে॥ ৯

গৌর কুপা-তরঙ্গিণী টীকা।

ভক্তপুংখ—তপনমিশ্র, চন্দ্রশেষর, পরমানন্দ-প্রভৃতি কাশীবাদী ভক্তদিগের ছংখ; সন্ন্যাদীদের মুথে প্রমন্মন্থভুর নিন্দা শুনিরা তাঁহাদের যে ছংখ হইত, ভাহা এবং শ্রীক্ষের নান-রূপ-শুণ-লীলাদি কথার পরিবর্ত্তে কেবল মারা-ব্রন্ধ-প্রভৃতি কথা শুনিরা তাঁহাদের যে ছংখ হইত, ভাহা। তারে—ভাহাকে; সন্ন্যাদিগণকে। কুপা কৈল—কণা করিলেন; শুক্ত-কুপার অবাহ সঞ্চারিত করিলেন। সন্ন্যাদীদিগের প্রতি শ্রীমন্মহাপ্রভুর-কুপার মুখ্য হেতু —কাশীবাদী ভক্তদিগের ছংখ মোচন করা। ভক্তির চর্চ্চা শুনিতে পাইলেই ভক্তের স্থুখ; আর ভাহা যেখানে নাই, সেখানে ভক্ত স্থুখ পান না। আবার, যেখানে ভক্তি-বিরোধী জ্ঞানের চর্চ্চা ব্যতীত ধর্মাব্যয়ক অন্ত কোনও চর্চ্চাই নাই, দেখানে ভক্তদের অত্যন্ত ছংখ। ছংখের হেতু এই:—ভক্ত পর-ব্রন্ধকে সচিদানন্দ-বিগ্রাহ, ভক্তবংদল, পরমকর্মণ, রিদিকশেখর বলিয়া মনে করেন; কিন্তু ভক্তিশ্লু-জ্ঞানমার্গের উপাদক্ষণণ তাঁহাকে নিশ্রণ, নির্বিশেষ আনন্দ-সন্থামাত্র মনে করেন এবং শ্রীভগবানের চিদানন্দ-ঘন বিগ্রহকে মায়িক বিগ্রহ বলিয়া মনে করেন; তাঁহাদের শাস্ত্রচ্চাদিতেও তাঁহাদের প্রতিত হয়। ইহা ভক্তের প্রাণে দহ হয় না। কাশীবাদী সন্মাদিগণ সকলেই ভক্তিশ্লু জ্ঞানমার্ণের উপাদক ছিলেন—ভাই তাঁহাদের সঙ্গে তত্ততা ভক্তদের কেবল ছংখই ভোগ করিতে হইত। এই ছংখ দূর করিবার জন্মই শ্রীমন্মহাপ্রভু ক্রপা করিয়া সন্ধ্যাদীদিগকে বৈহুব করিবার।

- ত। পুর্বেক আদিলীলায় সপ্তম পরিচ্ছেদে। কিরপে প্রভু সন্যাসীদিগকে রূপা করিলেন, ভাহা ঐ স্থানে বর্ণিত হইয়াছে।
- ৬। **যাই। তাই।**—বেখানে সেখানে। **মহারাষ্ট্রী**—মহারাষ্ট্র-নিবাসী জনৈক ব্রাহ্মণ। ইনি প্রভুর দর্শনের প্রভাবে প্রভুর একান্ত ভক্ত হইয়া পড়িয়াছিলেন। ক্রেয়ে চিন্তুন—মহারাষ্ট্রী ব্রাহ্মণ কি চিন্তা করিলেন, তাহা নিমের তিন পরারে বলা হইয়াছে।
- ৭ ৯। "প্রভুর-স্বভাব" হইতে "ইহা না করিলে" পর্যন্ত তিন পয়ারে মহারাষ্ট্রীয় ব্রাহ্মণের চিন্তার কথা বলিতেছেন। তিনি ভাবিলে—শ্রীমন্মহাপ্রভুর এমনি আশ্চর্যা শক্তি যে, দ্রে থাকিয়া, প্রভুকে না দেখিয়া, যে যত ইচ্ছা তাঁহার নিন্দা কর্মক না কেন, যদি একবার প্রভুর নিকটে আদিতে পারে এবং যদি প্রভুর দর্শন পায়, তাহা হইলে ঐ দর্শনের প্রভাবেই লোক উপলব্ধি করিতে পারে যে, শ্রীমন্মহাপ্রভু সাধারণ মহন্ত নহেন, সয়্যাদী মাত্র নহেন—তিনি স্বয়ং ভগবান্। ইহা বুরাইবার নিমিত্ত তথন আর শাস্ত্র বা যুক্তির প্রয়োজন হয় না। কাশীবাদী সয়্যাদিগণ প্রভুর দর্শন পান নাই বলিয়াই প্রভুর নিন্দা করিতে পারিতেছেন; কিন্তু যদি কোনও উপায়ে একবার প্রভুর সহিত তাঁহাদের সাক্ষাৎ করাইতে পারি, তাহা হইলে নিশ্চয়ই তাঁহারা প্রভুর স্বয়ণ অয়ভব করিতে পারিবেন; প্রভু যে সয়ং ভগবান্, তিনি যে ভণ্ড সয়্যাদী মাত্র নহেন, তাহা তাঁহারা বুঝিতে পারিবেন; তাহা হইলেই তাঁহারা প্রভুর একান্ত ভক্ত হইয়া পড়িবেন এবং প্রভুর নিন্দা না করিয়া তাঁহার গুণ-মহিসাদিই কীর্ত্তন করিবেন—আর মায়া-ব্রম্ম-প্রভৃতির আলোচনা ছাড়িয়া প্রীভগবানের নাম-রূপ-গুণ-লীলানির কীর্ত্তন না করিয়া থাকিতে পারিবেন না। যে প্রকারেই হউক, প্রভুর সহিত তাঁহাদের সাক্ষাৎ করাইতেই হইবে—কারণ, আমাকে তো চিরকালই কাশীতে থাকিতে হইবে। যদি সয়্যাদীদের সহিত প্রভুর সাক্ষাৎ না করাই, তাহা হইলে চিরকালই তো তাঁহারা প্রভুর নিন্দাদি করিবেন—আমাকেও চিরকালই তাহা গুনিতে হইবে। কিন্তু ইহা তো সহু হইবে না।"

এত চিন্তি নিমন্ত্রিল সন্ন্যাসীর গণে।
তবে সেই বিপ্র আইল মহাপ্রভুর স্থানে॥ ১০
হেনকালে নিন্দা শুনি শেখর তপন।
ফুখে পাঞা প্রভুপদে কৈল নিবেদন॥ ১১
ভক্তফুখে দেখি প্রভু মনেতে চিন্তিল।
সন্ম্যাসীর মন ফিরাইতে মন হৈল॥ ১২
হেনকালে বিপ্র আদি কৈল নিমন্ত্রণ।

অনেক দৈখাদি করি ধরিল চরণ ॥ ১৩
তবে মহাপ্রভু তাঁর নিমন্ত্রণ মানিলা।
আর দিন মধ্যাক্ষ করি তার ঘরে গেলা॥ ১৪
তাহাঁ যৈছে কৈল সন্ন্যাসীর নিস্তার।
পঞ্চতত্বাখ্যানে তাহা করিয়াছি বিস্তার॥ ১৫
গ্রন্থ বাঢ়ে—পুনরুক্তি হয়ে ত কথন।
তাহাঁ যে না লিখিল, তাহা করিয়ে লিখন॥ ১৬

গৌর-কুপ।-তরঙ্গিণী টীকা।

প্রভুর স্বভাব—প্রভুর এমনি প্রভাব ধে। স্বরূপ অনুভবি—প্রভুর স্বরূপ অর্ভব করিয়া; প্রভু ধে স্বয়ং ভগবান্, তিনি যে জীব নহেন, তাহা উপলব্ধি করিয়া। ইত্যারে দেখি—প্রভুকে দেখিয়া। ইহা না করিলে— প্রভুর সহিত সন্যাদীদিগের দাক্ষাৎ না করাইলে।

১০। এত চিন্তি—এইরূপ চিন্তা করিয়া। নিমন্ত্রিল—নিজগৃহে ভোজনের জন্ম আহ্বান করিল। ভবে —সন্ন্যাসীদিগকে নিমন্ত্রণ করিয়া। সেই বিপ্রা—মহারাষ্ট্রী ব্রাহ্মণ।

মহারাষ্ট্রী ব্রাহ্মণ শ্রীমন্মহাপ্রভুর দহিত দল্লাদীদিগের দাক্ষাৎ করাইবার উদ্দেশ্যে নিজের গৃহে নিমন্ত্রণের আয়োজন করিয়া দল্লাদীদিগকে নিমন্ত্রণ করিয়া আদিলেন; তারপর প্রভুকে নিমন্ত্রণ করার জন্ত প্রভুর নিকটে গেলেন। তাঁহার উদ্দেশ্য—তাঁহার গৃহে নিমন্ত্রণে প্রভুর দহিত দল্লাদীদের দাক্ষাৎ করাইবেন।

- ১১। হেনকালে—যে সময় মহারাষ্ট্রী ব্রাহ্মণ প্রভুকে নিমন্ত্রণ করার জন্ত প্রভুর নিকটে আসিতেছেন, ঠিক সৈই সময়ে। শেখর তপ্র—চক্রশেথর ও তপ্রমিশ্র। তঃখ পাঞা—সন্ন্যাসীদের মুথে প্রভুর নিন্দা শুনিয়া অত্যন্ত হঃথ হওয়ায় প্রভুর চরণে তাঁহাদের হঃথের কথা জানাইলেন এবং সন্ন্যাসীদের রূপা করার জন্ত প্রার্থনাও জানাইলেন।
- ১২। ভক্তসংখ দেখি—মহাপ্রভু ভক্তবৎসল; তাই ভক্তদের ছঃথের কথা শুনিয়া তাঁহার করণ চিত্ত গশিয়া গেল এবং ভক্তদের ছঃথ নিবারণের উদ্দেশ্যে সন্মাদীদিগকে কুপা করার নিমিত্ত প্রভুর ইচ্ছা হইল। 🖁
- ১৩। হেনকালে—চক্রশেথর ও তপনমিশ্রের কথার যথন সন্নাসীদিগকে রূপ। করিবার জন্ম প্রভুর ইচ্ছা হইল, ঠিক সেই সময়েই মহারাষ্ট্রী ব্রাহ্মণ আদিয়া অনেক দৈন্তমিনতি সহকারে প্রভুর চরণে পতিত হইয়া তাঁহার গৃহে ভিক্ষা করিবার জন্ম প্রভুকে নিমন্ত্রণ করিলেন।
- ১৪। তবে—ইত্যাদি—চন্দ্রশেখর ও তপন-মিশ্রের কাতর প্রার্থনায় প্রভুর চিত্ত করণায় ভরিয়া গিয়াছিল;
 ঠিক এই সময়েই মহারাষ্ট্রী ব্রাহ্মণ তাঁহাকে নিমন্ত্রণ করিলেন—নিমন্ত্রণ-উপলক্ষ্যে সন্ত্র্যাদীদিগকে রূপা করার একটা স্থাগো উপস্থিত হইল। তাই প্রভু তাঁহার নিমন্ত্রণ অঙ্গীকার করিলেন। সন্ত্রাসীদিগকে রূপা করার ইচ্ছা না থাকিলে প্রভু বোধ হয় নিমন্ত্রণ গ্রহণ করিতেন না। আর দিন—ষে দিন নিমন্ত্রণ গ্রহণ করিলেন, তাহার পরের দিন।
 মধ্যাক্ত করি—মধ্যাহ্ণ-সময়ের স্নান ও অন্তান্ত নিত্যক্রত্যাদি করিয়া নিমন্ত্রণ-রক্ষার্থে মহারাষ্ট্রী বিপ্রের গৃহে গেলেন।
- ১৫। তাঁহা—মহারাষ্ট্রী বিপ্রের গৃহে যে ভাবে প্রভু সন্ন্যাদীদিগকে রূপা করিলেন, তাহা আদিলীলার সপ্তম পরিচেছদে পঞ্চতত্ত-বিচারে বর্ণনা করা হইয়াছে।
- ১৬। প্রস্থ বাড়ে ইত্যাদি—যে ভাবে দল্লাদীদিগকে কুপা করিলেন, তাহা যদি এস্থলে আবার বর্ণনা করেন, তাহা হইলে গ্রন্থের আকারও বাড়িয়া যায়, আবার এক কথা ছইবার বলাও হয়। এজন্ত তাহা এস্থলে বর্ণিত হইল

যে দিবসে প্রভু সন্ন্যাসীরে কুপা কৈল।
সে দিবস হৈতে গ্রামে কোলাহল হৈল॥ ১৭
লোকের সংঘট্ট আইসে প্রভুরে দেখিতে।
নানাশাস্ত্রে পণ্ডিত আইসে শাস্ত্র বিচারিতে॥ ১৮
সর্ববশাস্ত্র খণ্ডি প্রভু 'ভক্তি' করে সার।
সযুক্তিক বাক্যে মন ফিরায় সভার॥ ১৯
উপদেশ লঞা করে কৃষ্ণসন্ধীর্ত্তন।
সর্বলোক হাসে গায় করয়ে নর্ত্তন॥ ২০

প্রভুকে প্রণত হৈল সন্ন্যাসীর গণ।
আঁত্মাধ্যে গোষ্ঠী করে ছাড়ি অধ্যয়ন॥ ২১
প্রকাশানন্দের শিষ্য এক—তাহার সমান।
সভামধ্যে কহে প্রভুর করিয়া সন্মান—॥ ২২
শ্রীকৃষ্ণচৈতন্ম হয় 'সাক্ষাৎ নারায়ণ'।
ব্যাসসূত্রের অর্থ করে অতি মনোরম॥ ২৩
উপনিষদের করে মুখ্যার্থ-ব্যাখ্যান।
শুনি পণ্ডিত লোকের জুড়ায় মন-কাণ॥ ২৪

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

না। তবে, যাহা আদির সপ্তম পরিচ্ছেদে বলা হয় নাই, তাহা এন্তলে সংক্ষেপে বলা হইতেছে। (নিয়ের পয়ার-সমূহে)। পুনরুজ্জি—একই বিষয় বার বার বলা। তাহাঁ—আদির সপ্তম পরিচ্ছেদে।

১৭-২০। কোলাহল হৈলা—হৈ চৈ পড়িয়া গেল। হৈ চৈ পড়িবারই কথা। প্রকাশানন সরস্বতী তথন ভারতবর্ষের মধ্যে অন্বিভীয় পণ্ডিত—সাধক হিসাবেও ভাঁহার বিশেষ থ্যাতি। বিভায় বুদ্ধিতে কেইই তথন ভাঁহাকে পরাজিত করিতে পারিত না। কাশীতেই ভাঁহার দশ হাজার দণ্ডী শিয়া। কাশীর বাহিরে তো কত শিয়াই আছে। এত বড় একজন লোক—একজন বাঙ্গালী-সন্মাসীর পদানত ইইয়া গেল; ইহা দেখিয়া ও শুনিয়া সকলেই বিশ্বিত ইইয়া গেল। তথন ঐ বাঙ্গালী সন্মাসীটীকে (শ্রীমন্মহাপ্রভুকে) দেখিবার জন্ত দলে দলে লোক আসিত্তে লাগিল—আর তাঁহার সঙ্গে শাস্ত্রীয় বিচার করিবার জন্ত দলে দলে বড় বড়:পণ্ডিতেরাও আসিতে লাগিলেন। প্রভু সকলের সঙ্গেই আলাপ করিলেন, বিচার করিলেন—বিচারে সকলের নিকটেই ভক্তির প্রাধান্য হাপন করিলেন; সকলকেই কৃষ্ণনাম উপদেশ করিলেন। প্রভুর মুথে কৃষ্ণনাম উপদেশ পাইয়া সকলেই কৃষ্ণকীর্ত্তন করিতে লাগিলেন, নাম-কীর্ত্তনের প্রভাবে ও প্রভুর কুপায় সকলেই কৃষ্ণপ্রেমে বিহ্বল হইলেন।

হাসে গায়—ক্ষুপ্রেমে মাতোয়ারা হইয়া হাসে, কান্দে, নাচে, গায়।

- ২১। আত্মধ্যে ইত্যাদি—সন্ন্যাসিগণ বেদান্ত অধ্যয়ন ত্যাগ করিয়া নিজেরা একসঙ্গে বসিয়া ভক্তির মাহাত্ম্য ও প্রভুর মহিমা সম্বন্ধে আলোচনা করিতে লাগিলেন। আত্মধ্যে—নিজেদের মধ্যে। গোষ্ঠী করে—আলোচনা করে।
- ২২। **তাহার সমান**—প্রকাশানন্দের স্মান। প্রকাশানন্দের একজন শিস্ত পাণ্ডিত্যে প্রকাশানন্দেরই তুল্য। মহাপ্রভুর প্রতি সম্মান প্রদর্শন করিয়া তিনি যাহা বলিলেন, তাহা নিম্নের কয় প্যারে বলিতেছেন।
 - ২৩। ব্যাসসূত্রের—বেদান্ত-স্থতের।

সাক্ষাৎ নারায়ণ—দাক্ষাৎ নারায়ণ ব্যতীত অপর কেহ ব্যাদস্ত্তের এমন স্থুন্দর ও হৃদয়গ্রাহী অর্থ করিতে পারেন না।

২৪। উপনিষদ — বেদের জ্ঞানকাণ্ড; বেদের যে অংশে ভগবত্তত্ত্বাদি আলোচিত হইয়াছে।
মুখ্যার্থ, লক্ষণা ও গৌণীর্ত্তির তাৎপর্য্য ১।৭।১০৪-৫ পয়ারের টীকায় দ্রপ্টব্য।

শক্ষরাচার্য্য গৌণী ও লক্ষণা বৃত্তিতে ব্রহ্মস্ত্রের এবং শ্রুতির অর্থ করিছে যাইয়া শ্রুতির স্বতঃ-প্রমাণ্তার হানি করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু গৌণী বা লক্ষণাবৃত্তিতে অর্থ না করিয়া মুখ্যাবৃত্তিতে অর্থ করিয়াছেন—এজন্য ঐ অর্থ সকলেরই মনোরম হইয়াছে; যেহেতু মুখ্যার্থে—যাহা শুনা মাত্রেই সহজে প্রতীত হয়, অর্থবা যাহা শক্ষের ধাতু-প্রত্যয় হইতে প্রতীত হয়, সেই প্রসিদ্ধ অর্থই ধরা হয়, স্কুতরাং তাহা সহজেই লোকের হৃদয়গ্রাহী হইতে পারে।

সূত্র-উপনিষদের মুখ্যার্থ ছাড়িয়া॥
আচার্য্য কল্পনা করে আগ্রহ করিয়া॥২৫
আচার্য্য কল্লিত অর্থ পণ্ডিত যে শুনে।
মুখে 'হয় হয়' করে হৃদয়ে না মানে॥ ২৬
শ্রীকৃষ্ণতৈতন্য-বাক্য দৃঢ় সত্য মানি।

কলিকালে সন্ন্যাসে সংসার নাহি জিনি॥ ২৭ 'হরের্নাম' শ্লোকের যেই করিল ব্যাখ্যান। সেই সত্য স্থখদার্থ পরম প্রমাণ॥ ২৮ "ভক্তি বিনা মুক্তি নহে"—ভাগবতে কয়। কলিকালে নামাভাসে স্থথে মুক্তি হয়॥ ২৯

গৌর-কৃপা-তরক্ষিণী টীকা।

২৫। সূত্র-উপনিষদের—বেদান্তহতের এবং উপনিষদের। আচার্য্য-শঙ্করাচার্য্য।

বেদান্ত-স্ত্রের বা উপনিষ্টদের মৃথ্যার্থ বিচার করিয়া শঙ্করাচার্য্য তাঁহার ভাষ্য লিখেন নাই। তিনি গৌণী বা লগণা বৃত্তিতে অর্থ করিয়াছেন। স্কতরাং তাঁহার অর্থ তাঁহার নিজের কল্লিত অর্থ মাত্র—এ অর্থে বিশ্বাদ করিতে গোলে, শ্রুতি অপেক্ষা শঙ্করাচার্য্যকে অধিকতর প্রামাণ্য বলিয়া স্বীকার করিতে হয়।

আগ্রহ করিয়া—শঙ্করাচার্য্য স্বমত-স্থাপনের জন্তই উৎকণ্ঠিত ছিলেন; শ্রুতির মুখ্যার্থ গ্রহণ করিতে গেলে । তাঁহার নিজের মত স্থাপন করা যায় না। তাই তিনি মুখ্যার্থ ত্যাগ করিয়া কল্পনা-মূলক গৌণার্য স্বায় মত প্রতিষ্ঠিত করার নিমিত্ত আগ্রহান্বিত হইয়াছেন।

২৬। **আচার্য্য কল্পিড** অর্থ—শঙ্করাচার্য্যের স্বীয় কল্পিড (মনগড়া) অর্থ।

শক্ষরাচার্য্য উপনিষদের যে অর্থ করিয়াছেন, তাহা প্রাণিদ্ধ মুখ্যার্থ নহে বলিয়া—পণ্ডিত-ব্যক্তি যদি তাহা শুনেন, তবে কেবল আচার্য্যের প্রতি সম্মান বা মর্য্যাদা বশতঃই মুখে মুখে তাহা মানিয়া লন। কিন্তু ঐ অর্থ তাঁহাদের হৃদ্য গ্রহণ করেনা। ঐ অর্থটীই যে ঠিক অর্থ হইল, তাঁহাদের মনে ইহার প্রতীতি জন্মে না।

২৭। প্রকাশানন্দের শিয়টা আরও বলিতেছেন—"শঙ্করাচার্য্যের কৃত অর্থ আমরা কেবল মুথেমুথেই মান্ত করি, আমাদের মন তাহা সত্য বলিয়া গ্রহণ করে না। কিন্ত প্রীকৃষ্ণটেতন্ত যে অর্থ করিলেন, ইহাই যে একমাত্র প্রকৃত্বত্ব আরও বলিলেন যে—কলিকালে সন্নাাস দ্বারা সংসার হইতে উত্তীর্ণ হওয়া যায়না—এই কথাও প্রক সত্য।"—"প্রভু কহে—সাধু এই ভিকুর বচন। মুকুল-সেবন-ত্রত কৈল নির্দারণ । পরাত্ম-নিষ্ঠা মাত্র বেশ ধারণ ॥ মুকুল-সেবায় হয় সংসার তারণ ॥২া০০-৬॥" সন্ন্যাসে সংসার হৈতে উদ্ধার পাওয়া যায় না; কিন্তু কিসে পাওয়া যায়? তাহাই পর-পয়ারে বলিতেছেন।—"হরেনাম হরেনাম হরেনামিব কেবলম্। কলৌ নত্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরক্তথা॥" এই "হরেনাম" শ্লোক বলিতেছে—কলিকালে হরিনাম ব্যতীত সংসার-তরণের আর দ্বিতীয় পন্থা নাই। এজন্যই এই পয়ারে বলা হইল—"কলিকালে সন্ন্যাসে সংসার নাহি দ্বিনি॥"

২৮। কলিকালে দংদার হইতে মৃক্তি পাওয়ার একমাত্র উপায়—শ্রীহরিনাম-দন্ধীর্ত্তন। "হরেনাম"—শ্লোকের ব্যাথ্যায় শ্রীমন্মহাপ্রভু তাহাই বলিলেন (আদিলীলার ৭ম পঃ দ্রপ্তির)। শ্রীমন্মহাপ্রভু "হরেনাম"-শ্লোকের যে অর্থ করিলেন, তাহাই একমাত্র প্রকৃত এবং প্রামাণ্য অর্থ, ইহা শুনিতেও অত্যন্ত আনন্দ জন্মে।

সেই—মহাপ্রভু কৃত ব্যাখ্যাই।

ত্বিবার আর কোন ও উপায় নাই।

২৯। ভক্তিবিনা ইত্যাদি। প্রকাশানন্দের শিশু সন্যাসীটা আরও বলিতেছেন—আমরা মুক্তিলাভের নিমিত্তই সন্মাস-গ্রহণ করিয়া জ্ঞান-মার্গের সাধন করিতেছি; ভক্তি-অঙ্গের কোনও অপেক্ষাই রাখিতেছি না। কিন্তু জ্ঞীমদ্ভীগবত বলেন—ভক্তির রূপাব্যতীত কেবল-জ্ঞানের সাধনা করিয়াও কেহ মুক্তি পাইতে পারে না। যে মুক্তি তথাহি (ভা: ১০।১৪।৪)— শ্রেয়ংস্তিং ভক্তিমুদস্ত তে বিভো ক্রিশ্যন্তি যে কেবলবোধলন্ধ্যে। তেষামদৌ ক্লেশল এব শিস্তুতে নাস্তদ্যথা সূলতুষাবঘাতিনাম্॥২ তথাই (ভাঃ ১০।২।৩২)—
, যেহন্যেহরবিন্দাক্ষ বিমৃক্তমানিন
তথ্যতভাবাদবিশুদ্ধবৃদ্ধয়:।
আরুহু ক্লড্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধো নাদৃতযুম্মদঙ্ভ্রয়:॥ ৩
'ব্রহ্ম'-শব্দে কহে—যড়ৈশ্ব্যপূর্ণ ভগবান্।
তাঁরে 'নির্বিশেষ' স্থাপি 'পূর্ণতা' হয় হান॥ ৩০

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

জ্ঞানমার্গের সাধনে এক ছল্লভ, কলিকালে দেই মুক্তি—শ্রীহরি-নামের কথা তো দূরে—নামের আভাদেই আনায়াদে লাভ হয়। ভক্তিবিনা মুক্তি নহে—ইহার প্রমাণ নিয়েছিত "প্রেয়ংস্তিং"-শ্লোক। ২।২২।১৬ প্রারের টীকা দ্রষ্টব্য। নামাভাসে—নামীর প্রতি লক্ষ্য রাথিয়া যে নাম উচ্চারণ, তাহাই নাম জপ। আর নামীর প্রতি কোনওরূপ অনুদর্কান না রাথিয়া, অন্য বস্তুর অনুদর্কানে, যদি গতিকে শ্রীহরির অথবা শ্রীহরির কোনও একটী নামের উচ্চারণ হয়, তবে তাহাকে নামাভাস বলে। যেমন, অজামিলের একটী ছেলের নাম ছিল নারায়ণ্য মৃত্যু-সময়ে অজামিল "নারায়ণ্, নারায়ণ্" বলিয়া তাঁহার ছেলেকে ডাকিলেন। নারায়ণ্-নামক ভগবৎ-স্কুপকে লক্ষ্য করিয়া "নারায়ণ্, নারায়ণ্ বলেন নাই—নিজের ছেলের প্রতি লক্ষ্য রাথিয়াই "নারায়ণ্" বলিয়াছেন। এল্ছলে তাঁহার উচ্চারিত "নারায়ণ্" নামাভাস হইল, "নাম" হয় নাই। কিন্তু এই নামাভাসের মাহাজ্যেই অজামিল মুক্তি পাইয়া গেলেন।

ভক্তির কুপা ব্যতীত কেবল-জ্ঞান-মার্গের সাধনদ্বারা মৃক্তি পাওয়া তো দ্রের কথা, বরং আরও অধঃপতন হয়, অপরাধী হইতে হয়, তাহাই পরবর্ত্তী ৩-সংখ্যক শ্লোকে দেখাইয়াছেন। ২।২২।২০ পয়ারের চীকা দ্রেইবা। স্থাক স্থেথন সহিত। ভক্তির সাধনে কোনও কট নাই; বরং অত্যন্ত আনন্দ আছে। আনন্দময় প্রীক্তমের সম্বনীয় সমস্ত কাজেই আনন্দ। তাঁহার নাম আনন্দ-স্বরূপ। "তত্ত্বস্ত —কৃষ্ণ, কৃষ্ণভক্তি, প্রেমরূপ। নামসন্ধীর্ত্তন—সব আনন্দস্বরূপ।" স্থতরাং যে কোনও প্রকারেই হউক নাকেন—আনন্দ-স্বরূপ নামের উচ্চারণেই আনন্দ আছে, স্থ আছে। লবণের চাকা মনে করিয়াও যদি কেহ মিছরীর চাকা মূখে দেয়, তাহা হইলেও ঐ মিছরীর চাকা মিট্টই লাগিবে। এইরূপ, বৈকুণ্ঠাধিপতি নারায়ণকে মনে না করিয় নিজের ছেলের উদ্দেশ্যেও যদি আনন্দম্বরূপ নারায়ণ নাম মুখে উচ্চারিত হয়, তাহা হইলেও ঐ নাম তাহার শক্তি প্রকাশ করিৰে—স্থেময় নাম স্থাদান করিবে; আর মৃক্তি তো দিবেই। তাই বলা ইইয়াছে—নামাভাদে স্থেখ মৃক্তি হয়।

ভাষা ঃ—স্থা মুক্তি হয়—অনায়াদে মুক্তি হয়; কোনওরূপ ক্ষতকর সাধন ব্যতীতই কৈবল নামাভাদের ফলেই মুক্তিলাভ হয়।

রো। ২ অন্তর। অন্তর্গাদি ২।২২।৬ শ্লোকে দ্রষ্টব্য।

২৯-প**রা**রের পূর্বার্দ্ধের প্রমাণ এই শ্লোক।

ক্লো। ৩। অন্তয়। অন্তয়াদি ২।২২।১০ শ্লোকে ত্রন্তব্য।

২৯-পয়ারের পূর্বার্দ্ধের প্রমাণ এই শ্লোক।

৩০। ব্রহ্ম-শব্দে কছে—ইত্যাদি মুখ্য-অর্থে ব্রহ্ম-শব্দে ষট্ডেশ্বর্য্যপূর্ণ স্বয়ং ভগবান্কে ব্ঝায়। বিশেষ আলোচনা ১া৭১১৬ পরারের চীকার এবং ভূমিকার "শ্রীকৃষ্ণতত্ত্ব" প্রবন্ধে দ্রষ্ঠব্য। তাঁরে নির্বিশেষ ইত্যাদি—ব্রহ্মকে নির্বিশেষ বিশিলে ব্রহ্মের পূর্ণতার এবং ব্রহ্মত্বেরই হানি হয়। বিশেষ আলোচনা ১া৭১১৬-৭ পরারের চীকার, ভূমিকার শ্রীকৃষ্ণতত্ত্ব"-প্রবন্ধে এবং ২া৬১১৪১ পরারের চীকার দৃষ্ঠব্য।

শ্রুতিপুরাণ কহে —কৃষ্ণের চিচ্ছক্তিবিলাস।
তাহা নাহি মানি পণ্ডিত করে উপহাস॥ ৩১

চিদানন্দু কুঞ্জের বিগ্রাহ 'মায়িক' করি মানি। এই বড় পাপ, সত্য চৈতন্তের বাণী॥ ৩২

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

তাঁরে নির্বিশেষ স্থাপি ইত্যাদি—্যেই ব্রহ্ম ষ্টে গ্র্য্যপূর্ণ ভগবান্, তাঁহাকে যদি নির্বিশেষ বলা হয়, তাহা হলৈ তাঁহার পূর্ণতার হানি হয়। শঙ্করাচার্য্য ব্রহ্মকে নির্বিশেষ—নির্গুণ, নিরাকার, নিঃশক্তিক বলিয়াছেন। ব্রহ্মকে নির্বিশেষ বলিলে বুঝা ষায়, ব্রহ্মে শক্তির ক্রিয়া নাই, স্কুতরাং তাঁহাতে শক্তি থাকিলেও সেই শক্তির অন্তিম্বের কোনও পরিচয় পাওয়া যায়না। এজন্তই শঙ্করাচার্য্য ব্রহ্মকে নিঃশক্তিক, স্কুতরাং নির্গুণ ও নিরাকার বলিয়াছেন। শক্তি বা শক্তির ক্রিয়া যথন ব্রহ্মে নাই, তথন সহজেই বুঝা যায়, ব্রহ্মে শক্তির (বা শক্তির ক্রিয়ার) অভাব আছে; অভাব আছে বুলিয়া তিনি পূর্ণ ইইতে পারেন না। এজন্তই বলা ইইয়াছে—"তাঁরে নির্বিশেষ স্থাপি পূর্ণতা হয় হান"।

শীমং-শঙ্করাচার্য্য ব্রহ্ম-শব্দের মুখ্যার্থ না ধরিয়া লক্ষণা-অর্থ ধরিয়াছেন। মুখ্যার্থের একটা অংশ মাত্র—বৃংহতি (যিনি বড় হয়েন) এই অংশটী মাত্র গ্রহণ করিয়াছেন। বৃংহয়তি (বড় করিতে পারেন), স্কতরাং বড় করার শক্তি (এবং অপরাপর বছ শক্তিও যে তাঁহাতে আছে)—এই অর্থাংশ ধরেন নাই। এজ ক্রই তাঁহার অর্থ অংশিক হইয়াছে, অপূর্ণ হইয়াছে। শঙ্করাচার্য্যের মতে ব্রহ্ম কেবল স্বরূপেই বড়, শক্তি ও ক্রিয়ায় বড় নহেন—শক্তি এবং শক্তির ক্রিয়া ব্রহ্মে নাই-ই; ইহাই শঙ্করাচার্য্যের মত। ১া৭১১৩৬ প্রারের টীকা দ্রষ্টব্য।

৩)। চিচ্ছক্তি—শ্রুতি বলেন, জ্ঞানং ব্রহ্ম—জ্ঞানই ব্রহ্ম। যাহা জড় নহে, যাহা জড়ের বিরোধী এবং যাহা স্ব-প্রকাশ,—সেই জড়-প্রতিরোধী স্ব-প্রকাশ-বস্তর নামই জ্ঞান। এ জন্তুই সন্দর্ভ বলিয়াছেন—জ্ঞানং চিদেকরূপন্; যাহা একমাত্র চিৎ, চিৎ-ব্যতীত হাহাতে অচিৎ বা জড় কিছুই নাই, তাহাই জ্ঞান। এই চিৎ-রূপ ব্রহ্মের (বা জ্ঞানের) শক্তিকেই চিৎ-শক্তি বলে; ব্রহ্ম-স্বরূপে অবস্থিত বলিয়া ইহাকে স্বরূপ-শক্তিও বলে। এই চিৎ-শক্তির প্রধানতঃ তিনটা ভেদ—ফ্লাদিনী, সন্ধিনী ও সন্ধিং। চিচ্ছক্তি-বিলাস— চিচ্ছক্তির বিলাস বা চিচ্ছক্তির ক্রিয়া। প্রতিত—শঙ্করাচার্যা। গ্রাহ্মত এবং হাভা১৪৩-৪৯ প্রারের টীকা দ্রন্থ্য।

শ্রুতি ও পুরাণ বলেন যে, চিচ্ছেক্তির ক্রিয়া আছে; কিন্তু শঙ্করাচার্য্য বলেন—ব্রহ্মের কোনও শক্তিই নাই, স্তুত্রাং চিচ্ছেক্তিও নাই, চিচ্ছেক্তির কোনও ক্রিয়াও নাই; এজস্তুই তিনি বলিয়াছেন, ব্রহ্ম নির্গুণ্, নিবিশেষ; কারণ, চিচ্ছেক্তির ক্রিয়া বাতীত ব্রহ্ম স্বিশেষ হইতে পারেনে না।

চিচ্ছক্তির বিলাদ্-সম্বন্ধে পুরাণের প্রমাণঃ—য়মর্ত্ত্যলীলৌপয়িকং স্ব-যোগমায়াবলং দর্শরতা গৃহীতং ইত্যাদি শ্রীমদ্ভাগবতের শ্লোক (এ২১২)॥ আনন্দ-চিনায়-রদপ্রতিভাবিতাভিস্তাভির্য এব নিজরপতয়া কলাভিঃ ইত্যাদি ব্রহ্মসংহিতার ৫০০৭ শ্লোকেও চিচ্ছক্তির ক্রিয়ার প্রমাণ পাওয়া যায়। শ্রুতির প্রমাণঃ—"পরাস্ত শক্তিবিবিধৈব শ্লামতে। শ্বেতা ৬৮॥"

ত্র। চিদানন্দ-কুষ্ণের-বিগ্রহ—পরব্রদ্ধ শীক্ষারের বিগ্রহ সচিদানন্দ্রমার; প্রাকৃত জীবের দেনের জার ইহা প্রকৃতি হইতে জাত নহে। "ঈশ্বর পরম ক্ষায় সচিদানন্দ-বিগ্রহঃ।—ব্রহ্মসংহিতা। ৫।১॥" মায়িক করি মানি—শঙ্করাচার্য্য চিচ্ছক্তির ক্রিয়া স্বীকার করেন না বলিয়া, চিচ্ছক্তির ক্রিয়ায় যে ব্রহ্ম সাকার ইহতে পারেন, তাহাও স্বীকার করেন না। ভগবদ্-বিগ্রহকে এজন্তই তিনি সচিদানন্দ মনে না করিয়া প্রাকৃত সন্ত-গুণের বিকার (স্থতরাং মায়িক) বলিয়া মনে করেন। মায়িক-বস্তু মাত্রই অনিত্য; স্থতরাং শঙ্করাচার্য্যের মতে ভগবদ্বিগ্রহ অনিত্য হইয়া পড়েন। ১।৭।১০৮ এবং ২।৬।১৫০-৫১ পরারের টীকা দ্রপ্রব্য।

তথাহি (ভাঃ এন। ০)—

মাতঃ পরং পরম যন্তবতঃ স্বরূপ

মানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চচঃ।

পশ্চামি বিশ্বস্থ্যকেম্বিশ্বমাত্মন্ ভূতেন্দ্রিয়াত্মকমদস্ত উপাশ্রিতোহস্মি॥ ৪

শ্লোকের সংস্কৃত টীকা।

হে পরম! অবিদ্ধবর্চেঃ অনাব্তপ্রকাশন্ অতঃ অবিকল্পন্ নির্ভেদং অতএবানন্দ্যাত্রং এবস্তুতং ষদ্ভবতঃ স্বরূপন্। তৎ ততাে রূপাৎ পরং ভিলং ন পশ্যামি কিন্তু ইদমেব তং। অতঃ কারণাৎ তব অদঃ ইদম্রূপম্ উপাশ্রেতােহস্মি। যােগ্যাদপীতাাহ। একন্ উপাশ্রেস্থ্ মুখ্যন্ যতঃ বিশ্বসূজন্ বিশ্বং স্ক্তীতি অতএব অবিশ্বসূক্ষিয়াদগতং। কিঞ্চ ভূতেনিদ্যাত্মকন্ ভূতানান্ই ক্রিয়াণাঞ্চ আত্মানং কারণ্মিত্যুর্গঃ। স্বামী॥৪॥

গৌর-কূপা-তরঙ্গিণী-টীকা।

এই বড় পাপ - একফবিগ্রহকে মায়িক বলিয়া মনে করা বড় পাপু। নিমের শ্লোকসমূহে ইহার প্রমাণ দিয়াছেন।

শো। ৪। অহায়। পরম (হে পরম)! অবিদ্ধবর্তঃ (অনার্ত-প্রকাশ) অবিকলং (ভেদ্শূল) আনন্দমাত্রং (আনন্দমাত্র) ভবতঃ (তোমার) ধৎস্কলিং (য়েই স্বরূপ) [তং](তাহা) অতঃ (ইহা ইইতে—তোমার এই রূপটীইইতে) পরং (ভিন্ন) ন পশুমি (দেখিতেছিন!); আত্মন্ (হে আত্মন্)! তে [(তোমার) অদঃ (এই রূপ—এই রূপেরই) উপাশ্রিতঃ অস্মি (আশ্রম গ্রহণ করিলাম) [যতঃ] (য়েহেতু) [ইদন্ রূপন্] (এই রূপটি) বিশ্বস্তাং (বিশের স্প্টিকর্তা) অবিশ্বং (বিশ্ব ইইতে ভিন্ন) ভূতেন্দ্রিয়াত্মকং (ভূতসকলের ও ইন্দ্রিসকলের কারণ) একন্ (উপাশ্র-সম্হের মধ্যে মুখ্য)।

অসুবাদ। ব্রহ্মা কহিলেন—হে পরম! তোমার যে স্বরূপ অনাবৃত-প্রকাশ (অর্থাৎ যাহার প্রকাশ আবৃত হয় না) এবং যাহা ভেদশূল, অত এব যাহা আনন্দমাত্র—এই প্রকটিত রূপটী হইতে ভাহাকে ভিন্ন দেখিতেছি না। (বরং দেখিতেছি, ইহাই সেই রূপ; অত এব) আমি তোমার এই রূপেরই আশ্রম গ্রহণ করিলাম। হে আআন্! (তোমার এই স্বরূপটীই উপাসনার যোগা; কারণ) ইহাই (উপাস্ত-মধ্যে) মুখ্য এবং ইহাই বিশ্বের স্প্রেকর্ত্তা; ইহা বিশ্ব হইতে ভিন্ন, আর ইহা ভূত-সকলের এবং ইন্দ্রিয়গণের কারণ।

যাঁহার নাভিপদ্ম হইতে ব্রহ্মার জন্ম হইয়াছে, তাঁহাকে—সেই ভগবৎ-স্বরূপকে—লক্ষ্য করিয়া ব্রহ্মা উক্ত শ্লোকোক্ত কথাগুলি বলিয়াছেন। তিনি বলিলেন—"হে ভগবন্, তোমার যে পূর্বভগবদাদি-স্বরূপ, তাহা হইতে তোমার এই রূপটী—বাঁহা সাক্ষাতে প্রকৃতি এবং বাঁহার নাভিপদ্মে আমার উত্তব, সেই রূপটিকে—আমি ভিন্ন বলিয়া দেখিতেছি না; উভয় রূপে কোনও ভেদ নাই।" সেই স্বরূপটী কিরুপ, তাহা বলিতেছেন—"আবিদ্ধবৃক্তিঃ—অবিদ্ধ (নায়াদিয়ারা অবিদ্ধ বা ভেদপ্রাপ্ত নহে) বর্চেঃ (তেজঃ) বাঁহার, অথবা অবিদ্ধ (অনার্ত) বর্চঃ (প্রকাশ) বাঁহার, তাদৃশ; বাঁহার তেজ বা শক্তি কালদেশাদিয়ারা অপরিচ্ছিন্ন বা অপ্রতিহত; স্কুতরাং বাঁহা বিভূ—সর্বব্যাপক। (ভগবানের স্বরূপ যে কালদেশাদিয়ারা কোনওরূপ চেছ্দ প্রাপ্ত হয়না, কোনও কিছু য়ায়াই তাহা যে ব্যাপ্য নহে, স্কুতরাং তাঁহা যে সর্বব্যাপক—বিভূ, তাহাই অবিদ্ধবৃচ্চঃ-শব্দে স্থান্ত হইতেছে)। আবিষ্কাং—বিবল বা ভেদ নাই বাঁহাতে; যে স্বরূপে সজাতীয়-বিজাতীয়-স্বগত-ভেদ নাই; অথবং, বিবিধ কল বা স্বন্তাদি-কলনা নাই যাহাতে—(স্বন্তাদিকার্য্য পুরুষের হারাই নির্ব্বাহিত হয় বলিয়া এবং তাই—স্বন্তাদিকার্য্যে মহাবৈকুণ্ঠস্থিত পূর্বভগবানের সাক্ষান্ভাবে কোনও সম্বন্ধ নাই বলিয়া—স্বন্তাদি কার্য্যে পূর্বভগবন্ধনে তিনি উদাদীন বলিয়া, তাঁহার) সেই স্বন্ধপটি আবিক্ল (অর্থাং স্বন্তাদিক কলনাহীন)। আনক্ষমান্তেং—আনলম্বরূপ ভাগবা আনন্দ-স্বরূপ ব্রন্ধ বাঁহার মাত্রা (বা নির্বিশেষ চিদ্ধেপ ক্ষেশ)—নির্বিশেষ ব্রন্ধ বাঁহার অঙ্গবান্তি, সেই এই রূপ) এবং তোনের মহাবৈকুণ্ঠস্থিত পূর্বভগবন্ধই বিভূ, প্রত্যেকেই নির্ভেদ এবং প্রত্যেকেই

তথাহি (ভাঃ ১০।৪৬।৪০)—

দৃষ্টং শ্রুতং ভূতভবদ্ভবিষ্যং

শ্বালু শুচরিফুর্মাইদল্লকং বা।

বিনাচ্যুতাদ্ বস্তুতরাং ন বাচ্যং

শ্বাব সর্বাং প্রমাত্মভূতঃ ॥ ৫

তথাহি (ভাঃ ৩।৯।৪)—
তদ্ব ইদং ভ্রনমঙ্গল মঙ্গলার
ধ্যানে স্ম নো দরশিতং উপাদকানাম্।
তব্যৈ নমো ভগবতেহমুবিধেম তুভ্যং
যো নাদৃতো নরকভাগ্ভিরসংপ্রসক্ষৈঃ॥ ৬

গোকের সংস্কৃত চীকা।

অচ্যুতাদ্বিনা তরাং নিতরাং তত্ত্তো বাচ্যুং নির্ব্বচনার্হং বস্তু নাস্তু তি। স্বামী। ৫

নবেব শিল সোপাবিক সেতদর্ব্বাচীন মৈবেত্যাশস্ক্ষাহ। তবৈতদেবেদম্। হে ভুবন মঙ্গল । ষতন্তে স্বয়া লোহ্মাক মুণাসকানাম্ মঙ্গলায় ধ্যানে দশিতম্। নহি অব্যক্তবর্ত্মাভিনিবেশিত চিত্তানামন্মাক ম্ স্বয়া সোপাধিক দশিনং দাকুং যুক্তমিতি ভাবঃ। অভস্কভাং নমোহ মুবিধেম অমুবৃত্ত্যা করবাম। তহি কিমিতি কে চিন্মাং নাদ্রিয়ন্তে ? তত্ত্বাহ্ যোহনাদৃত ইতি। অসং-প্রদক্ষিনিরীশ্বরকৃত্ত কিনিষ্ঠিঃ। স্বামী। ৬।

গোর-কূপা-তরঙ্গিণী টীকা।

আনন্দ স্বরূপ; স্তরাং উভয়ে তব্তঃ কোনও পার্থক্য নাই; তাই আমি তোমার এই রূপের আশ্রয় লইলাম। তোমার রূপটা কি রকম ? তাহাও বলিতেছিঃ—ইহাই উপাদনার যোগ্য রূপ; যেহেতু, ইহা বিশ্বস্ক্রং—বিশ্বের স্ষ্টিকর্তা—পুরুষাদিরপে তুমিই বিশ্বের স্ষ্টি করিয়া থাক: সমস্ত জগৎ এবং আমিও (ব্রন্ধাও) তোমারই স্ষ্ট ; স্কুতরাং স্টিকর্তা বলিয়া তুমিই আমাদের উপাশু। কিরপ উপাশু? একং—এক, অদ্বিতীর উপাশু; উপাশু-সমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ। বিশ্বস্রুটা হইয়াও তোমার স্বরূপ ক্রাবিশ্বং—বিশ্ব নহে, বিশ্বের অংশভূত নহে; বিশ্ব হইতে ভিল; ক্রড় বিশ্ব হইতে ভিল বলিয়া অজড়, চিনায়, অপ্রাক্ত। ভূতে ক্রিয়াল্লকম্—স্ট বিশ্ব হইতে ভিল হইলেও তুমি ভূত (প্রাণি)-সকলের এবং তাহাদের ইন্দ্রিয়-সকলের আত্মা (কারণ)। এই শ্লোকের শ্রমনন্দমাত্রং" এবং "অবিশ্বং"- এই তুটী শব্দ হইতে জানা যায়—ভগবান্ আনন্দময় এবং চিনায়, অর্থাৎ তিনি চিদানন্দ; এইরপে এই শ্লোক ৩২ প্যারের প্রথমার্কর প্রমাণ।

ক্রো। ৫.। অস্কর। ভূত-ভবদ্-ভবিষ্যৎ (ভূত বা অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ) স্থাসুঃ (স্থাবর) চরিষ্ণুঃ (জাসা) মহৎ (মহৎ—বৃহং) অলকং (অল—ক্ষুদ্র) দৃষ্টিং (দৃষ্টি) শ্রুডং (শ্রুড) চ [যৎকিঞ্চিং] (যাহা কিছু) বস্ত (বস্তু আছে) [তৎ] (তাহা) অচ্যুতাৎ বিনা (অচ্যুত ব্যুতীত) ন তরাং বাচ্যুং (ভিন্ন বলা যায় না); প্রম্যাত্মভূতঃ (প্রমাত্মবার্কাপ—সকলের মূলস্কর্ল) সঃ এব (সেই অচ্যুতই) সর্বাং (সমগ্র) [জগৎ] (জগৎ)।

আসুবাদ। দৃষ্ট, শ্রুত, বর্ত্তমান, ভূত, ভবিষ্যৎ—স্থাবর, জঙ্গম, মহৎ (রুহৎ) বা অল্ল (ক্ষুত্র)—ইহাদের কোনও বস্তকেই অচ্যুত হইতে স্বতন্ত্র বলিতে পারা যায় না। পরমাত্মভূত দেই অচ্যুতই সমস্ত। ৫

খাবর-জন্সম, বড়-ছোট যত কিছু বস্তু অতীতে লোকে দেখিয়াছে বা যত বস্তুর কথা অতীতে লোকে শুনিয়াছে, কিয়া বর্ত্তনাকে দেখিতেছে বা যত বস্তুর কথা লোকে শুনিতেছে, কিয়া ভবিষ্যতেও যত বস্তু লোকে দেখিবে বা যত বস্তুর কথা লোকে শুনিবে—তাহাদের কোনটীই অচ্যুত-শ্রীকৃষ্ণ হইতে স্বতন্ত্র নহে; স্বীয় স্পচিস্ত্যশক্তির প্রভাবে অচ্যুতই এই সমস্ত বস্তুরপে পরিণত হইয়াছেন, অচ্যুতই সমস্ত বস্তুর অন্তর্যামী। অচ্যুত হইতেই সমস্ত উদ্ভূত হইয়াছে, অচ্যুতই সমস্তের মূল কারণ।

কোনও কোনও গ্রন্থে এই শ্লোকটী নাই; থাকারও কোনও হেতু দেখা যার না; কারণ, পূর্ববর্ত্তী পরারোজির সঙ্গে এই শ্লোকের কোনওরূপ সম্বন্ধ দেখা যার না। এই শ্লোকটী বরং পূর্ব শ্লোকোক্ত "ভূতেন্দ্রিয়াত্মকম্"-এর পরিপোষক।

্রো। ৬। অন্তর। ভ্রনমঙ্গল (হে ভ্রনমঙ্গল)। উপাদকানাং (তোমার উপাদক) নঃ (আমাদের)

তথাহি শ্রীভগবদ্গীতায়াম্ (৯।১১)
অবজানস্তি মাং মৃঢ়া মান্ত্রীং তন্ত্রমাশ্রিতম্।
পরংভাবমজানস্তো মম ভূতদহেশ্বরম্॥ १

তথাহি তত্ত্বৈব (১৬।১৯)—
তানহং দ্বিতঃ ক্রান্ সংসারেষু নরাধ্যান্।
কিপাম্যজ্ঞমশুভানাস্করীধ্বেব যোনিষু॥ ৮

লোকের সংস্কৃত টীকা।

নৱেবস্তৃতং প্রমেশ্বরং তং কিমিতি কেচিয়াপ্রিয়স্তে ততাই অবজানস্তীতি দ্বাত্যাম্। সর্বভ্তমইেশ্বররপম্ মদীয়ম্ পরম্ ভাবেম্ তত্ত্বমজানস্তো মৃঢ়। মূর্ধা মামৰজানস্তি মামবমগ্যন্তে অবজ্ঞানে ৫০০০ গুদ্ধন্ত্বমন্ত্বীমপি তত্তম্ ভক্তেছাবশানামুগ্রা-কারামাপ্রিত্বস্তমিতি। স্বামী। ৭

তেষাঞ্চ কদাচিপ্যান্থর-স্বভাব-প্রচ্যুতি র্ন ভবতীত্যাহ তানিতি দ্বাভ্যাম্। তানহং মাং দ্বিষতঃ ক্রান্ সংসারেষ্ জন্মমৃত্যুমার্নেষ্ তত্ত্বাপ্যান্থরীদ্বোতিক্রান্থ ব্যাঘ্র-সর্পাদিধোনিদ্বজন্ত্রমনবরতং ক্ষিপামি তেষাং পাপকর্মণাং তাদৃশং ফলং দদামীত্যর্থঃ। স্বামী। ৮

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

মঞ্চার (মঞ্চের নিমিত্ত) ধ্যানে (ধ্যানে—ধ্যানের দময়ে) তে (তোমার) [যৎ] (য়েরপ) দশিতং (তোমাকর্তৃক প্রদর্শিত হইরাছে) তৎ (তাহাই) বৈ (নিশ্চিত) ইদং (এই রপ); ভগবতে তুভাং (ভগবান্তোমাকে) নমঃ (নমস্কার) অমুবিধেম (অমুবৃত্তিদ্বারা করিতেছি); অসৎ-প্রসাক্ষঃ (অসৎ-সন্ধী—নিরীশ্ব কুতর্কনিষ্ঠ) নরকভাগ্তিঃ (নরকগামী লোকগণকর্তৃক) যং (যেই তুমি) ন আদৃতঃ (আদৃত হও না)।

ভাষার এই রূপ দর্শন করাইলে; অতএব ইহাই তোমার দেই রূপ, সন্দেহ নাই। অতএব আমরা তোমার অমুবৃত্তি করিয়া তোমাকে নিরস্তর নমস্কার করি। হে ভগবন্! যে সকল নুরাধম অনীধরবাদীদিগের কু-তর্কে নিযুক্ত থাকে, তাহারা নারকী। (তোমার সচ্চিদানলম্য-মৃত্তিকে তাহারা মায়াময় মনে করিয়া থাকে, এবং সেই জন্তই) তাহারা তোমাকে আদর করে না। ৬

এই শ্লোক হইতে জানা যায়, সচিচদানন্দময় ভগবদ্বিগ্রাহকে মায়াময়াদি মনে করিয়া যাঁহারা অনাদর করেন, তাঁহারা নরকভাগী; এইরূপে এই শ্লোক ৩২-পয়ারের শেষার্কের প্রমাণ।

ক্রো। ৭। অধ্যা। দর্কভূত-মহেশবং (সমস্ত প্রাণিগণের অধীশ্বরস্বরূপ) পরং ভাবং (আমার পর্যতন্ত্র) অজ্ঞানস্তঃ (জানিতে না পারিয়া) মৃঢ়াঃ (মৃঢ়ব্যক্তিগণ) মানুষীং তন্তুং আশ্রিতং (নরবপুধারী) মাং (আমাকে) অবজ্ঞানস্তি (অবজ্ঞা করে)।

ভাসুবাদ। আমি ভূতগণের অধীশ্বর, আমার পরম-তত্ত্ব জানিতে না পারিয়াই মূচ ব্যক্তিগণ নরবপ্বিশিষ্ট আমার প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া থাকে (অর্থাৎ ভাগারা মনে করে, সাধারণ মানুষের মতই আমার মায়াময় দেহ; এই সচ্চিদানন্দ-বিগ্রহ নরবপুই যে আমার স্বরূপ, এ কথা ভাগারা জানেনা)। ৭

এই শ্লোকও ৩২-পয়ারের শেষার্দ্ধের প্রমাণ।

ক্রো। ৮। অবস্থা। দ্বিতঃ (দেষপরায়ণ)ক্রান্ (ক্র) অগুভান্ (অমঙ্গলময়) তান্ (সেই সমস্ত—
অহ্রস্থভাব) নরাধ্যান্ (নরাধ্যদিগকে) সংসারেষু (সংসারমধ্যে) আহ্রীষু এব যোনিষু (আহ্রী যোনিতেই)
অঙ্বং (অনবরত) ফিপামি (নিক্ষেপ করি)।

ভাসুবাদ। দ্বেদ-পরায়ণ, ক্রুর এবং অমঙ্গলময় সেই নরাধম ব্যক্তিসকলকে, আমি অনবরত সংদার মধ্যে আসুরী-যোনিতে নিক্ষেপ করি। ৮

এই শ্লোকও ৩২-পয়ারের শেষার্দ্ধের প্রমাণ।

সূত্রের 'পরিণামবাদ'—তাহা না মানিয়া।
'বিবর্ত্তবাদ' স্থাপে—'ব্যাস ভ্রান্ত' বলিয়া ॥৩৩
এই ত কল্লিত অর্থ মনে নাহি ভায়।
'শান্ত' ছাড়ি কুকল্পনা 'পাষণ্ড' বুঝায়॥ ৩৪
পরমার্থবিচার গেল, করি মাত্র বাদ।
কাহাঁ মুক্তি পাব, কাহাঁ ক্ষের প্রসাদ ?॥৩৫
ব্যাসসূত্রের অর্থ আচার্য্য করে আচ্ছাদন।

এই সত্য হয় শ্রীকৃষ্ণচৈতভ্যবচন ॥ ৩৬
চৈতভাগোসাঞি ষেই কহে, সেই মত সার।
আর যত মত—সেই সব ছারখার ॥ ৩৭
এত কহি সেই করে কৃষ্ণসঙ্কীর্ত্তন।
শুনি প্রকাশানন্দ কিছু কহেন বচন—॥ ৩৮
আচার্য্যের আগ্রহ—'অদ্বৈতবাদ' স্থাপিতে।
তাতে সূত্রার্থব্যাখ্যা করে অন্য রীতে ॥ ৩৯

গৌর-কুপা-ভরঙ্গিগী টীকা।

- তে । সূত্রের —বেদান্ত স্থ্রের। পরিণাম— অবস্থান্তর-প্রাপ্তি। যেমন হুধের পরিণাম— দ্ধি, ঘুত, মাণন ইত্যাদি; মাটির পরিণাম— ঘট, কল্মাদি। "অবস্থান্তরভাপত্তিরেকস্থ পরিণামিতা।" পরিণাম-বাদ— নিজের অভিস্তাশক্তির প্রভাবে ব্রন্ধই জগৎ-রূপে পরিণত হইয়াছেন, এইরূপ যে মত, তাহাকে পরিণামবাদ বলে। বিবর্ত্ত অবস্থান্তর-প্রাপ্ত ন। হইলেও অবস্থান্তর-প্রাপ্ত হইয়াছে বলিয়া যে মনে করা, এই ভ্রমকেই বিবর্ত্ত বলে। "অবস্থান্তরভানন্ত বিবর্ত্তা রজ্জুদর্পবিদিভি।" বিবর্ত্ত-বাদ— ব্রন্ধ জগৎ-রূপে পরিণ্ড হয়েন নাই; পরস্ত ভ্রম-বশত:ই ঘট-পটাদি দৃশ্রমান্ বস্তর রূপ-নামাদি, রূপ-গুণাদিহীন ব্রন্ধে আরোপিত হইয়াছে। অজ্ঞ ব্যক্তি রজ্জুদেখিয়া যেমন্ দর্প বিদিয়া ভ্রম করে, অক্ত জীবও তদ্ধপ ব্রন্ধকে ঘটপটাদি দৃশ্রমান্ জগৎ বলিয়া ভ্রম করে। রজ্জু যেমন রজ্জুই— দর্প নতে; এই জগৎও রূপগুণহীন ব্রন্ধই— নাম-রূপাদি বিশিষ্ট-ঘট-পটাদি নহে। এইরূপ যে মত, ইহাকে বিবর্ত্তবাদ বলে (বিবর্ত্ত— ভ্রম)। ইহা শঙ্করাচার্য্যের মত। (১)৭০১১৪-১৫ প্রারের টীকা দ্রষ্ট্র্যা)।
- ৩৪। এই ত কল্পিত অর্থ—শঙ্করাচার্য্য-কৃত অর্থ তাঁহার মনঃকল্পিত; ইহা শ্রুতির উপর প্রতিষ্ঠিত নহে।

 মনে নাহি ভায়—শঙ্করাচার্য্যের অর্থে মন প্রবোধ পায় না। শাস্ত্র-ছাড়ি কু-কল্পনা—শঙ্করাচার্য্যের কল্পিত অর্থ

 "শাস্ত্র ছাড়া"; ইহা শাস্ত্রের উপর প্রতিষ্ঠিত নহে। পাষ্ঠ বুঝায়—যাহারা ভগবদ্ভক্তিহীন, যাহারা বহিমুথ,

 যাহারা ব্রন্ধের অচিন্য্য-শক্তিতে বিশ্বাসহীন, শঙ্করাচার্য্যের অর্থে কেবল তাঁহারাই প্রবোধ পাইতে পারেন।
- ৩৫। পরমার্থ-বিচার গেল—কিদে পরমার্থ লাভ হইবে, নিরপেক্ষভাবে ভাহার বিচার করা হইল না।
 করি মাত্র বাদ—কেবল সম্প্রদায়ের অনুরোধে সম্প্রদায়ের মত বজায় রাখার জন্তই অন্ত মতের খণ্ডনের চেষ্টা
 করিছে। কাঁহা মুক্তি ইত্যাদি—বাদবিত্তা না করিয়া যদি নিরপেক্ষভাবে পরমার্থ বিচার করিতাম, ভাহা
 হইলে বুঝিতে পারিতাম যে, প্রীকৃষ্ণ-দেবাই একমাত্র পরমার্থ; ভাহা প্রীকৃষ্ণ-কুপা-দাপেক্ষ। ইহাও বুঝিতে পারিতাম
 যে, কৃষ্ণ-কুপা ব্যতীত মুক্তি-লাভও হইতে পারে না। এখন, পরমার্থই বা কোগায় ? আর কৃষ্ণের কুপাই বা
 কোগায় ? মুক্তিই বা কোগায় ?
- ৩৬। ব্যাস-সূত্রের অর্থ—বেদাস্ত-স্ত্রের অর্থ। আচার্য্য করে আচ্ছাদন —শঙ্করাচার্যাইনিজের ভাষাধারা বেদাস্ত-স্ত্রের প্রকৃত অর্থ প্রচ্ছেন করিয়া (ঢাকিয়া) রাথিয়াছেন। ২০৬১০ পরারের টীকা দ্রষ্টব্য। এই সভ্য হয় ইত্যাদি—শ্রীকৃষ্ণ-চৈতন্ত যে বলতেছেন, শঙ্করাচার্য্যের ভাষ্যধারা স্ত্রের অর্থ আচ্ছাদিত হইয়া পড়িয়াছে, ইহাই সত্য কথা। আর তিনি বেদাস্ত-স্ত্রের যে ব্যাখ্যা করিতেছেন, ইহাই প্রকৃত মর্থ।
- ৩১। অত্তৈবাদ—ব্রহ্ম নির্বিশেষ—নিরাকার, নির্গুণ, নিঃশক্তিক; ব্রহ্ম জগদ্রপে পরিণত হয়েন নাই, পরস্ব জীবই ল্রান্তিবশতঃ—রজ্জু দেথিয়া যেমন সর্পল্রম হয়, তদ্রপ ল্রান্তিবশতঃ—ব্রহ্মে ঘট-পটাদি-নামরূপের আরোপ করিয়াছে। সমস্তই ব্রহ্ম—নির্বিশেষ ব্রহ্ম: ব্রহ্ম ব্যতীত কোথাও অপর কিছু নাই; ব্রহ্ম কোনও বিশেষত্ব প্রাপ্ত হয়েন নাই; তবে যে আমরা ঘট পটাদি দেখিতেছি, ইহা আমাদের ল্রান্তি, চোখের ধাঁধা। এই মতকে অবৈতবাদ, বিবর্তবাদ বা মায়াবাদ বলে।

'ভগবত্তা' মানিলে—'অদৈত' না যায় স্থাপন। অতএব সৰ্ব শাস্ত্ৰ করয়ে খণ্ডন॥ ৪০ যেই গ্ৰন্থকৰ্ত্তা চাহে স্বমত স্থাপিতে। সহজ শাস্ত্রের অর্থ না হয় তাহা হৈতে॥ ৪ । মীমাংসক কহে—ঈশর হয় কর্ম্মের অঙ্গ। সাংখ্য কহে—জগতের প্রকৃতি কারণ প্রসঙ্গ ॥ ৪২

গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

প্রকাশানন্দ সরস্বতী বলিলেন—অবৈতবাদ স্থাপন করার জন্তই শঙ্করাচার্য্যের একান্ত আগ্রহ। এজন্তই তিনি বেদান্ত-স্ত্তের বিকৃত অর্থ করিয়াছেনে; স্ত্তের সহজ অর্থে শিশ্বরের অবৈতবাদ স্থাপিত হইতে পারে না।

80। ব্রেক্সের ভগবতা মানিতে গেলে "অদ্বৈত্বাদ" স্থাপন করা যায় না। কারণ, ভগবতা মানিতে গেলেই ব্রেক্সের শক্তি এবং শক্তির কার্য্য স্বীকার করিতে হয়; শক্তির কার্য্য স্বীকার করিলেই ব্রহ্ম সবিশেষ, সাকার এবং জীবও—ব্রেক্সের জীব-শক্তির অংশরূপে ব্রহ্ম হইতে পৃথক্ দেহধারী ২স্ত হইয়া পড়ে। তাহাতে আর অদ্বৈত্বাদ টিকিতে পোরে না। এজন্য শক্ষণাচার্য্য ব্র.ক্সার ভগবত্তা খণ্ডনের নিমিত্ত সমস্ত শাস্ত্যের প্রমাণ্ট খণ্ডন করিতে চেষ্টা করিয়াছেন।

বস্ততঃ শ্রীসন্মহাপ্রভুও বৈতবাদী নহেন। বেদান্ত-স্ত্রের মুখ্যাবৃত্তিতে অর্থ করিয়াই তিনি গ্রন্থ-বাদ স্থাপন করিয়াছেন (ভূমিকায় শচিস্ত্য ভেদাভেদ-ভত্ত-প্রবন্ধ দ্রষ্টব্য)। তবে শ্রীমন্মহাপ্রভুর এবং শ্রীপাদ শঙ্করের অন্ধ্য-বাদ স্থাপনের প্রণালী একরূপ নহে এবং উভয়ের প্রতিষ্ঠিত অন্ধ্য-ভত্ত্ত একরূপ নহে।

- 8১। সহজ শাস্ত্রের অর্থ—শাস্ত্রের দহজ অর্থ ; শাস্ত্রের স্বাভাবিক (বা প্রকৃত) অর্থ ; মুখ্যার্থ।
- 8২। মীমাংসক পূর্ব্ব-মীমাংদা-দর্শনের মতাত্মারে দাধন করেন ঘাঁহারা। মীমাংসকেরা ঈশ্বরের অন্তিত্ব স্বীকার করার প্রয়োজন আছে বলিয়া মনে করেন না। তাঁহাদের মতে, জগতের কোনও স্ষ্টিকর্তা, পালন-কর্ত্তা বা সংহার-কর্তা নাই। জীব নিজ নিজ কর্মাত্মদারে ফল ভোগ করে, তাহাতে ঈশ্বরের কোনও সম্পর্ক নাই। মীমাংসকদের মতে কর্ম বা যজ্ঞই মুখ্য দাধন।

ইন্দ্রাদি-দেবতার উদ্দেশ্যে যজের-অনুষ্ঠান করা হয় বটে, কিন্তু যজেই মীমাংসকদের প্রধান লক্ষ্য, ইন্ত্রাদি দেবতা নহে; ইন্ত্রাদি দেবতা গোণ মাত্র—তাঁহারা প্রয়োজক নহেন। "দেবতা বা প্রয়োজয়েং অতিথিবং ভোজনপ্র তদর্থত্বাং"—মীমাংসা-দর্শন। ১০০৬। "অপি বা শব্দপূর্ববাং যজ্ঞকর্ম প্রধানং স্থাং গুণত্বে দেবতা প্রতিঃ। মীমাংসা। ১০০৯।" "তথ্বাং দেবতা ন প্রয়োজিকা। ইতি শবরভায়্য্য্।" মীমাংসার মতে দেবতার স্বতন্ত্র অস্তিত্বও নাই। মীমাংসকের মতে দেবতা মন্ত্রাত্মক—দেবতার যে মন্ত্র বেদে লিখিত আছে, দেই মন্ত্রই দেবতা, ঐ মন্ত্র বাতীত অপর কোনও দেবতা নাই। ঐ মন্ত্র কিন্তু যজ্ঞ বা কর্মের অঙ্গবিশেষ; কারণ, ঐ মন্ত্রের যগায়থ উচ্চারণ ব্যতীত যজের অনুষ্ঠান হয় না। স্কৃতরাং মীমাংসকের মতে ইন্দ্রাদি (মন্ত্রাত্মক) দেবতা কর্মের অঞ্চ মাত্র।

ভক্তি-শাস্ত্র ঈশ্বর মানেন, দেবতা মানেন; ইন্দ্রাদি-দেবতাকে ঈশ্বরের শক্তি বলিয়াই মানেন। মীমাংদকের ন্যায়, মন্ত্রকেও দেবতা বলিয়া মানেন; কিন্তু মন্ত্রবাতীত, মন্ত্রের উদিষ্ট দেবতার যে অপর একটা স্কলপ আছে, তাহাও মানেন। তাহা হইলো, ভক্তি-শাস্ত্রের মতে মন্ত্রাত্মক-দেবতাও ঈশ্বরের শক্তি-বিশেষ—ইন্দ্রাদি-দেবতার একটা রূপ; স্কুত্রাং মীমাংদকের মন্ত্রাত্মক-দেবতাও ঈশ্বরেরই শক্তি।

ক্রার হয় কর্মের অঙ্গ — শক্তি ও শক্তিমানের অভেদবশতঃ ঈধরের শক্তি-স্বরূপ মন্ত্রাত্মক দেবতাকেই এন্থলে ক্রার বলা হইয়াছে। মীমাংদকের মতে মন্ত্রাত্মক_ু ইন্ত্রাদি-দেবতা কর্মের অঙ্গ; এজন্যই এই পয়ারার্দ্ধে বলা হইল— মীমাংদকের মতে (মন্ত্রাত্মক-দেবতারূপ ক্রারের শক্তি বিশেষরূপ) ক্রায়ের অঙ্গ।

সাংখ্য কহে—ইতাাদি—সাংখ্যদর্শন বলেন, ত্রিগুণাত্মিকা জড়-প্রকৃতিই জগতের মূল কারণ। প্রকৃতি হইডেই মহতত্ত্ব, মহতত্ত্ব হইতে অহঙ্কারতত্ত্ব-ইত্যাদি ক্রমে জগতের সৃষ্টি হইয়াছে। স্ক্রাং প্রকৃতিই জগতের মূল কারণ।

ভায় কহে—পরমাণু হৈতে বিশ্ব হয়!

(পাতঞ্জল কহে—ঈশ্বর স্বরূপ জ্ঞান। মায়াবাদী—'নিবিবশেষ ব্রহ্ম হেতু' কয়॥ ৪৩ বিদমতে কহে—তেঞি স্বয়ংভগবান্॥) ৪৪

গৌর-কুপা-তরঙ্গিনী-টীকা।

সাংখ্যের-মতে তত্ত্ব পাঁচিশ্চী—প্রকৃতি ও প্রকৃতির বিকারে মোট চবিবশ্টী তত্ত্ব হয়, ইহার উপরে পুরুষ অপর একটা তত্ত্ব। প্রকৃতি ও প্রকৃতির বিকার যথা—প্রকৃতি, মহতত্ত্ব, অহন্ধারতত্ত্ব, পঞ্চন্মাত্রা (রূপ, রুদ, গন্ধ, শন্ধ) একাদশ ইন্দ্রি এবং পঞ্চত (ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোম)।

প্রকৃতি জড় হইলেও স্বতঃ-পরিণামনীলা। পুরুষ জড় নহে। পুরুষ অনাদি, স্ক্রা, সর্বব্যাপী, চেতন, নিগুণ, ন্দ্রী, ভোক্তা, অকর্ত্তা, অমল (গুলাগুভ-কর্মশূন্য) এবং অপরিণামী। জীবাআই সাংখ্যের পুরুষ। সাংখ্যমতে প্রকৃতি এক, কিন্তু পুরুষ বহু। পুরুষের মোক্ষ ও ভোগের নিমিত্ত প্রকৃতি স্বতঃ পরিণাম প্রাপ্ত হয়।

মাংখ্যেরা ঈশ্বর স্বীকার করেন না। তাঁহারা বলেন—প্রকৃতির পরিণামে ঈশ্বরের কোনও সম্পর্ক নাই। জানের মোক্ষানিতেও ঈশ্বরের কোনও প্রয়োজন নাই।

चुराञ्च - ন্যায়দর্শন। পরমাণু - বস্তর স্ক্রতম অংশের নাম পরমাণু। কোনও স্থূলবস্তকে যদি ভাগ করা যায়, তবে তাহা ছোট ছোট অংশে বিভক্ত হয়; এই ছোট ছোট অংশকে যদি আরও ভাগ করা যায়, আরও ছোট ছোট অংশ পাওয়া যায়। এইরূপে ভাগ করিতে করিতে এমন ছোট অংশ পাওয়া যাইবে, যাহাকে আর ভাগ করা যায় না। যাহাকে আর ভাগ করা যায়না, যাহা পরম স্থল, তাহাই পরমাণু। ন্যায়-দর্শনের মতে দৃশুমান্ শগতের আদি চারিজাতীয় পরমাণু—ফিতি, অপ্, তেজঃ ও বায়। এই চারি প্রকারের পরমাণুর মিশ্রণেই জগতের উৎপত্তি। বৈশেষিক-দর্শনেরও এই মত।

মায়াবাদী—শঙ্করাচার্য্যের মতামুষায়ী অধৈতবাদী। তাঁথারা মনে করেন—এক্রজালিকের শক্তিতে লোক শেমন এন্দ্রজালিকের খেলায় এমন দব বস্তু দেখে, যাহার বাস্তবিক কোনও দত্তাই নাই, তদ্রুপ মায়ার শক্তিতেই আমুরা ঘট-পটাদি দুশুমান্ জ্বাৎ দেখিতেছি, বাস্তবিক এই সকল বস্তুর কোনও সত্ত্বাই নাই; সর্বব্রেই এক নির্বিশেষ এগা নিরাজিত, এই মতটীকে মায়াবাদ বলে।

মায়াবাদীদিগের মতে নির্বিশেষ-ব্রহ্মাই জগতের মূল কারণ।

88 । পাতঞ্জল-পতঞ্জলি-মুনিকৃত পাতঞ্জল-দর্শন। সাংখ্য-দর্শনের পঞ্চবিংশতি তত্ত্বকে পাতঞ্জল-দর্শনও পীকার করেন; কিন্তু তাহাদের অতিরিক্ত আর একটা তত্ত্বও পাতঞ্জল স্বীকার করেন। এই তত্ত্বটী ঈশ্বর। স্থতরাং পাতঞ্জলের মতে তত্ত্ব ছাব্বিশটা। এই ছাব্বিশটা তত্ত্ব লইয়াই স্ঠি-সাদি ব্যাপার।

পাতঞ্জলের মতে, যোগই মোক্ষের একমাত্র কারণ। চিত্ত-বৃত্তিনিরোধের নামই যোগ। চিত্ত-বৃত্তিনিরোধের নিমিত্ত পভঞ্জলি কয়েকটা উপায়ের উল্লেখ করিয়াছেন—এই কয়েকটীর যে কোনও একটা দ্বারাই চিত্ত-বৃত্তির নিরোধ এই কয়েকটা উপায়ের মধ্যে একটা উপায়—ঈশ্বর-প্রণিধান। "ঈশ্বর-প্রাণিধানাদা।। স্পান-প্রণিধান হইতেও চিত্তবৃত্তির নিরোধ ইইতে পারে। ঈশ্বর-প্রণিধান ব্যতীত পাতঞ্জল-নির্দিষ্ট অন্য যে কোনও উপামেও চিত্তবৃত্তির নিরোধ হইতে পারে। স্কুতরাং পাতঞ্জলদর্শনে ঈশ্বরের স্থান থাকিলেও তাহা অত্যন্ত গৌণ-; মোক্ষব্যাপারে ঈশ্বরের দংশ্রব ত্যাগ করিয়াও জীব মোক্ষ পাইতে পারে। কেবল স্বষ্ট-ব্যাপারে ঈশ্বরও একটি তত্ত্ব, ্এই টুকু জানিলেই চলে। ইহাই পাতঞ্জল-দর্শনের মত। এজন্তই এই পয়ারে বলা হইয়াছে—"পাতঞ্জল কহে ঈশ্বর হা অরপ্তান ৷'' স্ট-ব্যপারে ঈশ্রও একটি তত্ত্ব ; এই তত্ত্ব-স্বরূপ ঈশ্রের জ্ঞান ব্যতীত মােক্ষের নিমিত্ত ঈশ্র-भवत्य अञ्च छात्नत वित्यव कानं अध्याजन रमना।

বেদমতে ইত্যাদি— বেদের (উপনিষদের) মতে জগতের মূল কারণ স্বয়ং-ভগবান্। জীবের মোক্ষদাতাও স্বয়ং-ভগবান্ই।

ছয়ের ছয় মত ব্যাস কৈল আবর্ত্তন। সেই সব সূত্র লৈয়া বেদান্ত বর্ণন॥ ৪৫ বেদান্তমতে ব্রহ্ম—সাকার নিরূপণ। নিগুণি ব্যতিরেকে তেঁহো হয় ত সগুণ। ৪৬ পরমকারণ ঈশ্বর—কোহো নাহি মানে। স্ব-স্ব-মত স্থাপে পরমতের খণ্ডনে॥ ৪৭

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা ৷

8৫। **ছয়ের ছয় মত**—ছায়, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, মীমাংসা ও বেদ—এই ছয়ের ছয়ট মত লইয়া ব্যাদদেব স্ম্যক্রপে বিচার করিয়াছেন। এই বিচারের ফলই তিনি বেদাভস্তে বা ভ্রহ্মস্ত্রে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

পয়ারে বৈশেষিক-দর্শনের উল্লেখ না থাকিলেও স্থায়-দর্শনের উল্লেখ আছে; স্থায় ও বৈশেষিক প্রায় একই। এজন্য পূর্ব্বোক্তি পয়ারে "ন্যায়'-শব্দে ন্যায় ও বৈশেষিক উভয়কেই বুঝিতে হইবে। নচেৎ 'ভয়'' মত হয় না। প্রশ্ন হইতে পারে, মীমাংসা, সাংখ্য, ন্যায়, পাতঞ্জল, মায়াবাদ ও বেদ—এই ছয়টির উল্লেখ তো পয়ারে আছে; মায়াবাদ বাদ দিয়া বৈশেষিক ধরা হইল কেন ? ইয়ার উত্তর এই—ব্যাসদেবের বেদান্ত-স্ত্তের আলোচনা হারা ভিল্ল ভিল্ল আচার্য্য যে ভিল্ল ভিল্ল মত স্থাপন করিয়াছেন, তাহাদের একটি মতই মায়াবাদ। স্বতরাং বেদান্তস্ত্ত-সঙ্কলনের পরেই মায়াবাদের উৎপত্তি। এমতাবস্থায় মায় বাদ আলোচনা করিয়া ব্যাসদেব বেদান্ত-স্ত্ত্ত সঙ্কলন করিয়াছেন, এ কথা বলা সঙ্গত হয় না। স্বতরাং "ছয়ের ছয় মতের" মধ্যে "মায়াবাদ" অন্তর্ভুক্তি করা য়ায় না।

কোনও কোনও প্রস্তে, এই পয়ারটা এবং ইহার পূর্ব্ববর্তী ও পরবর্ত্তী পয়ারটাও নাই। উক্ত কারণে এই তিনটি প্রার না থাকাই যেন সঙ্গত বলিয়া মনে হয়।

কৈল আবর্ত্তন — সম্যক্রপে বিচার করিয়া যাহা দঙ্গত, ভাগ গ্রহণ করিলেন, এবং যাহা দিন্ধান্ত-বিরুদ্ধ ভাহা বর্জন করিলেন। বেদান্ত-বর্ণন — বেদান্ত (বা বেদান্তস্তা বা ব্রহ্ম-স্তা)।

৪৬। বেদান্তমতে—বেদান্ত-স্ত্তের মতে। ব্যাগদেবের বেদাস্ত-স্ত্তের মতে ব্রহ্ম-নিরাকার নহেন, প্রস্ত শাকার ; তিনি নির্গুণ্ড নহেন, তাঁহার অদংখ্য অপ্রাক্ত-শুণ আছে।

কোনও কোনও শ্রুতি-পুরাণে যে ব্রহ্মকে নিপ্ত ণ বলা ইইয়াছে, তাহার প্রকৃত তাৎপর্য্য এই যে, ব্রহ্ম প্রাকৃত প্রণ নাই; কিন্তু অপ্রাকৃত-শুণ আছে। (২।২৪।৫৩-৫৪ এবং ২।২০:১৩১ প্রারের টীকা এবং ভূমিকায় "কৃষ্ণতত্ত্ব"-প্রবন্ধ দ্রষ্টব্য।

89। পরম কারণ ইত্যাদি—জগতের মূল কারণ যে সাকার-সগুণ ষড়ৈশ্বর্য্যশালী স্বয়ংভগবান্ (ঈশ্বর), তাহা সাংখ্য-মীমাংসাদি দর্শন-শাস্ত্রকারগণ মানেন না; তাঁহাদের প্রত্যেকেই নিজ নিজ মত স্থাপন করিবার নিমিত্ত অপেরের মত খণ্ডন করিয়াছেন। কিন্তু সেই খণ্ডনও সমীচীন বা বিচার-সহ হয় নাই।

বেদান্ত-দর্শনে ব্যাদদেব স্থাপন করিয়াছেন যে, স্বয়ং ভগবান্ পরমেশ্বরই জগতের মূল কারণ; দাংখ্যাদি-দর্শন যে মূল কারণ নির্দেশ করিয়াছেন, তাহা দঙ্গত নহে; তাহার হেতু এই:—শ্রুতির প্রমাণের উপর আর প্রমাণ নাই। শ্রুতি বলেন—"জগংকর্তা ঈক্ষণ-পূর্ব্বক জগংস্টি করিয়াছেন। তদৈক্ষত বহুস্তাং প্রজায়েয়। ব্রহ্মসূত্র। ১৷১৷৫ স্থ্রের শঙ্কর ছায়াশ্বত শ্রুতি।" কিন্তু যিনি নিগুণ, নিঃশক্তিক, তিনি ঈক্ষণ করিতে পারেন না; কারণ, ঈক্ষণের শক্তি তাঁহার নাই। আর যাহা জড়, তাহারও ঈক্ষণের শক্তি নাই। শ্রুতি আরও বলেন—"আনন্দ হইতেই দমন্ত ভূতের জন্ম, আনন্দ্রারাই জাত-ভূতদমূহ জীবন ধারণ করে, পরে আনন্দেই প্রবেশ করে। আনন্দাদ্যের থবিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রযন্ত ভিসংবিশন্তি। তৈন্তি। ০৷৬ ৷৷" স্থতরাং ঘাহা আনন্দ নহে, তাহাও জগতের কারণ হইতে পারে না।

তাতে ছয় দৰ্শন হৈতে তত্ত্ব নাহি জানি।

মহাজন যেই কহে সে-ই সত্য মানি॥ ৪৮

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

ন্তায় ও বৈশেষিকের মতে, জড় প্রমাণুই জগতের কারণ। কিন্তু জড়-বস্তর ঈশ্ল-শক্তি নাই; জড়-বস্ত আনন্দ্র ২ইতে পারে না; আনন্দ চিনায়-বস্তু।

মীমাংসা-মতে কুর্মাই স্কৃতির কারণ; কিন্তু কর্মাও জড় বস্তু, স্কুতরাং **তাহার ঈ**ক্ষণ-শক্তি নাই, তাহা

সাংখ্য-মতে জড়-প্রকৃতি স্ষ্টের মূল কারণ; কিন্তু জড় বলিয়া প্রকৃতির ঈক্ষণ (দৃষ্টি)-শক্তি নাই; প্রকৃতি আনন্দওনংহ।

পতঞ্জিলির মতে ঈশ্বর স্বীকৃত হইলেও ঈশ্বর একমাত্র কারণ নহেন; মোক্ষাদির কারণও একমাত্র ঈশ্বর নহেন। ইন্দিয়-নিশেষে গারণাদ্বারা (১০৫ সূত্র), প্রাণের নিঃসারণ ও বিধারণ দ্বারা (১০৯ সূত্র), বিষয়-বিরক্ত ব্যক্তিদিগের দ্যান দ্বারা (১০০ সূত্র), স্বপ্নজ্ঞান বা নিদ্রাজ্ঞানের অবলম্বনের দ্বারা (১০৮ সূত্র), অভিমত্ত যে কোনও বিষয়ের দ্যানদ্বারাও (১০৯ সূত্র) চিত্তিইগ্রেরপ সমাধিলাভ হইতে পারে; তাহার ফলেই মোক্ষলাভ হইতে পারে। কিন্তু সমস্ত প্রক্রিয়াই জড়-ইন্দ্রিয়ের কার্য্য; এবং তাহারা ভগবৎ-সংশ্রবশূত্য; স্ক্তরাং তাহাদের সাহায্যে মায়া হইতে মোক্ষণাভ্র গন্তব নহে। কারণ, গ্রীতোপনিষদে শ্রীকৃষ্ণ বলেন—"মামেব যে প্রপত্তয়ে মায়ামায়েতাং তরন্তি তে।" বাহারা ঈশ্বরের শ্রণাপন হন, কেবল ভাঁহারাই মায়া হইতে উদ্ধার পাইতে পারেন, অপর কেহ নহেন।

ুসায়াবাদীর মতে নিবিশেষ-ব্রহ্মই জগতের মূল কারণ; কিন্তু তিনি নিবিশেষ অর্থাৎ নির্জ্ঞণ, নিঃশক্তিক বিলিয়া ঈসাণ-ুশক্তি ও স্টেশক্তি তাঁহার থাকিতে পারে না।

তাং। ২ইলে ঈক্ষণ-শক্তি, বিচার-শক্তি, নানাবিধ বৈচিত্রীপূর্ব জগৎ-স্টেশক্তি যাঁহার আছে এবং যিনি আনন্দস্বাদ্ধপ, তিনিই জগতের মূল কারণ হইতে পারেন। তিনি শ্রীকৃষ্ণ ব্যতীত অপর কেহ নহেন। তাই ব্রহ্ম-সংহিতা
বলেন—"ঈঝর পর্মঃ কৃষ্ণঃ দচ্চিদানন্দ-বিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ দর্বকারণ-কারণম্॥ ৫।১॥—দচ্চিদানন্দবিগ্রহ্ পর্ম-ঈঝর শ্রীকৃষ্ণই সমস্ত কারণের কারণ; তিনি নিজে অনাদি কিন্তু সকলের আদি; তিনিই গোবিন্দ।

৪৮। তাতে—দর্শন-শাস্ত্রকারদের মধ্যে প্রত্যেকেই নিজ ব্যক্তিগত মত স্থাপন করিতে চেষ্টা করিয়াতেন ব্যায়া।

তমু দর্শন—জাগ, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, মীমাংসা ও বেদ (উপনিষৎ)।

দর্শন-শাস্তবারগণ স্ব-স্থ মত স্থাপন করিতে চেষ্টা করিয়াছেন বলিয়া, তাঁহারা তটস্থ ভাবে বিচার করিতে পারেন নাই; এজন্য তাঁহাদের উক্তি হইতে মূল-তত্ত্ব-সম্বন্ধ কিছুই বুবিয়া উঠিতে পারা যায় না। এমতাবস্থায়, পরত্বদর্শী মহাপুর্ব্ধগণ যাহা বলেন, তাহাকেই সত্য বলিয়া গ্রহণ করিতে ইইবে। তাঁহারা পরতত্ত্ব দর্শন করিয়াছেন বলিয়া তাঁহাদের উক্তিতে ভ্রম-প্রমাদাদি দোষ থাকিতে পারে না। বেদাস্ত-স্থ্রকার ব্যাদদেব শ্রীমদ্ভাগবতে বেদাস্ত স্ব্রের অর্থ নিজে লিখিয়া গিয়াছেন; স্বতরাং যে তত্ত্ব স্থাপন করিবার নিমিত্ত তিনি বেদাস্ত-স্থ্র প্রণয়ন করিয়াছিলেন, শ্রীমদ্ভাগবতে গেই তত্ত্বই তিনি বিবৃত্ত করিয়া গিয়াছেন; তাই শ্রীমদ্ভাগবতেই বেদাস্ত-স্থ্রের প্রকৃত্ত ভাষ্য। বিশেষতঃ, শ্রীমদ্ভাগবত-প্রথমনের পূর্বের ব্যাদদেব সমস্ত তত্ত্ব প্রত্যক্ষ করিয়াছিলেন; যাহা যাহা প্রত্যক্ষ করিয়াছেন, তাহা তাহাই তিনি শ্রীমদ্ভাগবতে বিবৃত্ত করিয়াছেন; স্থতরাং শ্রীমদ্ভাগবতের উক্তিতে ভ্রম-প্রমাদাদি থাকার সন্তাবনা নাই। আরা, এক্টণে শ্রীক্ষান্টতন্য বেদাস্ত-স্ত্রের যে অর্থ করিলেন, তাহাও শ্রীমদ্ভাগবতান্ত্রায়ী; স্থত্রাং তিনি যাহা বলিতেছেন, তাহাই গত্য।

প্রকাশানন্দের শিশু অন্যান্য সন্ন্যাসীদের নিকটে এইরূপ বলিলেন।

তথাহি মহাভারতে, বনপর্কণি (৩১০)১১৭)—
তর্কোহপ্রতিষ্ঠঃ প্রভয়ো বিভিন্না
নাদৌ মুনির্যস্ত মতং ন ভিন্নম্।
ধর্মস্ত তত্ত্বং নিহিতং গুহায়াং
মহাজনো মেন গতঃ দঃ পহাঃ॥ ৯
শ্রীকৃষ্ণতৈতন্যবাণী অমৃতের ধার।
তেঁহো যে কহেন বস্তু সে-ই তত্ত্ব সার॥ ৪৯
এ সব বৃত্তান্ত শুনি মহারাপ্রী ব্রাক্ষণ।
প্রভুকে কহিতে স্থাখ করিলা গমন॥ ৫০
হেনকালে প্রভু পঞ্চনদে স্নান করি।
দেখিতে চলিয়াছেন বিন্দুমাধব হরি॥ ৫১
পথে সেই বিপ্রা সব বৃত্তান্ত কহিল।
শুনি মহাপ্রভু ঈষৎ হাসিতে লাগিল॥ ৫২

নাধব-সৌন্দর্য্য দেখি আবিষ্ট হইলা।
অঙ্গনেতে আসি প্রেমে নাচিতে লাগিলা॥ ৫৩
শেখর, পরমানন্দ, তপন, সনাতন।
চারি জন মেলি করে নামসঙ্কীর্ত্তন॥ ৫৪
তগাহি ভক্তকতং দক্ষীর্ত্তনম্—
'হরমে নমঃ ক্বফ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্থদন॥' ১০
চৌদিকে লোক লক্ষ বোলে 'হরিহরি'।
উঠিল মঙ্গলধ্বনি স্বর্গমর্ত্ত্য ভরি॥ ৫৫
নিকটেই ধ্বনি শুনি পরকাশানন্দ।
দেখিতে কৌতুকে আইলা লঞা শিয়ার্ন্দ॥ ৫৬
দেখিয়া প্রভুর নৃত্য—দেহের মাধুরী।
শিয়াগণ সঙ্গে সেই বোলে 'হরিহরি'॥ ৫৭

গোর-কৃপা-তরঙ্গিণা টীকা।

শ্রো। **১। অন্তর**। অব্যাদি ২।১৭।১১ শ্লোকে দ্রষ্টবা। ৪৮ প্রাবের শেষার্দ্ধের প্রমাণ এই শ্লোক।

৫০। এ সব বৃত্তান্ত-প্রকাশানন্দের প্রধান শিশু যাহা বাহা বলিলেন (যাহা পূর্ববিত্তী পয়ার-সম্হে বিবৃত হইয়াছে)।

মহারাষ্ট্রী বাল্লাল-িবিনি সন্ন্যাদীদিগের সঙ্গে শ্রীমনাহাপ্রভূকে নিজগৃহে নিমন্ত্রণ করিয়াছিলেন।

- ৫৩। মাধব-কৌষ্ণর্য্য বিন্দুমাধব-হরির শ্রীমৃতিদৌন্দর্য্য দেখিয়া শ্রীমন্মহাপ্রভু ব্রজভাধে আবিষ্ট হইলেন এবং ঐ আবেশ-অবস্থাতেই শ্রীমন্দিরের অঙ্গনে প্রেমভরে নৃত্য আরম্ভ করিলেন।
- ৫৪। **শেখর**—চক্রশেথর। পরমামন্দ—কীর্ত্তনীয়া। তপন—তপন মিশ্র। সনাতন দনাতন-গোস্বামী। প্রভুর নৃত্য দেখিয়া এই চারিজন "হরয়ে নমঃ" প্রভৃতি পদ কীর্ত্তন করিতে লাগিলেন।
- ৫৫। **চৌদিকে** ইত্যাদি—তাঁহাদের কীর্ত্তন গুনিবার নিমিত্ত এবং প্রভুর অপূর্ব্ব নৃত্য দর্শন করিবার নিমিত্ত চারিদিকে বহু-সংখ্যক শোক একত্রিত হইয়াহেন। তাঁহারা সকলেই আনন্দে "হরি হরি"-ধ্বনি করিতে লাগিলেন।

উঠিল মঙ্গলধ্বনি ইত্যাদি—দেই "হরি হরি''-শব্দের মঙ্গলময় ধ্বান সর্বাদিকে পরিব্যাপ্ত হইল।

৫৬। নিকটেই ধ্বনি ইত্যাদি—বিন্দুমাধবের মন্দির হইতে প্রকাশানন্দের আশ্রম বছদূরে ছিল না। অপূর্ব্ব "হরি হরি"-ধ্বনি শুনিয়া কেতুহলবশ্তঃ শিফাগণকে সঙ্গে হইয়া তিনি ঐ স্থানে আসিয়া উপস্থিত হইলেন।

পূর্ব্বেকার অবস্থা থাকিলে বোধ হয়, "হরি হরি"-ধ্বনি প্রকাশানন্দের চিত্তে প্রবেশ করিতে পারিত না—ধ্বনি শুনিয়া তিনি হয়ত "ভাবকের ভাবকালি" বলিয়াই ঠাট্টা করিতেন। কিন্তু তাঁহার প্রতি প্রভুর ক্রপা হওয়ায় তাঁহার চিত্তের পরিবর্ত্তন ঘটিয়াছে; তাই "হরি হরি"-ধ্বনিতে আকুষ্ঠ হইয়া তিনি আদিয়া উপস্থিত হইলেন।

৫৭। প্রকাশানন্দ নৃত্যকীর্ত্তন-স্থলে আসিয়া কেবল যে দাঁড়াইয়া দাঁড়াইয়া কীর্ত্তন শুনিতে লাগিলেন, তাহা নহে। প্রভুর অপূর্ব নৃত্য-মাধুরী এবং তাঁহার দেহের অদমোর্দ্ধ-সৌন্দর্য্য দর্শন করিয়া প্রকাশানন্দ প্রেমে একেবারে আত্মহারা হইয়া গেলেন; ভিনি আর চুপ করিয়া দাঁড়াইয়া থাকিতে পারিলেন না। ভিনিও সকলের কম্প স্বরভঙ্গ স্বেদ বৈবর্ণ্য স্তম্ভ। অশ্রুগরায় ভিজে লোক,—পুলক-কদম্ব॥ ৫৮ হর্য-দৈন্য-চাপল্যাদি সঞ্চারি-বিকার। দেখি কাশীবাসিলোকের হৈল চমৎকার॥ ৫৯ লোকসংঘট্ট দেখি প্রভুর বাহ্য হৈল।
সন্ম্যাসীর গণ দেখি নৃত্য সম্বরিল। ৬০
প্রকাশানন্দের কৈল প্রভু চরণ বন্দন।
প্রকাশানন্দ আসি তাঁর ধরিল চরণ॥ ৬১

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

সে "হরি হরি''-ধ্বনি করিতে লাগিলেন। আর তাঁহার দেহে অশ্রু-কম্পাদি দাত্তিকভাব দম্যক্রণে পরিক্ষুট হইল্—
ধ-দৈন্য-চাপল্যাদি সঞ্চারি-ভাব-দম্হও প্রকটিত হইল।

যিনি সারাটা জীবন সায়াবাদ প্রচার করিয়া কাটাইলেন, শ্রীহরিনাম-কীর্ত্তন-জাত সাত্ত্বিক বিকারাদিকে যিনি ভাবকের ভাবকালি" বলিয়াই উপহাস করিতেন, সেই সর্বশাস্ত্র-বিশারদ প্রকাশানন্দ-সরস্বতীর আজ এই দশা কেন ? শ্রীমন্মহাপ্রভুর কুপাই ইহার একসাত্র হেতু।

৫৮। কম্প-স্বরভঙ্গাদি সাত্ত্বিক-ভাবের লক্ষণ ২।২।৬০ ত্রিপদীর টীকায় দ্রপ্তব্য।

৫৯। হর্ষ-দৈন্যাদি দঞ্চারিভাবের লক্ষণ ২৮১১৩৫, ২১১৯১৫৫ এবং ২১২০৩২ পয়ারের চীকায় দ্রন্তব্য।

দেখি কাশীবাসীলোকের-ইত্যাদি—প্রকাশানন সরস্বতীর এই অবস্থা দেখিয়া কাশীবাদি-লোকসমূহ মাশ্চর্যান্থিত হইয়া গোলেন। আশ্চর্য্যান্থিত হওয়ার কথাই। যে সমস্ত আচরণকে তিনি সাধারণ ভাবকের ভাবকালি তির বিদ্যা উপহাদ করিতেন, আজ তিনিই নাকি দেই সমস্ত আচরণ দহস্র দহস্র লোকের সাক্ষাতে প্রকাশ দিরিতেছেন। যিনি দিগ্রিজয়ী পণ্ডিত, যাঁহার পাণ্ডিত্য বাস্তবিকই গর্কের বিষয় ছিল, বিষয়ী লোকের কথা তো দ্রে, মত সংস্থা সংসার-বিরক্ত সন্মাদী যাঁহার আজ্ঞাবহ ছিল, আজ তিনি নাকি নিভান্ত দীনহীনের মত ক্রন্দন করিতেছেন, আক্রেপ করিতেছেন। আর গান্তীর্য্যে যিনি সমুদ্রবৎ ছিলেন, আজ পরম-চপলের মত, তিনি নৃত্য করিতেছেন, কীর্ত্তন করিতেছেন, হাদিতেছেন, কান্দিতেছেন। এ সমস্ত দেখিয়া লোকের বিশ্বিত হওয়া অসাভাবিক নহে।

৬০। লোকসংঘট্ট ইত্যাদি—এতক্ষণ শ্রীমন্মহাগভু প্রেমাবেশে নৃত্য করিতেছিলেন; তাঁহার বাহ্সমৃতি ছিল না। এখন হঠাৎ সহস্র লোকের প্রতি তাঁহার দৃষ্টি পতিত হওয়য়, তাঁহার বাহ্সমৃতি ফিরিয়া আসিল। দখন বাহ্সমৃতি ফিরিয়া আসিল, তখন দেখিলেন যে, শিগ্যবর্গ সঙ্গে স্বয়ং প্রকাশানন্দ সেই স্থলে উপস্থিত। দেখিয়াই প্রভু নৃত্য সম্বরণ করিলেন।

কিয় প্রভু কেন নৃত্য সম্বরণ করিলেন ? তাঁহার অপূর্ব্ব ভাবমাধুরী-দর্শনের সৌভাগ্য হইতে এত গুলি লোককে কেন বঞ্চিত করিলেন ?

মহাপ্রভুৱ চুইটা ভাব—বাহিরে গাধারণ লোকের নিকটে জীব-শিক্ষার নিমিত্ত তাঁহার ভক্তভাব; আর ভিতরে এবং অন্তর্ম ভক্তদের গানিধ্যে তাঁহার রাধাভাব, এই ভাবটা তাঁহার অন্তর্ম । বিল্মাধব-দর্শনে ব্রজেক্স-নন্দনের মাতিতে তিনি রীগাভাবে আবিষ্ট হুইয়া, বাহ্যজ্ঞান-শূন্য হুইয়া নৃত্য করিতেছিলেন; যথন বাহ্মফুত্তি হুইল, তথনই ভক্তভাব শুরেত হুইল । ভক্ত কথনও তাহার হৃদয়ের অন্তন্তল-নিহিত প্রেম সাধারণ-লোকের সাক্ষাতে প্রকাশ করেন না; ভক্ত সর্প্রদা "রাথে প্রেম হৃদয়ে ভরিয়া"—ইহা তাঁহাদের হৃদয়ের গৃঢ় ধন, হৃদয়েই ইহাকে তাঁহারা লুকাইয়া রাণেন । গৃনতী স্নীলোক ফেমন তাহার বক্ষঃস্থল অপরলোকের নিকট হুইতে সর্প্রদাই যত্নপূর্বক গোপন করিয়া রাথে, প্রেমিক ভক্তও তেমনি হৃদয়ের গৃঢ় প্রম সাধারণ-লোকের নিকট হুইতে গোপন রাথিতে চেষ্টা করেন। এজন্যই বাহ্যকৃপ্তি হ্ওয়া মাত্র শ্রীমন্মহাপ্রভু প্রেম-প্রকাশক নৃত্য স্থগিত করিলেন।

৬১। বাহস্কৃত্তি যথন হইল, তথন প্রভু প্রকাশানন্দকে নুমস্কার করিলেন ; প্রকাশানন্দ আসিয়া প্রভুর চরণযুগল ধারণ করিলেন। প্রভু কহে— তুমি জগদ্গুরু পৃজ্যতম। আমি তোমার না হই শিয়োর শিশ্বসম॥ ৬২ া শ্রেষ্ঠ হৈয়া কেনে কর হীনের বন্দন। আমার সর্ববনাশ হয়, তুমি ব্রহ্মসম॥ ৬৩

গৌর-কুপা-ভরঙ্গিণী টীকা।

প্রভুৱ কুপায় প্রকাশানল প্রভুৱ স্বরূপ অবগত হইয়াছেন; স্থাতরাং তাঁহার পাক্ষে প্রভুৱ চরণু ধারণ স্বাভাবিক। ব্রুপ সমাক্ অবগত না ইইলেও প্রভুর কুপায় তাঁহার চিত্তে ভক্তির উ:য়য় হওয়য়, এবং প্রভুর দেহে নৃত্যকালে নিত্যসিদ্ধ-দেহোপযোগী অপ্রাক্ষত-ভাবসমূহের অপূর্ব বিকাশ দেথিয়া শাস্ত্রজ্ঞ প্রকাশানল অনায়াসেই বুঝিতে পারিয়াছিলেন,—প্রভুৱ অসাধারণ প্রভাব, অসাধারণ মহিমা, আর তিনি নিজে ভাব-সম্পদে নিতান্তই দরিদ্র। এমতাবস্থায় তাঁহার পাকে শ্রেষ্ঠজ্ঞানে প্রভুৱ চয়ণ-ধারণ অস্বাভাবিক নহে। কিন্তু প্রভু তাঁহার চরণ বন্দনা করিলেন কেন ? ইহার কারণ—বাহিরে প্রভুৱ ভক্তভাব; ভক্ত সর্ব্বাই নিজেকে হীন মনে করেন। আর প্রকাশানল অতি বড় পণ্ডিত, অতি বড় সাধক, অত্যন্ত প্রতিপত্তিশালী সন্নামী, তিনি বহু সহস্র সন্নামীরও জ্বের; তাই তিনি সন্মানার্হ। বিশেষতঃ প্রভু দেখিলেন, প্রকাশানল "হরি হরি" ধ্বনি করিতেছেন, স্বতরাং তিনি বৈষ্ণব এবং সকলেরই নমস্য। আর তাঁহার দেহে সাত্ত্বিভাব ও সঞ্চারিভাব-আদির অভ্ত বিকাশও প্রভু দর্শন করিলেন; স্বভরাং প্রকাশানল থে একজন প্রমভাগ্রত দিন্ধ-বৈষ্ণব, তাহাতেও সন্দেহ নাই। এসমস্ত কারণেই ভক্তভাবে প্রভু নিজের কৈন্ত প্রকাশ করিয়া প্রকাশানন্দের চরণ বন্দনা করিলেন। নিমের প্রমার-সমূহ হইতে এইরণই মনে হয়।

৬২। প্রভুক্তে ইত্যাদি তিন পরারে প্রভূ নিজের ভজোচিত দৈল জ্ঞাপুন করিতেছেন। প্রকাশানন্দ্
যথন প্রভুর চরণ ধারণ করিলেন, তথন প্রভূ দৈল্ল-দহকারে তাঁহাকে বলিলেন—"প্রকাশানন্দ। আমার চরণ স্পর্শ করা
তোমার উচিত হয় না। তুমি জগদ্গুরু—কত সহস্র সংসার-বিরক্ত সন্ন্যাদী তোমার শিষ্য, তাঁহারা ভোমার
পাদদেবা করিয়া থাকে; তোমার মত পূজ্য আর কেহ নাই; তুমি পূজ্যুত্ম। আর আমি তোমার বন্দনীয় তো
নহিই—তোমার শিষ্যের শিষ্যতুল্যুত্ত নহি; আমি অতীব হীন। অতএব কেন তুমি আমার চরণ ধারণ করিতেছ
তুমি দর্ববিষয়ে শ্রেষ্ঠ ব্যক্তি হইয়া কেন আমার মত হীন লোকের বন্দনা করিতেছ
তুমি বিরক্ত সন্নাদী, তত্ত্রান
লাভ করিয়া তুমি মায়াতীত হইয়াছ, স্নতরাং তুমি বেক্সেমম (ব্রক্ষের লাম মায়ার অতীত)। আর আমি অজ্ঞ, হীন,
মায়াবদ্ধ জীব। তুমি আমার চরণ বন্দন করিলে আমার অপরাধ হইবে, তাতে আমার বিশেষ ক্ষতি হইবে (আমার
সর্বনাশ হয়); আমার ক্ষতি করা তোমার পক্ষে সঙ্গত নহে। স্নতরাং তোমার পক্ষে আমার চরণ-বন্দন মুক্তিযুক্ত
হয় না।্র্যিণিও তুমি "ব্রক্ষত্তঃ প্রসন্নাল্লা" বলিয়া "সমঃ মর্কেয়ু ভূতেই"—সর্বভূতেয়ু ব্রক্ষের অধিষ্ঠান অন্তত্ব করিয়ো
(যত্তিপ তোমার নিকটে উচ্চনীচ ভেদ-নাই, এবং যদিও সেজ্ল তুমি সর্বত্তে ব্রক্ষের অধিষ্ঠান অন্তত্ব করিয়া
(যত্তিপ তোমার সর্বব্রক্ষময় ভাসে) সকলকেই ব্রক্ষের অধিষ্ঠান-ক্রপে নময়ার করিতে পার; তথাপি লোক-শিক্ষার
প্রতি দৃষ্টি রাখিয়া তোমার পক্ষে তাহা করা উচিত নহে। কারণ, সাধারণ লোক তোমার ভাব ব্রিতে না পারিয়া
উত্তম-অধ্য বিচার করিবেনা, তাহারা তথন মাজব্যক্তির মর্য্যাদালজ্বন করিয়া বিসিবে।

৬৩। আমার সর্বনাশ হয়—তুমি শ্রেষ্ঠব্যক্তি, আমি হীন জীব। তুমি ব্রন্ধের হায় মায়াভীত, আমি দাধারণ মায়াবদ্ধ জীব। স্থতরাং তুমি আমার চরণম্পর্শ করিলে আমার অপরাধ হইবে, তাতে আমার বিশেষ ক্ষতি হইবে—আমার ভক্তি-বিকাশের বিদ্ন জন্মিবে; স্থতাং আমার সর্বনাশ হইবে। প্রভু ভক্তভাবে দৈহা করিয়া এসব কথা বলিতেছেন।

তুমি ব্রেক্সসম—তুমি ব্রেক্সর তুল্য। সাধন-প্রভাবে তোমার তত্তজান বিকশিত হইয়াছে, তাতে তুমি মায়ার কবল হইতে মুক্ত হইয়া মায়াতীত হইয়াছ। মায়াতীত বলিয়া মায়াতীতত্ব-অংশে তুমি ব্রেক্সর তুল্য।

ব্রহ্মগম নহে।

যন্তপি তোমারে সব ব্রহ্মময় ভাসে। লোকশিক্ষা লাগি এছে করিতে না আইসে॥ ৬৪ তোঁহো কহে—তোমার পূর্বের নিন্দা অপরাধ যে করিল। তোমার চরণস্পর্শে সব ক্ষয় হৈল॥ ৬৫

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

প্রভ্ প্রকাশানন্দকে "ব্রহ্মসম" বলিয়াছেন, 'ব্রহ্ম" বলেন নাই। প্রকাশানন্দ সর্কাংশে "ব্রহ্মসম" নহেন; কারণ, বর্দ্ম অন্ধ-জ্ঞান-তত্ত্ব বলিয়া সর্কাংশে তাঁহার ভূলা কেহ থাকিতে পারেনা; (যেহেভূ তিনি সজাতীয়-ভেদশ্রু)। এন্থলে কেবল মায়াতীতত্ব-সংশেই ভূলাতা। ব্রহ্ম মায়াতীত, প্রকাশানন্দও তত্ত্ব-জ্ঞানের স্ফুরণে মায়াতীত হইয়াছেন; স্কুরাং এই হিসাবে তিনি ব্রহ্মের ভূলা। ভূলাশন্দ প্রয়োগ হইলে উপমান সপেক্ষা সর্কানই উপমেয়ের হীনতা স্কৃতি হয়। "চল্রের ভূলা মুখ"—একথা বলিলে বুঝা যায়, সৌন্দর্যাংশে চল্রের সঙ্গে মুখের কিঞ্জিং সাদৃশ্যমাত্র আছে; চল্রের যেরূপ দৌন্দর্যা, মুখও স্কুন্দর বটে; কিন্তু চন্দ্র অপেক্ষা কম স্থন্দর। এপ্রলে প্রকাশানন্দকে বিহ্নসপ, ইহা কখনও বুঝায় না; মুখও স্কুন্দর বটে; কিন্তু চন্দ্র অপেক্ষা কম স্থন্দর।

৬৪। সব ব্রহ্মময় ভাসে— মায়ার ষদ্ধন খুলিয়া যাওয়ায় এবং তত্ত্ব-জ্ঞানের স্কৃতিতে দিব্যদৃষ্টি লাভ হওরায় তুমি দেখিতেছ, দর্বত্রই ব্রহ্মের অধিষ্ঠান— দর্ববং থছিদং ব্রহ্ম। স্কৃত্রাং তোমার দৃষ্টিতে দকল জীবই ব্রহ্মের অধিষ্ঠান, ব্রহ্মের অধিষ্ঠানরপে দকল জীবই তোমার চক্ষে দমান (দমঃ দর্বেষু ভূতেষু); স্কৃত্রাং ব্রহ্মের অধিষ্ঠানরপে তুমি দক্ষণকেই হয়ত তোমার বন্দনীয় বলিয়া মনে করিতে পার এবং বন্দনাও করিতে পার। লোকশিক্ষা লাগি ইত্যাদি—কিন্তু তথাপি লোক-শিক্ষার প্রতি দৃষ্টি রাখিয়া, (দকলকে তুমি তোমার বন্দনীয় মনে করিলেও) দকলকে বন্দনা করা তোমার উচিত নহে। তুমি শ্রেষ্ঠ ব্যক্তি, তোমার আচরণই লোকে অনুক্রণ করিবে; কিন্তু সাধারণ লোক তোমার মনের তাব গ্রহণ করিতে পারিবেনা; স্কৃত্রাং দাধারণভাবে দকলকে দমান মনে করিয়া মর্য্যাদা লঙ্খন-জনিতে অপরাধে পতিত হইবে। করিতে না আইসে—করা উচিত নহে।

৬৫। তেঁহো কহে—তোঁহো-প্রকাশানন্দ। পূর্বে—মহারাষ্ট্রীয় ব্রান্সণের গৃহে তোমার রূপা লাভ করার আগে। নিন্দা—তুমি ভাবক-সন্ন্যামী, ভাবকের সঙ্গে মিশিয়া ভাবকালি করিতেছ, ইত্যাদি বলিয়া তোমার অনেক নিন্দা করিয়াতি।

প্রভাব কথা শুনিয়া প্রকাশানন্দ বলিলেন—"তুমি ভাবক-সন্ন্যানী, ভাবকের সঙ্গে নিশিয়া ভাবকালি করিয়া বেড়াইভেড, কানীপুরে ভোমার ভাবকালি বিকাইবে না, ইত্যাদি বলিয়া আমি আমে আনে তানার অনেক নিন্দা করিয়াছি। তাতে আমার মথেষ্ট অপরাধ হইয়ছে। তুমি স্বয়ংভগবান্, অচিন্তঃশক্তিসম্পন্ন; তোমার চরণে অপরাধ হইলে আমার স্থাম লোকের কথা দ্রে থাকুক, জীবমুক্ত সাধককেও আবার সংসারে পতিত হইতে হয়। স্ক্তরাং তোমার নিন্দা করিয়া আমি যে অপরাধ করিয়াছি, তাহাতে আমার সর্ক্রনাশ নিশ্চিত। ঐ অপরাধ হইতে মুক্ত হওয়ার জন্মই আমি তোমার চরণ ম্পর্শ করিলাম। তোমার চরণ-ম্পর্শের প্রভাবে নিন্দাজনিত আমার সমস্ত অপরাধ নষ্ট হইল।"

প্রকাশানন্দ শ্রীমন্মগপ্রভূকে যে স্বয়ংভগবান্ বলিয়াছেন, এই পয়ারে তাহার উল্লেখ না গাকিলেও প্রকাশানন্দন্ত্রি লোকদর্যের মর্মে তাহা স্পষ্টই বুঝা যায়। তিনি বলিলেন, "প্রভূ, তোমার নিন্দা করিয়া আমি অপরাণী হুইয়াছি"; এই নিন্দাজনিত অপরাধের প্রমাণস্বরূপ পরবর্ত্ত্রী ১১ সংখ্যক শ্লোকের উল্লেখ করিলেন। ঐ শ্লোক বলে যে, "ভগবচ্বে থে অপরাদ হুইলে জীবমুক্তগণ পর্যন্ত পুনরায় সংসারাবদ্ধ হয়।" ইহাতেই বুঝা যায়, প্রকাশানন্দ প্রভূকে অচিষ্টা-শক্তি-সম্পান শ্রীভগবান্ বলিয়া বুঝিতে পারিয়াছেন। নচেৎ তাঁহার নিন্দাতে অপরাধের ভীতি হইবে কেন প্রাবার প্রভূব চরণ-স্পর্দে যে তাঁহার অপরাধেয় ক্ষয় হুইল, তাহার প্রমাণ স্বরূপে পরবর্ত্ত্রী ১২ সংখ্যক শ্লোকের উল্লেখ করিলেন। এই শ্লোকের মর্ম্ন এই যে, ভগবৎ-পাদস্পর্শ হুইলেই অপরাধের ক্ষয় হুইতে পারে। স্ক্রোং এই শ্লোকের

তথা হি বাসনা ভাষ্যধৃত-পরিশিষ্টবচনম্—
জীবন্মুক্ত, অপি পুনর্যান্তি সংসারবাদনাম্।
যক্তচিন্ত্যমহাশক্তো ভগবত্যপরাধিনঃ॥ ১১
তথা হি (ভাঃ ১০।৩৪।৯)
স বৈ ভগবতঃ শ্রীমৎপাদম্পর্শংতান্তিভঃ।
ভেজে সর্পবপূহিতা রূপং বিভাধরাচিত্তম্॥ ১২

প্রভু কহে—বিষ্ণু বিষ্ণু, আমি ক্ষুদ্রজীব হীন। জীবে 'বিষ্ণু' মানি—এই অপরাধ-চিহ্ন॥ ৬৬

জীবে বিষ্ণুবৃদ্ধি দূরে, যেই রুদ্রব্রহ্মসম—। নারায়ণে মানে, তার পাষ্ডীতে গণন॥ ৬৭

গ্লোকের দংস্কৃত টীকা।

জীবমুক্তেতি। যদি অচিস্ত্যাঃ যুক্তিতর্কাগোচরাঃ মহাশক্তমঃ দস্তি যস্ত তথ্মিন্ প্রমান্ত্তশক্তিসম্পন্নে ভগবতি অপরাধিনঃ ভগবন্ধিনাদিজনিতাপরাধগ্রস্তাঃ ভবেয়ঃ, তদা জীবমুক্তাঃ অপি পুনঃ সংসারবাসনাং যান্তি মায়িক স্থতভাগলোলুপাঃ সস্তঃ সংসারচক্রে পুনঃ পতস্তি, অন্তেষাং কা বার্তা ইত্যর্থঃ। ১১।

বিত্যাধরৈরচিচতং পূজিতমিতি। স্বামী। ১২।

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

উল্লেথ হুইতেও বুঝা যায় যে, প্রকাশানন্দ প্রভুকে ভগবান্ বলিয়া বুঝিতে পারিয়াছিলেন। পরবর্তী ৬৮-৬৯ পয়ারে তিনি স্পষ্ট ভাবেই প্রভুকে স্বয়ং ভগবান্ বলিয়াছেন।

(শা। ১১। **অন্তর**। অবয় দহজ।

অসুবাদ। যদি অচিন্তামহাশ্জিশালী ভগবানে অপরাধ হয়, তাহা হইলে জীবদ্যুক্তগণও পুনরায় সংদার-বাদনা প্রাপ্ত হয়। ১১

ভগবানের নিন্দাদি করিলে তাঁহাতে যে অপরাধ হয়, তাহাই এই শ্লোকে বলা হইল; এইরূপে ইহা ৬৫ পয়ারের পূর্কার্দ্ধের প্রমাণ।

শো। ১২। অব্যা তগবত: (ভগবানের) শ্রীমৎ-পাদম্পর্শ-হহাণ্ডভঃ (শ্রীচরণম্পর্শে যাহার সমস্ত অনঙ্গল দ্রীভূত হইয়াছে, ভাদৃশ,) সঃ (সে—সেই সর্প) সর্পবপুঃ (সর্পদেহ) হিস্বা (পরিত্যাগ করিয়া) বিভাধরাচিতিতং (বিভাধরগণকর্ত্ত্বও প্রশংসিত—বিভাধর-স্ত্ত্র্লভি) রূপং (রূপ) ভেজে (লাভ করিয়াছিল)।

তাসুবাদ। মহারাজ-পরীক্ষিতের নিকটে প্রীশুকদেব বলিলেন:—প্রীভগবানের প্রীচরণ স্পর্শে তামঞ্চল সকল বিনষ্ট হইলে, সেই সর্প নিজ সর্প-দেহ ত্যাগ করিয়া বিশ্বাধর-স্মৃত্র্লুভ রূপ লাভ করিয়াছিল। ১২

একসময়ে তীর্থভ্রমণ উপলক্ষ্যে প্রীমন্ধনহারাজপ্রমুথ গোপগণ দরস্বতী-নদীতীরে গিয়াছিলেন; সেই দিন শিবরাত্রি ছিল; রাত্রিতে তাঁহারা অম্বিকাবনে নিজিত আছেন, এমন সময়ে একটী বৃহৎ-কায় দর্প আদিয়া নন্ধমহারাজের চরণ হইতে আরম্ভ করিয়া তাঁহাকে ক্রমশঃ গ্রাদ করিতে লাগিল; নন্ধমহারাজের নিজাভঙ্গ হইল, ভিনি চীৎকার করিতে লাগিলেন, স্বীয় পুত্র ক্ষণকে ডাকিলেন। তাঁহার চীৎকারে দকলে জাগিয়া উঠিল; গোপগণ প্রজ্ঞলিত কাষ্ঠথণ্ড দ্বারা দর্পের লেজের দিকে প্রহার করিতে লাগিল; কিন্তু তাহাতে দর্প বিচলিত হইল না। পরে স্বয়ং প্রীক্ষণ আদিয়া স্বীয় চরণদ্বারা দেই দীর্ঘ-পুক্ত দর্পকে স্পর্শ করামাত্রেই, দর্পটী দর্পদেহ পরিত্যাগ করিয়া দিব্য বিভাধরদেহ ধারণ করিল। অথিল-মঙ্গলালয় শ্রীক্ষণ্ডের চরণ-স্পর্শে দর্পথোনি-লাভের হেতুভূত সমস্ত পাপ বা অপরাধ তিরোহিত হওয়াতেই দর্প টী হীন্যোনি হইতে উদ্ধার লাভ করিল।

ভগবৎ-চরণ-স্পর্শে যে অপরাধাদি দ্রীভূত হইতে পারে, তাহার প্রমাণ এই শ্লোক। এই শ্লোক ৬৫-পয়ারের শেয়ার্দ্ধের প্রমাণ।

৬৬-৬৭। প্রভু কহে ইত্যাদি হই পয়ার। প্রকাশানন্দ যথন প্রভুকে ভগবান্ বলিলেন, তাহা শুনিয়া, যেন অপরাধ হইয়াছে মনে করিয়াই এবং যেন এই অপরাধ-কালনের নিমিত্তই "বিষ্ণু বিষ্ণু" উচ্চারণ করিয়া প্রভু বিষ্ণু স্মরণ তপাহি হরিভক্তিবিলাদে (১৭৩)
পান্মোত্তরথগুবচনম্, (২০)১২)—
যস্ত নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ।
সমস্তেনৈব বীক্ষেত স পাষ্ণ্ডী ভবেৎ সদা॥ ১০
প্রকাশানন্দ কহে—তুমি সাক্ষাৎ ভগবান্।
ততু যদি কর তাঁর দাস-অভিমান॥ ৬৮

তভু পূজ্য হও তুমি বড় আমা হৈতে। সর্ববনাশ হয় মোর তোমার নিন্দাতে॥ ৬৯

তথাই (ভাঃ ৬:১৪/৫)—
মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ া
স্ত্রুভঃ প্রশাস্তাত্মা কোটিম্বপি মহামুনে॥ ১৪

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

করিলেন; ্রবং বলিলেন—"আমি ভগবান্ নহি; আমি ক্ষুদ্র জীব। জীবকে বিষ্ণু বলিয়া মনে করিলে অপরাধ হয়। সামান্ত জীবকে বিষ্ণু বলিয়া মনে করা ভো দূরের কথা, যে ব্যক্তি স্ষ্টিকন্তা ব্রহ্মাকে, কিম্বা সংহারকন্তা রুদ্রকে ও নারায়ণের সমান মনে করে, শাস্তানুদারে দেও পাষণ্ডী।" নিম্ন-শ্রোকে ইহার প্রমাণ দিয়াছেন। অপরাধ-চিহ্ন — অপরাধের চিহ্ন। জীবে বিষ্ণুবৃদ্ধি করিলেও অপরাধ হয়। যেই রুদ্রেরক্সম নারায়ণে মানে—যে ব্যক্তি রুদ্র বা ব্রহ্মাকে নারায়ণের তুল্য মনে করে। ব্রহ্মা সমন্ত ব্রহ্মাণ্ডের স্ষ্টি-কন্তা, তিনি সামান্ত জীব নহেন। আর রুদ্র, জুগতের সংহার-কন্তা, তিনিও সামান্ত জীব নহেন। তথাপি, ইহাদিগকে নারায়ণের সমান মনে করিলে অপরাধ হয়; আর সাধারণ ক্ষুদ্র জীবকে ভগবান্ বলিয়া মনে করিলে যে কত বড় অপরাধ হয়, তাহা সহজেই অনুমেয়। ২০১৮৯-শ্রোকের টীকা দ্রষ্টব্য।

জাব ইইল ভগবানের জীব-শক্তির অতি ক্ষুদ্র অংশ; আর ভগবান, সিচ্চিদানন্দ-বিগ্রাহ, রুহত্তম তত্ত্ব; ভগবান্ মাগার অদীপার, আর জীব মাগার অধীন। ভগবান্ প্রভু, আর জাব ভগবানের দাস। দাসকে প্রভুর সমান মনে করা, গুদেতমকে বৃহত্তমের সমান মনে করা সঙ্গত নহে; ইহাতে ভগবানেরই অমর্য্যাদা ও অবমাননা হয়; তাতেই অপরাধ।

সায়াবাদীদের মতে স্বরপতঃ সমস্তই ব্রহ্ম; জীবাদির বাস্তবিক সন্থা কিছুই নাই। এজন্য তাঁহারা সকলকেই ব্রহ্ম বলেন; তাঁহাদের মতে জীব ও ব্রহ্ম ভেদ নাই। কিন্তু ভক্তিশাস্ত্র-মতে জীব ও ব্রহ্ম একবস্তু নহে; সূর্য্য ও স্থাব্যের কিরণ-কণিকায় যেই সম্বন্ধ, জলদগ্নিরাশি ও ক্ষুদ্র অগ্নিস্ফূলিকে যে সম্বন্ধ, ব্রহ্ম ও জীবে সেই সম্বন্ধ। জীব ক্ষেত্র নিত্যদাস, কিন্তু কৃষ্ণ নহে।

রো। ১৩। অম্বয়। অবয়াদি ২।১৮।৯ শ্লোকে ত্রপ্টব্য।

७१-लग्नादवत अगान ८ हे ह्यांक।

৬৮-৯। প্রকাশানন্দ কহে ইত্যাদি ছই পয়র। প্রভুর কথা শুনিয়া প্রকাশানন্দ বলিলেন—"প্রভু, তুমি যোলাৎ স্বয়ৎভগবান্, তাহাতে সন্দেহ নাই। তথাপি যদি (জীবশিক্ষার নিমিত্ত) তুমি নিজেকে ভগবানের ভক্ত বলিয়া মনে কর, তাহা হইলেও তুমি আমা অপেক্ষা বড়; স্ক্তরাং তুমি আমার পূজনীয়; কারণ, আমি ভক্তিশৃতা। ভাজনিলাতেও জীবের সর্বনাশ হইয়া থাকে। আমি তোমার নিন্দা করিয়াছি, সেই নিন্দাজনিত অপরাধ হইতে মৃতি পাওয়ার নিশিওই তোমার চরণ স্পর্শ করিলাম।" ভক্ত-নিন্দার ফল নিয় শ্লোক-সমূহে ব্যক্ত করা হইয়াছে।

তার দাস-অভিমান—ভগবানের দাস বলিয়া নিজেকে মনে কর।

রো। ১৪। অবয়। অবয়দি ২।১৯/১৯ শ্লোকে দ্রষ্টবা।

জানমার্ণের শাধকদের মধ্যে যাঁহারা জীবমুক্ত, তাঁহাদের অপেক্ষাও যে ভক্ত শ্রেষ্ঠ, তাহাই এই শ্লোক হইতে জানা গেল। ৬৯-পদ্মারের পূর্বাহেদ্ধির প্রমাণ এই শ্লোক। তথাহি (ভাঃ ১০।৪,৬)— আয়ুঃ শ্রেয়ং যশে, ধর্মং লোকানাশিষ এব চ। হস্তি শ্রেয়াংসি সর্ব্বানি পুংসো মহদুতিক্রমঃ॥ ১৫

তথাহি (ভাঃ ৭।৫।৩২)—
নৈষাং মতিস্তাবহৃকক্রমাঙ্ ঘিং
স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ।
মহীয়সাং পাদরজোহভিষেকং
নিশ্ধিকনানাং ন বুণীত যাবং॥ ১৬॥

এবে তোমার পদাজে মোর উপজিবে ভক্তি। তার নিমিত্তে করি তোমার চরণে প্রণতি॥ ৭০ এত বলি প্রভু লঞা তাহাঁই বসিলা।
প্রভুকে প্রকাশানদ পুছিতে লাগিলা—॥ ৭১
মায়াবাদে কৈল ষত দোষের আখ্যান।
সভে জানি আচার্য্যের কল্লিত ব্যাখ্যান॥ ৭২
সূত্রের করিলে তুমি মুখ্যার্থবিবরণ।
তাহা শুনি সভার হৈল চমৎকার মন॥ ৭৩
তুমি ত ঈশ্বর, তোমার আছে সর্বশক্তি।
সংক্ষেপরূপে কহ তুমি, শুনিতে হয় মতি॥ ৭৪
প্রভু কহে—আমি জীব অতি তুচ্ছ জ্ঞান।
ব্যাসসূত্রের গম্ভীরার্থ,—ব্যাস ভগবান্॥ ৭৫

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

ক্রো। ১৫। অন্বয় । অন্বয় দি ২০১৫৮ শ্লোকে দ্রষ্টব্য । ৬৯-প্রাবের শেষার্দ্ধের প্রমাণ এই শ্লোক । ক্রো। ১৬। অন্বয় । অন্বয়াদি ২০২২ শ্লোকে দ্রষ্টব্য । পরবর্ত্তী ৭০-প্রাবের প্রমাণ এই শ্লোক ।

৭০। এবে—এগন। তোমার চরণ-ম্পর্শে আমার নিন্দা-জনিত অপরাধের থণ্ডন হইয়াছে বলিয়া।
 পদাক্তে—পাদপলে ; চরণে। এই পয়ারের ধ্বনি এই য়ে, ভগবচ্চরণে অপরাধ থাকিলে চিত্তে ভক্তির উল্মেষ হয় না।

৭১। তাই।ই—সেই স্থানে; বিন্দুমাধবের মন্দিরের অঙ্গনেই।

৭২-18। বিন্দুমাধবের অঙ্গনে বিদিয়া প্রকাশানন্দ প্রভুর দহিত ইষ্টগোষ্ঠি আরম্ভ করিলেন। তিনি বলিলেন—
"প্রভু, তুমি শঙ্করাচার্য্যের মায়াবাদভায়ের যে যে দোষ দেখাইয়াছ, তাহা ঠিকই; আমরা দকলেই ব্ঝিতে পারি যে,
শঙ্করাচার্য্যের ব্যাখ্যা তাঁহার মনঃকলিত; তাই আমরা মুখে মানিলেও ঐ ব্যাখ্যায় আমাদের প্রাণের ভূপ্তি হইত না।
আর ব্রহ্মস্থ্রের মুখ্যার্থ ধরিয়া তুমি যে ব্যাখ্যা করিলে, তাহাতেই আমাদের প্রাণে তৃপ্তি পাইতেহি। তোমার ব্যাখ্যা
আতি চমংকার। প্রভু, তুমি কুপা করিয়া স্ত্রগুলির অর্থ অতি সংক্ষেপে প্রকাশ কর, আমাদের শুনিতে ইচ্ছা হইতেছে।
তুমি ঈশ্বর, তাই তুমি দর্ব্বশক্তিমান্; স্থতরাং ব্যাদ-স্ব্রের অর্থ তুমিই করিতে দমর্থ।"

বাস-স্ত্রের অর্থ অত্যস্ত গন্তীর, গৃঢ়; কুদ্রবৃদ্ধি-আমার-পক্ষে স্ত্রের গুঢ়ার্থ নির্দ্ধারণ করা অসম্ভব। ব্যাসদেব প্রীভগবানের অবভার; তাঁহার মনোগত ভাব তিনিই জানেন, সাধারণ জীবের পক্ষে তাহা বৃঝিয়া উঠা অসম্ভব। তাই ভগবান্ ব্যাসদেব কি উদ্দেশ্যে কোন্ স্ত্র লিথিয়াছেন, কোন্ স্ত্রের কি মর্মা, তাহা তিনিই জানেন, জীব তাহা জানিতে পারেনা। এজন্তই জীবের প্রতি কুপা করিয়া ব্যাসদেব স্বকৃত-স্ত্রের ব্যাথ্যা তিনি নিজেই করিয়া গিয়াছেন—শ্রীমদ্ভাগবতই ব্যাসদেবের নিজের ক্ষত বেদাস্তস্ত্রের ব্যাথ্যা। স্ত্রকর্ত্তা নিজে যদি স্ত্রের ব্যাথ্যা করেন, তাহা হইলেই স্ত্রের মূল অর্থ ব্যক্ত হইতে পারে, সেই ব্যাথ্যাই সঙ্গত বলিয়া গ্রহণীয় হইতে পারে। বেদাস্ত-স্ত্র-কর্তা ব্যাসদেব, শ্রীমদ্ভাগবত-কর্ত্তাও ব্যাসদেব; স্ত্রেরাং শ্রীমদ্ভাগবতে তিনি তাঁহার বেদাস্ত-স্ত্রের যে ব্যাথ্যা দিয়াছেন, তাহাই একমাত্র প্রকৃত্র ও বিশ্বাস্থ্যোগ্য ব্যাথ্যা। ইহা বলিয়া, কিরপে শ্রীমদ্ভাগবত বেদাস্তর ভান্তরূপে প্রমাণিত হইতে পারে এবং কিরপেই বা শ্রীব্যাসদেব শ্রীমদ্ভাগবত প্রাপ্ত হইলেন, শ্রীমন্মহাপ্রভু তাহাই বলিলেন। পরবর্ত্তী পয়ারসমূহে এসকল বিবরণ বিবৃত হইয়াছে।

তাঁর সূত্রের অর্থ কোন জীব নাহি জানে। অতএব আপন সূত্রের করিয়াছে ব্যাখ্যানে॥ ৭৬ যে সূত্রকর্ত্তা, সে যদি-করয়ে ব্যাখ্যান। তবে সূত্রের মূল অর্থ লোকের হয় জ্ঞান ॥ ৭৭ প্রণবের যেই অর্থ, গায়ত্রীতে সেই হয়। সেই অর্থ চতুঃশ্লোকীতে বিবরিয়া কয়॥ ৭৮

গৌর-কুপা-তরঙ্গিণী-টীকা।

ব্যাস-সূত্রের গম্ভীরার্থ—ব্যাদদেব-সঙ্কলিত বেদাস্ত-স্থ্রের মর্থ মত্যুস্ত গম্ভীর, অত্যুস্ত গৃঢ়; এই স্থ্রের মর্মা গ্রহণ করা জীবের পক্ষে মমন্ভব।

অতি অল্পকথায় যাহাতে অনেক জ্ঞাতব্য বিষয় লিখিত হয়, তাহাকে **সূত্র** বলে। এজন্তই স্ত্রগুলি জীবের পক্ষে হর্কোধ্য। ব্যাস ভগবান্—ব্যাদদেব শীভগবানের শক্ত্যাবেশ-অবতার। শীভগবান্ তাঁহাতে শক্তি সঞ্চারিত করিয়াছেন, এজন্তই—শীভগবানের শক্তির সাহায্যেই—তিনি—স্ত্রাকারে সমস্ত তথ্য বর্ণনা করিতে সমর্থ হইয়াছেন এবং শীমদ্ভাগবতে তাহার প্রকৃত অর্থ বিবৃত করিতেও সমর্থ হইয়াছেন।

৭৬। বেদান্ত-স্ত্রে পরতত্ত্ব-সম্বন্ধীয়-বিষয়ই আলোচিত হইয়াছে। পরতত্ত্ব সায়াতীত চিনায়বস্তু; আর, সাধারণ-জীবের চিত্ত মায়া-মলিন—প্রাক্কত। স্থাতরাং জীব প্রাক্কত ইন্দ্রিয় দ্বারা অপ্রাক্কত পরতত্ত্ব-সম্বন্ধীয় স্ত্রের উপলব্ধি করিতে পারেনা। সাধারণ-জীবের কথা তো দূরে, যাঁহার নিকটে শ্রীভগবান্ সর্বাঞ্জগেম বেদাস্ত-স্ত্রের অর্থক্রপ শ্রীমদ্ভাগবত প্রকাশ করেন, সেই ব্রহ্মান্ত একমাত্র ভগবৎ-ক্নপা-প্রভাবেই সেই অর্থ উপলব্ধি করিতে পারিয়াছিলেন—ইহা পরবন্ধী প্রার-সমূহে কথিত হইয়াছে।

জীবৰ বৃঝিতে পারিবেনা বলিয়া ব্যাদদেব রূপা করিয়ানিজক্বত-স্থতের ব্যাখ্যা করিয়া গিয়াছেন (শ্রীমদ্-ভাগবতে) r

পা শ্রীমদ্ভাগবতে ব্যাদদেব বেদান্ত-স্ত্তের যে অর্থ করিয়া গিয়াছেন, তাহাই প্রকৃত অর্থ ; কারণ, ইহা
স্বায়ং স্তাকর্তা ব্যাদদেবের নিজক্ত অর্থ। যে মর্ম্মে তিনি যে স্ত্তা প্রণয়ন করিয়াছেন, তাহা তিনিই জানেন
এবং জানেন বলিয়াই শ্রীমদ্ভাগবতে তাহা স্পাইরেপে ব্যক্ত করিয়া গিয়াছেন।

ব্যাসদেব ব্রহ্মস্ত্র লিথিয়াই যে ভাহার ব্যাখ্যা করিবার উদ্দেশ্যে শ্রীমদ্ভাগবন্ত লিথিতে উন্নত হইলেন, ভাহা নহে। আগে তিনি স্ত্র-প্রণয়ন করিলেন। ভারপর, পরম্পরাক্রমে শ্রীনারায়ণ হইতে ভিনি শ্রীমদ্ভাগবতের মর্ম্মরণে চতুঃশ্লোকী পাইলেন; পাইয়া দেখিলেন, ঐ চতুঃশ্লোকীর যে মর্ম্ম, ভৎকৃত বেদান্তস্ত্রেরও দে-ই মর্ম। ইহা দেখিয়া বেদান্তস্ত্রের ভাষ্যর পে ঐ চতুঃশ্লোকীকে বিস্তৃত করিয়া ভিনি শ্রীমদ্ভাগবত লিখিলেন। এইরূপে জীবের মঙ্গলের নিমিত্ত, বেদান্তস্ত্রের ভাষ্যস্বরূপ যে শ্রীমদ্ভাগবত প্রকট হইলেন, সাক্ষাদ্ভাবে ভাহার কর্ত্তা ব্যাসদেব হইলেও, ভাহার মৃশকর্তা শ্রীনারায়ণকৈই মনে করা যায়। ব্যাসদেব শ্রীমদ্ভাগবতে শ্রীনারায়ণকৃত অর্থরূপ চতুঃশ্লোকীর বিবৃতিমাত্রই করিয়াত্বে।

ত্রীসন্ভাগবত যে প্রণব, গায়ত্রী, চারিবেদ ও উপনিষদাদিরও অর্থ, তাহাই পরবর্ত্তী পরার-সমূহে বলিতেছেন।

পি । প্রাণবের অর্থ গায়ত্রীতে বিরুত হইয়াছে এবং গায়ত্রীয় অর্থ চতুঃশ্লোকীতে বিরুত হইয়াছে। স্বতরাং চতুঃশ্লোকীই প্রাণবের বিশেষ বিরুতি। ভূমিকায় "প্রাণবের অর্থ-বিকাশ"-প্রবন্ধ দ্রষ্টব্য।

শিক্ষপেণ্য শ্রীনারায়ণ ব্রহ্মাকে তত্ত্বোপদেশ দিবার উদ্দেশ্যে চারিটী শ্লোক তাঁহার নিকটে প্রকট করেন; ব্রহ্মা ঐ চারিটী-শ্লোক স্বীয় পূত্র নারদকে উপদেশ করেন এবং নারদ আবার তাহা ব্যাসদেবকে উপদেশ করেন। ব্যাসদেব ঐ চারিটী শ্লোককে অবলম্বন করিয়া শ্রীসদ্ভাগবত প্রণয়ন করেন। এই আদি চারিটী শ্লোককেই চতৃংশ্লোকী বলে। এই চারিটী শ্লোক শ্রীসদ্ভাগবতের ২য় স্কঃ ৯ম অঃ তহাত্তাত্ত্বাত্ত-সংখ্যক শ্লোকে অবিকৃতভাবে উক্ত হইয়াছে এবং এই পরিচ্ছেদের পরবর্তী ২০।২১।২২।২০ সংখ্যক শ্লোক চারিটীও ঐ চারিটী শ্লোকই। ব্রদারে ঈশ্বর চতুঃশ্লোকী যে কহিল।
ব্রদা নারদেরে সেই উপদেশ কৈল॥ ৭৯
সেই অর্থ নারদ ব্যাসেরে কহিল।
শুনি বেদব্যাস মনে বিচার করিল—। ৮০
এই অর্থ—আমার সূত্রের ব্যাখ্যারূপ।
শ্রীভাগবত করি সূত্রের ভায়ুস্বরূপ॥ ৮১

চারিবেদ উপনিষদ্—যত কিছু হয় । তার অর্থ লঞা ব্যাস করিল সঞ্চয় ॥ ৮২ সেই সূত্রে যেই ঋগ্ বিষয় বচন । ভাগবতে সেই ঋক্—শ্লোকনিবন্ধন ॥ ৮৩ অতএব সূত্রের ভাষ্য—শ্রীভাগবত। ভাগবতশ্লোক উপনিষদ্—কহে এক অর্থ ॥ ৮৪

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৭৯-৮০। ব্যাদ কিরপে চতুঃশ্লোকী পাইলেন, তাহা এক্ষণে বলিতেছেন। দর্বপ্রথমে শ্রীভগবান্ ব্রহ্মার নিকটে এই চতুঃশ্লোকী প্রকাশ করেন; ব্রহ্মা আবার নারদকে উপদেশ করেন এবং নারদ ব্যাদদেবকে ঐ চতুঃশ্লোকী উপদেশ করেন। এইরপে পরস্পরাক্রমে শ্রীভগবান্ হইতেই ব্যাদদেব চতুঃশ্লোকী প্রাপ্ত হন। শ্রীভগবান্ হইতে আগত বিশায় এই চতুঃশ্লোকীতে শ্রম-প্রমাদ বিপ্রলিক্ষা-করণাপাটবাদি দোষ থাকিতে পারেনা, স্ক্তরাং ইহা অভ্রান্ত।

৮)। নারদের মূখে চতুঃশ্লোকী শুনিয়া শ্রীব্যাদদেব মনে মনে বিচার করিলেন যে—"এই চতুঃশ্লোকীর যে অর্থ, তাহা আমার বেনাস্তস্ত্তেরই ব্যাথ্যার স্বরূপ; স্বতরাং এই চতুঃশ্লোকীকে বিবৃত করিয়া আমি শ্রীমদ্ভাগবত-গ্রন্থ প্রধান করিব, ঐ শ্রীমদ্ভাগবতই আমার ব্রহ্মস্ত্তের ভায় হইবে।"

৮২। শ্রীমদ্ভাগবত কিরূপে বেদাস্তস্থ্তের ভাষ্য হইতে পারে, তাহা বলিতেছেন তিন পরারে।

চারিবেদ এবং সমস্ত উপনিধন আলোচনা পূর্বক তাহাদের মর্মা সংগ্রহ করিয়া ব্যাসদেব বেদান্ত-স্ত্র প্রণয়ন করিয়াছেন; বেদান্ত-স্ত্রের এক একটা স্ত্রের আলোচ্য বিষয়ই হইল বেদ ও উপনিধদের এক একটা ঋক্ (বা মন্ত্র)। তাহা হইলে বেদান্তস্ত্র হইল বেদ ও উপনিধদের মর্মপ্রকাশক।

নাবার শ্রীমণ্ভাগবত-দম্বন্ধে বলা হইয়াছে যে, ইহা প্রণব বা গায়ত্রীরই অর্থন্ধরূপ। ভগবান্ দর্বপ্রথমে প্রণব প্রকট করেন, তারপর প্রণবের অর্থ প্রকাশের নিমিত্ত গায়ত্রী আবিভূতি করেন। এই গায়ত্রীই বেদমাতা—গায়ত্রী হইতেই চারিবেদ ও সমস্ত উপনিষদের উদ্ভব অর্থাৎ গায়ত্রীর মর্মাই বেদ ও উপনিষদ বিবৃত করিয়াছেন। আবার চতুঃশ্লোকীও গায়ত্রীরই অর্থ-স্বরূপ; স্বতরাং চতুঃশ্লোকীও বেদ এবং উপনিষদের অর্থই ব্যক্ত করিতেছে। শ্রীমন্ভাগবত এই চতুঃশ্লোকীর বিবৃতি; স্বতরাং শ্রীমন্ভাগবত—বেদ এবং উপনিষদেরই বিবৃতি। বেদ এবং উপনিষদের যে সকল ঋক্ বা মন্ত্র বেদাস্তস্ত্রে স্বতরূপে গ্রাথিত হইয়াছে, শ্রীমন্ভাগবতে সেই সকল ঋক্ বা মন্ত্রই শ্লোকাকারে গ্রাথিত হইয়াছে। স্বতরাং বেদাস্তস্ত্র ও শ্রীমন্ভাগবতের আলোচ্য-বিষয় যথন একই বেদ-মন্ত্র, এবং শ্রীমন্ভাগবত যথন বেদাস্ত-স্ত্র অপেক্ষা অনেক বিস্তৃত, তথ্ন শ্রীমন্ভাগবতকেই বেদাস্ত-স্ত্রের ভাষ্য বলা যাইতে পারে।

চারিবেদ—ঋক্, যজু, সাম ও অথর্জ—এই চারিবেদ। উপনিষদ্—বেদের যে অংশে ব্রন্ধতত্ত্ব আলোচিত হইয়াছে, তাহাকে উপনিষদ্ বা বেদান্ত বলে। তার অর্থ—বেদ ও উপনিষদের অর্থ। করিল সঞ্চয়—স্ত্রে গ্রথিত করিলেন।

৮৩। সেই সূত্রে—ব্যাদদেবের গ্রাথিত বেদান্ত স্থত্তে। ঋক্—বেদের মন্ত্র। বিষয়-বচন—আলোচ্য বিষয়। শ্লোক-নিবন্ধন—শ্লোকরূপে নিবদ্ধ হইয়াছে।

বেদাস্ত স্থতে বেদোপনিষদের যে যে ঋক্ (মন্ত্র) স্ত্রাকারে গ্রণিত হইয়াছে, শ্রীমদ্ভাগবতেও সেই সেই ঋক্ই শ্লোকাকারে নিবদ্ধ হইয়াছে।

৮৪। স্ত্রের ভাষ্য —পূর্বাপর সামঞ্জন্ত রক্ষা করিয়া যাহাতে স্থ্রের অর্থ বিশদ্রূপে বুঝাইয়া দেওয়া হয়, তাহাকে স্থ্রের ভাষ্য বলে। ভাগাবত শ্লোক ইত্যাদি—শ্রীমদ্ভাগবতের মর্ম্ম যাহা, উপনিষদের মর্ম্মও তাহাই।

তথাহি (ভাঃ ৮।১।১ /)— আত্মাবাস্যমিদং সর্বাং ষৎকিঞ্চিজ্জগত্যাং জগং। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কদ্য স্বিদ্ধনম্॥ ১৭ একশ্লোক দেখায়া কৈল দিগ্দরশন। এইমত ভাগবত-শ্লোক ঋচাসম॥ ৮৪ (ক)

শ্লোকের সংস্কৃত টীকা।

ত্তেখনতং দর্শন্ত লোকস্ত হিতমুপদিশতি। আত্মনা ঈশ্বেণাবাস্থ্য সত্তাচৈত্তীভাম্ ব্যাপাং বিশ্বং দর্শং জগত্যাং লোকে বং কিঞ্চিং জগৎ ভূতজাতম্ অত্যেনেশ্বরেণ কিঞ্চিং ত্যক্তং দত্তং বন্ধনং তেনৈব ভূঞ্জীথাঃ ভোগান্ ভূঙ্ক্্। যথা তেন হেতৃনা ত্যক্তেন ঈশ্বাপ্ণেনৈব ভূঞ্জীথাঃ। স্বাৰ্থং কস্তাস্থিৎ কস্তাচিদপি ধনং মা গৃধঃ মাভিকাজ্জীঃ। যথা কম্তাশ্বিদিতি কস্তান্ত্যপ্ত ধনমন্তি যতো ধনাকাজ্জা ক্রিয়েভেত্যথঃ। তথা চ শ্রুতিঃ ঈশাবাস্তমিতি যথাশ্লোকমেব। স্বামী। ১৭।

গৌর-কুপা-তরঙ্গিণী-টীকা।

শ্রীমণ্ডাগবতের শ্লোকসমূহ বেদোপনিধদের ঋকের তুল্য: কোন কোন শ্লোকে ঋকের অর্থমাত্র গ্রথিত হইয়াছে, কোন কোন শ্লোকে বা অবিকল ঋক্ই উদ্ধৃত হইয়াছে, আবার কোন কোন শ্লোকে ঋকের ছ-একটা শব্দের পরিবর্ত্তে তুল্যার্থ-বাটক-শব্দ বদাইয়া অবশিষ্ট শব্দগুলি অবিকৃত ভাবেই রক্ষিত হইয়াছে। এই পরারের পরে শ্রীমন্ভাগবত হইতে "মাত্মাবাদ্যমিদং" ইত্যাদি যে শ্লোকটা উদ্ধৃত করিয়া উপনিষদের দহিত শ্রীমন্ভাগবতের ঐক্য দেখান হইয়াছে, তাহা ঈশোপনিষদেরই একটা মন্ত্র; কেবল পার্থক্য এই যে—উপনিষদের মন্ত্রটীতে "ঈশ"-শব্দটী আছে, শ্রীমন্ভাগবতে তৎপরিবর্ত্তে তুল্যার্থক "মাত্মা"-শব্দ ব্যবহৃত হইয়াছে। অভাত্য শব্দগুলি ঠিক একরূপই।

শো। ১৭। আহায়। জগত্যাং (জগতে) ষৎকিঞ্চিৎ (ষাহা কিছু) জগৎ (বস্তু আছে), তিং] (সেই)
ইদং (এই) সর্বাং (সমস্তই) আত্মাবাস্তং (ঈশ্বরে সন্তা এবং চেতনাদ্বারা ব্যাপ্ত); তেন (তৎকর্ত্ক—সেই ঈশ্বর কর্ত্ক)
ত্যক্তেন (পত্তবস্ত্বারা—সথবা ঈশ্বরে অর্পন-পূর্ব্বক তৎকর্ত্ক গৃহীতাবশেষ বস্তবারা) ভুজীপাঃ (ভোগ কর) কম্মবিং
(অঞ্চ কাহারও) ধনং (ধন) মা গৃধঃ (আকাজ্ফা করিও না)।

অসুবাদ। জগতে যে কিছু বস্তু দেখিতে পাওয়া যায়, সেই সমস্ত বস্তকেই ঈশ্বর স্থীয় সন্থা এবং চেতনাদ্বারা ব্যাপ্ত করিয়া আছেন। ঈশ্বরেরই এসমস্ত বস্ত, অত এব ঈশ্বরে অর্পণ পূর্বক ধনভোগ কর, (অথবা ঈশ্বর যাহা কিছু অর্পণ করিয়াছেন, তাহাই ভোগ কর), অত কাহারও ধন আকাজ্জা করিও না (অথবা জগতে কাহারও কোনও ধন নাই, ঈশ্বরেরই সকল ধন; অত এব কাহার ধন আকাজ্জা করিবে ?)। ১৭

সংশাপনিষদের প্রথম-মন্ত্রটী এই :— "ঈশাবাস্থমিদং দর্বাং যৎকিঞ্চ জগতাাং জগৎ। তেন তাক্তেন ভূঞ্জীথা মা গৃা: কন্ত বিদ্ধান্। — এই মন্ত্র এবং উদ্ধৃত শ্রীমদ্ভাগবতের শ্লোকে ছই একটা শব্দমাত্রের পার্থক্য, অন্ত সমন্তই এক। এইরূপে ইং। ৮০-পরারোক্তির প্রমাণ। "বিষ্ণোর্ফ্র বীর্যাগণনাম্" ইত্যাদি শ্রীভা, ২।৭।০৯ শ্লোকেও "বিষ্ণোর্ফ্র বীর্যাণি কং প্রাবোচ্ম্"-ইত্যাদি ঋগ্বেদের মন্ত্রেই প্রথম মণ্ডল। ২২।১৫৪) প্রতিধ্বনিমাত্র। ২।২৪,৬ শ্লোকের চীকা দ্রস্টব্য।

৮৪ (ক)। এই প্যার্টী কোনও কোনও গ্রন্থে নাই। থা গ সঙ্গত।

্ এক শ্লোক—পূর্ব্বোক্ত "আত্মাবাশ্র" ইত্যাদি শ্লোকের উল্লেপ করিয়া দিগ্দর্শনরূপে দেখান হইল ষে, শ্রীমন্তাগবতের শ্লোক এবং বেদের ঋক্ উভয়েই তুল্য।

ঋচাসম—ঋকের সমান।

উপরি উক্ত পয়ার সমূহে বলা হইল এবং প্রমাণিত হইল বে, শ্রীমদ্ভাগবতেই বেদান্ত-স্ত্তের মুখ্য অর্থ বিবৃত্ত হইয়াছে, শ্রীমদ্ভাগবতের মর্মই বেদ এবং উপনিষদের মর্মা। ভাগবতের সম্বন্ধাভিধেয়-প্রয়োজন।
চতুঃশ্লোকীতে প্রকট তার করিয়াছে লক্ষণ॥ ৮৫
আমি 'সম্বন্ধতত্ত্ব'; আমার জ্ঞানবিজ্ঞান-—।

আমা পাইতে সাধন-ভক্তি 'অভিধেয়' নাম। ৮৬ সাধনের ফল প্রেম—মূল 'প্রয়োজন'। সেই প্রেমে পায় জীব—আমার সেবন। ৮৭

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৮৫। একলে শ্রীমদ্ভাগবতের আলোচ্য বিষয় কি, ভাহাই বলিভেছেন। সম্বন, অভিধেয় এবং প্রয়োজন—এই তিনটা বিষয়ই শ্রীমদ্ভাগবতে আলোচিত হইয়াছে; শ্রীমদ্ভাগবতের মতে (অর্থাৎ বেদোপনিষদ ও বেদান্ত-স্ত্রের মতে), সম্বন, অভিধেয় এবং প্রয়োজনের লক্ষণ চতুঃশ্লোকীতে ব্যক্ত আছে। "অহমেবাসমেবাথোঁ" ইত্যাদি এবং "ঝতেহর্থং" ইত্যাদি শ্লোকে সম্বন-তত্ত্বের, "এভাবদেব জিজ্ঞাস্যং" ইত্যাদি শ্লোকে অভিধেয় তত্ত্বের এবং "যথা মহান্তি ভূতানি" ইত্যাদি শ্লোকে প্রয়োজন-তত্ত্বের স্বরূপ বলিয়াছেন।

সম্বন্ধাভিধেয় প্রয়োজন—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন। ২।২২।২ এবং ২।২০১০৯ পয়ারের টীকায় সম্বন্ধ-শব্দের, ২।২২।০ পয়ারের টীকায় অভিধেয়-শব্দের এবং ২।২০১০৯ পয়ারের টীকায় প্রয়োজন-শব্দের অর্থ দুষ্টব্য।

চকুংশ্লোকী—২।২৫।৭৮ প্রারের টীকা দ্রন্তব্য। শ্রীভগবান্ ব্রহ্মাকে দর্বশুদ্ধ ছয়টী শ্লোক বলিয়াছেন। এই ছয়টীর মধ্যে প্রথম কুইটী ভূমিকাস্থরপ—প্রথম "জ্ঞানং প্রমগুহুং" ইত্যাদি শ্লোকে বক্তব্য বিষয়ের (সম্বন্ধ, অভিধেষ প্র প্রাঞ্জনের) উল্লেখ করেন; বিতীয় "যাবানহং যথাভাবঃ" ইত্যাদি শ্লোকে বক্তব্য-বিষয়ের স্বরূপ জ্ঞানলাভের নিমিত্ত যে যোগ্যভার প্রয়োজন, শ্রীভগবান্ কুপা-শক্তিদারা ব্রহ্মাকে সেই যোগ্যভা দান করেন। তার পরের চারিটী শ্লোকে সম্বন্ধাভিদেয়-প্রয়োজনরূপ বক্তব্য-বিষয়গুলির স্বরূপ বলেন। স্ক্তরাং এই চারিটী শ্লোকই হইল মুখ্য; এবং এই চারিটী শ্লোকেই বেদ-বেদাস্তাদির মর্ম্ম নিহিত রহিয়াছে এবং সমগ্র শ্রীমদ্ভাগবত এই চারিটী গ্লোকেরই বিবৃতি। শ্রীমদ্ভাগবতের বীজ-স্বরূপ বলিয়া মুখ্য এই চারিটী শ্লোকই বিশেষ ভাবে উল্লিখিত হয়। এজন্ত ষট্লোকী না বলিয়া "চকুঃশ্লোকী" বলা ইইয়াছে।

৮৬-৮৭। সম্বন্ধ, সভিধেয় ও প্রয়োজন—এই তিন্টী তত্ত্ব কি, তাহাই সংক্ষেপে এই হুই পয়ারে বলিতেছেন। অন্যঃ—আমি এবং আমার জ্ঞান-বিজ্ঞানই—সম্বন্ধতত্ত্ব। আমাকে পাইতে (হুইলে যে) সাধনভক্তি (সাধনভক্তিয় অনুষ্ঠান করিতে হয়, তাহার) নাম অভিধেয়। সাধনের ফল (হুইল) প্রেম—(ইুহাই) মূল প্রয়োজন। সেই প্রেমে জীব আমার সেবন (সেবা) পায়।

ত্থামি—শ্রীকৃষ্ণ। ব্রহ্মার নিকট শ্রীভগবান্ বলিভেছেন—আসিই (শ্রীকৃষ্ণই) সমন্ধ-তত্ত্ব; আসার সম্বনীয় জ্ঞান এবং আসার সম্বনীয় বিজ্ঞানও সমন্ধ-তত্ত্বেরই অন্তর্ভুক্ত। আসাকে পাইবার উপায়-স্বরূপ যে সাধন-ভক্তি, তাহাই অভিধেয়-তত্ত্ব। আর এই সাধনের ফল যে প্রেম, তাহাই প্রয়োজন-তত্ত্ব; যেহেতু, এই প্রেমের দারাই জীব আসার সেবা লাভ করিতে পারে। তাল—ভগবদ্বিষয়ক শাস্তাদি হইতে ভগবত্তক্ত্বের যে যগার্য নির্দ্ধারণ, তাহাকে বলে জ্ঞান। ভগবতো জ্ঞানং শক্ষারা যগার্থ-নির্দ্ধারণং— ইতি ক্রমদন্দর্ভঃ। শ্রীভা, হামাত্ত। বিজ্ঞান—বিশেষরূপ জ্ঞান। অন্তব্ব বা সাক্ষাৎকার। বিজ্ঞানেন তদক্তবেন—ক্রমদন্দর্ভঃ। শ্রীভা, হামাত্ত। ভগবৎস্বরূপের অন্তভ্ব বা সাক্ষাৎকারকে ভগবদ্-বিষয়ক বিজ্ঞান বলে। জ্ঞান ও বিজ্ঞান ব্যতীত ভগবৎ-স্বরূপের সম্যক্ উপলব্ধি হয়না বলিয়াই এই হুইটীকেও সম্বন্ধ-তত্ত্বের অন্তর্ভুক্ত করা হুইয়াছে।

আমা পাইতে—আগাকে (প্রীভগবান্কে) পাওয়ার উপায়-স্বরূপ। বাহাদ্বরা আগাকে লাভ করা যায়। সাধন-ভক্তি অভিধেয়—যদ্বারা আগাকে পাওয়া যায়, তাহার নাম সাধন-ভক্তি। এই সাধন-ভক্তির নামই অভিধেয় (জীবের কর্ত্তব্য-কর্ম্ম)। সাধন-ভক্তি বলিতে এস্থলে, প্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট চৌষ্টি অঙ্গ-(বা নব-বিধা)ভক্তির কথাই বলা হইতেছে। সাধনের ফল প্রেম—সাধন-ভক্তির অনুষ্ঠান-ফলে চিত্তে প্রেমের আবির্ভাব হয়। এই

তথাহি (ভাঃ ২।৯।০০) জ্ঞানং পরমগুহুং মে যদ্ধিজ্ঞানসমন্বিতম্। সরহস্তং তদ্ধক গৃহাণ গদিতং ময়া॥ ১৮ এই তিন তত্ত্ব আমি কহিল তোমারে। জীব তুমি, এই তিন নারিবে জানিবারে॥ ৮৮

গৌর-কুপা-তরঙ্গিণা-টীকা।

প্রেমই জীবের মূল প্রয়োজন-তত্ত্ব। সেই প্রেমে ইত্যাদি—সাধন-ভক্তির ফল-স্বরূপ যে প্রেম, সেই প্রেমের প্রভাবে জীব আমার (শ্রীক্ষয়ের) সেবা পাইতে পারে।

প্রেমকে প্রয়োজন-তত্ত্ব বলা ইইল কেন, তাহাই এন্থলে বলিতেছেন। স্বরূপতঃ জীব ক্লফের দাস। দাসের একমাত্র কর্ত্বা—প্রভুৱ দেবা। শ্রিক্লফকে পাওয়ার অর্থণ্ড শ্রীক্লফের দেবা পাওয়া। দেবা না পাইলে শ্রীক্লফকে পাওয়ায় কোনও লাভ নাই। রস-গোলা যদি খাইতে না পাই, তবে সেই রসগোলা পাইয়া কি লাভ ? তাই সেবার অধিকার না পাইলে, দেবার উপকরণ না পাইলে ক্লফ পাওয়ার সার্থকতা কিছুই নাই। এজন্তই শ্রীলঠাকুরমহাশম্ম বিশামছেন—"হেন নিতাই বিনে ভাই, রাধাক্লফ পে'তে নাই।" শ্রীনিতাইর কুপাতেই দেবার অধিকার এবং যোগ্যতা পাওয়া যায়, (কারণ, শ্রীনিতাই-ই মূল ভক্ত-তত্ত্ব); শ্রীনিতাইর কুপাতেই দেবার উপকরণ পাওয়া যায় (কারণ, আসন, ভূষণ, শযা, চাগর আদি সমস্ত দেবার উপকরণই শ্রীনিতাই); স্কতরাং শ্রীনিতাইকে না পাইলে দেবার অধিকার, যোগ্যতা ও উপকরণ পাওয়া যায় না; এমতাবস্থায় রাধাক্লফ পাইয় কি হইবে ? তাই দেবা পাওয়াতেই শ্রীক্ষ পাওয়ার সার্থকতা; এবং এই শ্রীক্লফ্লসেবাই জীবের মুখ্য এবং একমাত্র কর্ত্ব্য। কিন্তু দেই সেবা তো প্রেম ব্যতীত হয় না। "নানোপচারক্লতপূজনমার্ত্বনোঃ প্রেমের ভক্ত হাদয়ং স্থাবিক্রতং স্থাৎ। পত্যাবলী। ১০ ॥" তাই সেবা-প্রাপ্তির নিমিত্র জীবের একমাত্র প্রয়োজনীয় বস্তু হইল প্রেম। এজন্তই প্রেমকে প্রয়োজন-তত্ত্ব বলা হইয়াছে।

বিশেশতং, দমস্ত শাস্ত্রের মর্মান্ত্রদারে প্রীক্ষণ্ট দম্পতত্ত্ব। প্রীক্ষণ্ট দম্পতত্ত্ব। স্থাক্তরে সমস্ত জগৎরূপে পরিণত হইয়াছেন; স্বতরাং প্রীক্ষণের দক্ষে সমস্তেরই সম্বন্ধ আছে। দমাক্রপে বন্ধনের নাম দম্বন্ধ; যে বন্ধন কোনও দময়েই ছুটিতে পারে না, ভাহাকেই দমাক্ বন্ধন বা দম্বন্ধ বলা যায়; যে বন্ধন খুনিবার নিমিত্র কেই ইচ্ছাও করে না, স্তরাং যে বন্ধন প্রীতিপ্রাদ, ভাহাই সমাক্ বন্ধন বা দম্বন্ধ। জীবের সম্পত্ত প্রীক্ষণের যদি এই জাতীয় বন্ধন সংঘটিত ইইতে পারে, তবেই প্রীক্ষণের দক্ষে জীবের দম্পত জীবের দ্বাধা করে। কিন্তু এই বন্ধনটী উভয়ণক ইইতেই ইওয়া দরকার, নচেৎ ভাহাকে দম্যক্ বন্ধন বলা যায় না। জীবের অন্তিম্ব, শক্তি-আদি—"আমার" বলিতে জীবের যাহা কিছু আছে, প্রীক্ষণ কুপা করিয়া তৎসমস্তই ভাহাকে দিয়াছেন—এইরূপে কুপারুজ্বতে প্রীক্ষণ জীবকে বন্ধন করিয়াছেন। ইহা কুপান্ধনিত বন্ধন বলিয়া কঠজনক নহে, পারস্থ প্রীতিপ্রদ। নিজ নিজ-কর্মান্ধলে সংদারাবন্ধ জীব ভগবান্কে বাঁধিবার জন্ম কিছুই করে নাই। ভগবান্কে বাঁধিবার একমাত্র উপায় প্রেম; কারণ, ইক্ষণ্ণ কেবল প্রেমেরই বশীভূত; অন্ত কিছুতেই সেই স্বতন্ত্র ভগবান্কে বাঁধা যায় না। স্কতরাং প্রীক্ষণ্ডের সঙ্গে সম্বন্ধ (সম্যক্ বন্ধন) স্থাপন করিতে ইইলে জীবের পঞ্চে প্রেমই এক্সমাত্র প্রেমান্ধনি প্রামা যায় না। স্কতরাং প্রীক্ষণ্ডের সঞ্জে সম্বন্ধ (সম্যক্ বন্ধন) স্থাপন করিতে ইইলে জীবের পঞ্চে প্রেমই এক্সমাত্র প্রেমান্ধ প্রামাণ্ড প্রামান্ধ বন্ধ। বন্ধ বন্ধ প্রামান্ধ প্রামান্ধ বন্ধ। এজন্তই প্রেমকে প্রয়োজন-তত্ত্ব বলা ইইয়াছে।

চকুংশোকীর ভূমিকা-স্থানীয় "জ্ঞানং পরমগুছং" ইত্যাদি শ্লোকের সুলমর্মই এই তই পয়ারে বিবৃত হইল। নিমে শোকটী উদ্ধৃত ইইয়াছে। শ্লোকস্থ "বিজ্ঞান-সমন্বিতং মে জ্ঞানং" অংশে "সম্বন্ধ-তত্ত্ব"—মে (আমার) শক্ষারা "আমি", এবং "বিজ্ঞান-সমন্বিতং জ্ঞানং" দ্বারা "আমার জ্ঞান ও বিজ্ঞান"—সম্বন্ধ-তত্ত্বপে স্কৃতিত হইয়াছে। আর "তদঙ্গং" শক্ষে সাধন-ভিজ্ঞাণ অভিধেয়-তত্ত্ব এবং "সরহস্তং" শক্ষে প্রেমরূপ প্রয়োজন-তত্ত্ব স্কৃতিত হইয়াছে। শ্রীভগবান্ ব্রহ্মাকে বিশিশেন— এই তিনটী তত্ত্ব আমি তোমাকে বলিভেছি, তুমি গ্রহণ কর (শুন এবং অক্তব কর)।

(মা। ১৮। **অনু**য়। অনুয়াদি সাসাহস শ্লোকে ভ্ৰন্তব্য।

পূর্দাবর্ত্তী প্রারের চীকা দ্রপ্তব্য।

৮৮। **এই ভিন ভত্ত**—সম্বন্ধ-ভত্ত্ব, অভিধেয়-ভত্ত্ব এবং প্রয়োজন-ভত্ত্ব।

বৈছে আমার স্বরূপ থৈছে আমার স্থিতি। বৈছে আমার গুণ কর্ম্ম ষড়ৈশ্বর্য্য শক্তি॥ ৮৯

আমার কৃপায় স্ফুরুক এ সব তোমারে। এত বলি তিন তত্ত্ব কহিল তাঁহারে॥ ১০

গৌর-কুপা তরঙ্গিণী টীকা।

আমি কহিল ভোমারে—জ্ঞানং প্রমপ্তহ্যং ইত্যাদি শ্লোকে শ্রীভগবান্ ব্রহ্মাকে ঐ তিনটী তত্ত্বের কথা বলিলেন।

জীব তুমি—ব্দাকে শ্রীভগবান্ বলিলেন, "ব্রদা, তুমি জীব; স্বতরাং এই তিনটী তত্ত্ব তুমি ব্রিতে পারিবে না।" যেহেতু, ইহা পরম গুহু। এই তিনটী তত্ত্ব বুরিবার নিমিত্ত যে জ্ঞানের দরকার, জীবের দেই জ্ঞান স্বতঃদিদ্ধ নাই; তাই স্বয়ং-শ্রীভগবানের মুথে শুনিলেও জীব তাহা উপলব্ধি করিতে পারে না। ইহা উপলব্ধি করার একমাত্র হেতু শ্রীভগবং-কুপা। তাই শ্রীভগবান্ ব্রদ্ধাকে আশীর্কাদে করিয়া বলিলেন—"ব্রদ্ধা, আমার কুপায় এসব তত্ত্ব তোমার চিত্তে স্ফুরিত হউক।"

"স্থানিষ্ঠঃ শতজনাভিঃ পুনান্ বিঃঞ্জিতামেতি"—শ্রীমন্ভাগবতের এই (৪।১৪।১৯) ব্রচনার্সারে বুঝা যায়, শতজনা পর্যান্ত স্থান্ত করিছে পালন করিয়া যে জীব সিদ্ধ হয়েন, তিনি ব্রহ্মন্ত লাভ করিতে পারেন। এইরূপ জীবে শ্রীভগবান্ তাঁহার স্ষ্টি-শক্তি সঞ্চারিত করিয়া তাঁহা-দারা স্ষ্টিকার্যা করাইয়া থাকেন। এইরূপ ব্রহ্মা জীব-কোটি। তাই বলা হইয়াছে "জীব তুমি।" ব্রহ্মান্ত জীবই। যে কল্পে এরূপে জীব পাওয়া যায়না, সেই কল্পে ভগবান্ নিজেই ব্রহ্মারূপে প্রকটিত হইয়া সৃষ্টি করেন—তথন তিনি স্থার-কোটি ব্রহ্মা। ২০১৮৯ শ্লোকের টীকা দুইব্য।

কোন কোন গ্রন্থে "এই তিন তত্ত্ব" স্থলে "এই তিন অর্থ" এবং "নারিবে জানিবারে" স্থলে "নারিবে ব্ঝিতে" পাঠ আছে।

৮৯-৯০। "বৈছে আমার স্বরূপ" ইত্যাদি ছই পয়ারে নিমোদ্ধত "থাবানহং" ইত্যাদি শ্লোকের মর্ম্ম বলিতেছেন।

বৈছে আমার অরপ—আমার (ভগবানের) স্বরূপ যেরুণ; ইহা "হাবানহং" অংশের মর্থ। স্বরূপতঃ যংপরিমাণকোহহং—ক্রমদন্দর্ভঃ। স্বরূপতঃ আমা। (ভগবানের) পরিমাণ কিরূপ—আমি যে বিভূ সচিদানন্দ, সভ্যানর্বরূপ, জ্ঞান-স্বরূপ, মানন-স্বরূপ, মঙ্গল-স্বরূপ এবং প্রমন্ত্রন্দর (সভ্যং শিবং স্থানর্বরূপ) ইত্যাদি। বৈছে আমার স্থিতি—ইহা শ্লোকস্থ "হলাভাবঃ" আভগবান্ কিরুপে অবস্থান করেন ? হিভুল মূর্লীধর শ্লামস্থার স্থাণি রূপণা শ্লামচ্তুর্ভুল্বাদীন—ক্রমদন্দর । শ্রীভগবান্ কিরুপে অবস্থান করেন ? হিভুল মূর্লীধর শ্লামস্থারর প্রাণি রুজে অবস্থান করেন; সে স্থাল ভিনি স্বয়ং ভগবান্রূপে, মাধুর্যাই যে ভগবতার সার, ভাহা দেখাইভেছেন—ভাঁহার এই ব্রুক্তে নন্দন-স্বরূপ—মদনমোহন, আয়ুপর্যান্ত সর্ব্বিত্তহর শৃপার-রঙ্গরাজমূত্তিধর; এই স্বরূপে ক্রির্যা লিখাই অধীন। হারকায় কথনও হিভুলরুপে, কথনও চতুর্ভুলরূপে বিরাজ করেন—এই স্বরূপে ক্রির্যান্ত যাধ্যা ও মাধুর্যা প্রাণ্ট সমভাবেই প্রধান। চতুর্ভুলরূপে ভিনি পরব্যোমে বিরাজ করেন—এই স্বরূপে ক্রির্যার প্রাধান্ত। এই প্রকারে ভিনি নানাধানে নানাম্বরূপে বিরাজ করেন। সর্ব্বত্রই ধানোপরোগী লীলপরিকরাদি আছেন। বৈছে আমার শুন কর্মা ভঙ্কবাংসল্যাদি গুল এবং ভিন্ন ভিন্ন ধানে সেই সেই ধানোপরোগী লীলপার করাদি আছেন। বৈছে আমার শুন কর্মান লীলা। ব্রুজে ভাঁহার নরলীলা, স্বলান্ত থানে স্বায়ন লীলা। ব্রুজে ভাঁহার নরলীলা, স্বলান্ত থানি স্বায়ন লীলা। ব্রুজে ভাঁহার নরলীলা, স্বলান্ত আশীর্বাদ করিয়া বিলিলেন—আমার রূপায় আমার স্বরূপ-শুল-কর্ম্মাদির জ্ঞান ভোমার চিত্তে জ্বুরিত হউক। ইহা শ্লোকের "অস্ত ভে সন্ম্ব্রাহাং"—অংশের অর্থ।

চতুংশোকীর ভূমিকারপে এই দ্ব কণা (ছই শোকে) বলিয়া তারপর চতুঃশোকীতে তত্তগুলির স্বরূপ ব্যক্ত করিলেন। তথাহি (ভাঃ ২।৯।৩১)— যাবানহং হথাভাবো যদ্ৰপণ্ডণকৰ্ম্মকঃ। তথৈব ভত্তবিজ্ঞানমস্ত তে মদন্তগ্ৰহাৎ॥ ১৯

স্মৃষ্টির পূর্বেব ষড়ৈশ্বর্য্যপূর্ণ আমি হইয়ে। প্রপঞ্চ প্রকৃতি পুরুষ আমাতেই লয়ে॥ ৯১

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

শ্রো। ১৯। অন্বয়। সন্বয়দি সাসাহহ শ্লোকে দ্রষ্টব্য।

৮৯-পরারে এই শ্লোকের কথাই বলা হইয়াছে; ৯০-পয়ারের প্রথমার্দ্ধের প্রমাণও এই শ্লোকের শেষ পাদে দেওয়া হইয়াছে।

৯১। "স্ষ্টির পূর্ব্বে" হইতে "আমাতেই লয়ে" পর্য্যন্ত তিন প্রারে চতুঃশ্লোকীর প্রথম "এহমেব" ইত্যাদি শোকের অর্থ করিয়া সম্বন্ধ-তত্ত্ব বলিতেছেন।

পৃথিব ষ্টেশ্বর্যাপূর্ব আমি ইইয়ে—ইয়া নিয় শ্লোকের প্রথম ছই চরণের অর্থ। প্রাক্ত-প্রপঞ্চ হওয়ার পৃথেবি আমি ছিলাম; তথন এই সূল জগৎ (সং,), কি স্ক্র জগৎ (অর্থাৎ—ক্ষিতি-অপ্-তেজ-মঞ্ছৎ-ব্যোমাদির স্ক্র অবস্থা), কিয়া এই সূল ও স্ক্রের কারণভূত প্রকৃতি (পরং) এ দব কিছুই ছিল না। প্রকৃতি তথন অন্তর্ম্প্রির শতেই লীন ছিল এবং সূল-স্ক্র্র-জগৎ-প্রপঞ্চও প্রকৃতির দক্রে আমাতেই লীন ছিল। "ভগবানেক আমেদমতা আত্রাত্রনাং বিভুঃ। শ্রী, ভা, তার্থা২১০॥" ব্রক্রক্রাদি কেইই তথন ছিলেন না। "বাস্থদেবো বা ইদমত্র আমীয় ব্রক্ষান চ শঙ্করঃ, একো নারায়ণো আদীয় ব্রক্ষানেশানঃ। মহানা-শ্রুতি। ১ এ"

কিন্ত পৃথিৱ পূর্বে ভগবান্ কিরপে অবস্থায় ছিলেন ? শ্লোকস্থ "অহং"-শব্দ দারাই তাহা ব্যক্ত হইতেছে; ভগবান্ ৰলিণেন—"এই আমি ছিলাম; যে আমি তোমাকে (ব্রহ্মাকে) উপদেশ দিতেছি, সেই মুর্ত্ত আমিই ছিলাম।" ইহা দারা, স্প্টিব পূর্বেও যে তিনি সাকার-সবিশেষরূপে ছিলেন, তাহা স্প্রাই বুঝা যাইতেছে। নিরাকার-নিবিশেষরূপে কথা বলিতে বা তত্ত্বোপদেশ দিতে পারা যায় না। বিশেষতঃ শ্লোকে "যদ্রপ-গুণকর্মকঃ" শব্দে তাঁহার রূপ, গুণ ও লীলাদির কথা আছে; নিবিশেষ-স্বরূপের রূপ, গুণ বা লীলা থাকিতে পারে না।

তবে থে কোন কোন শাস্ত্রে শুনা যায়, সৃষ্টির পূর্ব্বে নির্বিশেষ ব্রদ্ধই ছিলেন। ইহা কেবল প্রপঞ্চ জগৎকে লক্ষ্য করিয়াই বলা হইয়াছে। জগৎ-প্রপঞ্চও ব্রদ্ধই—শ্রীভগবান্ই; শ্রীভগবান্ই জগৎরূপে পরিণত হইয়াছেন। মহাপ্রগায়ে প্রপাদে কোনও বিশেষ ছিল না—তথন, এই প্রপঞ্চ নির্বিশেষই ছিল: স্কুরাং ব্রন্দের যে অংশ জগৎরূপে পরিণত হইয়াছিলেন, সেই অংশ তথন নির্বিশেষই ছিলেন; তাই ঐ অংশের প্রতি লক্ষ্য রাথিয়াই বলা হইয়াছে—মহাপ্রলয়ের পরস্তি-সৃষ্টির পূর্ব্বেই প্রপঞ্চরূপ ব্রদ্ধ নির্বিশেষ ছিলেন।

"মতো বা ইমানি ভূতানি জায়স্তে" ইত্যাদি শ্রুতি হইতেও প্রমাণিত হয় যে, স্ষ্টির পূর্বে যিনি ছিলেন, তিনি দবিশেষ ছিলেন।

"ঈশ্বরঃ পর্মঃ ক্ষাঃ দচ্চিদানন্দ-বিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ দর্বকারণকারণম্॥"-এই ব্রহ্মদংহিতার প্রমাণও বলিতেছেন—দক্ষ কারণের কারণ, স্মৃতরাং স্ষ্ট্যাদির কারণ যিনি, দকলের আদি যিনি, যাঁহার আদিতে কেহ নাই, তিনি দচ্চিদানন্দ-বিগ্রহ—মূর্ত্ত বিগ্রহ।

কেই কেই বলেন, "মদম-জ্ঞান-তত্ত্ব যিনি, পূর্ণতম স্বরূপ যিনি, তিনি নির্ফিশেষ—নিরাকার, নির্গুণ, নিঃশক্তিক। সাধারণ লোক এই নির্ফিশেষ স্বরূপের ধারণা করিতে পারেনা বলিয়াই নিম অধিকারী সাধকের মঙ্গলের নিমিত্ত প্রস্কোর রূপে কল্পনা করা ইইয়াছে; 'সাধকানাং হিতার্থায় ব্রহ্মণঃ রূপকল্পনম্।' সাধক যথন সাধনে উন্নতি লাভ করিবেন, তথনই তিনি ধৃঝিতে পারিবেন, পূর্ণতম ব্রহ্ম নিরাকার, নির্ফিশেষ,—তথনই তিনি সাকার উপাসনা ছাড়িয়া দিবেন।"

উপ্ত গৃতির তাংপর্য কি ? তর্কের থাতিরে স্বাকার করা যাউক যে, সাধকের হিতের নিমিত্রই নির্বিশেষ ব্রম্যের রূপ করনা করা হইয়াছে। এখন এই উক্তির একটু আলোচনা করা যাউক। কল্পনাশব্দের একটী অর্থ—

- গৌর-কুপা-তরঙ্গিণী ঢীকা।

আকাশ-কুস্বনং অন্তিহ-হীন বস্তুর অন্তিহ্ব মনে করা। এই অর্থে যদি প্রশ্নের রূপ কল্পনা করা হইয়াছে বলা হয়, অর্থাং প্রন্ধের কোনও রূপই নাই—্যেমন আকাশ-কুস্বনের কোনও অন্তিহ্ব নাই, তথাপি কল্পনাকুশল ব্যক্তি যেমন আকাশকুস্বনের কোনও অন্তিহ্ব নাই, তথাপি কল্পনাকুশল ব্যক্তি যেমন আকাশকুস্বনের অন্তিহ্ব কল্পনাকরা হয়াছে—এইরপই যদি মনে করা হয়, তাহা হইলে সাকার-সাধকের উপাস্ত হইয়া পড়েন—একটা অলীকবস্ত, শশ-শৃঙ্গ বা শৃঙ্গবিশিষ্ট চতুষ্পদ মন্ত্রের স্থায় অলীক বস্তু। যাহার কোনও অন্তিহ্বই নাই, তাহার উপাসনা কির্পে ইইতে পারে ? আর তাহার উপাসনায় উপাসকের কি-ইবা উপকার হইতে পারে, বুঝিতে গারিনা। এই রূপের উপাসক যদি কেহ থাকেন, তবে তাহাকে শুদ্ধ-পৌত্রলিক ব্যতীত আর কিছুই বলা ষায়না।

কল্পনা-শব্দের আব একটা অর্থ ইইতে পারে—রচনা বা নির্মাণ। এইরূপ অর্থ ইইলে, নির্বিশেষ ব্রহ্মের রূপ বা আরুতি (আরুতিঃ কথিতা রূপে) রচনার কর্ত্তা কে? নিশ্চয়ই নির্বিশেষ ব্রহ্ম নহেন; কারণ, তাঁহার ভক্তবাৎসল্যাদি গুণ থাকিতে পারেনা, যেহেতু তিনি নিগুণ; স্ক্রাং সাগকের ছংথে করুণা-বশতঃ সাগকের হিতের নিমিত্ত স্বীয় নিরাকার-স্বরূপকে সাকার-বিগ্রহ্রূপে প্রকটিত করার চেষ্টাও তাঁহার পক্ষে অসন্তব। আবার, সাকাররূপে প্রকটিত করার শক্তিও তাঁহার নাই; যেহেতু তিনি নিঃশক্তিক। তাহা হইলে ব্রহ্ম স্বয়ং স্বীয় রূপ কল্পনার কর্ত্তা হইতে পারেন না। তবে মানুষ সাধকই কি ব্রহ্মের রূপ-রচনার কর্তা গুমনুষই যদি ব্রহ্মের রূপ-রচনার কর্তা হয়, তাহা হইলে প্ররূপিও প্রেনিল্লিখিত আকাশকু স্ব্যবং অন্তিত্বইন অলীক বস্তুই হইয়া পড়িবে।

এজন্তই বলা যায়, সাধকের হিতের নিমিত্ত নির্বিশেষ ব্রহ্মের রূপকল্পনার উক্তি বিচার-সহ নহে। তবে ব্রহ্মকে নিরাকার মনে করিয়াও যদি তাঁহাকে সগুল, এবং সশক্তিক মনে করা যায়, তাহা হইলে সাধুকের হিতের নিমিত্ত সপ্তণ এবং সশক্তিক ব্রহ্ম নিজেই নিজেকে সাকার-বিগ্রাহরপে প্রকটিত করিতে পারেন—ইহা অসম্ভব নহে। মহাত্মা যিশু-প্রবর্ত্তিত খৃষ্টান-ধর্ম্মের, হজরত-মহম্মদ-প্রবর্ত্তিত মুসল্মান-ধর্মের এবং এতদ্দেশীয় মহাত্মা রাজা-রামমোহন রায়-প্রবর্তিত ব্রাহ্ম ধর্মের অন্তর্ভুক্তি যাঁহারা, তাঁহারা প্রতত্ত্বকে নিরাকার বলিলেও সপ্তণ এবং সশক্তিক মনে করেন।

যাহা হউক, এই নিরাকার, অথচ সগুণ ও সশক্তিক ব্রহ্মও যদি সাধকের হিতের নিমিত্ত সীয় একটি সাকার স্বরূপ প্রকটিত করেন, ভাহা হইলে দেখিতে হইবে, ইহা কথন করেন ?

জীব-জগতের প্রত্যেক পর্য্যায়ের মধ্যে না হইলেও অন্ততঃ কোনও কোনও পর্য্যায়ের যে ব্যক্তিগত ভাবে এবং সমষ্টিগতভাবেও শক্তির অভিব্যক্তি এবং তদমূরূপ আকারাদির বৈশিষ্ট্যের অভিব্যক্তিও হইতে পারে, ইহা স্বীকার করা যায়। কিন্তু একজাতীয় জীবের অভিব্যক্তিই যে উচ্চতর জাতীয় জীব—ইহা স্বীকার করিতে প্রবৃত্তি হয় না। অনাদিকাল হইতেই ব্রহ্মাণ্ডে দকল জাতীয় জীবের অস্তিত্ব আছে, ইহাই আমাদের বিশ্বাদ—অবশু দেশকালভেদে তাহাদের অবস্থা হয়ত একরাপ ছিল না, ইহাও মস্বীকার করিতে পারি না। ইহাই যদি হয়, তাহা হইলে অনাদিকাল হইতেই ব্রহ্মের সাধক যে কেহ না কেই ছিলেন, ইহাও অস্বীকার করিবার কোনও হেতু নাই। অনাদিকাল হইতেই যদি সাধক থাকেন, তাহা হইলে স্বীকার করিতেই হইবে যে, অনাদিকাল হইতেই সাধকের হিতের নিমিত্ত ব্রহ্ম স্বীয় একটি সাকার-বিগ্রহ প্রকটিত করিয়া রাথিয়াছেন। তাহা হইলে ব্রহ্মের এই সাকার বিগ্রহটিও নিত্য এবং অনাদি—ইহাও স্বীকার করিতে হইবে।

কেহ হয়তঃ বলিতে পারেন, উক্ত দাকার বিগ্রহটী নিত্য না হইলেও তো চলিতে পারে। ভিন্ন ভিন্ন দাধকের প্রয়োজনে ভিন্ন ভিন্ন দময়ে ভিন্ন ভিন্ন বিগ্রহের উদ্ভব হইতে পারে, আবার প্রয়োজন দিন্ধ হইয়া গেলে তাহা আবার নিরাকারে বিলীন হইয়া বাইতে পারে। ইহার উত্তরে এই মাত্র বলা যায় যে, উৎপত্তি-বিনাশ কেবল প্রাকৃত বস্তুতেই দম্ভবে; অপ্রাকৃত চিনায় বস্তুর—দচ্চিদানন স্বরূপের উৎপত্তি-বিনাশ দম্ভব নহে। কোনও শাস্ত্রেও ইহার প্রমাণ

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

পাওয়া যায় না। বরং শস্ত্রে দেখা যায় যে, তিনি বিরুদ্ধ-ধর্মের আশ্রয় হইলেও, জন্ম-পরিণামাদিরপ অনিত্যন্তাদি-দৌষের আশ্রয় নহেন। "তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কদঞ্চনঃ। গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমস্ততঃ॥" —লঘুভাগবতামূতের এই শ্লোকের টীকায়, "দোষাঃ" শব্দের অর্থ লিখিত হইয়াছে "জন্ম-পরিণামাণ্যঃ।"

এখন, এই সাকার স্বরূপটী নিভ্য হইলে, এই স্বরূপে এবং নিরাকার-স্বরূপে কোনও ইতর-বিশেষ আছে কিনা ? থাকিলে কোন্ স্বরূপটী পূর্ণভ্য ?

স্বরূপ-লক্ষণে বা উপাদান-হিদাবে উভয় স্বরূপই তুল্য—কারণ, উভয়-স্বরূপই দুৎ, চিৎ এবং আনন্দ। কিন্তু শক্তি বিকাশের তারতম্যে পার্থক্য আছে। যে শক্তির ক্রিনায় নির্বিশেষ-নিরাকার-স্বরূপ দাকারে পরিণত হয়, নিরাকার স্বরূপে নিশ্চয়ই সেই শক্তিটীর ক্রিয়া নাই—স্থতরাং শক্তির ক্রিয়ার হিসাবে নিরাকার-স্বরূপ সাকার-স্বরূপ অপেক্ষা অপূর্ণ। আবার শ্রুতি বলেন, ব্রহ্ম "সত্যং শিবং স্থন্দরম্।" নিগুলি, নিঃশক্তিক, নিরাকার স্বরূপে শিবত্ব (মঙ্গলময়ত্ব) থাকিবার সম্ভাবনা নাই, কারণ তিনি নিগুণ ; তাহাতে স্থলরত্বও কিরূপে থাকিতে পারে বুঝা যায় না-কারণ, তিনি নিগুণ ও নিঃশক্তিক—গুণ ও শক্তির বিকাশেই দৌন্দর্য্যের অভিব্যক্তি। নিরাকার অথচ সগুণ ও সশক্তিক স্বরূপে শিবত্ব থাকিতে পারে, গুণ ও শক্তির স্থন্দরত্বও থাকিতে পারে, কিন্তু রূপের সৌন্দর্য্য থাক। সম্ভব নহে; কারণ, তিনি রূপহীন। কিন্তু সাকার, সগুণ ও সশক্তিক স্বরূপে শিবত্ব থাকিতে পারে—গুণ, শক্তি এবং রূপের স্থন্দরত্বও থাকিতে পারে। গুণ ও শক্তির বিকাশের ভারতম্যানুদারে দাকার-বিগ্রহও অনেক হইতে পারেন এবং শাস্ত্র বিশ্বাদ করিতে গেলে, অনেক শাকার স্বরূপও আছেন। এই দাকার স্বরূপ-দমূহের মধ্যে যে স্বরূপে দমস্ত গুণ ও দমস্ত শক্তির পূর্ণতম অভিব্যক্তি, দেই স্বরূপটীই রূপে, গুণে এবং শক্তিতে দর্ব্বাপেক্ষা শিব, দর্বাপেক্ষা স্থলরে। ব্রহ্ম যে "রুদো বৈ দঃ''---রুদ-স্থরূপ, দেই রদ-স্বরূপত্বের পূর্ণত্ম-মভিব্যক্তিও এই স্বরূপেই। দৌন্দর্য্যে ও মাধুর্য্যে এই স্বরূপটী সকলের চিত্তকেই আকর্ষণ করিতে সমর্থ—এমন কি, নিজের সৌন্দর্য্য-মাধুর্য্যে এই স্বরূপটী নিজেই আরু ইইয়া পড়েন—বিশ্বিত হইয়া পড়েন— "বিশ্বাপনং স্বস্ত চ ; শ্রীভা, থাং।১২॥'' তাই শ্লাস্ত্রে এই স্বরূপদীকে শ্রীকৃষ্ণ বলিয়া অভিহিত করা হইয়াছে। উপাদান-হিদাবে এই সক্রপটীর সঙ্গে নিরাকার-স্করপের কোনও পার্থক্য না থাকিলেও, সৌন্দর্য্য-মাধুর্য্যাদির অভিব্যক্তি-**হিলাবে এই স**রপটীই পূর্ণতম—ভাই এই স্বরূপটীই শাস্ত্রে পূর্ণতম ব্রন্ম বলিয়া অভিহিত হইয়াছেন—"কৃষিভূ´-বাচকো শব্দো ণশ্চ নির্বৃতি-বাচকঃ। তয়েবিক্যং পরংব্রেক্স কৃষ্ণ ইত্যভিধীয়তে।"

প্রশ্ন ইইতে পারে, সাকার-বিগ্রহ শ্রীকৃষ্ণ কিরপে পরব্রহ্ম ইইতে পারেন ? যেহেতু পরব্রহ্ম বিভূ-বস্ত ; সাকার বস্তু বিভূ হইতে পারে না। ইহার উত্তর এই—সাকার বস্তু যে বিভূ হইতে পারে না, প্রাকৃত জগতেই ইহা সত্য। যাহা দেশ-ছারা সীমাবদ্ধ, তাহাই বিভূ হইতে পারে না। প্রাকৃত বস্তু দেশকালের অধীন ; কিন্তু অপ্রাকৃত চিন্নয়-বস্তু, সচিদানন্দ-বস্তু দেশ-কাল-ছারা পরিচ্ছিন্ন নহে ; স্তর্গং সচিদানন্দ-বস্তু সাকারই হউন বা নিরাকারই হউন, বিভূ হইতে পারেন। নিরাকার হইলেই যে বিভূ হইবে, এমনও নহে ; বায়ু নিরাকার, কিন্তু বিভূ নহে ; পৃথিবীর চতুপ্পার্শের বায়ুমগুলের গভীরতা ১৫০ কি ১৬০ মাইলের বেশী নহে। বিভূছ ব্রহ্মের স্বরূপণত ধর্মা ; দাহকত্ব যেমন অগ্নির স্বরূপণত ধর্মা, আগুন শিখা-অবস্থায়ই থাকুক, কি জলদঙ্গার অবস্থাতেই থাকুক, সকল সময়েই যেমন ভাহার দাহকত্ব থাকে, বিভূষ্ণ তেমনি ব্রহ্মের স্বরূপ-গত ধর্মা ; নিরাকার-অবস্থায়ই থাকুন, বা সাকার-অবস্থায়ই থাকুন, সকল অবস্থাতেই রূপ্দে উহির স্বরূপণত ধর্মা বিভূত্ব থাকিবেই। তাই ব্রহ্মের সাকার-স্বরূপণ্ড বিভূ—সর্বব্যাপক। তাঁহার অচিষ্যাশক্তিতে একই স্বরূপে, একই সময়ে ব্রহ্ম অনু হইতেও ছোট এবং বৃহৎ হইতেও বৃহৎ হইতে পারেন ; তাই শ্রুতি বিদ্যাভ্রেন, তিনি "অণোরণীয়ান্ মহতো মহীয়ান্।" তিনি সমস্ত প্রাকৃত্ব জগৎ ব্যাপিয়া থাকিতে পারেন। হাহ১।৬২ প্যারের সীকা দ্বস্থির।

স্থষ্টি করি তার মধ্যে আমি প্রবেশিয়ে।

প্রপঞ্চ ষে কিছু দেখ, সেহ আমি হইয়ে॥ ৯২

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

যাংহাইউক, এই সাকার অথচ বিভ্সারণ যে প্রীকৃষ্ণ, তিনি সন্ধিনী-শক্তির-সারভূত-শুদ্ধসত্ত্ব অবস্থান করেন বলিয়া এবং শুদ্ধসত্ত্বের অপর একটা নাম বস্থানেব বলিয়া (সত্ত্বং বিশুদ্ধং বস্থানেব-শন্ধিতম্) তাঁহাকে বাস্থানেবও বলা হয়। শুতি বলিতেছেন—স্থানির পূর্বের—যে সময়ে প্রদা ছিলেন না, রুদ্র ছিলেন না, সেই সময়ে—একমাত্র এই বাস্থানেবই ছিলেন—বাস্থানেবো বা ইনমগ্র আসীং। চতুঃশ্লোকীর "অহমেবাসমেবাগ্রো' ইত্যাদি শ্লোকেও এই কথাই বলা হইয়াছে। তিনি কিরূপ অবস্থায় ছিলেন ? তথন কি তাঁহার কোনও শক্তির ক্রিয়া ছিল ? একথার উত্তরও শাস্ত্র দিতেছেন—ভগবানেক আসেদমগ্র—তথন তিনি যজৈখন্ত্য-পূর্ণ ভগবান্-রূপে ছিলেন। একথাই শ্রীচরিতামৃতের প্যার বলিতেছেন—শস্থির পূর্বের যজৈগ্রপূর্ণ আমি হইয়ে।" ভগ অর্থাৎ ষড়্বিধ ঐর্থ্য বাঁহার আছে, তিনিই ভগবান্—তিনিই স্থানির পূর্বের ছিলেন।

কিন্তু স্থানি পূর্বে ধড়বিধ এখন। তাঁহার কিনে প্রয়োজিত হইত ? শ্রুতিই ইহার উত্তর দিতেছেন। যেই বাহ্নদেব-শ্রীকৃষ্ণ স্থানি ছিলেন, তাঁহার সম্বন্ধেই শ্রুতি বলিতেছেন—ক্ষো বৈ প্রম-দৈবতম্। গো, ত,॥—কৃষ্ণ প্রমদেবতা; দিব্ ধাতু হইতে দেবতা; দিব্ ধাতুর অর্থ ক্রীড়া। তাহা হইলে বুঝা গেল—কৃষ্ণ প্রমক্রীড়াশীল, লীলাপুরুষোত্তম। কিন্তু ক্রীড়া বা লীলা তো একাকী করা যান্ত্র না—লীলার জন্তু লীলাপরিকরদের দ্রকার। তাহা হইলে, বুঝা গেল, অনাদিকাল হইতেই তাঁহার লীলাপরিকর আছেন, লীলার ধামও আছে; যেহেতু অনাদিকাল হইতেই—কৃষ্ণো বৈ প্রমদৈবতম্। স্ক্রোং স্থানি পূর্বেও শ্রীকৃষ্ণের লীলা-পরিকর ছিলেন, ধাম ছিল। এম্মন্ত স্থান্ত্র বস্তু নহে বলিয়া চিনায় সচিচলানন্বস্ত বলিয়া মহাপ্রলয়েও ইহাদের ধ্বংস হয় না।

আবার প্রশ্ন হইতে পারে, যদি স্থান্টর পূর্ব্বে ভগবানের ধাম এবং পরিকরাদিই থাকিবে, ভাহা ইইলে বলা ইইল কেন—"অহমেবাদমেবাগ্রে"—স্থান্টর পূর্ব্বে "আমিই" ছিলাম 2 উত্তরে বলা যায় যে, "অহম্ (আমি) শব্দের মধ্যেই লীলা-পরিকর ও ধাম—উভরের অন্তিত্ব স্থান্টিত ইইতেছে। "আমি" কে ? না—সেই ক্ষেণা বৈ পরম-দৈবতম্,—সেই লীলাপুক্ষোত্তম-শ্রীকৃষ্ণ; দৈবতম্শক্ষেই ধাম ও লীলাপরিকরদের স্থানা করিতেছে। কোনও স্থানে রাজা আদিয়াছেন বলিলেই বুঝা যায় যে, রাজা একা আদেন নাই; তাঁহার পরিকরাদিও আদিয়াছেন; কারণ, পরিকরাদি তাঁহার রাজ-স্বরূপত্তের অঙ্গ, অঙ্গীর উল্লেখ করিলেই অঙ্গের করা যায়; অঙ্গের আর স্বতম্ব উল্লেখের প্রয়োজন হয়ন।। তদ্রুপ "স্থান্তির" পূর্ব্বে, লীলাপুক্ষোত্তম শ্রীকৃষ্ণই ছিলেন, একথা বলিলেও বুঝা যায়, শ্রীকৃষ্ণের লীলা পরিকরও ছিলেন; তাঁহার ধামও ছিল। এই লীলা-পরিকরদের সঙ্গে লালা করিবার নিমিত্তই যভূবিধ ঐশ্বর্যাের বাজান্তন। তাই বলা ইইয়াছে, "স্থান্তির পূর্বের যতিয়ার্যান্তন্তিন লালাপরিকরও ছিলেন; এই সমস্ত পরিকরদের সঙ্গেলাকান-সমূহও তথন ছিল এবং এই সকল ভগবদ্ধাম-সমূহে বহুবিধ লীলাপরিকরও ছিলেন; এই সমস্ত পরিকরদের সঙ্গেলালা করিতেন বলিয়াই লীলাপুক্ষযােত্তম-ক্রপে স্থান্তির পূর্বে ইত্তেই তিনি থাাত। প্রাপ্তক্ষ—স্থান্তন স্থান্তম্ম ক্রিয়া ফল্লার। এই প্রপঞ্চেন স্থান্তির ক্রেয়ে—স্থান্ত ক্রিয়া ফল্লার। এই প্রপঞ্চেন স্থান্তির ক্রেয়ে—ভারান। আমাতেই লয়ে—স্থান্তর পূর্ব্বে সমস্ত মারিক ব্রহ্বান্ত, প্রকৃতি ও পূর্ব্য, সকলেই শ্রীভ্রান্তিয়ানে লীন ছিল। স্বত্রাং তথন তাহাদের আর কোনও পৃথক্ অন্তিত্ব ছিল না। "নাক্রণ্যত্বসংগ পরং" এই অংশের অর্থ এই প্রারান্ত্র।

১২। স্থি করি ইত্যাদি—স্টির পরে অন্তর্ধ্যামিরপে প্রত্যেক ব্রন্ধাণ্ডে এবং প্রত্যেক জীবে আমি (শ্রীভগবান্) প্রবেশ করি। ইংা "পশ্চাদহং" অংশের অর্থ। ইহাতে ব্রাগেল, স্প্রবিস্তর ভিতরেও শ্রীভগবান্ আছেন।

প্রলয়ের অগশিষ্ট আমি পূর্ণ হইয়ে। প্রাকৃত প্রপঞ্চ পায় আমাতেই লয়ে॥ ৯৩ তথাহি (ভাঃ ২৷৯৷৩২)— অংমেবাসমেবাগ্রে নান্তদ্ যৎ সদসৎ পরম্।

পশ্চাদহং যদেওচ্চ যোহবশিস্তেত গোহস্ম্যুহ্ম্॥ ২০ 'অহমেব অহমেব' শ্লোকে তিন বার। পূর্বৈশ্ব্যা-শ্রীবিগ্রাহ-স্থিতির নির্দ্ধার॥ ৯৪

গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

প্রপঞ্চ যে কিছু দেখ ইত্যাদি—ইহা "যদেতচ্চ" অংশের মর্থ। এই জগং-প্রপঞ্চে যাহা কিছু দেখা যায়, তাহাও প্রীভগবান্ট; য: হত্ তিনিই জগং-রূপে পরিণত হয়েন। সর্বাং খলিদং ব্রহ্ম। জগতের ভিতরেও ভগবান্, বাহিরেও ভগবান্। সর্ববিত্ত তিনি। স এবাধস্তাং স উপরিষ্টাং স পশ্চাং স পুরস্তাং স দক্ষিণতঃ স উত্তরতঃ। স এবেদং সর্বান্। ছান্দোগ্যা। ৭।২৫ ১॥ ঈশাবাশুমিদং সর্বাং যংকিঞ্জ্জগত্যাং জগং। ঈশোপনিষং॥ ১॥

৯৩। প্রলয়ের অবশিষ্ঠ ইত্যাদি—এই প্রার "যোহবশিষ্যেত দোহস্মাহন্"—এই অংশের অর্থ। প্রলয়ে স্প্টি-দনংসের পরেও, স্টিঃ পূর্বের স্থায়ই আমি পূর্ণরূপে থাকি; প্রাকৃত জগৎ সমস্তই প্রকৃতির সঙ্গে আমাতে লীন হইয়া থাকে।

স্থানি প্রার্থে স্বিরের স্কল-দারা সঞ্চানিত শক্তির প্রভাবে ত্রিগুণাত্মিক। প্রকৃতি বিক্ষুর হয়। এই শক্তির ক্রিয়া-বৃদ্ধির সপ্রে পরেও পরিণতি প্রাপ্ত হইতে থাকে; প্রথমে মহত্তম্ব, তারপর অহঙ্কারতন্ব, ইত্যাদি ক্রমে পরিণতি লাভ করিতে করিতে এই সূল জগৎ-প্রপঞ্চের উদ্ভব হয়। মহাপ্রলয়ের প্রারম্ভে ইহার বিপরীত ক্রিয়া হইয়া থাকে। দ্বির নিজের শক্তি সংহরণ করিতে থাকেন, তাহার ফলে সূল প্রপঞ্চ স্ক্রে পরিণত হয়। এইরূপে স্টেকালে মের্নুপ পরিণতি হইয়াছিল, ঠিক তাহার বিপরীত পরিণতির ফলে জগৎ-প্রপঞ্চ মহত্তম্বে পরিণত হয়, এবং পরে মহত্ত্ব পরিণত হয়, এবং সমস্ত জীব-মণ্ডলী প্রকৃতির সঙ্গে পুরুষে লীন হইয়া থাকে।

আমি পূর্ণ হইরে—এশ্বর্য্যে, মাধুর্য্যে, শক্তিতে, শক্তির ক্রিয়াতে, দর্ববিষয়ে পূর্ণতম-স্বরূপে থাকি। প্রলয়ের পরের অবস্থাই স্ষাইর পূর্বের অবস্থা। ঐ সময়ে লীলা-পরিকরদের সহিত দর্ববিধ ঐশ্বর্য্য-মাধুর্য্যের পূর্ণতম বিকাশ লইয়া শ্রীভগবান্ নিজ গামে অবস্থান করেন।

স্টির পর মহাপ্রলয়, মহাপ্রলয়ের পর আবার স্টি, তারপর আবার মহাপ্রলয়—এই ভাবে অনাদি কাল হইতেই স্টি-প্রবাহট্ট-লিয়া আসিতেছে।

মান্ত্রিক ব্রজাণ্ডেরই স্বষ্টি ও বিনাশ হয়; চিন্ময় ভগবদ্ধামের ও ভগবং-স্বরূপ বা ভগবৎ-পরিকরাদির স্বষ্টিও নাই, বিনাশও নাই—ভাঁহার\ নিত্য।

"এই শেষ্টা প্রাণে বিশ্বা কৈ ইহাও বুঝা গেল—কৃষ্টি, স্থিতি, প্রান্থ সমস্তই প্রীভগবান্ই তাদি প্রতি এই ক্ষা থাকে। বেদাস্থ্যে—"জ্মাতিও সতঃ" ক্ত্রও তাহাই বলে। আবার "ঘতো বা ইমানি ভূতানি জায়স্তে" ইত্যাদি প্রতিও ঐ কথাই বলেন। প্রত্যাৎ বুঝা গেল, চতুঃশ্লোকীর এই প্রথম শ্লোকটী বেশান্ত-ক্ত্রের এবং উপনিষহক্তিরই অর্থ-স্বরূপ। আবার এই "অহ্মেবাদ্যেবার্থে" শ্লোকে ইহাও বুঝা গেল যে, পর-ব্রহ্ম প্রীকৃষ্ণই সম্বন্ধ-তত্ত্ব, কারণ সমস্তের মূলই তিনি।

কোনও কোনও গ্রন্থে ১১।৯২।৯৩ প্রারের এইরূপ পাঠান্তর দৃষ্ট হয়:—"সৃষ্টির পূর্ব্বে ষ্টেড়শ্বর্য্যপূর্ণ অন্মি হইয়ে। প্রাক্তি প্রাপক পায় আমাতেই লয়ে॥ প্রপঞ্চ-প্রকৃতি-পুরুষ—আমা হৈতে হয়ে। প্রপঞ্চ যে কিছু দেখ— দব আমি হইয়ে॥ প্রালয়ের অবশিষ্ঠ—আমি পূর্ণ হইয়ে। প্রপঞ্চ-প্রকৃতি পায় আমাতেই লয়ে॥"

(খ্লা। ২০। অবয়। অব্যাদি:১।১।২০ শ্লোকে ডাইবা।

৯১-৯৩ পয়ারের প্রমাণ এই শ্লোক।

৯৪। **অহমেব অহমেব** ইত্যাদি—"অহমেবাদমেবাগ্রে" ইত্যাদি শ্লোকে "অহম্'-শক্টী তিন বার বলা হইমাছে। তিন বার না বলিয়া একবার বলিলেও শ্লোকের অর্থ বুঝা ঘাইত; তথাপি তিন বার উল্লেখ করার

শ্রীবিগ্রাহ যে না মানে, নিরাকার মানে। তারে তিরস্করিবারে কৈল নির্দ্ধারণে॥ ৯৫ এই সব শব্দে হয়—্জ্ঞান-বিজ্ঞান-বিবেক। ু মায়াকার্য্যে মায়া হৈতে আমি ব্যতিরেক॥ ৯৬

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

হেতু এই যে, বারবার তিনবার উ.ল্লথ করিয়া বিশেষরূপে নির্দ্ধাণিত করিয়া দিলেন—যে ষড়ৈখর্য্যপূর্ণ নিত্য মূর্ত্ত খ্যান-স্থান্দর-বিগ্রাহে ব্রহ্মাকে উপদেশ করিতেছিলেন, সেই শ্রীবিগ্রাহ-রূপেই তিনি অনাদিকাল হইতে—স্টের পূর্ব্ব হইতেও বর্ত্তমান আছেন। পূর্বৈশ্বর্য্য-শ্রীবিগ্রাহ-স্থিতির নির্দ্ধার—পূর্বেশ্বর্য্য দাকার-বিগ্রাহেই যে তিনি অনাদিকাল হইতে নিত্য বর্ত্তমান, তাহা নির্দ্ধারণ করার নিমিত্ত।

৯৫। **শ্রীবিগ্রাহ যে না মানে**— খাঁহার। পর-ব্রহ্মের সচ্চিদানন্দ-বিগ্রাহ (মর্থাৎ নিভ্য সাকার স্বরূপ)
স্বীকার করেন না।

নিরাকার মানে—যাঁহারা বলেন পরত্রন্ধ নিরাকার।

ভারে ইত্যাদি—তাঁহাদিগের মতের ভ্রাস্তি দেখাইবার নিমিত্ত তিনবার অহং-শব্দের উল্লেখ করিয়া দৃঢ়তার সহিত বলিলেন যে, পরব্রহ্ম সাকার, নিরাকার নহেন।

ভিরক্ষরিবারে—তিরস্কার (ভর্ণ দনা) করিবার নিমিত্ত; ভ্রম দেখাইবার নিমিত্ত।

৯৬। এইসব শব্দে—পূর্বোক্ত "অহ্নেবাদ্যবার্তো" এবং নিমোক্ত "ঝতেহ্র্থং" ইত্যাদি শ্লোকের শব্দ-দন্হে পূর্ব্ব-শ্লোকে অন্ধীমূথে এবং পরের শ্লোকে ব্যক্তিরেকী-মূথে ভগবৎ-স্বরূপের কথা বলা ইইয়াছে। স্ক্রেরাং জ্ঞান-বিবেকের নিমিত্ত উভয় শ্লোকই গ্রহণীয়। কেহ কেহ বলেন, "এই দব শব্দ" এহলে কেবল "ঝতেহর্থং" শ্লোকের শব্দ-দম্হকেই ব্রাইতেছে; কিন্তু ইহা দমীচীন বলিয়া মনে হয় না। কোন কোন গ্রহে "এই শ্লোক বংং" এরূপ গাঠ আছে; এহলে, এই শ্লোকে যদি "অহ্মেবাদ্যেবার্তো" শ্লোককেই ব্রায়, তাহা হইলে "কহে" অর্থ—''অন্মীমূথে কহে"; এবং যদি "ঝতেহর্থং" শ্লোককেই ব্রায়, তাহা হইলে "কহে" অর্থ "ব্যভিরেকী-মূথে কহে" ব্রিতে হইবে। "এই দব শব্দে" পাঠই পরিদ্ধার অর্থজোতক। জ্ঞান—ভগবতত্ত্ব-জ্ঞান। বিজ্ঞান—ভগবত্ব-স্বরূপের দাক্ষাৎ-অন্তভ্তি। বিবেক—যথার্থ জ্ঞান। জ্ঞান-বিজ্ঞান-বিবেক—ভগবতত্ত্ব-জ্ঞানের এবং ভগবৎ-স্বরূপের দাক্ষাৎ অন্তভ্তির ষ্থার্থ জ্ঞান। এইসব শব্দে ইত্যাদি—কির্পে ভগবতত্ত্ব জ্ঞানের এবং ভগবৎ-স্বরূপের দাক্ষাৎ অন্তভ্তির ব্যাহ্র জ্ঞান জন্মিতে পারে, তাহা "অহ্মেবাদ্যেবার্তো" এবং "ঝতেহ্র্থং" শ্লোকে বলা হইয়াছে। মায়ার প্রভাবেই জীব নিজের স্বরূপ ভূলিয়া ইহয়াছে এবং ভগবতত্ত্ব-জ্ঞান হারাইয়াছে, ভগবদমূভ্তি ইইতেও বঞ্চিত হইয়াছে। স্ক্রাং মায়ার অতীত হইতে পারিলেই আবার তত্ত্ব-জ্ঞানাদির যথাহ্থ-জ্ঞানদি তাহার চিত্তে স্ক্রিত হইতে পারে। এথন, এই মায়ার স্বরূপ কি, তাহাও এই "ঝতেহ্র্যং" শ্লোকে বলা হইয়াছে।

মায়াকার্য্য—মায়া এবং কার্যা। মায়া এবং মায়ার কার্য্যস্বরূপ জগৎ প্রপঞ্চ। ভগবানের বহিরঙ্গা-শক্তির নামই মারা। এই বহিরঙ্গা মায়াশক্তির ক্রিয়াতেই প্রকৃতি হইতে জগৎ-প্রপঞ্চ রচিত হইয়াছে।

একটা দৃষ্টাস্তদ্বারা বহিরঙ্গা শক্তিটা বুঝিবার চেষ্টা করা যাউক। জেলখানার অধ্যক্ষ যিনি, তিনি জেলখানায় রাজার শক্তিই পরিচালিত করিতেছেন; স্থতরাং তিনিও রাজার শক্তি। আর জেলখানায় তিনি রাজারই কাজ করিতেছেন বলিয়া, তিনিও রাজার অংশই; কিন্তু তিনি রাজার বহিরঙ্গা-শক্তি এবং বহিরঙ্গ অংশ; কারণ, তিনি দর্বাদাই রাজ-প্রাদাদের বাহিরেই থাকেন, রাজা হইতে দূরেই থাকেন, কোনও সময়েই রাজ-প্রাদাদে রাজার নিকটবর্তী হইতে পারেন না। মায়াও তদ্ধপ ভগবানের বহিরঙ্গা-শক্তি এবং বহিরঙ্গ অংশ; মায়া কথনও শ্রীভগবানের দক্ষ্থবিত্তিনী হইতে পারেন না। আবার বহিরঙ্গ অংশ হইলেও রাজার অন্তিত্বের উপরই যেমন জেলাধ্যক্ষের অন্তিত্ব করে, তদ্ধপ ভগবানের অন্তিত্বের উপরেই মায়ার অন্তিত্ব নির্ভর করে। স্থতরাং রাজা হইতেই যেমন

থৈছে সূর্য্যাভাসস্থানে ভাসয়ে আভাস। | সূর্য্য বিনু স্বতন্ত্র তার না হয় প্রকাশ ॥ ৯৭

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

জেলাধ্যক, ডেমনি প্রীভগবান্ হইতেই মায়া। তথাপি জেলাধ্যক যেমন রাজা নহেন, রাজা যেমন জেলাধ্যক হইতে পুণক বন্ধ, ওদ্রূপ মায়াও ভগবান নহে, ভগবান মায়া হইতে পুথক বস্ত।

মায়ার ছইটা বৃত্তি। জীবমায়া ও গুণমায়া। জীবমায়াংশে মায়া স্পষ্টির গৌণ নিমিত্তকারণ এবং গুণমায়াংশে স্ষ্টির গৌণ-উপাদানকারণ। ত্রিগুণাত্মিকা প্রকৃতিই গুণমায়া।

আমা হৈতে—ভগবান্ হইতে। মায়া ভগবানের শক্তি বলিয়া এবং ভগবান্ দ্বকিরণ-কারণ বলিয়া ভগবান ২ইতে মায়ার অভিব্যক্তি; অবশু ইহাও অনাদিকালেই হইয়াছে। আর ভগবানের শক্তিতেই প্রকৃতি হইতে এই জগৎ-প্রপঞ্চ রচিত হইয়!ছে। স্থতরাং মায়া এবং মায়ার কার্য্য-স্বরূপ জগৎ উভয়ই শ্রীভগবান হইতেই উৎপর। "জনাপ্রস্থ যতঃ॥"

আমি ব্যতিরেক— সামি (ভগবান্) দিল। মায়া এবং জগৎ শ্রীভগবান্ হইতে উৎপল হইলেও শীভগৰান্ মায়া এবং জগং হইতে স্বতন্ত্ৰস্থাক্ বস্তা। মায়া বা প্ৰকৃতি জড়রূপা, জগৎও জড়-মিশ্রিত এবং বহিরসা মায়াশক্রিপার। কবলিত। শ্রীভগবান্ কিন্তু জড়বিরোধী স্বপ্রকাশ চিনায় বস্তু এবং মায়ার অভীত, মায়ার অধীশ্বর। জগতের উংণতি আছে, বিকার আছে, বিনাশ আছে; ভগবানের উৎপত্তিও নাই, বিকারও নাই, বিনাশও নাই---ভিনি নিতা। এদমস্ত কারণেই শ্রীভগবান্ মায়া ও মায়ার কার্য্য জগৎ হইতে পৃথক্ বস্তা। এই পয়ারার্দ্ধে মায়ার স্কণা বলিতেছেন। এই পয়ার 'ঋতেহর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি' অংশের অর্থ।

৯ । এই পয়ারে মায়া ও ভগবানের সম্বন্ধ, একটা দৃষ্টান্তদারা আরও পরিষ্কার রূপে বুঝাইয়াছেন।

থৈছে—গেমন, যেরূপ। **সূর্য্যাভাস**—সূর্য্যের আভাদ (প্রতিচ্ছবি)। বাহির হইতে সূর্য্যরশ্মি প্রতিফলিত ২ইয়া অন্দলার গৃহমধ্যে দর্পণাদি কোনও স্বচ্ছ বস্ততে পতিত হইলে, ঐ দর্পণাদিতে স্থরোর যে প্রতিচ্ছবি পড়ে, তাংটি স্বেয়র আভাষ। ইহা শ্লোকের "ঘণাভাষ" অংশের "আভাষ" শব্দের মর্থ। সূর্য্যাভাসস্থানে—যে স্থানে (দর্শণ।দিতে) সূর্য্যের প্রতিচ্ছবি (আভাস) উৎপন্ন হয়, সেই স্থানে। ভাসম্যে—দীপ্তি পায়; দৃষ্ট হয়। আভাস-জ্যোতি; কিরণ। সূর্য্যবিমু-স্থ্য না থাকিলে। তার-স্থ্যাভাদেন; স্থ্যের প্রতিচ্ছবির। এই প্রতিচ্চনি (না আভাস) সুর্য্যের অন্তিত্বের উপরই নির্ভর করে। সূর্য্য না থাকিলে সুর্য্যের প্রতিচ্ছনি উৎপন্ন ইইঙে পারে না। ভদ্ধপ ভগবান না থাকিলেও মায়া থাকিতে পারে না।

স্থোর প্রতিচ্চবির হুইটী বিভাব বা অবস্থা আছে। চকিত দৃষ্টিতে প্রতিচ্চবিটী উজ্জল চাক্চিকাময় দেখায়; এই অবস্থাটাকেই "ঋতেহর্থং" শ্লোকের শেষ পদে "আভাদ" বলা হইয়াছে। এই আভাদের প্রতি অপলক দৃষ্টিতে চাহিয়া ণাকিশে, জামে যেন উজ্জ্বলতা ও চাক্চিক্য বৃদ্ধি পাইতেছে বলিয়া মনে হয়; আরও চাহিয়া থাকিলে মনে হয় যেন ঐ প্রতিজ্বিটাণে নানা বর্ণ খেলা করিতেছে; আরও চাহিয়া থাকিতে থাকিতে প্রতিজ্বির কিরণ-চ্ছটায় দৃষ্টি-শক্তি যেন প্রতিহত হট্যা যায়, তথন সনে হয় যেন, ঐ দমন্ত বিবিধ বর্ণ একত্রিত হট্যা (বর্ণশাবল্য প্রাপ্ত হট্যা) অন্ধকারের স্ষ্টি করিয়াছে; তপন প্রতিচ্ছবিটী আর উজ্জ্ব দেখায় না—অন্ধকারময় দেখায়। প্রতিচ্ছবির এই অবস্থাটীকেই "ৰাভেহৰ্থং" শ্লোকের শেষ পাদে "তমঃ" বলা হইয়াছে। প্রতিচ্ছবির উজ্জ্ব চাকচিক্যময় "আভাদ"কে মায়ার জীব-মায়াণ্য অংশের সঙ্গে এবং বর্ণ-শাবল্যজ্বনিত অন্ধকারময় বিভাবকে গুণমায়াখ্য অংশের সঙ্গে তুলনা করা ইইয়াছে। তুলনা ছট্টা এতি থুন্দর। জীব, ভগবানের কিরণ-কণ-স্থানীয় (সূর্য্যাংশু-কিরণ থৈছে ;) আভামও সূর্য্যের কিরণ-কাত। কাব, পড়-বিবর্জিত শুদ্ধ-চিম্মম্বরূপ (অণুচৈত্ত্য); আর আভাষও তমোবিবর্জিত উজ্জল-চাক্চিক্যময়। আবার, প্রাভিচ্চবির বর্ণ-শাবল্যজনিত অন্ধকারময়-বিভাব—উজ্জ্বতাহীন, চাক্চিক্যবর্জ্জিত; গুণমায়াও স্বপ্রকাশ- মায়াতীত হৈলে হয় আমার অনুভব।

এই সম্বন্ধতত্ত্ব কহিল, শুন আর সব॥ ৯৮

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

চিদংশবর্জিত, শুদ্ধ-জড়; ইহাও সন্ধু, রজঃ ও তম এই তিন গুণের শাবল্যজনত, এই তিন গুণের একত্রীকরণে সাম্যাবস্থা। প্রতিচ্ছবির প্রতি অপলক-দৃষ্টিতে চাহিয়া থাকিলে যেমন তাহাতে বছবিদ বর্ণ গেলা করিতেছে বলিয়া মনে হয়, মায়ার প্রতি অভিনিবেশয়ুক হইলেও মায়করস্ত্রতে অনেক বিচিত্রতা আছে বলিয়া মনে হয়, দেই বিচিত্রতা বেশ উপভোগযোগ্য বলিয়াও মনে হয়। অভিনিবেশয়য়ী দৃষ্টির ফলে যে সময়ে প্রতিচ্ছবিতে নানা বর্ণের বিবিদ গেলা পরিলক্ষিত হয়, দেই সময়ে যেমন তাহার আদি উজ্জন চাক্চিকায়য় খেতবর্ণটী আর দৃষ্ট হয় না, মায়িক বস্ত্রতে অভিনিবেশয় ফলেও জীব ঐ মায়িকবস্তরতে উপভোগযোগ্য নানাবিদ বৈচিত্রাই অমুভব এবং উপভোগ করিয়া থাকে, দেহাদির স্থা-সাচ্ছল্যে মত্ত থাকে, দেহাদির অস্তরালে তাহার গুক চিয়য় স্বরূপকে আর উপলব্ধি করিতে পারে না। আবার প্রতিচ্ছবির কিরণচ্ছটায় দর্শকের দৃষ্টিশক্তি প্রতিহত হইলেই যেমন বাস্তবিক-উজ্জন-চাক্চিকায়য় আভাসকেই তেজাইন মন্ধকারময় বলিয়া মনে হয়, তথন ঐ মন্ধকারময় বিভাবকেই দর্শক যেমন প্রতিচ্ছবি বলিয়া মনে করে, তজ্রপ মায়ার আবিরকা শক্তিতে জীবের দিব্যজ্ঞান আছেয় হইলেই স্বপ্রকাশ-চিদংশশ্রু গুদ্ধজড় দেহকেই জীব তাহার স্বরূপ বলিয়া মনে করে; 'অস্তা আবিরকা শক্তি মহামায়েখিলেখরী। যয়া মুয়ং জগং দর্মর দেহাভিমানিনঃ। নারদ পঞ্চরাত্রে প্রতিগি-সংবাদে॥' প্রতিচ্ছবির প্রতি গাঢ়তম অভিনিবেশয়য়ী দৃষ্টির ফলেই প্রতিচ্ছবির এই অন্ধকারময় বিভাবের অন্থতব এবং তজ্জন্য প্রতিচ্ছবির আদি-সমুজ্লল-চাক্চিক্যয়য় গুদ্ধ খেতবর্ণের উপলব্ধির অভ্যান এবং দেই অভিমানে মায়িক বস্ততে গাঢ়তম অভিনিবেশের ফলেই জীবের স্বরূপের বিস্মৃতি এবং দেহাদিতে আত্মাভিমান এবং সেই অভিমানে মায়িক জগতের ফলীক-বৈত্রীয় আস্বাদন-প্রযাদ।

দর্শক যতকণ প্রতিচ্ছবির উত্তবস্থান অন্ধকারগৃহে আবন্ধ থাকিবে, ততক্ষণই সে—কথনও নানা বিচিত্র বর্ণের থেলা, কথনও বা অন্ধকারসম বিভাব দেখিতে পাইবে, কিন্তু উদ্ধান-চাক্চিক্যমন্ত আভাস দেখিতে পাইবে না (কারণ, তাহা প্রথম সময়েব চকিত-দৃষ্টিতেই লক্ষিত হইতে পারে, দৃষ্টির অভিনিবেশে তাহা অন্তর্হিত হয়), প্রতিচ্ছবির মূল হেতৃ বাহিরের স্থাও দেখিতে পাইবে না। মায়ামুন্ধ জীবের দশাও তদ্ধণ। জীব অনাদি কাল হইতেই মায়িক জগতে অভিনিবেশ-যুক্ত; অনাদিকাল হইতেই মায়িক বস্তর বৈচিত্রী অন্থত করিয়া আদিতেছে, তাহা উপভোগ করিতেছে। যতক্ষণ তাহার এই অবস্থা গাকিবে, যতক্ষণ মায়িক-সংসারে জীব আবন্ধ গাকিবে, ততক্ষণ তাহার ভাগ্যে প্রমান্ত মূল-হেতৃ ভগবানের অন্থতব ঘটিয়া উঠিবে না। প্রতিচ্ছবি-দর্শক ঘর হইতে বাহির হইয়া আদিলেই যেমন বাহিরের স্থা দেখিতে পায়, স্থায় করিবে সমস্ত জগৎ উদ্বাদিত হইয়া আছে দেখিতে পায়—জীবও তেমনি যদি মায়ামুক্ত হইতে পারে, মায়ার গৃহ হইতে বাহির হইতে পারে, দেহাদিতে আত্মাভিমান ত্যাগ করিতে পারে, তাহা হইলেই ভগবত্তব উপলব্ধি করিতে পারে, ভগবানের সাক্ষাৎ-অন্থতব লাভ কবিতে পারে। তবে যে প্রতিচ্ছবিদর্শক ঘরে আবন্ধ হইয়া আছে, সে যেমন অকরের সাহায্য ব্যতীত—বিনি বাহিরে আদিয়া স্থা দেখিয়াহেন, এমন একজন লোকের সাহায্য ব্যতীত, বাহিরের স্থার সংবাদও পাইতে পারেনা, বাহিরেও আদিতে পারেনা, তদ্ধণ, যে জীব মায়িক সংগারে মুগ্ধ হইয়া আছে, সেও—খাঁহার ভগবদমুভূতি জনিয়াছে, এমন কোনও সহাপুক্ষের কুপা ব্যতীত ভগবহিররে জ্ঞান লাভ করিতে পারে না, মায়ার বন্ধন হইতেও মুক্ত হইতে পারে না। পরবর্তী পয়রে একথাই বলিতেছেন।

৯৮। মায়াভীত হইলে ইত্যাদি—মায়াকে অতিক্রম করিতে পারিলেই ভগবানের অন্থভব হইতে পারে, নচেৎ নহে। জীব নিজের শক্তিতে মায়াকে অতিক্রম করিতে পারে না। "দৈবীত্বো গুণগরী মন মায়া হরত্যয়া।" বিনি শ্রীভগবানের শরণাপার হন, ভগবান্ রূপা করিয়া তাঁহাকেই মায়া হইতে উদ্ধার করেন—অপর কেই মায়া অতিক্রম করিতে পারেনা। "মামেব যে প্রপন্তত্তে মায়ামেতাং তরস্তিতে।" শ্রীভগবানের শরণাপার ইইতে ইইলেও কোনও

তগাহি (ভাঃ ২।৯।৩৩) ঋতেহর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। ত্রিস্তাদাত্মনো সায়াং ষ্থা ভাসো ষ্থা ত্রমঃ॥ ২১

অভিধেয় সাধনভক্তির শুনহ বিচার। সর্বব-জন-দেশ-কাল-দশাতে ব্যাপ্তি যার॥ ৯৯

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

মহাপুরুষের রুপাশাভ করিয়া শাস্ত্রবিহিত উপায়ে ভজন করিতে হইবে। ভজন ব্যতীত মায়িক বস্তুতে আদক্তিরূপ অনর্থের নিবৃত্তি হইতে পারে না।

এই সম্বন্ধ-ভত্ত্ব কহিল—চতুঃশ্লোকীর প্রথম ছই শ্লোকের অর্থ-স্বরূপ উল্লিখিত পরার সমূহে, সম্বন্ধ-ভত্ত্বের বিষয়

শুন আরু সব—অক্তবিষয় (অভিধেয়-তত্ত্ব প্রয়োলন-তত্ত্বের বিষয়) এখন শুন। এই বলিয়া নিম তিন পয়ারে, "এডাবদেব" ইত্যাদি শ্লোকের অর্থ্রপে অভিধেয়-তত্ত্বের কথা বলিতেছেন।

শো। ২১। অবয়। অবয়াদি ১।১।২৪ শ্লোকে দ্রপ্তব্য।

'অমুনাদের বিবৃতি :---

পর্ম প্র্যার্থভূত (অর্থাৎ সত্যবস্তু) আমা ব্যতিরেকে যাহার প্রতীতি হয়, আমার প্রতীতি হইলে যাহার প্রতীতি হয়নার, তাহাকেই আমার মায়া বলিয়া জানিবে। এই মায়ার স্বরপ—আভাস ও অন্ধকার তুল্য; আভাসয়ানীয়া মায়ার নাম জীবমায়া, এবং অন্ধকার-স্থানীয়া মায়ার নাম গুণমায়া। জোভির্বিষের স্বায় প্রকাশ হইতে ব্যবহিত প্রদেশে কথকিং উচ্ছলিত প্রতিচ্চবির নাম আভাস। উহা যেমন জ্যোভির্বিষের বাহিরেই প্রকাশ পায়, জ্যোভির্বিপ বাতীত উহার প্রতীতির অভাব হয়, তদ্ধপ জীবমায়া আমার বাহ্রেই প্রকাশ পায়, এবং আমা ব্যতীত উহার প্রতীতির অভাব হয়। এইরূপ অন্ধকার যেমন জ্যোভিঃ-প্রকাশের অক্তন্র প্রতীত হয় এবং জ্যোভির্বিশিষ্ট চক্ষ্ ব্যতিরেকে তাহার স্বতঃ প্রতীতি হয় না, তদ্ধপ গুণমায়া আমা হইতে অক্তন্ত্র প্রতীত হয়, এবং মদাশ্র ব্যতীত তাহার স্বতঃ প্রতীতি হয় না। ২১

৯৭-৯৮ পয়ারের প্রমাণ এই শ্লোক।

৯৯। শ্রীমন্মহাপ্রভু প্রকাশানন্দকে বলিতেছেন—"এখন অভিধেয়রূপ দাধন-ভক্তি-সম্বন্ধে বিচার শুন।"

অভিশেয় সাধন-ভক্তি— সভিধেয়স্বরূপ-সাধনভক্তি; চতুঃষষ্টি-সঙ্গ সাধনভক্তিই জীবের অভিধেয়। এই সাধন-ভক্তিই কিরূপে জীবের অভিধেয় হইল, কর্মাযোগ-জ্ঞানাদিই বা কেন অভিধেয় হইতে পারে না, সেই সম্বন্ধে বিচার শুনিগার নিমিত্ত বলিলেন—"শুনহ বিচার।" সেই বিচারটী কি ? কর্ম্ম-যোগাদি অভিধেয় না হইয়া ভক্তিই অভিধেয় হওয়ার হেতু-নির্দ্ধারণই বিচার। সেই হেতুটির কথাই পয়ারের দ্বিতীয়ার্দ্ধে বলিতেছেন।

সর্ব্যক্তন ইত্যাদি—ইহাই সাধন-ভক্তির অভিধের হওয়ার স্থবিচারিত হেতু। জন, দেশ, কাল ও দশা এই চারিটা শক্ষের সংগ্রহ "দর্ব্ব" শব্দের অন্বয়। সর্ব্বজনে, দর্ব্বদেশে, সর্ব্বকালে এবং দর্বদিশাতেই সাধন-ভক্তির ব্যাপ্তি আছে, কর্মা-যোগাদির দর্ব্বদেশ-কালাদিতে ব্যাপ্তি নাই; এজন্তই সাধন-ভক্তিই জীবের অভিধেয়, কর্মাযোগাদি অভিধেয় নাঠে।

সর্ববৈদ্যন— জন্ পাতু হইতে জন-শন্ধ নিষ্পন্ন; জন-পাতুর অর্থ জননে। তাহা হইলে, যাহার জন্ম আছে, তাহাই জন; জন-শন্দে জাবমাত্রকেই বুঝায়, কেবল মানুষ নয়—পশু, পক্ষী, কীট, পতঙ্গ, তরু, গুলা প্রভৃতি স্থাবর-জঙ্গমাত্মক শমগু জীবই জনশন্দ্বাচ্য। এজন্তই বলা হইয়াছে—সর্বজন। পশু হউক, পক্ষী হউক, তৃণ হউক, গুলা হউক, মানুষ হউক, বালক হউক, পুরুষ হউক কি ক্লীব হউক, যে কেহই

ি ২৫শ পরিচেন্ডদ

थर्म्मामिविषरः रेयर्ছ এ-ठाति विठात ।

সাধনভক্তি এই-চারি-বিচারের পার॥ ১০০

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

হউক না কেন, ীব হইলেই তাহার উপর সাধন-ভক্তির ব্যাপ্তি আছে, অর্থাৎ দাধন-ভক্তিতে তাহার স্বরূপগত অধিকার আছে। যেহেতু, জীবমাত্রই ক্লেডুরু নিত্যদাস। সাধন-ভক্তির অনুষ্ঠানে পাত্রের অপেক্ষা নাই।

সর্বদেশে — সকলম্বানে; তীর্থ-শ্বান হউক কি অন্য কোনও শ্বান হউক, নদীতীর হউক বা পতর্বতগুহা হউক, গৃহ হউক বা বন হউক, জল হউক বা হল হউক, পবিত্র শ্বান হউক বা অপবিত্র স্থান হউক, শাশান হউক কি দেবালয় হউক, যে কোনও স্থানই হউক না কেন, সকল স্থানেই সাধন-ভক্তির ব্যাপ্তি আছে; অগাৎ সকল স্থানেই সাধন-ভক্তির অনুষ্ঠান করা যায়। সাধন-ভক্তির অনুষ্ঠানে স্থানের অপেক্ষা নাই।

সর্বালে—দকল সময়ে; কাল শুদ্ধ থাকুক কি অশুদ্ধ ধাকুক, বংগরের মধ্যে যে কোনও ঋতুতে বা যে কোনও মাদে, মাদের মধ্যে যে কোনও পক্ষে বা যে কোনও তিথিতে, বা যে কোনও দিনে, দিনের মধ্যে যে কোনও সময়ে—দিবাভাগেই হউক কি রাত্রিকালেই হউক, প্রাতঃকালেই হউক কি সন্ধ্যাকালেই হউক কি বা মধ্যাহেই হউক, যে কোনও সময়েই—দাধন-ভক্তির ব্যাপ্তি আছে; অর্থাৎ যে কোনও সময়েই সাধন ভক্তির অনুষ্ঠান করা যায়; সাধন-ভক্তির অনুষ্ঠানে সময়েই অপ্রেটনে সময়ের অপ্রেটন নাই।

সর্বদেশাতে—দকল অবস্থায়; বাল্যাবস্থায় হউক, যৌবনাবস্থায় হউক, কি বুদ্ধাবস্থায় হউক, ধনী হউক কি দরিদ্র হউক, পণ্ডিত হউক কি মূর্য হউক, রোগী হউক কি স্বস্থ হউক, পতিত হউক কি অপতিত হউক, মূক হউক কি বিধির হউক, অন্ধ হউক কি থঞ্জ হউক, পাপী হউক কি পুণ্যাত্মা হউক, দাসত্তই করুক বা প্রভুত্বই করুক, শুচি হউক কি অশুচি হউক—জীব যে কোনও অবস্থাতেই থাকুক না কেন, সকল অবহাতেই সাধন-ভক্তির ব্যাপ্তি আছে, অর্থাৎ সকল অবস্থায় থাকিয়াই সাধন-ভক্তির অনুষ্ঠান করিতে পারে। সাধন-ভক্তির অনুষ্ঠানে অবস্থার অপেক্ষা নাই।

১০০। ধর্মাদি বিষয়ে—ধর্ম মর্থ এন্থলে স্বধর্ম বা বর্ণাশ্রম-ধর্ম বা কর্মমার্গ। ধর্মাদি অর্থ কর্মমার্গ, যোগমার্গ, জ্ঞানমার্গ ইন্ড্যাদি সাধন-পর্য। কেহ কেহ বলেন, এন্থলে ধর্মাদি অর্থ—ধর্ম-অর্থ-কাম-মোক্ষ; কিন্তু ইহা সঙ্গত মনে হয় না; কারণ, এন্থলে অভিধেয় (বা কর্ত্তব্য) অর্থাৎ সাধনের কথাই বলা হইতেছে; কর্ম-যোগ জ্ঞানাদিই সাধন; ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—সাধন নহে, কাহারও কাহারও পক্ষে—সাধ্য মাত্র।

এ চারি বিচার—জন, দেশ, কাল ও দশা, এই চারি-বিষয়ের বিচার। কর্ম্ম-যোগ-জ্ঞানাদিতে দেশ-কাল-পাত্র-দশাদির অপেক্ষা আছে; সকল জীব কর্ম্মযোগাদির অধিকারী নহে; যাহাদের অধিকার আছে, তাহারাও সকল সময়ে বা সকল স্থানে বা সকল অবস্থায় কর্মযোগাদির অনুষ্ঠান করিতে পারে না—শাস্ত্রের নিষেধ আছে। ষেমন, কর্মমার্গ বা বর্ণাশ্রম-ধর্ম—ইহা সকল জীব অনুষ্ঠান করিতে পারেনা—বেবল মানুষই পারে; মানুষের মধ্যেও সকলে নয়, যাহার। বর্ণাশ্রমের গণ্ডীর মধ্যে আছে, সেই ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূল এই চারিবর্ণই স্বধর্মাচরণের অধিকারী; তাহাও সকল কর্মের অনুষ্ঠানে সকল বর্ণের সমান অধিকার নাই; স্ত্রীলোকেরও সকল অধিকার নাই। ইহাতে দেখা যায়, স্বধর্মাচরণে পাত্রের (জনের) অপেক্ষাও আছে। দেশের বা স্থানের অপেক্ষাও আছে—অপবিত্র স্থানে যজ্ঞাদি অনুষ্ঠিত হইতে পারে না। সময়ের অপেক্ষা আছে—সকল তিথিতে বর্ণাশ্রমোচিত বৈদিক-সন্ধ্যাদি অনুষ্ঠেয় নহে। দশার অপেক্ষা আছে—জনন-মরণাশৌচে. কি ক্যাবস্থায়, কি শরীরে ক্ষতাদি গাকিলে কর্ম্ম-মার্ণের অনুষ্ঠান হইতে পারে না।

যোগদার্গে বা জ্ঞানমার্গেও কর্ম্মার্গের স্থায় দেশ-কাল-পাত্র-অবস্থার অপেক্ষা আছে। সকল জীব যোগমার্গ বা জ্ঞানমার্গের অধিকারী নহে। কোনও কোনও জীবের জন্য যোগমার্গ বা জ্ঞানমার্গে শাস্ত্রে নিষিদ্ধ আছে। শাস্ত্র ধাঁহাকে অধিকার দিয়াছেন, তিনি আবার সকল স্থানে, সকল অবস্থায় যোগ বা জ্ঞানমার্গের অনুষ্ঠান করিতে পারেন না, শাস্ত্রে নিষেধ আছে।

সর্ববেদেশে কালে দশায় জনের কর্ত্তব্য—। ৩রুপাশে সেই ভক্তি প্রফীব্য শ্রোতব্য ॥ ১০১

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

সাধন-ভক্তি এই চারি বিচারের পার-কর্ম-যোগ-জ্ঞানাদিতে দেশকালাদি চারি বিষয়ের অপেক্ষা আছে, কিন্তু ভক্তি-মার্গে দেশ-কালাদির কোনও অপেকাই নাই। যে কোনও জীব, যে কোনও স্থানে, যে কোনও সময়ে যে কোনও অবস্থায় সাধন-ভক্তির অনুষ্ঠান করিতে পারে—এ বিষয়ে শাস্ত্রে কোনও নিষেধ নাই, বরং বিধি আছে। তাই দাধন-ভক্তি দার্ব্বজনীন, দার্ব্বভৌমিক, দার্ব্বকালিক এবং দর্ব্বাবস্থিক; এইজন্ত দাধন-ভক্তিই জীবমাত্রের अिंदिभा, कर्पा-त्यांशानि नट्ह।

জীবমাত্রেই প্রীভগবানের দাস। "দাসোভূতো হরেরিব নাগ্তস্তৈব কদাচন।" স্থতরাং জীবমাত্রেরই ভগবৎ-দেবার অদিকার আছে; কেবল অধিকার থাকা **নহে**—ভগবৎদেবা জীবমাত্রেরই কর্ত্তব্য; যেহেতু, ইহা জীবের অগ্নি-নির্বাপকর যেমন জলের স্বরূপগত ধর্মা, ভগবৎ-দেবাও তদ্ধপ জীবের স্বরূপগত ধর্ম—ইহা ব্যতীত জীবের ক্ষা-দাসত্বই দিল্ধ হয় না—ত্মতরাং জীবের জীবত্বই দিদ্ধ হয় না। কর্ম-বৈগুণ্যে মায়াবদ্ধ জীবের এই কৃষ্ণ-দাসত্ব প্রচন্তর হইয়া আছে; প্রচন্তর থাকিলেও সকল জীবেরই কৃষ্ণদাসত্ত-বিকাশের সমান অধিকার থাকিবে— কারণ, অরাশতঃ কৃষ্ণনাদরতে দকলেই দমান। এই স্বরূপ-বিকাশের নিমিন্ত, জীবের রুষ্ণ-দাদত্বের জ্ঞানস্ফুরণের নিমিন্ত, যাহা করা দরকার, তাহাতে জীবমাত্রের সমান অধিকার থাকিবে।

যে গাধনে জীবমাত্রেরই সমান অধিকার নাই, তাহা জীবের অভিধেয় হইতে পারে না; যে সাধন সার্বজনীন, তাহাই জীবের অভিধেয়। আবার জীব যে কোনও সময়ে, যে কোনও স্থানে, যে কোনও অবস্থায় থাকিতে পারে— পাকিতে পারে, কেন, আছেই। বিভিন্ন জীব বিভিন্ন স্থানে, বিভিন্ন অবস্থায় আছে। জীবমাত্রেরই যথন ভগবদ্ভজন কর্ত্তব্য, তথন যে সাধন-প্রায় দেশ-কাল এবং অবস্থার বিচার আছে, তাহা জীবের সার্ব্বজনীন ভজনপ্রা হইতে পারে না, প্রত্যাৎ তাহা জীবের দার্বজনীন অভিধেয়ও হইতে পারেনা। আবার—সময়ের যত রক্ষ অবস্থা আছে—নানা মাগ আছে, নানা ঋতু আছে, নানা তিথি আছে, গুদ্ধকাল অগুদ্ধকাল আছে, ইত্যাদি যত রকমের সময়ের অবস্থা আছে—তাগদের প্রত্যেক অবস্থার ভিতর দিয়াই জীবকে যাইতে হয়; এমতাবস্থায় ভগবানের নিত্য দাস জীবের পক্ষে । খন ভগবদ্ভজনের নিত্যন্ত শাস্ত্রে বিহিত আছে, তথন দময়ের দকল অবস্থাতেই তাহার ভজন করা কর্ত্তব্য, তিথি-নক্ষ্যাদির অপেক্ষা রাখিলে তাহার চলিবে না। স্কুতরাং যে সাধন-পন্থায় সময়ের (তিথি-আদির) অপেক্ষা আছে, তাহাও জীবের দাধারণ দার্বজনীন ভজন-পন্থা হইতে পারে না। দাধন-ভক্তিতে দময়ের অপেশা নাই, স্কুতরাৎ সাধন-ভক্তিই জীবের সর্ব্ধ সাময়িক অভিধেয়।

এ সমস্ত আলোচনা হইতে বুঝা গেল, কর্মধোগ-জ্ঞান-আদি সাধনমার্গে দেশ-কাল-পাত্র-দশার অপেক্ষা আছে বিশিয়া কর্মা-গোগাদি সর্ব্বজীবের দকল দময়ে দকল অবস্থায় অভিধেয় হইতে পারে না। বাস্তবিক যে দাধন দার্ব্বজনীন নছে, গার্দ্ধভৌমিক নহে, দকল দময়ে এবং দকল অবস্থায় অনুষ্ঠেয় নহে, তাহা জীবমাত্রের অভিধেয়-মধ্যে পরিগণিত হইতে পারে না। ভক্তিমার্গের দাধন যে কোনও জীব, যে কোনও স্থানে, যে কোনও সময়ে এবং যে কোনও অবস্থায় অমুষ্ঠান করিতে পারে। এজন্তই দাধন-ভক্তিই একমাত্র দার্ব্বজনীন ও দার্ব্বভৌমিক অভিধেয়। দাধন-ভক্তির পক্ষে পাতাপাল-বিচার নাই, স্থানাস্থানের বিচার নাই, সময়-অসময়ের বিচার নাই, ভাল-মন্দ পবিত্র অপবিত্র অবস্থার বিচার নাই—এই খণেই সাধন-ভক্তি একমাত্র অভিধেয়। ইহা "এতাবদেব" শ্লোকের "সর্ববিত্র সর্ববিদা" অংশের অর্থ।

১০১ | সর্বাদেশে কালে ইত্যাদি—দকল স্থানে, দকল দময়ে, দকল অবস্থায়. দকল জীবের পক্ষেই সাধন-ভক্তির অন্তর্ভান করা কর্ত্তব্য ; যেহেতু, ইহা জীবের স্বরূপগত-ধর্ম-শ্রীক্লফদেবা-প্রাপ্তির একমাত্র দাধন।

কর্ম্বব্য—করা উচিত ; দর্বদেশে, দর্বকালে এবং দর্ববেস্থায় দাধন-ভক্তির অনুষ্ঠান না করিলে যে জীবের প্রত্যবায় আছে, "কর্ত্তব্য" শব্দদারা তাহাই স্থচিত হইতেছে। বিধি—অর্থেই "কর্ত্তব্য" শব্দের প্রয়োগ হয়।

তথাহি (ভাঃ ২।৯।৩৫)—
এতাবদেব জিজ্ঞাস্তং তত্বজিজ্ঞাস্থনাত্মনঃ।
সময়বংতিরেকাভ্যাং বং স্থাং দর্বত্র দর্বদা॥ ২২
আমাতে যে প্রীতি—সেই প্রেম 'প্রয়োজন'।
কার্য্যদারে কহি তার 'স্বরূপলক্ষণ'॥ ১০২
পঞ্চতুত যৈছে ভূতের ভিতর-বাহিরে।

ভক্তগণে স্ফুরি আমি বাহিরে-অন্তরে ॥ ১০৩ তথাহি (ভাঃ ২৷৯৷৩৪)— বথা সহান্তি ভূতানি ভূতেমুচ্চাবচেম্বর । প্রবিষ্টান্তপ্রবিষ্টানি তথা তেমু নতেম্বহন্ ॥ ২০ ভক্ত আমা প্রেমে বান্ধিয়াছে হৃদয়ভিতরে । বাহাঁ নেত্র পড়ে তাহাঁ দেখয়ে আমারে ॥ ১০৪

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

প্রাষ্ট্রব্য -- জিজ্ঞাসিতব্য। জিজ্ঞাসা করিতে হয়।.

শ্রেতিব্য—শুনিতে হয়; শুনা উচিত।

প্রক্রপানো ইত্যাদি—বেই দাধন-ভক্তি দর্ব্বণা জীবের কর্ত্তব্য, তাহার বিষয় শ্রীগুরুদেবের নিকট জিজ্ঞাদা করা এবং শ্রবণ করা উচিত। ইহা নিমোক্ত "এতাবদেব"-শ্লোকের প্রথম পংক্তির অর্থ। এই পর্য্যন্ত অভিধেয়-তত্ত্বের কথা বলিলেন।

্লো। ২২ । অন্থয়। অন্থয়াদি ১০১।২৬ শ্লোকে দ্ৰপ্তব্য।

৯৯-১০১ পয়ারের প্রমাণ এই শ্লোক।

১০২। এক্ষণে প্রয়োজন-তত্ত্বের কথা বলিতেছেন।

আমাতে যে প্রীতি—শ্রীভগবানে প্রীতির নামই প্রেম। ঘাহার প্রতি প্রীতি থাকে, দকলেই তাহার স্থাধের নিমিত্ত চেষ্টা করিয়া থাকে; এই স্থাধের চেষ্টা দ্বারাই প্রীতি বা প্রেম বুঝা যায়। এজন্তই বলা হইয়াছে—"ক্ষেণ্ডিয়ে-প্রীতি ইচ্ছা ধরে প্রেম নাম।" প্রেম প্রয়োজন—প্রেমই প্রয়োজন-তত্ত্ব। প্রয়োজন—দরকার; আবশুক। প্রেমই জীবের দরকার, আবশুক; এজন্ত প্রেমকে প্রয়োজন-তত্ত্ব বলে। ২।২৫৮৭ প্য়ারের টীকা দ্বিইব্য। কার্যস্থারের ইত্যাদি —নিম্পয়ার-সমূহে প্রেমের ক্রিয়ার উল্লেখ করিয়া প্রেমের স্বরূপ-লক্ষণ বলিতেছেন। তার—প্রেমের।

১০০। প্রেমের স্বরূপ বলিতেছেন। প্রশৃত্ত — ক্ষিতি, অপ্. তেজঃ, মরুৎ, ব্যোম। ভূতের — জীবের।
ভিতরে-বাহিরে — জীবের দেহ পঞ্চততে গঠিত; দেহের মধ্যে যে বায়, জল-আদি আছে, তাহাও পঞ্চতে গঠিত।
জীবের শরীরের বাহিরে চারিদিকে যে সমন্ত বস্ত দেখা যায়, তৎসমন্তও পঞ্চততে গঠিত। স্কুতরাং জীবের ভিতরে বাহিরেই পঞ্চত। ভক্তগণে—প্রেমিক ভক্তগণ-সম্বন্ধে। শ্রু রি—স্ফুরিত হই। আমি—ভগবান্।
বাহিরে অন্তরে—প্রেমিক ভক্তের অন্তরে (চিত্তে) এবং বাহিরে (তাহার দেহের বহির্দেশে)। ক্ষিত্যপ্তেজ—আদি পঞ্চত যেমন সমন্ত জীবেরই ভিতরে ও বাহিরে বিরাজিত, দেইরূপ শ্রভিগবান্ও প্রেমবান্ ভক্তগণের ভিতরে ও বাহিরে যে দিকে চাহেন, দেই দি কই কৃষ্ণ দেখিতে পায়েন, নয়ন মুদিলেও স্থান্য কৃষ্ণকৈ দেখিতে পায়েন। পর-প্যারে ইহাই আরও স্কুম্পেইভাবে ব্যক্ত করিতেছেন।

ক্রো। ২৩। অব্রয়। অব্যাদি ১০১২৫ শ্লোকে দ্রষ্ঠব্য।

১০৩ পয়ারের প্রমাণ এই শ্লোক।

১০৪। খ্রেমিক-ভক্ত ভিতরে ও বাহিরে কিরূপে কৃষ্ণ দেখেন, তাহাই বলিভেছেন।

ভিতরে দেখার হেতু—ভক্ত প্রেমদারা শ্রীভগবান্কে স্বীয়-হৃদয়ে বন্ধন করিয়াছেন। তাই ভক্ত নিজ হৃদয়ে দর্বাদ। শ্রীকৃষ্ণকৈ দেখিতে পান, অঞ্জব করিতে পারেন। ফিন্তু স্বতন্ত ভগবান্কে জীব কিরপে বন্ধন করিতে সমর্থ হয় ? ভগবান্ স্বতন্ত হইলেও তিনি ভক্তের অধীন—"অহং ভক্ত-পরাধীনঃ।" রনিকশেখর শ্রীকৃষ্ণ ভক্তের নির্মাণ-প্রেমরস-আস্বাদনের নিমিত্ত ভক্তের প্রেম-ডোরে নিজেই আবদ্ধ হন, ইহা তাঁহার স্বভাব। আর হলাদিনী-শক্তির বিলাস-বিশেষরূপে প্রেমও স্বতন্ত ভগবান্কে প্রীতি-ডোরে বন্ধন করিতে সমর্থ—ইহাও প্রেমের স্বরূপগত ধর্মা। প্রেমের

তথাহি (ভাঃ ১১।২:৫৫)— বিস্তৃঞ্জি হৃদয়ং ন যস্ত সাক্ষা-গ্ধরিরবশাভিহিতোহপ্যথোঘনাশঃ।

প্রণয়রশনয়া ধৃতাঙ্ঘিপদ্মঃ দ ভবতি ভাগবত-প্রধান উক্তঃ॥ ২৪

গ্লোকের সংস্কৃত টীকা।

উক্তদমন্তলক্ষণদারমাহ বিশ্বজ্ঞীতি। হরিবেব স্বায়ং দাক্ষাৎ যক্ত হৃদয়ং ন বিশ্বজ্ঞি মুঞ্জি। কথস্তুতঃ পূ অবশেনাপাভিহিতমাজোহপি অঘৌঘং নাশয়তি য়ঃ দঃ। তৎ কিং ন বিশ্বজ্ঞি ? যতঃ প্রণয়রশন্যা ধৃতং হৃদয়ে নিবদ্ধম্ অজিন্পদাং শন্ত দ ভাগবতপ্রধান উক্তাভ্বতি। স্বামী। ২৪।

গৌর-কুপা=তরঙ্গিণা টীকা।

ধর্মাই এইরেল যে "আপনি নাচয়ে প্রেম, ভক্তেরে নাচায়। কু.ফরে নাচায়, তিনে নাচে এক ঠাঁয়ে॥ তা১৮।১৭॥" এই খোমের বনীভূত হওয়া শ্রীকৃষ্ণের স্বভাব বলিয়াই "ভক্তের হৃদয়ে ক্ষেত্রে সতত বিশ্রাম। ১৷১৷০০॥" তাই তিনি বলিয়াছেন—"গাধুনাং হৃদয়স্ত্রম্—আমিই সাধুদিপের হৃদয়। শ্রীভা, ১৷৪৷৬৮॥"

প্রেমের বন্ধন স্বীকার করায়, শ্রীক্কষ্ণের স্বতন্ত্রতার হানি হয় না; কারণ, প্রেম হ্লাদিনী-শক্তিরই বিলাদ-বিশেষ; হলাদিনী-শক্তিও শ্রীক্কষ্ণের নিজেরই শক্তি; নিজের ইচ্ছায় নিজের শক্তির ক্রিয়ায় নিজে আবদ্ধ হইলে স্বতন্ত্রতার হানি হইতে পারে না।

খাঁহা নেত্র পড়ে ইত্যাদি—বাহিরে কিরূপে ভক্ত শ্রীক্বঞ্চকে দেখেন, তাহা বলিতেছেন। ভগবদ্গতচিত্ত ভক্ত গে দিকে নয়ন ফিরান, সেই দিকেই ক্ষেকেই দেখিতে পান, অন্ত কিছু দেখিতে পান না। ভক্ত "স্থাবর জঙ্গম দেশে না:দেখে তার মৃত্তি। সর্বাত্র হয় তার ইষ্টদেব স্ফুত্তি॥ ২।৮।২২৭ ॥"—স্থাবর-জঙ্গমাদি বস্তুর প্রতি দৃষ্টি করিলেও ভক্ত স্থাবর-জঞ্পনের, রূপ দেখিতে পায়েন না-স্ক্তিই নিজের ইষ্ট শ্রীকৃষ্ণকেই দেখিতে পায়েন। ইহা কিরূপে সম্ভব হয় ? ইং। অগন্তণ নং । ইন্দ্রিয়ের অন্তিত্ব এবং ইন্দ্রিয়গ্রাহ্নস্ততে তত্তৎ-ইন্দ্রিয়ের বিনিয়োগই বস্তর স্বরূপ উপলব্ধির একমাত্র হেতু নহে—গ্র সঙ্গে মনঃদংযোগের প্রয়োজন। আমার চক্ষু থাকিতে পারে, দক্ষুথস্থ গোলাপ-ফুলটীর প্রতি আমি দৃষ্টিও করিতে পারি, কিন্তু তথাপি হয়ত ফুলটী আমি দেখিব না, যদি তৎপ্রতি আমার মনোযোগ না থাকে। ক্লঞ্চ-ভজের চিত্ত শ্রীক্ষেই দর্বতোভাবে নিবিষ্ট, ভজের মন কৃষ্ণ ব্যতীত অহা কিছুই জানে না—মদহাতে ন জানন্তি॥ শ্রীষা, না৪,৬৮॥—তাই স্থাবর-জঙ্গনের প্রতি দৃষ্টি করিলেও দৃষ্টবস্তর প্রতি মনোযোগ নাথাকার তাঁহারা স্থাবর-জঙ্গনের রূপ দেখিতে পায়েন না। প্রিয়বস্তুর প্রতি মনের সম্যক্ অভিনিবেশ থাকিলে, তাহার অসাক্ষাতেও, সময় সময় আমাদের চকুর দাক্ষাতে যেন তাহার রূপের একটা ছায়া ভাদিয়া বেড়ায় বলিয়া মনে হয়, তাহার কণ্ঠস্বর যেন কানে গুনা যায় ব্যায়া মনে হয়; এদব গাঢ় চিন্তারই ফল। আমাদের চিন্তনীয় প্রিয়বস্ত যদি দর্বশক্তিমান্ ইইত এবং আমাদিগকেও প্রীতি করার নিমিত্ত উৎকণ্টিত হইত, তাহা হইলে যথনই আমরা তাহাকে দেখিবার নিমিত্ত উৎকণ্টিত হইওাম তথনই স্ব-স্কলে আদিয়া আমাদের চকুর দাক্ষাতে উপস্থিত হইত; কিন্তু প্রাক্তত প্রিয়বস্ততে ইহা অদস্তব। ভক্তের প্রিয়ত্ত। বস্তু শ্রীকৃষ্ণ সর্ব্বজ্ঞ, সর্বশক্তিমান্, ভক্তবৎদল এবং দর্বগ। তিনি যেমন ভক্তের হৃদয়, আবার ভক্তও তাঁথার ধুনায় (সাধবো ফ্দয়ং মহুং আভা, ৯।৪।৬৮॥); ভক্ত যেমন তাঁহাকে ব্যতীত আর কিছুই জানেন না, ভিনিও ভক্ত প্রতী ৩ আর কিছু জানেন না (নাহং তেভাো মনাগপি)—ভক্তকে স্থী করার জন্ত এতই তাঁহার করণা এবং আগ্রহ। ভাই ভক্ত যপন একাগ্রচিত্তে তাঁহার বিষয় চিন্তা করিতে থাকেন, তথনই তিনি তাঁহার সাক্ষাতে আত্মপ্রকট করিয়া থাকেন—তিনি তো দর্বত্রই আছেন, যেহেতু তিনি দর্ব্বগ; তাই যে দিকেই ভক্ত নয়ন ফিরায়, সেই দিকেই ঙিনি স্বরূপ প্রকাশ করিয়া ভক্তকে কুতার্থ করেন— এজগুই ভক্ত "স্থাবর-জন্ম দেখে না দেখে তার মৃত্তি। সর্ববিত্র इम्र निक देहेरभन च्यू कि ॥"

ইহাই প্রেমের কার্য্য ও লক্ষণ।

মো। ২৪। অব্যা। অবশাভিহিতঃ অপি (অবশে অভিহিত হইয়াও, বাঁহার নাম অবশে উচ্চারিত

তথাহি (ভাঃ ১১।২।৪৫)—
সক্তিভূতেষু ষঃ পশ্ভেতগবভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মতেষ ভাগবতোত্মঃ॥ ২৫

তথাহি (ভাঃ ১০।৩০।৪)—
গায়ন্ত্য উচৈচরমুমেব সংহতা
বিচিক্যুকনান্তকবদনাদ্দন্ম।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহিভূতিষু সন্তং পুরুষং বনম্পতীন্॥ ২৬

শ্লোকের সংস্কৃত টীকা।

কিঞ্চ গায়স্ত্য ইতি। বনাদ্বনান্তরং গচ্ছস্ত্যো বিচিক্যুরমৃগয়ন্। উন্মত্তুল্যুত্বনাহ। বনস্পতীন্ পপ্রচ্ছুঃ। ভূতেমন্তরং মধ্যে দন্তং পুরুষং বহিশ্চ দন্তমিতি। স্বামী। ২৬

গৌর-কুপা-ভরঙ্গিণী টীকা।

হইলেও) অংঘীঘনাশঃ (পাণপুঞ্জ বিনষ্ট হয় যন্ধারা তাদৃশ) দাক্ষাৎ (স্বয়ং) হরিঃ (হরি) প্রণয়রশনয়া (প্রোমরজ্জু দারা) ধ্তাজ্ম্মিপাদ্ম (বন্ধ-পাদপদ্ম হইয়া) যস্ত (যাহার) হৃদয়ং (হৃদয়) ন বিস্ফৃতি (পরিত্যাগ করেন না) দঃ (তিনি) ভাগবত-প্রধানঃ (উত্তম ভাগবত) উক্তঃ (কথিত) ভবতি (হ্যেন)।

অসুবাদ। যাঁহার নাম অবশে উচ্চারিত হইলেও তৎক্ষণাৎ পাপপুঞ্জ বিনপ্ত হয়, দেই হরি স্বয়ং প্রেমরজ্জু দ্বারা বন্ধপাদ হইয়া, যাঁহার হৃদয় পরিত্যাগ করেন না, তিনি উত্তম ভাগবত বলিয়া অভিহিত হয়েন। ২৪

অবশাভিহিতঃ—অবশে (যত্নব্যতীত) অভিহিত (আহ্ত বা উচ্চারিত); ষত্নপূর্ব্বক উচ্চারণের কথা তো দ্রে, যত্নব্যতীত—অবশে—এমন কি হেলায়-শ্রদায় বাঁহার নাম উচ্চারিত হইলেও যিনি আহৌঘনাশঃ—অবের (পাপের) ওব (সমূহ), তাহার নাশ হয় বাঁহা হইতে, তাদৃশ। অবশে বাঁহার নাম উচ্চারিত হইলেও সমস্ত পাপরাশি বিনষ্ট হয়, এমন যে পরম-পাবন শ্রীহরি, তিনি বাঁহার হৃদয়ে প্রশার্মানায়া—প্রণয় (প্রেম) রূপ যে রশনা (রজ্জু) তদ্বারা, প্রেমরজ্জু দারা য়ভাজিনুপদ্মঃ—ধৃত (বদ্ধ) অজিনু (চরণ) রূপ পদ্ম বাঁহার, তাদৃশ—বদ্ধ-চরণ-কমল; যে ভক্ত প্রেমরজ্জু দারা তাঁহাকে হৃদয়ে আবদ্ধ করিয়াছেন, প্রেমে বশীভূত হইয়া শ্রীহরি সর্বাদা বাঁহার হৃদয়ে বাদ করেন—স্কতরাং বাঁহার হৃদয় তিনি কথনও ন বিস্কৃত্তি—ত্যাগ করেন না, তিনিই ভাগবতপ্রধানঃ—ভাগবত (ভক্ত) দিগের মধ্যে প্রধান (শ্রেষ্ঠ)। ২০১৭ ১০৬ প্রারের টীকার দ্রেষ্ঠ্ব্য।

ভক্ত যে প্রেমরজ্জুরারা ভগবান্কে স্বীয় হাদয়ে আবদ্ধ করিয়া রাথেন, তাহাই এই শ্লোক হইতে জানা যায়। এইরূপে এই শ্লোক ১০৪ পয়ারের প্রথমার্দ্ধের প্রমাণ।

(মা। ২৫। অবয়। অবয়াদি ২া৮া৫২ শ্লোকে দ্ৰন্তব্য।

১০৪-পয়ারের দ্বিতীয়ার্দ্ধের প্রমাণ এই শ্লোক।

ক্ষো। ২৬। অষয়। সংহতাঃ (সমবেত হইয়া—গোপীগণ) উচ্চঃ (উচ্চঃস্বরে) গায়স্তাঃ (গান করিতে করিতে) বনাৎ বনং (বন হইতে বনাস্তরে গমনপূর্ব্বক) অমুম্ এব (উহাকেই—ঐ শ্রীক্বশ্বকেই) উন্মন্তক্বৎ (উন্মন্তের মত হইয়া) বিচিকুঃ (অবেষণ করিতে লাগিলেন); আকাশবৎ (আকাশের স্তায়) ভূতেয়ু (সর্বভূতের) অস্তরং (অস্তরে) বহিঃ (এবং বাহিরে) [ব্যাপ্য সস্তং] (ব্যাপিয়া অবস্থিত) পুরুষং (শ্রীকৃষ্ণকে—শ্রীকৃষ্ণের বার্ত্তা) বনস্পতীন্ (বৃক্ষ সকলকে—বৃক্ষ সকলের নিকটে) পপ্রচ্ছুঃ (জিজ্ঞাসা করিতে লাগিলেন)।

অমুবাদ। শারদীয়-মহারাদ-উপলক্ষ্যে গোপীগণকে পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণ রাদমগুলী ত্যাগ করিয়া গেলে তাঁহার বিরহ-বিহ্বলা গোপীগণ দমবেত হইয়া উচ্চৈঃস্বরে (শ্রীকৃষ্ণের গুণ) গান করিতে করিতে বন হইতে বনাস্তরে গমনপূর্বক উন্মত্তের স্থায় শ্রীকৃষ্ণকেই অৱেষণ করিতে লাগিলেন এবং আকাশের স্থায় চরাচর দর্বভূতের অস্তরে ও বাহিরে বর্ত্ত্যান দেই পূর্ণ-ব্রন্ধ শ্রীকৃষ্ণের বার্ত্তা বৃক্ষ দকলের নিকট জিজ্ঞাদা করিতে লাগিলেন। ২৬

অতএব ভাগবতে এই তিন কয়—।
সন্ধা, অভিধেয়, প্রয়োজনময় ॥ ১০৫
ভথাহি (ভাঃ ১।২।১১)—
বদম্ভি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্ জ্ঞানমন্বয়ম

ব্রন্ধেতি পরমাত্মেতি ভগবানিতি শব্যুতে॥ ২৭
তথাহি (ভাঃ এবা২০)—
ভগবানেক আদেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ।
আত্মেছামুগভাবাত্মা নানামত্যুপলক্ষণঃ॥ ২৮

শ্লোকের সংস্কৃত ঢীকা।

তত্ত স্ষ্টিলীলাং বর্ণয়িতুং ততঃ পূর্ব্বাবস্থানাহ। ইদং বিশ্বন্ অগ্রে স্থেই পূর্ব্বং প্রমাত্মা ভগবান্ এক এবাস আগাং। আত্মনাং জীবানাম্ আত্মা স্বরূপম্। বিভূঃ স্বামী চ। নান্তদ্ দ্রষ্ট্ দৃগ্রাত্মকম্ কিঞ্চিদাসীং। কারণাত্মনা সত্তেংশি পৃথক্ প্রতীত্যভাবাদিত্যাহ অনানামত্যুপলক্ষণঃ। নানা দ্রষ্ট্ দৃগ্যাদিসভিভির্নোপলক্ষ্যতে ইভি তথা। যদ্মা অকারপ্রশোধং বিনৈবায়মর্থঃ। যঃ স্থেষ্ঠী নানামতিভিক্রপলক্ষ্যতে স তদা এক এবাসীদিভি। কুতঃ ? আত্মেছা যা মায়া তথা অনুগতে লয়ে সভি। যরা আত্মন একাকিত্বেনাবস্থানেছায়ামনুর্ভায়াম্ইভার্থঃ। স্বামী। ২৮

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

শ্রীকৃষ্ণ যে সর্বভূতের অন্তরে ও বাহিরে বিভ্নমান, তাহারই প্রমাণ এই শ্লোক। ১০০ পয়ারের প্রমাণ এই শ্লোক।

১০৫। অতএব—শ্রীমদ্ভাগবতের ভিত্তিস্বরূপ (বীজ-স্বরূপ) চতুঃশ্লোকীতে দস্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনভবের বিষয় বর্ণিত আছে বলিয়া। ভাগবতে এই তিন কয়—চতুঃশ্লোকীর বিবৃতি-স্বরূপ শ্রীমদ্ভাগবতেও ঐ তিনটা বিষয়ই আলোচিত হইয়াছে। সম্বন্ধ, অভিধেয় ইত্যাদি—তাই শ্রীমদ্ভাগবত দস্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনমায়। ভাগবতের কোনও স্থানে দস্বন্ধ-তত্ত্ব, কোনও স্থানে প্রয়োজন-তত্ত্ব, কোনও স্থানে অভিধেয়-তত্ত্ব আলোচিত হইয়াছে। নিয়ে ভাগবত হইতে কয়েকটা শ্লোক উন্ধৃত করিয়া ইহা প্রমাণ করিতেছেন।

শীমদ্ভাগবতের কয়েকটী শ্লোক উদ্ধৃত করিয়া দেখাইতেছেন, কেবল চতুঃশ্লোকীতেই যে দম্বন্ধদি তিনটী বিশ্বের আলোচনা আছে, তাহা নহে; শ্রীমদ্ভাগবতের দর্ববিই ঐ আলোচনা। তবে শ্রীমদ্ভাগবতে যে অক্যান্ত বিশ্বের আলোচনাও দেখা যায়, তাহা কেবল ঐ তিনটী বিষয়কে দম্যক্রপে পরিস্ফূট করার উদ্দেশ্যে—আরুষঙ্গিক বিশ্বের এবং দৃষ্টান্তাদির উল্লেখ এবং বর্ণনাও করা ইইয়াছে।

(對1 । ২৭ । অস্বয় । অবয় দি ১। ২। ৪ শ্লোকে দ্রপ্তবা ।

চতু: শ্লোকী ব্যতীত শ্রীমদ্ভাগবতের অন্তত্ত্ত যে সম্বন্ধতত্ত্ব বর্ণিত হইয়াছে, এই শ্লোকে তাহাই দেখান হইল। এই শোকে সম্বন্ধ-তত্ত্বের কথাই বলা হইয়াছে।

শো। ২৮। অধ্য়। অগ্র (পূর্বে—স্টির পূর্বে) আত্মেছারগতে (ভগবানের স্ট্রাদির ইচ্ছ। তাঁথাতে লীন হইলে) ইদং (এই) [বিখং] (বিশ্ব—পুরুষাদি পার্থিব পর্যান্ত) ভগবান্ (ভগবান্—ভগবানের শহিত) এক: এব (একই—একীভূত হইয়া) আগ (ছিল); [সঃ] (সেই ভগবান্) আত্মনাং [(শুদ্ধজীবদম্হের) আত্মা (আত্মা-স্করণ) বিভূঃ (এবং প্রভূ), নানামত্যুপলক্ষণঃ (বৈকুঠাদি নানা বৈভবে উপলক্ষিত) আত্মা (এবং বাাপক স্বয়ংসিদ্ধস্করণ)।

অসুবাদ। স্টির পূর্বে স্ট্যাদির ইচ্ছা তাঁহাতে লীন হইলে দেই দময়ে পুরুষাদি-পার্থিব পর্যান্ত এই বিশ্ব ভগবানের দহিত একীভূত ছিল; যেহেতু, তিনি শুরুজীবেরও পর-স্বরূপ, ব্যাপক স্বয়ংদিদ্ধস্বরূপ। তথন বৈকুণ্ঠাদি নানাবৈভবে উপলক্ষিত একমাত্র দেই ভগবান্ই বর্ত্তমান ছিলেন। ২৮

"ইয়ং নৌকা পঞ্চবৃক্ষা: আদীৎ—এই নৌকা পাঁচটী বৃক্ষ ছিল; অর্থাৎ এখন এই যে নৌকাখানা দেখা যাইতেছে, তাহা বা তাহার কান্তাদি পূর্বে (নৌকা প্রস্তুতের পূর্বে) পাঁচটী বৃক্ষের অঙ্গীভূত ছিল—পাঁচটী বৃক্ষের কান্তদারাই এই

তথাহি (ভাঃ ১।০।২৮) এতে চাংশকলাঃ পুংদঃ কৃষ্ণস্ত ভগবান্ স্বথম্। ইক্রারিব্যাকুলং লোকং মৃড্যন্তি যুগে যুগে॥ ২৯

এই ত 'সম্বন্ধ', শুন 'অভিধেয়' ভক্তি। ভাগবতে প্রতিশ্লোকে ব্যাপে যার স্থিতি॥ ১০৬

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

নৌকাথানি প্রস্তুত হইয়াছে; পূর্ব্বে এই নৌকার স্বতন্ত্র অস্তিত্ব ছিল না—বৃক্ষেরই দঙ্গে কাষ্ট্রপে একীভূত হইয়াছিল।"

ঠিক উল্লিখিত নিয়মে আলোচ্য শ্লোকের "ইদং (বিশ্বং) অগ্রে ভগবান্ একঃ এব আদ (আদীং)"—এই বাক্যের অর্থ হইবে এইরূপ: — সৃষ্টি। পূর্বে এই বিশ্ব ভগবানের সহিত একীভূত হইয়। ছিল; এই চরাচর বিশ্বে এখন যাহা কিছু দেখা যায়, বা মতীতে যাহা কিছু ছিল, কিম্বা ভবিষ্যতেও যাহা কিছু হইবে, স্ষ্টির পূর্বের তৎসমস্তের কোনও স্বতন্ত্র অন্তিস্ব ছিলনা, তৎদমস্তই সুক্ষাতিস্কারপে—কারণরপে—দর্ককারণ-কারণ ভগবানের দঙ্গে একীভূত হইয়া ছিল; স্ষ্টির পূর্বে একাকী ভগবান্ই ছিলেন, এই মায়িক-প্রপঞ্চ ছিলনা। তথন কেন সমস্ত মায়িক প্রপঞ্চ ভগবানের সহিত একীভূত হইরা ছিল ? তাহাই বলিতেছেন আ'ব্যোচ্ছানুগতো—আব্যোচ্ছা (ভগবানের স্বষ্টি করিবার ইচ্ছা) তাঁহারই অনু (মধ্যে) গতা বা তাঁহাতেই লান হইলে; স্ষ্টি করিবার নিমিত্ত ভগবানের ইচ্ছা ষ্তক্ষণ থাকে, ভতক্ষণই স্ষ্টি-ক্রিয়া চলিত্র থাকে; কিন্তু দেই ইচ্ছা অন্তর্হিত ইইলেই স্ষ্টিক্রিয়া বন্ধ ইইয়া যায়। স্ষ্টির পূর্ব্বে ভগবানের স্ষ্টি করিবার ইচ্ছা তাঁহার নিজের মধ্যে লীন হইয়াছিল—স্ষ্টি করিবার ইচ্ছা তাঁহার অন্তর্নিহিত হইয়াছিল; তাই সমস্ত জগৎ-প্রপঞ্চ কারণরূপে পরিণত হইয়া ভগবানেই লীন হইয়াছিল। তাঁহাতেই লীন হওয়ার হেতু কি ? হেতু এই য়ে, শ্রীভগবান্ **আত্মনাং** (জীবানাং) আত্মা; সমস্ত জীবের আত্মা তিনি, মূল কারণ, তিনি এবং সমস্ত জীবের বিভুঃ— প্রভূও তিনি, ব্যাপক এবং প্রভূ তিনি; তাই জীবসমূহ সৃষ্টিধ্বংদে ফ্লতমম্বরূপে পরিণত হইলে, তথন মূল কারণ, মূল আশ্রয় এবং মূলব্যাপক শ্রীভগবানেই আশ্রয় গ্রহণ করিল, তাঁহা ব্যতীত অক্ত আশ্রয়ও ছিল না; কারণ, তখন তিনি একঃ এব আসীৎ—একাকীই ছিলেন, অপর কেহ ছিলনা। প্রশ্ন হইতে পারে—তথন ভগবান্ কি কেবল একাকীই ছিলেন ? অন্ত কিছুই কি ছিলনা ? ছিল, তখন জীভগবান্ ছিলেন—নানামত্যুপলক্ষণঃ—নানা (বিবিধ—বহু) মতি দ্বারা (বৈকুণ্ঠাদি নানামতি দ্বারা) উপলক্ষিত; জটাদি দ্বারা উপলক্ষিত সন্ন্যামী বলিলে যেমন বুঝা যায়, সন্মাদীর জটাদি আছে; তদ্রুপ বৈকুণ্ঠাদি নানা বৈভবের দ্বারা উপলক্ষিত ভগবান্ বলিলে বুঝা যায়— ভগবানের বৈকুণ্ঠাদি নানাবৈভব ছিল—বৈকুণ্ঠাদি চিন্ময় ভগবদ্ধাম ছিল, দেই দক্ল ধামে তাঁহার লীলা ছিল, লীলাপরিকর ছিল; চিনার ধানের সমস্তই ছিল, ছিলনা কেবল প্রাক্তত জগং-প্রপঞ্চ। চিনার ধান অসূজ্য—চিনায়ধ্যে নিত্য, শাশ্বত; তাহার উংপত্তি নাই, বিনাশ নাই। তাই প্রাক্কত-প্রপঞ্চের সৃষ্টির পূর্বেও চিমুদ্ধ ধাম এবং তত্তত্য পরিকরাদি ছিল; তৎসমস্তই ভগবানের ষড়ৈখংগ্যেরই পরিণতি; ভগ-শন্দের অর্থ ঐশ্বর্যা; ভগবান্-শন্দের অর্থ ষজৈম্ব্যপূর্ণ স্বরূপ; সৃষ্টির পূর্বের ভগবান্ ছিলেন—একথা বলিলেই বুঝা যায়, তিনি তাঁহার ষড়্বিধ এশ্বর্যোর সহিত —স্ত্রাং তাঁহার ঐশ্বর্যোর দর্কবিধ বিলাদের সহিত্ত-তর্ত্তিগান ছিলেন; ধাস, পরিকর এবং লীলোপকরণাদি তাঁহার ঐশ্বর্যোরই—শক্তিরই—বিলাদ বলিয়া—তাঁহারই ঐশ্বর্য বলিয়া এই সমস্তও যে তথন (সৃষ্টির পূর্ব্বে) বর্ত্তমান ছিল, "তগবান্ একঃ এব আদীৎ"— এই বাঞ্যের অন্তর্গত "ভগবান্"-শব্দ হইতেই তাহা বুঝা যায়; ঐশ্বর্য়াণি না থাকিলে তাঁহাকে ভগবান বলার দার্থকতাই থাকিত না।

ভগবান্ই জগতের একমাত্র মূলকারণ বলিয়া ভগবান্ই যে দম্বলতত্ব, তাহাই এই শ্লোক হইতে জানা যায়। এইরপে ইহা ১০৫-প্রারের প্রমাণ।

রো। ২৯। অন্বয়। অন্বয়দি সং।১৩ শ্লোকে দ্রষ্টব্য।

ইহাও ১০৫-পয়ারের প্রমাণ।

১০৬। **এইত সম্বন্ধ** — শ্রীমদ্ভাগবত হইতে তিনটী শ্লোক উন্ধত করিয়া সম্বন্ধ-তত্ত্বের আলোচনা দেখাইলেন।

তপাহি (ভাঃ ১১।১৪।২১)— ভক্ত্যাহমেকয়া গ্রাহঃ শ্রদ্ধগাত্মা প্রিয়ঃ সতাম্। ভক্তিঃ পুনাতি ময়িষ্ঠা শ্রপাকানপি সম্ভবাৎ॥ ৩০

তথাহি (ভাঃ ১১।১৪।২॰)—
ন সাধ্যতি মাং যোগো ন সাংখ্যং ধর্ম উদ্ধব।
ন সাধ্যায়স্তগস্তাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা॥ ১৩

তথাহি (ভাঃ ১১ ২।৩৭)

তথাহি (ভাঃ ১১ ২।৩৭)

তথাং দিতীয়াভিনিবেশতঃ স্থাদীশাদপেতস্থ বিপর্য্যোহস্মৃতিঃ।
তথায়য়াতো বুধ আভজেত্তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা।। ৩২
এবে শুন প্রেম, যেই মূল প্রয়োজন।
পুলকাশ্রু নৃত্য গীত যাহার লক্ষণ॥ ১০৭

গৌর-কূপা-তরঙ্গিণা-টীকা।

অধ্যা-জ্ঞান-তত্ত্বই যে দক্ষন-তত্ত্—"বদন্তি" ইত্যাদি শ্লোকে তাহা বলিলেন। ঐ শ্লোকে কয়েকটা পূর্ব্বিক্ষ উত্থাপন করিয়া তাহাও থণ্ডন করিয়াছেন। পূর্ব্বিক্ষ এই:—কেহ নির্বিশেষ ব্রহ্মকে, কেহ অন্তর্য্যামী প্রমাত্মাকে এবং কেহ স্বয়ং ভগবান্ ব্রক্ষেন্তন্দনকৈ অব্য় জ্ঞান-তত্ত্ব বা সম্বন্ধতত্ত্ব বলেন। ইহার মধ্যে কোন্ মত ঠিক ?—উত্তর—উপাসনাভেদে এক অব্য়-জ্ঞানতত্ত্বই ব্রহ্ম-প্রমাত্মা-ভগবান্-রূপে প্রতিভাত হয়েন। কিন্তু ভগবান্-ব্রক্ষেন্দনই অধ্যক্ষানতত্ত্বের স্বরূপ (এতে চাংশ শ্লোকে ক্ষণ্ডে ভগবান্ স্বয়ং দ্বারা ইহা প্রতিপন্ন করিলেন)। তিনিই সম্বন্ধতত্ত্ব; কারণ, তিনিই পরমাত্মাদির আত্মা; স্বান্টির পূর্ব্বে তিনিই ছিলেন (ভগবানেক ইত্যাদি শ্লোকে ইহা প্রতিপাদিত করিখেন)।

শুন অভিধেয় ভক্তি—সাধন-ভক্তিই যে অভিধেয়-তত্ত্ব, তাহা শুন। ভাগবতে প্রতিশ্লোকে ইত্যানি— ই.মদ্ভাগবতের প্রতিশ্লোকেই এই সাধনভক্তির ব্যাপ্তি আছে; অর্থাৎ প্রতিশ্লোক পাঠ করিলেই, অথবা প্রতিশ্লোক শ্রাণ করিলেই সাধনভক্তির একটা অঙ্গ অনুষ্ঠিত হয় (ভাগবতদেবা চৌষ্টি অঙ্গ সাধন-ভক্তির অক্তম বলিয়া)।

একণে শ্রীমদ্ভাগবতের শ্লোক উদ্ধৃত করিয়া দেখাইতেছেন, শ্রীমদ্ভাগবতের মতে সাধনভক্তিই অভিধেয়।

নিমের "ভক্তাহং"-শ্লোকে দেখাইলেন, ভক্তিদারাই ভগবান্কে পাওয়া যায়, কর্ম্ম-যোগাদি দারা তাঁহাকে পাওয়া শাম না ("ন সাধ্যতি"-শ্লোকে ইহা দেখাইলেন); "ভক্তাহং"-শ্লোকে আরও দেখাইলেন যে, ভক্তির অনুষ্ঠানে দেশ-কাল-পালাদির বিচার নাই, নীচ খপচও ভক্তির অনুষ্ঠান করিতে পারে; স্কুতরাং ভক্তিমার্গই সার্ম্বজনীন, স্কুতরাং জীবের একমাল অভিধেয়। "ভয়ং দিতীয়াভিনিবেশতঃ" শ্লোকে দেখাইলেন, মায়িক উপাদিকে অঙ্গীকার করাতেই জীবের এই ছ্র্মিশা, এই ছ্র্মিশা হইতে উদ্ধার পাওয়ার নিমিত্ত গুরুদেবের আশ্রয় গ্রহণ পূর্ম্বক ভগবদ্ভজন করা কর্ত্ব্য—সাধন-ভক্তি সকলেরই কর্ত্ব্য।

র্মো। ৩০। অন্বয়। অব্যাদি ২।২০।১৪ শ্লোকে ত্রস্তব্য।

गामन-ভক্তিই যে অভিধেয়, তাহাই এই শ্লোকে বলা হইল।

শো। ৩১। অন্বয়। অন্বয়াদি ১।১৭।৫ শ্লোকে দ্রপ্তব্য।

ভক্তিব্যতীত অন্ত কিছু যে জীবমাত্রের অভিধেয় হইতে পারে না, তাহার প্রমাণ এই শ্লোক।

্লো। ৩২। অন্বয়। অবয়াদি ২।২০।১১ শ্লোকে দ্রস্টব্য।

এই শ্লোকেও সাধনভক্তির অভিধেয়ত্ব প্র∻শিত হইয়াছে।

১০৭। এক্সণে শ্রীমদ্ভাগবত হইতে শ্লোক উদ্ধত করিয়া প্রয়োজনতত্ত্ব প্রেমের বিষয় দেখাইতেছেন।

পুলকাশ্রে ইত্যাদি—পুলক (রোমাঞ্চ), অশ্রু, নৃত্য, গীত প্রভৃতি প্রেমের লক্ষণ, অর্থাৎ যাঁহার চিত্তে প্রেমের উদম হয় এবং প্রেমভরে বিবশ হইয়া তিনি নৃত্যুগীতাদি দিরিয়া থাকেন; নিমের ছইটী শ্লোকে তাহা ব্যক্ত করিতেছেন।

তথাহি (ভাঃ ১১।৩।৩১)—

ন্মরন্তঃ স্মারয়ন্ত*চ মিথোহঘৌঘহরং হরিম্।
ভক্তাা সঞ্জাতয়া ভক্ত্যা বিত্রত্যুৎপুলকাং তরুম্॥ ৩৩

তথাহি (ভাঃ ১১।২।৪০)—
এবংব্রভঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতান্মরাগো দ্রুভচিত্ত উচ্চৈঃ।
হসত্যথো-রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্ন ত্যুতি লোকবাহ্যঃ॥ ৩৪॥

অতএব ভাগবত সূত্রের অর্থরূপ।
নিজকৃত-সূত্রের নিজভাষ্য-স্বরূপ॥ ১০৮
তথাই হরিভক্তিবিলাসে (১০।২৮০)—

গারুড়বচনম্,—

অর্থাহয়ং ব্রহ্মস্ত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ।
গামত্রীভাষ্যরূপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ।। ৩৫
পুরাণানাং সামরূপঃ সাক্ষান্তগবতোদিতঃ।
দ্বাদশস্কর্যুক্তোহয়ং শতবিচ্ছেদসংযুতঃ।
গ্রন্থোহস্তাদশসাহস্রঃ শ্রীসদ্ভাগবতাভিধঃ।। ৩৬

শ্লোকের সংস্কৃত টীকা।

এবং বর্ত্তমানানাং পরমানন্দপ্রাপ্তিমাহ স্মরস্ত ইতি দ্বয়েন। ভক্ত্যা সাধনভক্ত্যা সঞ্জাতয়া প্রেমলক্ষণয়া ভক্ত্যা। স্বামী॥ ৩০।

অয়ং শ্রীভাগবত গ্রন্থ ভারতার্যস্ত বিনির্ণয়ো যত্র। ভাষ্যরূপঃ অর্থস্বরূপঃ। ইতি চক্রবর্তী। ৩৫।

গৌর-কুপা-তর ঙ্গিণী টীকা।

শ্রেমা। ৩৩। অরমা। অঘৌষহরং (পাপরাশিবিনাশক) হরিং (শ্রীহরিকে) শ্বরস্ত বেরিয়া)
মিথ (পরস্পরকে) শ্বারমস্তঃ চ (এবং শ্বরণ করাইয়া) ভক্ত্যা (সাধনভক্তিশ্বারা) সঞ্জাতয়া (সঞ্জাত) ভক্ত্যা (ভক্তিশ্বারা—প্রেমভক্তির প্রভাবে) উৎপূলকাং (রোমাঞ্চিত) তন্তং (কলেবরকে—দেহকে) বিভ্রতি (ধারণ করেন)।

্জারুবাদ। এইরাথ সাধন-ভক্তিপ্রভাবে আবিভূতি প্রেম-ভক্তিদারা পাপ-বিনাশক হরিকে নিজে স্বরণ করিয়া এবং অন্তকে স্বরণ করাইয়া রোমাঞ্চিত কলেবর ধারণ করেন।

শ্লো। ৩৪। অবয়। অবয়ানি ১।৭।৪ শ্লোকে দ্ৰষ্টব্য।

প্রেমের প্রভাবে প্রেমিক ভক্তের মধ্যে কি কি লক্ষণ প্রকাশ পায়, তাহা উক্ত হই শ্লোকে বলা হইল। এইরূপ আরও অনেক শ্লোক ভাগবতে দেখিতে পাওয়া যায়।

১০৮। **অত্তর**—বেদাস্ত-স্থতের যাহা প্রতিপান্ত বিষয়, শ্রীমদ্ভাগবতেরও তাহাই প্রতিপান্ত বিষয় হওয়াতে এবং শ্রীমদ্ভাগবতে তাহা পরিস্ফুটরূপে বিবৃত হওয়াতে—শ্রীমদ্ভাগবতই বেদাস্ত-স্থতের-স্বরূপ।

নিজকুত ইত্যাদি—শ্রীমদ্ভাগবত ব্যাদদেবের লিখিত, বেদাস্তস্ত্ত্রও ব্যাদদেবের লিখিত; স্কুতরাং শ্রীমদ্ভাগবত-গ্রন্থানি, ব্যাদদেবের নিজকুত-বেদাস্তস্ত্ত্রের নিজকুত ভাষ্যতুল্য।

শ্রীমদ্ভাগবত যে বেদান্ত-স্ত্রের ভাষ্য-স্বরূপ, ইহা ভাগবতীয় শ্লোকের অর্থ বিচার করিয়া পূর্ব্বে দেখাইয়াছেন। এক্ষণে শাস্ত্রের প্রমাণ (নিমোদ্ধত শ্লোক) উদ্ধত করিয়াও তাহা দেখাইতেছেন। নিমের শ্লোকে বলা হইয়াছে যে, শ্রীমদ্ভাগবত বেদাস্ত-স্ত্রের অর্থ-স্বরূপ এবং গায়ত্রীর ভাষ্য-স্বরূপ।

ু ক্লো। ৩৫-৩৬। অন্বয়। অয়ং (এই) শ্রীমদ্ভাগবতাভিধঃ (শ্রীমদ্ভাগবত-নামক) প্রন্থঃ (গ্রন্থ) ব্রহ্মস্ত্রাণাং (বেদাস্তস্ত্রদমূহের) অর্থঃ (অর্থ), ভারতার্থ-বিনির্ণয়ঃ (মহাভারতের অর্থ-নির্ণায়ক), গায়ত্রীভাষারূপঃ (গায়ত্রীর ভাষ্যদদৃশ), বেদার্থপরিবৃংহিতঃ (সমগ্রবেদার্থদারা ইহার কলেবর বর্দ্ধিত), পুরাণানাং (পুরাণসমূহের মধ্যে) অসে (ইহা) সামরূপঃ (সামবেদদদৃশ) সাক্ষাৎ ভগবতোদিতঃ (সাক্ষাত্ব ভগবান্ কর্ত্বক কথিত—চতুঃশ্লোকীরূপে);

তথাহি (ভাঃ ১৩ ৪২)— সর্ব্যবেদেভিহাসানাং সারং সারং সমৃদ্ধতম্॥ ৩৭

তথান্ডি (ভাঃ ১২।১৩)১৫)— সর্বাবেদা ওয়ারং হি শ্রীভাগবত্মিয়তে। তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ কচিৎ॥ ৩৮

গায়ত্রীর অর্থে.এই গ্রন্থ-আরম্ভন। 'সত্যংপরং'---সম্বন্ধ, 'ধীমহি'---সুধ্রনপ্রয়োজন॥ ১০৯

গ্লোকের সংস্কৃত টীকা।

তন্ত্ৰম এৰামূতং তেন ভৃপ্তশ্ৰ নিৰ্বু তদ্য। স্বামী। ৩৮।

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

আয়ং (ইহা) দাদশ-দ্ধরুকুঃ (দাদশ-দ্ধরুকু) শতবিচ্ছেদসংযুক্তঃ (শত—তিন শত প্রত্তিশতী—অধ্যায়-সংযুক্ত) আষ্ট্রাদশ-সাহ্যাঃ (এবং অষ্ট্রাদশ-সহস্র শ্লোকযুক্ত)।

ভাসুবাদ। যাহা ব্রহ্ম-সূত্রের অভিধেয় (অর্থসদৃশ), যাহাতে মহাভারতের অর্থ সমস্ত নির্ণীত হইয়াছে, সমুগ্র বেদার্থহারা যাহার কলেবর বর্ষিত, যাহাতে দ্বাদশ্টী হল্প সংযুক্ত, যাহাতে তিন শুত প্রবিশ্বী অধ্যায় বিরাজিত এবং যাহাতে এটাদশ সহস্র শ্লোক আছে, সেই শ্রীমদ্ভাগবত স্বয়ং ভগবান্ কর্তৃক কণিত। ৩৫—১৬

শ্রীমদ্ভাগবত যে বেদান্ত-স্থতের অর্থ বা ভাষ্যসদৃশ, এই ১০৮-পয়ারোক্তির প্রমাণ উক্ত শ্লোক ৷

প্রো। ৩৭। অবয়। অবয় সহজ।

অনুবাদ। বেদব্যাদ সমগ্র বেদ ও ইতিহাদ হইতে দার ভাগ উদ্ধার করিয়া এই শ্রীমদ্ভাগবত প্রণয়ন করেন। ৩৭

শো। ৩৮। অন্ধর। শ্রীভাগবতং হি (শ্রীমদ্ভাগবত) সর্ববেদান্তদারং (সমস্ত বেদান্ত-শাস্ত্রের শারভূত মাণে) ইয়াতে (অভীষ্ট হয়); তদ্রসামৃততৃপ্রস্য (শ্রীমদ্ভাগবত-রসামৃতে পরিতৃপ্রজনের) কচিৎ (কপ্রও) অকল (অকশাস্ত্রাদিতে) রতিঃ (রতি) ন স্যাৎ (হয় না)।

অসুবাদ। শ্রীমদ্ভাগরত সমস্ত বেদান্ত-খাস্ত্রের সারভূত; শ্রীমদ্ভাগরত-রসামৃতে পরিতৃপ্ত-জনের অক্ত শামাদিতে রতির সন্তাবনা নাই। ৩৮

গনেক গ্রন্থে উক্ত ৩৭-৩৮ শ্লোকদ্বর নাই; কিন্তু থাকা সঙ্গত বলিয়া মনে হয়; যেহেতু, পূর্ব্বির্তী ১০৮-পরারে ্মে বেদাস্ত-স্থানে কথা বলা ইইয়াছে, তাহাতে সমস্ত বেদ-ইতিহাসের সারভাগ সঙ্গলিত ইইয়াছে; শ্রীমদ্ভাগবতেও মে সংগনিবেদিতিহাসের সারভাগ সঙ্গলিত ইইয়াছে, তাহাই এই শ্লোকদ্বয়ে দেখান ইইয়াছে। এইরূপে এই শ্লোকদ্বয়ও পূর্ববির্তী ১০৮-প্রারের প্রমাণ।

১০৯। অর্থোহয়ং ব্রহ্মন্ত্রাণামিত্যিদি শ্লোকে বলা হইয়াছে, শ্রীমদ্ভাগ্বতগ্রন্থ গয়াত্রীর ভাষ্যস্বরূপ। এক্ষণে

গামত্রীর অর্থে—গায়ত্রীর ঘাহা অর্থ, শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকেরও তাহাই অর্থ। তাই বলা হইল, গামত্রীর অর্থেড শ্রীমদ্ভাগবতের আরম্ভ।

গাগ্যনীর এর্থ মোটামোটি না জানিলে এই উক্তির মর্ম্ম ব্রা ঘাইবে না।

গায়বীটা এই—ওঁ ভূভূবিঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্মো দেবদা ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ॥

িনি, ভূলোক, ভূবলোক, স্বর্লোকাদি সমস্ত জগৎ-প্রপঞ্চের প্রসবিতা (স্ষ্টি-কর্ত্তা), যিনি আমাদের বুদ্ধির প্রবর্ধ (বিষঃ যো নঃ প্রচোদয়ং) দেই লীলাময় পুরুষের (বেবদ্য) তেজকে (শক্তি, ঐশ্বর্যা ও মাধুর্যাদিকে) ধ্যান কার (দীমতি)— ইহাই হইল গায়ত্রীর সূল মর্ম্ম ।

শ্রীসদ্ভাগবতের প্রাস শ্লোকের মর্মাও তাহাই:—যাহা ২ইতে জগৎ-প্রাপঞ্চের স্ষ্টি-আদি (জন্মাপ্তদ্য যতঃ),
শিনি নুগার হৃদয়ে বেদ প্রকাশ করিয়াছিলেন (অর্থাৎ যিনি ব্রহ্মার বৃদ্ধির প্রবর্ত্তক) স্বীয় তেজোদারা যিনি কুহককে

তথাহি (ভাঃ ১/১/১,২)—
জন্মান্ত্ৰস্যু যতোহ্বয়াদিত্রতশ্চার্থেঘভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হাদা য আদিকবয়ে মুহুপ্তি যং স্কুরয়ঃ।

তেজোবারিমূদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গো মূষা ধায়া স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি॥ ৩৯

গৌর-কুপা তরঙ্গিণা টীকা।

নিরস্ত করেন, দেই দত্যস্বরূপ পর্মপুরুষের (অর্থাৎ তাঁহার তেজের—ঐশ্বর্যের—মাধুর্যাের) ধ্যান করি (দত্যং পরং ধীমহি)—ইহাই হইল প্রথম শ্লোকের স্থুল মর্থা ।

স্কুতরাং গায়ত্রীর ফর্যেই শ্রীমদভাগবতের আরম্ভ।

গায়তা সম্ধানতত্ত্বর কথা বলেন—যিনি জগতের প্রদ্বিতা; শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকও তাহাই বলেন—জন্মান্তদ্য যতঃ। অর্থে সাধারণতঃ মূলের বিশেষ বিবৃতি থাকে; প্রথম শ্লোকেও গায়ত্রী-কথিত সম্ধানতত্ত্বের একটু বিশেষ বিবরণ আছে; তাঁহার স্বরূপ-লক্ষণ ও তটস্থ-লক্ষণের উল্লেখ আছে; স্বরূপ-লক্ষণে তিনি সত্যস্বরূপ (সত্যং); তটস্থ-লক্ষণে তিনি জগতের স্ষ্টে-স্থিতি-প্রলয়কর্ত্তা (জনান্তদ্য যতঃ), সর্ব্বেজ (অভিজ্ঞঃ), স্বতন্ত্র (স্বরাট্), বৃদ্ধির প্রবর্ত্তক, ইত্যাদি। স্বতনাং শ্রীমদ্ভাগবতের আরম্ভই গায়ত্রীর অর্থে। প্রথম শ্লোকে যে কর্মটা বিষয়ের উল্লেখ আছে, গ্রন্থমধ্যে তাহাদেরই বিশেষ বিবৃত্তি আছে। আর গায়ত্রীতে যে সম্বন্ধ-তত্ত্বকে লীলাময়-পূক্ষ (দেশ) বলা হইমাছে, শ্রীমদ্ভাগবতে তাঁহার লীলাদির বিশেষ বিবরণ দিয়া বিবৃত্ত করা হইমাছে যে, বাস্তবিকই তিনি লীলাপুরুষোত্তম; দারকা-মথুরায় তাঁহার ঐশ্বর্য্য-লীলা, বৃন্দাবনে মাধুর্য্যলীলা; রাদাদি লীলাতে—তিনি যে "রদো বৈঃ দঃ"-তাহাও দেখান হইয়াছে। "ধামহি" শব্দুরার গায়ত্রী ও শ্রীমদ্ভাগবতে একই অভিধেয়-তত্ত্বের কথা বলা হইয়াছে; শ্রীমদ্ভাগবতের মধ্যে ইহার বিশেষ বিবৃত্তিও দেওয়া হইয়াছে। স্থতরাং দম্যা শ্রীমদ্ভাগবতকে গায়ত্রীর ভাষ্য স্বরূপই বলা যায়। ভূমিকায় "প্রণবের অর্থ বিকাশ" প্রবন্ধ দুইব্য।

সত্যং পরং—দম্বন্ধ—শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকে যে "দত্যং পরং"—দত্যস্বরূপ পরম-পুরুষের কথা আছে (যাহাকে গায়ত্রীতে "দবিতা" বলা হইয়াছে), তিনিই দম্বন্ধ-তত্ত্ব।

ধীমহি—ধ্যান করি। সাবন ও প্রয়োজন—শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকে (এবং গায়ত্রীতে) যে "ধীমহি"—"ব্যান করি"—এইরূপ উক্তি আছে, তাহাতেই অভিধেয় (সাধন)-তত্ত্বের কথা বলা হইয়াছে এবং এইরূপ ধ্যানের প্রভাবে প্রেমলাভ হইতে পারে বলিয়া ঐ "ধীমহি"-শব্দে প্রয়োজন-তত্ত্বের কথাও ইন্ধিত করা হইয়াছে।

্লো। ৩৯। অবয়। অবয়াদি ২ ৮।৫১ শ্লোকে দ্ৰষ্টব্য।

ুগায়ত্রীর অর্থেই যে শ্রীদদ্ভাগবতের আরম্ভ, তাহা দেখাইবার নিশিত্ত এস্থলে শ্রীদদ্ভাগবতের এই প্রথম শ্লোকটী উদ্ধৃত হইয়াছে।

মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদেও এই শ্লোকটা (হাচা৫১ শ্লোক) উদ্ধৃত হইয়াছে। শ্রীপাদ শ্রীররম্বামী এবং শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তীর টীকার আর্গত্যে দেন্ধলে এই শ্লোকের যে ব্যাখ্যা দেওয়া হইয়াছে, তাহা হইতে জানা যায়—পরম দত্যস্বরূপ শ্রীকৃষ্ণ হইতেই বিশ্বের জন্মাদি দন্তব, তিনিই বৃদ্ধির প্রবর্ত্তক, তাঁহার ধ্যানের কথাই বলা হইয়াছে এবং তাঁহার ধ্যানরূপ দাধনের কলেই প্রয়োজন-তত্ত্ব-প্রেমলাভ হইতে পারে। স্কৃতরাং গায়ত্রীতে যে দম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনের কথা বলা হইয়াছে, এই শ্লোকের উল্লিখিত ব্যাখ্যাতেও দম্বাদি তিনটা তত্ত্বের কথা জানা যায়; কিন্তু গায়িত্রীর "দেব"-শব্দে দেই পরম-দত্য-বস্তর যে লীলার ইন্ধিত দেওয়া হইয়াছে, উল্লিখিত ব্যাখ্যায় দেই লীলা পরিস্ফুট হয় নাই; পরতত্ত্ব-বস্তর ঐশ্বর্য্যের কথাই বরং কিঞ্চিৎ প্রকাশিত হইয়াছে; কিন্তু মাধুর্য্যাত্মিকা লীলা প্রকাশিত হয় নাই। শ্রীপাদ জীবগোস্বামী এবং শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তী এই শ্লোকের লীলাপর অর্থও ব্যক্ত করিয়াছেন। বস্তুতঃ লীলাপর অর্থ ব্যক্ত না হইলে এই শ্লোকে যে গায়ত্রীর অর্থ নিহিত সাছে, তাহা দম্যক্ বৃঝা

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

মাইনে না। মুখ্যতঃ শ্রীপাদ জীবগোস্বামীর টীকার আতুগত্যে এস্থলে শ্লোকের লীলাপর অর্থ প্রকাশের চেষ্টা করা মাইতেতে। লীলাপর অর্থের প্রারম্ভেই শ্রীজীবগোস্বামিপাদ এবং শ্রীপাদ বিশ্বনাপ চক্রবর্ত্তী লিখিয়াছেন—লীলামাহ— লোকে লীলার কথাও বলা হইয়াছে।

শীগীণ বেভাবে মর্থ করিয়াছেন, তাহাতে মনে হয়, লীলাপর অর্থ-প্রকাশ করিতে যাইয়া তিনি শ্লোকটীর এইরূপ

আস্বাঃ। (যস্ত) আত্সায় যতঃ জনা, (তিতঃ যঃ) ইতরতঃ চ অবয়াৎ (অনু-সমাৎ); (যঃ) অর্থেষু অভিজ্ঞঃ, (যঃ) পানাট্, যঃ আদিকবয়ে হাদা ব্রহ্ম তেনে, যৎ স্থারয়ঃ মুহান্তি, যৎ তেজোবারিমূদাং যথা বিনিময়ঃ (ভবতি), যত্র নিমানঃ অমুধা (ভবতি), (তম্) স্বেন ধামা নিরস্তাকুহকং প্রং সৃত্যুং ধীমহি ।

্রীক্রম্য-লীলা-সূচক-অর্থ। যদ্য **আত্তত্ত্য**—থেই আদির। থিনি নিজে অনাদি, নিভা, অণচ দকলের আদি, তাঁহার। কে তিনি ? বস্থদেবের এবং ব্রজেক্তের তনয়ত্বের অভিমানবশতঃ যিনি মথুরা-গারকায় এবং পোন্তে নিতা বিরাজমান, সেই গোবিন্দ। "ঈশ্বরঃ পর্মঃ কুষ্ণঃ সচ্চিনানন্দবিগ্রহঃ। অনাদিরাদি র্গোবিন্দঃ সর্ব্ব-শারণকারণন্। ইতি ব্রহ্মদংহিতা।।" তিনি কোনও এক উদ্দেশ্তে (প্রেমরসনির্যাদ ভক্তের করিতে আস্বাদন। নাগিমার্নের ভক্তি লোকে করিতে প্রচারণ।। এবং আমুষঙ্গিক ভাবে পৃথিবীর ভারভূত কংদাদি-অমুরগণের বিনাশের উদ্দেশ্যে) জগতে আবিভূতি হওয়ার নিমিত্ত **যতঃ**—ধেই মথুরা হইতে, মথুরায় বস্থদেব-গৃহ হইতে জন্ম—ধে আদিগ্রাণ গোবিলের জন্ম, বস্তদেব-গৃহে যে আদিপুরুষ গোবিন্দ জন্মলীলা প্রকটিন্ড করিয়াছেন এবং ততঃ (তত্মাৎ) মঃ—শেই বুহদেব-গৃহ ইইতে যিনি **ইতর্তশ্চ**—ইতরত্র চ, অন্ত স্থানেও, গোকুলে শ্রীব্রজেন্দ্রের গৃহ্ও **অন্তর্যাৎ**— অধুন অগাং (গচ্ছেৎ), অনুগমন করেন (শ্লোকে যতঃ-শব্দ আছে বলিয়া ততঃ-শব্দ আপনা-আপনিই আসিয়া শাঙ্তিতে)। সহগ্রমন-শব্দের তাৎপর্যা এই যে, বস্থদেবের পুত্রত্বের অভিমান হৃদয়ে পোষণ করেন বলিয়া তাঁহার অার্পতেটি গোবিন্দ গোকুলে আদিয়া থাকেন; বস্তদেবই তাঁহাকে স্বীয় ক্রোড়ে স্থাপন করিয়া কংস-কারাগার 👯 ে পোকুলে আনয়ন করেন। ব্রজেক্র-শ্রীনন্দের পুত্রত্বের অভিমানও গোবিন্দের হৃদয়ে জাগ্রত বলিয়া তাঁহার থেট অভিমানও (সেই অভিমানের আরুগত্যও) গোকুলে আগমনের এক হেতু। যাহা হউক, কেন তিনি গোকুলে শাগুদন করেন ? তাহাই বলিতেছেন—তিনি "অর্থেষু অভিজ্ঞঃ" বলিয়া। **অর্থেষু**—উদ্দেগ্য-বিষয়ে; স্বীয় অভীষ্ট ই উলেখ নিদিরে বিষয়ে। কংদ-বঞ্চাদি এবং গোকুলবাদী প্রেমবান্ পরিকর-ভক্তবৃদ্দের সহিত দর্বানন্দ-কদম্ব-কাদ্দ্বিনীরাপা লীলার অনুষ্ঠানাদি বিষয়ে অভিজ্ঞঃ—সম্যক্রপে জ্ঞানবান্; কি উপায় অবলম্বন করিলে তাঁহার শাভিপোত উদ্দেশ্য দিদ্ধ হইতে পারে, তাহা যিনি বিশেষরূপে জানেন, তিনিই অভিজ্ঞ। গোকুলবাদী তাঁহার ি চাণারিকরদের প্রেমরদ-নির্যাদের আস্বাদন এবং দেই আস্বাদনের ব্যপদেশে রাগমার্নের ভক্তি-প্রচারই শ্রীগোবিন্দের এই লক্ষাণ্ডে অবতরণের মুধ্য হেতু। যাহা মুধ্য কাম্য, তাহা লাভ করার প্রয়াসই সর্ববিতা করণীয়। আর, অশাশীশা-প্রকটনের দঙ্গে দঙ্গেই যদি তিনি গোকুলে না আদেন, তাহা হইলে যশোদামাতার বাৎসল্য-রদের সমাক্ ঋষোদনও তাঁহার পক্ষে সম্ভব হয়না এবং গোকুল-বাদীদের প্রেমরস-নির্য্যাসের আস্বাদনরূপ মুখ্য বাদনাও সর্ব্বাত্রে শুর্ব। 🕮 করিতে পারে না; ইহা তিনি বিশেষরূপে জানিতেন; তাই মথুরা হইতে গোকুলে আসেন। আর, ক্ষেন্দারাগারে জন্মলীলা-প্রকটনের অব্যবহিত পরেই গোকুলে আগমন করিলে যে কংমও তাঁহার আবির্ভাবের শুণা তুলন জানিতে পারিবে না এবং তাঁহার জন্মাত্রেই কংস যে তাঁহাকে নিহত করিবার সঙ্কল্প করিয়াছিল, কংগোর থেই সঙ্কল্লও যে ভাহাতে দিন্ধ হইবেনা, স্কুতরাং আবিভাবিমাত্রেই তাঁহার গোকুলে আগমনের দারা কংস্ও ্যে পণিত হটবে, তাহাও তিনি জানিতেন। কিন্তু মুখ্য-ভাবে কংস বঞ্চিত হইয়াছিল—দেবকীর অষ্টম গর্ভজাত পত্মান সমনীয় তাঁহার জ্ঞান-বিষয়ে। ক্লফ্ডকে যশোদার ভবনে রাথিয়া বস্তুদেব যশোদা-মাতার শয্যা হইতে যে

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

ক্সাটীকে তুলিয়া নিয়া কংস-কারাগারে যাইয়া দেবকীর ক্রোড়ে রাথিয়াছিলেন, কংস মনে করিয়াছিল, সেই ক্সাই দেবকীর অটম গর্ভগাত সন্তান; পরে যখন দেই কন্তারিপা মায়ার মুখে সমস্ত বৃত্তান্ত অবগত হইল, তথনই কংস তাহার ভ্রম ব্ঝিতে পারিল। মথুরা হইতে গোকুলে আদিলেই যে এইভাবে কংদকে বঞ্চিত করা দছব হইবে, ভাহাও কৃষ্ণ জানিতেন। তাই তিনি গোকুলে আগমন করিয়াছেন। আরও একটী গূঢ় উদ্দেশ্রও বোধ হয় তাঁহার গোকুলে আ্বার সঙ্কল্লের মধ্যে নিহ্তি রহিয়াছে। সেইটা হইতেছে—প্রকট-লীলার মুগ্যতম উদ্দেশ্য সম্ভোগ, স্থানুর এবং দীর্ঘ প্রবাদব্যতীত যাহা সম্পন্ন হইতে পার্বে ন। কংদাদিকে বধ করার পরে যদি তিনি গোকুলে আদিতেন, তাহা হইলে গোকুল হইতে পুনরায় মথুরায় যাওয়ার প্রয়োজন হইত না, স্তরাং ব্রজস্তুন্দরী-দিগের সহিত মিলনের পরে স্কুদ্র ও দীর্ঘ-প্রবাদের স্থযোগও ঘটিত না এবং তাহাতে অপূর্ব্য-আস্বাদন-চমংকারিতাময় সমৃদ্ধিমান্ সম্ভোগও দম্ভব হইত না। তাহাতে ত্রন্ধাণ্ডে তাঁহার লীলা-প্রকটনের মুগ্যতম উদ্দেশুও,—যাহাতে ব্রজস্থান্ত্রীদিগের প্রেমরণ-নির্য্যাদ আস্বাদনের বাদনার চরমত্য পর্য্যবদান, দেই উদ্দেশ্রই-—দিদ্ধ হইত না। তিনি এসমস্ত বিশেষরূপে জানিতেন বলিয়াই, এসমস্ত বিষয়ে তিনি অভিজ্ঞ বলিয়াই, তিনি জন্মমাত্র মধুরা হইতে গোকুলে আদেন। আর, যঃ স্বরাট্ —িঘিনি স্বরাট্। স্বৈঃ গোকুলবাদিভিরেব রাজতে ইতি স্বরাট্; গোকুলবাদী স্বীয় পরিকর-ভক্তদের দহিত নিত্য-বিরাজিত বলিয়া, তাঁহাদের দহিত লীলাতে নিত্য বিলগিত বলিয়া তাঁহাকে স্বরাট্ বলা হইয়াছে। গোকুলবাদী ভক্তদের দহিত লীলাতে তিনি নিত্য বিল্পিত—একথা বলাতে বুঝা ঘাইতেছে, তিনি তাঁহাদের প্রেমের বশীভূত। যেন্থলে প্রেমবশ্রতা, দেন্থলে ঐশ্বর্যের বিকাশ দন্তব নয়—ইহাই অনুমিত হয়; কিয় তাঁহার প্রেমবগুতাসবেও ধে তাঁহার ঐশ্বর্য অব্যাহত ছিল, তাহা জানাইবার জগুই বলা হইয়াছে—"তেনে ব্ৰহ্ম হাদা যঃ আদিকবয়ে।" যঃ—িযিনি, যে আদি পুরুষ গোবিন্দ আদিকবয়ে—আদিকবি ব্রহ্মাতে, ব্রহ্মাকে বিশ্বাপিত করাইবার নিমিত্ত হাদা—হাবয়দারা, সঙ্কল্পমাত্রেই ব্রহ্ম—পত্যজ্ঞানানস্তানন্দ্যাত্রেক-রপ্যুর্ভিময়ং বৈভবং ভেনে—বিস্তারিতবান্। ব্রহ্মার দাক্ষাতে যিনি এমন একটী অপূর্ব বৈভব বিস্তার করিয়াছিলেন, যাহা ছিল সত্যস্বরূপ (ভেল্কিমাত্র নয়), জ্ঞানস্বরূপ (চিন্নয়, মায়িক নয়; জ্ঞানং চিদেকরূপম্), অনন্ত (মায়িক বস্তার ভায় পরিচ্ছিন্ন নয়,—অপরিচ্ছিন্ন) এবং যাহা ছিল আনন্দমাত্রৈক-রুসমূর্ত্তিময়। ব্রহ্মমোহন-লীলায় শ্রীগোবিন্দের লীলাশক্তির প্রভাবে যে বৈভব প্রকটিত হইয়াছিল, তাহার কথাই এস্থলে বলা হইতে ছ। এই বৈভব প্রকৃটিত হইয়াছিল হই সময়ে; এক সময়ে—যেদিন ব্রহ্মা শ্রীক্লফের এবং তাঁহার স্থাদের বৎসগণকে এবং স্থাগণকেও হরণ করিয়াছিলেন, সেই দিন; আর এক সময়ে—নরমানে এক বৎসর অস্তে। যে দিন ব্রন্ধা বৎদাদি হরণ করিয়া গিরিগুর্হায় লুকাইয়া রাখিয়াছিলেন, দেই দিন শ্রীক্ষের লীলাশক্তি শ্রীক্ষের বিগ্রাহ হুইতে, অপহত সমস্ত বংসের এবং বৎদ-পাল সমস্ত রাখালদিগের রূপ বা মূর্ত্তি প্রকটিত করিয়াছিলেন। এইভাবে প্রকটিত বংদ এবং বংদ-পাল লইয়াই শ্রীকৃষ্ণ গৃহে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। ষে সমস্ত বৎদ এবং বৎদপাল লইয়া দ্রীকৃষ্ণ গোচারণে গিগাছিলেন, উক্তরপে প্রকটিত বৎস-বৎসপালগণ যে তাঁহারা নহেন, ইহা গোকুলবাদিগণও বুঝিতে পারেন নাই। এই বৎস-সমূহের জননী গাভীগণও বৃঝিতে পারেন নাই। এই বৎসগা পরব্রন্ধ শ্রীক্লফেরই প্রকাশ-বিশেষ বলিয়া তাঁহারাও ব্রহ্মই ছিলেন। নরমানে একবৎসর পর্যান্ত এই সমস্ত বৎদ এবং বৎসপালদের লইয়া শ্রীক্বফ গোচারণে গিয়াছেন। বৎসরান্তে ত্রন্ধা ফিরিয়া আদিয়া দেখিলেন, তাঁহার অপছত বৎসপাল এবং বৎসগণ তিনি যেন্থানে রাখিয়া গিয়াছেন, দেস্থানেই আছেন; অণচ তাঁহারা ক্ষেত্র দঙ্গেও আছেন। এই সময়ে শ্রীক্ষের লীলাশক্তি আর এক বৈভব প্রকটিত করিলেন। শ্রীক্ষের দঙ্গে যত বৎস ও বৎসগাল ছিলনে, তাঁহানের প্রত্যেকে এবং তাঁহাদের প্রত্যেক যিষ্ঠি, শৃঙ্গ, বিষাণাদি শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী কিরীট-কুণ্ডল-বনমালাদি শোভিত এক-এক বিষ্ণুরূপে ব্রদ্ধার নিকটে দৃশুমান্ হইলেন। ব্রুমা আরও দেখিলেন—আব্রহ্ম স্তম্বর্ণান্ত স্থাবর-জন্ধম সকলের অধিষ্ঠাতৃগণ নৃত্যুগীতাদি দ্বারা এবং

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

বত্রিদ উপকরণদারা পৃথক্ পৃথক্ ভাবে প্রত্যেক বিষ্ণুরই উপাসনা করিতেছেন; অণিমাদি ঐশ্বর্য, শ্রী-দেবী-আদি শক্তিবর্গ এবং সংদাদি চতুর্বিবংশতি-তত্ত্বের অধিষ্ঠাতৃগণ ঐঁসকল বিষ্ণুকে পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। দেখিয়া এগা এমনভাবে মুগ্ন হটলেন যে, তিনি কিছুই নিশ্চয় করিতে পারিলেন না, এমন কি ঐ শ্রীমূর্ত্তিধকল দর্শন করিতেও অসমর্থ ধ্র্রেন। ্ প্রীক্ষেরেই ক্রণায় তিনি পূর্ণদৃষ্টি লাভ করিয়া শ্রীক্ষেরে স্তবস্তুতি করিতে লাগিলেন। যাহা হ্উক, র্পারি শাকাতে যে সমস্ত রূপ প্রকটিত হইয়াছিলেন, তাঁহারা অলীক মায়িক বস্ত ছিলেন না; তাঁহারা ছিলেন— "গভাজ্ঞানানস্তানন্দমাত্রিকরসমূর্ত্তিয়ঃ। শ্রী, ভা, ১০।১০।৫৪॥"—পত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনস্ত, আনন্দমাত্রেক-রসমূর্ত্তি প্রবাজ শীক্ষেক্রই প্রকাশ-বিশেষ—িয়নি এক হইয়াও বহু রূপে প্রতিভাত হন, "একোহপি মন্যো বহুধাবভাতি" এবং দিনি বছ্স্ত্তিতেই একম্তি, "বহুস্র্ত্তোকস্ত্তিকন্", তাঁহারই বিভিন্নপের অভিব্যক্তি, স্কুরাং নিত্য, সত্য, সচ্চিদানন্দ আৰং পরিচ্ছিন্নবং প্রতীয়্গান ইইলেও স্বরূপতঃ ব্রহ্ম (অপরিচ্ছিন্ন)। যিনি সঙ্কল্পাত্রে আদিক্বি ব্রহ্মার সাক্ষাতে উল্লিখিত উভয়বিগ বৈভবর্রপ ব্রহ্মকে প্রকটিত করিয়াছিলেন (সেই সত্যং পরং দীমহি)। যৎ—যতঃ তথাবিধ-লৌকিকালৌকিক-শমুটিত-লীলাংহতোঃ; তাদৃশ লৌকিকত্বের ও অলৌকিকত্বের উপযোগিনী লীলাক্রণ হেতু হইতে; ব্রজের বৎদ-চারণ রূপ শে পৌ কি কা কালার (নরলীলার) মধ্যে প্রকটিত অলোকিকা (এখর্য্যময়ী) ব্রহ্মমোইন-লীলাতে; অথবা, গোকুলবাদীদের সহিত যে যে লৌকিকী লীলাতে এবং ব্রহ্মমোহনরূপ অলৌকিকী লীলাতে স্থুরয়ঃ—ভক্তগণ **মুহ্যন্তি**—প্রেমাতিশয়ের আনিভাবহেড়ু বৈবশুপ্রাপ্ত হন। লৌকিকী বৎস-চারণ-লীলাতে প্রকটিত অলৌকিকী ব্রহ্মদোহন-লীলাতে শ্রীক্নঞ্চের দেং হট্ত প্রকাশিত বংদ ও বংদপালগণকে পাইয়া গাভীগণ এবং ব্রজমায়ীগণ প্রেমাতিশয়ের অভ্যুদয়ে অভিভূত হুটু॥ পড়িয়াছিলেন। এই সমস্ত বৎসগণের প্রতি গাভীগণ যের ব বাৎদল্য প্রকাশ করিয়াছিলেন, তৎপূর্বের স্বস্থ-বৎসগণের খাতি তাঁথুদের বাংসল্যের তদ্রপ অভিব্যক্তি দৃষ্ট হয় নাই এবং ব্রজমায়ীগণও তৎপূর্বের স্বস্থ-পুত্রগণের প্রতি তদ্রপ নাৎমগ্য প্রকাশ করেন নাই। তাঁহাদের অজ্ঞাতদারে হইলেও শ্রীক্ষ্যকে তাঁহাদের সন্তানক্রণে পাইয়া তাঁহাদের নাৎশল্য-র্ম-সমূদ্র যেন সর্ব্বাতিশারী রূপে উচ্ছুদিত হইয়া উঠিয়াছিল এবং তদ্ধারা তাঁহারা দকলেই প্রেম-বিবশতা খাধ ২ইমাছিলেন। এতদ্বাতীত, গোকুলবাদীদিগের সহিত শ্রীক্ষয়ের স্বাভাবিকী লৌকিকী লীলাতেও তিনি এবং ঙাগার পরিকর-ভক্তবৃন্দ প্রেমাতিশয়ের আবির্ভাবে প্রেম-বৈবশ্য প্রাপ্ত ২ইতেন। যাহা হউক, পরবর্ত্তী বাক্যের সঙ্গেও লোকস্ত "বং" শব্দের অন্বয় আছে। **যৎ**—যত এব; যাদৃশী লীলা হইতে বা যাদৃশী লীলাতে **ভেজোবারিমুদ**াং— েজঃ, বারি (জল) ও মৃত্তিকার **যথা**—যথাবং বিনিময়ঃ—বিনিময় (এক বস্তুতে অণর বস্তুর ধর্ম প্রকাশিত) 🔖 ॥ পাকে। শ্রীকৃষ্ণের মুথকান্তির ঔজ্জল্যে চন্দ্রাদি তেজাময় বস্তুও মৃত্তিকার স্থায় নিস্তেজ হইয়া যায়, শ্রীমূথ-দাসিন নিকট চন্দ্রাদিকেও নিস্তেজ বলিয়া মনে হয়; আবার তাঁহার নিকটবর্ত্তী নিস্তেজ মৃত্তিকাদিও তাঁহার শীস্থকান্তির ছটায় তেজোময় হইয়া উঠে; তাঁধার ধেণুপ্বরে তরল বারিও মৃং-পাষাণাদির ক্লায় কঠিন ইইয়া যায়, ভাষার মৃং-পাষাণাদি কঠিন বস্তুও দ্বীভৃত ১ইয় যায়। **যত্র**—খাঁহাতে, যে শ্রীক্লে **ত্রিদর্গঃ**—গোকুল-মথুরা-দারকা, এই িন্টা প্রমানন্দ্ময় ধামের ত্রিবিধ বৈভব প্রকাশ। সর্গ শন্দের অর্থ প্রকাশ। ত্রিসর্গঃ—ত্রিবিধ প্রকাশ; শ্রীক্নষ্ণের জিল রক্ষ বৈভবের প্রকাশ—ভাবভেদে বৈভবের প্রকাশ গোকুলে একরক্ষ, মথুরায় একরক্য এবং দারকায় একরক্ষ। িটিনি সভ্যৱ্য বলিয়া তাঁহাতে অদিষ্ঠিত এই তিন রক্ম বৈভবের প্রকাশও **অমুষা**—সভ্য, নিভ্য; অলীক বা গায়িক নহে। ইহা যে মায়া বা কুংক নহে, তাহা জানাইবার জন্ম বলা হইয়াছে, যিনি **স্থেন**—স্বীয় **ধান্ত্রা**— দাসগারা, তেজোদারা, বা স্বরূপ-শক্তিগারা **নিরস্ত-কুহকন্**—কুংক বা মায়াকে নিরস্ত বা দূরে অপধারিত করিয়া রাখেন; যাঁহার প্রভাবে বা যাঁথার সর্বাশক্তির প্রভাবে মায়া তাঁহার সমীপ্রতিনী হইতে পারে না। কুঙ্ক শক্তে কুতর্কনিষ্ঠকেও বুঝাইতে পারে; যাহারা তাঁহার উল্লিখিত ত্রিসর্গকে বা ত্রিবিধ বৈভবকে মায়িক বলিয়া ক্ এক করে, তাঁহার প্রভাবে (ভাঁহার ক্লণা হইলে) বা তাহার স্বরূপ-শক্তির রূপা হইলে তাহাদের কুতর্ক সম্যক্রপে দুর্গী সূত হইয়া যায়; তাঁহার ক্ষপায় দদি তাহারা তাঁহার অনুভব লাভ করিতে পারে, তথন তাহারা নিঃদন্দিগ্ধভাবে

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

বুঝিতে পারে যে, তাঁহার বৈভবাদিকে যে তাহারা মায়িক বলিয়া মনে করিয়াছে, তাহা কেবল তাহাদের ভ্রান্তি বা অজ্ঞানতাবশতঃই। এতাদৃশ সত্যং পরং—সত্যস্থরূপ পরতত্ত্বকৈ, সত্যস্থরূপ পরমেশ্বরকে, স্বয়ং ভগবান্ শ্রীক্বঞ্চকে ধীমহি—ধ্যান করি। সেই লীলাপুরুষোত্তমই একমাত্র ধ্যানের বস্তু; তাঁহার ধ্যানেই জীব রসস্থরূপ তাঁহার সেবা লাভ করিয়া ক্রতার্থ হইতে পারে (রসং হোগায়ং লক্ষ্নিদী ভবতি) এবং আরুষ্কিকভাবে মায়ার কবল হইতে উদ্ধার পাইতে পারে।

রদিক-শেখর শ্রীক্বণ্ণ ব্রজেন্দ্র-নন্দনরূপে অশেষ-বিশেষে রগ আস্বাদন করিয়া থাকেন; কিনি রদের বিষয় এবং আশ্রয়ও। "নানা ভজের রগামৃত নানাবিধ হয়। গেই গব রগামৃতের বিষয়-আশ্রয় যাচা১১১॥" কিন্তু কান্তারদের সাধারণভাবে আশ্রয় হইলেও তিনি দকল স্তরের আশ্রয় নহেন। শ্রীরাধিকার মধ্যে অভিব্যক্ত মাননাখ্য-মহাভাবের তিনি কেবলমাত্র বিষয়, আশ্রয় নহেন। তিনি নিজেই বলিয়াছেন "দেই প্রেমার আমি হই কেবল বিষয়। দেই প্রেমার শ্রীরাধিক। পরম আশ্রন। ১।৪।১১৪।।" স্কুতরাং ব্রজেন্তুনন্দন শ্রীক্তফের মধ্যে প্রেমের বিষয়ত্বেরই প্রাধান্ত; তাঁহার লীলাও বিষয়ত্ব-প্রধান-ভারাত্মিকা। শ্রীমদ্ভাগবতে "মাসন্ বর্ণান্ত্রোহাস্ত্রত্ত ইত্যাদি শ্লোকের মন্তর্গত "পীতঃ" শব্দে এবং "ক্লফ্লবর্ণং বিষাক্লফ্লম্" ইত্যাদি শোকে এবং মুণ্ডকোপনিষদের "ঘদা পশুঃ পশুতে ক্লাবর্ণম্" ইত্যাদি বাক্যে স্বয়ংরূপেই পীত্বর্ণ বা রুকাবর্ণ (গৌরবর্ণ) আর এক আবির্ভাবের উল্লেখ পাওয়া যায়। "প্লবর্ণোবর্ণো হেমাঙ্গঃ" ইত্যাদি মহাভারতের এবং "**গহ**মেব ক>িদ্ ব্লন্দল্যা<mark>সাশ্রমমাশ্রিতঃ। হরিভক্তিং গ্রাহ্যামি কলৌ পাপহতাল্রান্।।"</mark> এই আদি পুরাণের বাক্যেও দেই মাবির্ভাবের কথা জানা যায়। তিনিও স্বয়ংরূপ; কিন্তু তিনি অন্তঃক্লফ্য-বহিগৌর-শচীনন্দন শ্রীশ্রীগোরাঙ্গ-স্থন্দর। স্বয়ংভগবানের এই স্বরূপে প্রেমের আশ্রয়ত্বেরই প্রাধান্ত, যেহেতু তিনি রাধাভাবছ্যতি-স্থবলিত ক্লফম্বরূপ; স্নত্রাং তাঁহার লীলাও আশ্রয়ত্ব-ভাব-প্রধানাত্মিকা। স্বয়ং ভগবানের এই উভয় স্বরূপের লীলাতেই লীলার এবং তাঁহার রদ-স্বরূপত্বেরও পূর্ণতা। ভূমিকায় "প্রণবের অর্থবিকাশ" প্রবন্ধেও দেখান হইয়াছে— প্রণবের এবং গায়ত্রীর অর্থবিকাশের পর্য্যবদানও এত্রীত্রীগৌরস্কন্দরেই। "জন্মান্তশ্ত''-শ্লোকে যথন গায়ত্রীর অর্থই প্রকাশিত হইয়াছে, তথন এই শ্লোকে যেমন শ্রীক্ষণলীলা স্থচিত হইয়াছে, তেমনি গৌরলীলাও যে স্থচিত হইয়াছে, একথা বলিলে অসম্ভত হটবে ন। বিশেষতঃ, শ্লোকে যে "সত্যং পরম্" এর ধ্যানের কথা বলা হইয়াছে, তাঁহার লীলার উভয়াংশের—বিষয়স্বভাব-প্রধানাত্মিকা এবং আশ্রয়স্বভাব-প্রধানাত্মিকা, এই উভয়-ভাবের লীলার—বর্ণনাতেই লীলা-বর্ণনার পূর্ণতা এবং গায়ত্রীতে উল্লিখিত "দেব"-শন্দের ও তাংপর্য্যের পূর্ণ ব্যঞ্জনা।

উপরে "জনাতিত্ত" শ্লোকের যে বর্থ দেওয়া হইয়াছে, তাহাতে "দত্যং পরম্" এর বিষয়ত্ব-ভাব-প্রধানাত্মিকা লীলার কথাই বলা হইয়াছে। এই শ্লোকে যে "দত্যং পরম্"-এর আশ্রয়ত্ব-ভাব-প্রধানাত্মিকা লীলাও, অর্থাৎ শ্রীশ্রীগৌর-স্থন্দরের লীলাও, স্থচিত হইয়াছে, নিয়ে তাহা দেখান হইতেছে।

শ্রীসদ্ভাগবতে অবশ্র গৌরস্বরূপের লীলা বর্ণিত হয় নাই; তবে "আসন্ বর্ণাঃ" শ্লোকে এবং "রুফার্বর্ণং দ্বিধারুক্ষন্" শ্লোকে কিন্তু গৌরস্বরূপের উল্লেখ আছে। বিশেষতঃ গৌরস্বরূপে স্বয়ং ভগবান্ যেই ব্রজলীলার আসাদন করিয়াছেন, তাহার বিশেষ বর্ণন'ই শ্রীসদ্ভাগবতে দেওয়া হইয়াছে অর্থাৎ গৌরের আসাদনীয় লীলার বর্ণনাই শ্রীসদ্ভাগবতে প্রদত্ত হইয়াছে। স্কৃতরাং "জন্মাঅও" শ্লোকের গৌরলীলা-পর অর্থকে একেবারে সঙ্গতিহীন বলা যায় ন:। প্রহলাদের কথার গৌর যেমন ছর বা প্রচ্ছর স্বরূপ, "জন্মাঅন্ত" শ্লোকের মধ্যে তাঁহার লীলার কথাও যেন তেমনি প্রচ্ছর ভাবেই অবস্থিতি করিতেছে। শ্রীপাদ শ্রীজীবগোস্বামীর কুপার উপর নির্ভর করিয়া নিয়লিখিত ব্যাখ্যায় সেই প্রচ্ছর কথাকে একটু উদ্ঘাটিত করার চেষ্টা হইতেছে।

প্রিত্রী গোরলীলাসূচক অর্থ। আদ্যস্ত্য—আদির, আদিপুরুষের। "ঈশবঃ পরমঃ ক্বফঃ দচ্চিদানলবিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ দর্বকারণকারণম্॥"—এই ব্রহ্মাংহিতার উক্তি অনুসারে শ্রীক্বফ্রই আদিপুরুষ। "ক্বিভূবিচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম ক্বফ ইত্যভিধীয়তে॥'—এই মহাভারত-বাক্যএবং "পরং ব্রহ্ম পরং ধাম

গৌর-কুণা-তরঞ্জিণী-টীকা।

্দাবিলং প্রমং ভবান্।"-ইত্যাদি গীতাবাক্য এবং "ওঁ মৌহমৌ প্রং ব্রহ্ম গোপালঃ ওঁম্।"-ইত্যাদি গোপালতাপনী-শাতনাক্যানুসারে শ্রীক্লফই পরব্রদ। এইরূপে দেখা গেল—গ্রীক্লফই খাদি-তত্ত্ব, পর্ম-তত্ত্ব; স্থতরাং তিনিই খাদি-শুরুষ। শ্রীমদ্ভাগবতের "কুষ্ণবর্ণং হিষাক্ষণং **সাঙ্গোপাঞ্গার্প**ণার্শদম্।"—ইত্যাদি বাক্যান্নসারে সেই পরব্রহ্ম, পর্**মত**ত্ব স্বাংতগবান্ শ্রীক্লফই অক্লফ বা পীত বর্ণে—শ্রীরাধার ভাব হৃদয়ে গ্রহণ করিয়া এবং শ্রীরাধার প্রতি অঙ্গদারা স্বীয় প্রতি অঞ্জে আলিঙ্গিত হইয়া স্বয়ংভগবান রূপেই শ্রীশ্রীগৌররূপে নিত্য বিরাজিত। স্বয়ংভগবানের লীলা দ্বিবিধা— াৰ্যয়ভাব-প্ৰধানাত্মিকা এবং আশ্বয়-ভাব-প্ৰধানাত্মিকা। গোকুলে বা ব্ৰজে শ্ৰীক্কফক্কপে তাঁহার মধ্যে প্ৰেমের বিষয়ক্ষেরই প্রাধান্ত ; আর নদদীপে শ্রীগোরস্থন্দররূপে তাঁহাতে প্রেমের আশ্রয়ত্বেরই প্রাধান্ত। উভয় রূপের লীলাতেই স্বাদ্ভগবানের লীলার এবং রমস্বরূপত্তের পূর্ণতা। পূর্ণে শ্রীজীবগোস।মিপাদের টীকার আনুগত্যে "জন্মাগুল্ল'-্লোনের শ্রীক্নফলীলা-পর যে অর্থ করা হইয়াছে, সেই অর্থে স্বয়ং-ভগবানের বিষয়-ভাব-প্রধানাত্মিকা লীলার কথাই ৰণা ১ইয়াছে। কিন্তু আশ্রয় ভাষ প্রধানাত্মিকা লীলার কথা না বলিলে লীলার কথা অসম্পূর্ণ থাকিয়া যাইবে। অন্বংশ গাশ্র-ভাব-প্রধানাত্মিকা লীলার কথা বলা হইতেছে; বিষয়-ভাব-প্রধান শ্রীরুষ্ণ যেমন মাদিতত্ত্ব, আদি-পুরুল, পাশ্রর-ভার-প্রধান শ্রীশ্রীগৌরঞ্পরও তেমনি আদিপুরুষ বা আদিতত্ব। তাহা বলিয়া আদিপুরুষ যে ছই জন, ছাগা নঙে; একই আদি-তত্ত্বের উল্লিখিত ছুই রূপে প্রকাশ—বিষয়-ভাবে এবং আশ্রয়-ভাবে রুদ আস্বাদনের উদেখে। ব্রল্লীলায় শ্রীকৃষ্ণ রম-নৈচিত্রী-বিশেষ আস্বাদনের উদ্দেশ্তে যোগী, দিয়াশিনী, নাপিতানী, স্থ্যপূজক াক্ষাণি বেশও প্রকটিত করিয়াছিশেন; এই সমস্ত বেশের অন্তরালে আদিতত্ব শ্রীকৃষ্ণ মেমন অঙ্গুং অবিকৃতই ছিলেন, জ্ঞাল নবদ্বীপের পীতবর্ণের অন্তরাণেও গেই আদিতত্ত্ব শীক্ষয়ই বিরাজিত; ইনি ইইলেন—শ্রীজীব গোস্বামীর ন্নায়—সন্তঃক্ষণ-বহির্দে র। যোগী, দিয়াশিনী প্রভৃতি রূপ যেমন শ্রীক্ষণ্ডেরই আবির্ভাব-বিশেষ, তদ্রপ শ্রীশ্রীগৌরও শীক্ষয়েদ্রই অবিভাব-বিশেষ। ন্রদীপও এজেরই আবির্ভাব-বিশেষ। এইরূপে দেখা গেল, প্রব্রহ্ম আদি-তত্ত্বের আশ্যা-ভাব-প্রধান রূপে তিনি হইলেন ঐশ্রিজিরস্কুন্দর। স্কুতরাং "জন্মান্তস্তু''-শ্লোকের "আত্তস্তু''-শক্ষের অর্থ হইল —শাদিত্র শ্রীগৌরের; প্রেমের গাশ্ম-প্রধান-ভাবের অভিমানে যিনি নিত্য নবদ্বীপ-নীলাচলাদিতে বিরাজিত, মেই শিগোরের। অথবা, আগ্ত-শন্দে আদি-রম বা শৃঙ্গার-রমকেও বুঝাইতে পারে। শ্রীকৃষ্ণ ইইলেন শৃঙ্গার-রমরাজ-সুর্বিদর, শুস্পার-রসের বা আত্মরণের মুগু-বিতাহ; শৃঙ্গার-রসের বিষয় তিনি। আর মাদনাথ্য-মহাভাববতী শ্রীরাধা ্টেশেন গেই রদের পরম-মাশ্রয়। জীতীগোরগুদ্দর হইলেন এতত্ত্তয়ের—রদরাজ শ্রীক্ষণ্ডের ও মহাভাবস্বরূপা শীরাণাৰ—মিলিভ বিগ্রহ, "রসরাজ-মহাভাব ত্ইয়ে একরূপ।" স্থভরাং ভিনি হইলেন আভারদের বিষয় এবং আশা উভয়ের মিলিত মুর্ত্তরূপ ; স্থাৎ স্থাও-শৃদার-ইসের বা অথভ-আছরদের মূর্ত-বিগ্রহ। তাহা হইলে, "॥।॥॥"'-শদের অর্থ হইবে— যিনি । । । । । । । । । । । । । আগ্রন্থের বা অথও শৃঙ্গার-রদের মূর্ত্ত-বিগ্রাহ, তাঁহার। আশ্রয়রূপে স্বমাধুর্য্য আস্বাদনের এবং জগতে প্রেমভক্তি-প্রচারের উদ্দেশ্তে জগতে আবিভূতি হওয়ার নিমিত্ত **যতঃ**—শ্রীশ্রীশচী-জগন্নথের গুড় ১৯৮৬, নবদীপে তাঁহার **জন্ম—**জন্মণীলার প্রাকটন। শ্লোকে যতঃ-শব্দের অস্তিস্থই একটা ততঃ-শব্দের অস্তিস্ব খাচত করিতেছে; অবশ্র এই ওতঃ-শশটা উথ গাছে। ততঃ—তখাৎ যঃ, সেই নবদ্বীপ হইতে যিনি **ইত**র্**তশচ** ৺ তবাৰ, অন্ত্ৰও, নবদীপ হইতে অন্তল—সন্তাস গ্ৰহণপূৰ্বক নীলাচলে **অনুয়াৎ—**অনু+অন্নৎ—অনু (প*চাৎ, নণ্দীণে জনোর পরে) গমন করেন। সল্লাস এহণপূর্দাক তিনি নবদ্বীপ হইতে নীলাচলে গমন করিয়াছেন (প্রকট লালাম)। অথবা নবদীপের গৃহস্থাশ্রম ২ইতে সন্ন্যানাশ্রমে প্রবেশ করিয়াছেন। কি উদ্দেশ্রে ? তাহা বলিতেছেন— "শথেষু অভিজ্ঞ"-বাক্যে। **অর্থেষু**— পঢ়ুয়া-নিন্দকাদির উদ্ধার-বিষয়ে এবং দাক্ষিণা**ত্য-ঝা**রিখণ্ড-বাদীদিগকে প্রেমভক্তি-দান নিধন্যে এবং নীলাচলে রদ-বিশেষ-আস্বাদন-বিধনে অভিজ্ঞঃ—মভিজ্ঞ, নিপুণ। কি উপায়ে পঢ়ুয়া-নিন্দকাদির উদা। সাধিত হইতে পারে, তদ্বিধয়ে বিচার-নিপ্ণ বলিয়া তিনি বিচারপূর্ব্বক স্থির করিলেন, তিনি যদি

গৌর-কুপা-তর্ম্বিণী টীকা।

স্ম্যাদ্রাহণ করেন, তাহা ইইলে পঢ়ুয়া-নিন্দকাদির চিত্তের পরিবর্ত্তন ইইতে পারে; তাই তিনি স্ম্যাদ্র গ্রহণ করিলেন। আর, নীলাচলে যাইয়া যদি অবস্থান করেন, তাহা হইলে নীলাচল হইতে দাকিণাত্যে গুমন করিয়া তত্ত্রতা জনগণকে প্রেমভক্তি বিতরণ করিতে পারিবেন এবং নীলাচলবাগী বাহুদেব-মার্লভৌমাদিকেও প্রেমভক্তি দিতে পারিবেন এবং নীলাচল ২ইতে ঝারিখণ্ড-পথে রুদারনে গমনের পথে ঝারিখণ্ডবাদীদের এবং প্রত্যাবর্ত্তনের পথে কাশীবাসী প্রকাশানন্দপ্রমুখ সম্যাধীদের প্রেমভক্তি দিতে পারিবেন এবং তাঁহার অপ্রকটের পরবর্ত্তীকালের জীবের মঙ্গলের উদ্দেশ্তে শ্রীশ্রীরূপ-সনাতন-গোস্বামিদ্বয়ের নিকটে বহু তত্ত্বকথার প্রকাশও সম্ভব ২ইবেন ভিনি সন্ত্রাস গ্রহণ পূর্বকে নীলাচলে গমন করিয়াছেন। প্রশ্ন হইতে পারে, যে উদ্দেশ্যে ভিনি জগতে অবতীর্ণ হইলেন, কিরুপে বা কাহার সহায়তায় তিনি সেই উদ্দেশু সিদ্ধ করিলেন ? তাহার উত্তরেই বলা হইতেছে, যিনি স্বরাট্—স্বেন এব রাজতে যঃ, দ স্বরাট্; স্বীয় স্বরূপগত আশ্রয়-জাতীয় ভাবের দ্বারাই যিনি স্বমাধুর্য্য আস্বাদনের বাদনা পূর্ণ করিয়াছেন এবং আনুষ্দিক ভাবে জগতের জীবের প্রমত্য এবং চর্মত্য অভীইবস্তটীর প্রতি লোভ জাগাইয়াছেন—যাহার ফলে ব্যবহারিক জগতের তথাকথিত স্থথের অকিঞ্চিৎ-করতার জ্ঞান জীবের চিত্তে উপলব্ধ হইতে পারে; আবার নিজেই প্রেমভক্তি বিতরণ করিয়া জীবমণ্ডলীকে ক্কতার্থ করিয়াছেন, ভজনের আদর্শও স্থাপন করিয়াছেন। অথবা সৈঃ স্বীরপার্ধদর্দেঃ রাজতে ইতি স্বরাট্। যিনি স্বীয় পার্বদর্দেব দহিত নিত্য বিরাজিত ; নিজে যেমন প্রেম বিতরণ করিয়াছেন, স্বীয় পার্ষদর্দের দারাও তেমনি প্রেম বিতরণ করাইয়াছেন; নিজে যেমন ভজনের আদর্শ স্থাপন করিয়াছেন, স্বীয় পার্ধদর্দের দারাও ভাহা করাইয়াছেন। স্বীয় স্বরূপগত ভাবে আবিত হইয়া যথন স্বমাধুর্য আস্বাদনে নিবিষ্ট হইতেন, তখন রায়রামানক স্বরূপ-দামোদরাদি পার্যবৃদ্ধ গীত-শ্লোকাদি ছারা তাঁহার ভারে প্রাষ্ট্র সাধন করিতেন, তাহার ভাবসমুদ্রকে উচ্ছুসিত করিয়া তুলিতেন। এইরূপে স্বসাধুর্ঘ আবাদনে বা প্রেমভক্তির আদর্শ স্থাপনে তাহার ভক্তভাবই প্রধানরূপে অভিব্যক্ত হইয়াছে; কিন্তু এই ভক্তভাবের মধ্যেও যে তাহার ঐশ্বর্য্য অব্যাহত ছিল, তাহা দেখাইবার উদ্দেশ্যে বলা হইতেছে—যঃ আদিকবয়ে হৃদা ব্রহ্ম তেনে। **য**ঃ—ি ঘিনি **আদি** কবায়ে— মাদি কবিতে; শ্রেষ্ঠ কবিতে; রায়রামানলে হাদা — সঙ্কল্পাত্র, ত্রন্ধলন, বেদের প্রম্ সারভূত তত্ত্ব — কৃষ্ণতত্ত্ব, রাধাতত্ত্ব, রসতত্ত্ব, প্রেমতত্ত্ব, সাধ্যতত্ত্ব, সাধন-তত্ত্বাদি, **ভেনে**—বিস্তার বা প্রকাশ করিয়াছেন। অগবা **ব্রেক্স**—পরব্রহ্ম, ব্রহ্মত্বের বা রসত্বের চরমতম বিকাশ "রসরাজ্-মহাভাব হুই এক্রপ" যিনি আদিকবি রায়রামানন্দের নিকটে **ভেনে**— প্রকাশ করিয়াছেন। অথবা আদিকবি-শন্দের অন্তর্রণ অর্থও হইতে পারে। রসই কবিত্বের বা কাব্যের প্রাণ; ষিনি রস্ঞ, ভিনিই কবি হইতে পারেন; অন্ত কেহ পারে না। রস্বিষ্য়ে যাঁহার অনুভব আছে, তাঁহার সেই অনুভবের ভাষাগত রূপই হইল কাব্য, কেবল অনুভবটি হইল দেই কাব্যেরই ভাবগত রূপ ; স্কুতরাং রুম-বিষয়ে যাঁহার অপরোক্ষ অন্নভব আছে, তাঁহাকেও কৰি বলা যায়। এইরূপে যাঁধারা ভগবদ্ভক্ত, রদস্বরূপ ভগবানের দম্বন্ধে মাঁহাদের অপরোক্ষ অন্নভব আছে, তাহারাও কবি ;ু যাঁহারা ভগবানের নিত্য পার্ষদ, অনাদিকাল হইতেই তাঁহাদের উক্তরূপ রসাত্তভূতি আছে বলিয়া তাহারা হইলেন আদি কবি। এই অর্থে রামানন্দ রায়ও আদি কবি এবং নবদ্বীপ-লীলার মুরারিগুপ্ত, শ্রীবাদ, শ্রীধর-আদি ভক্তবৃন্দও আদিকবি। নবদ্বীপবাদী ভক্তবৃন্দরূপ আদি-কবিদের নিকটেও যিনি সফলমাত্র-ব্রহ্ম পরব্রহ্ম স্বয়ংভগবানের বিভিন্ন স্বর্জপ—রাম, নৃদিংহ, রাধাক্কফ, মহেশ, বরাহ, লগ্নী, দুর্গা প্রভৃতি বিভিন্ন ভগবৎস্বকপ, বাস্থদেব দার্ক্ডোম, রাজা-প্রতাপক্ত প্রভৃতির নিকটে ষ্ড্ভুজরূপ, রায়রামানদের নিকটে "রদরাজ মহাভাব ছুই একরূপ''—**ভেনে**—প্রকাশ বা প্রকটিত করিয়াছেন। **যুৎ**—যত্র, যাহাতে **স্থুর্য়ঃ**—মহামহা পণ্ডিতগণ বা দেবতাগণও **মুহ্যন্তি**—মোহ প্রাপ্ত হন। রায়রামানন্দের চিত্তে সঙ্কল্পমাত্র তিনি বেদের পর্য সারভূত যে সমস্ত তত্ত্ব প্রকাশ করিয়াছেন, কেবল পাণ্ডিত্যদ্বারা তৎ্সমন্তের উপলব্ধি সম্ভব নয়; সে সমস্ত বিষয়ে মহামহা জ্ঞানী পণ্ডিতগণও কিছুই বুঝিতে না পারিয়া বিমৃঢ় হুইয়া পড়েন; সে সমস্ত বিষয় দেবগণেরও অন্ধিগম্য।

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

আর, ভক্তবুনের নিকটে রাম-নৃদিংহাদি ভগবং-স্বরূপে-সমূহের প্রকটনে, রামানন্দরায়ের নিকটে "রসরাজ-মহাভাব ছুইয়ে একরূপ" প্রাকটনে, তাঁহার যে মহিমা প্রকাশ পাইয়াছে, তাহাতে মহাক্রানিগণ, এমন কি দেবতাগণও মোহিত হইয়া যান, ওঁাহারা ওাঁহার এই মহিমার কোনও ইয়তা নির্ণয় করিতে অসমর্থ। তাঁহার এই মহিমার আরও এক অপূর্ব্ধির দেখাইবার জন্য বলা হইয়াছে—তেজোবারিমূদাং যথা বিনিময়:। **তেজোবারিমূদাং**— তেজ, বারি (জল) ও মৃত্তিকার। উপলক্ষণে ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চ মহাভূতের। **যথা** বিনিম্মঃ— ম্পাম্পভাবে স্থালন, পরস্পার মিলন (মূল শ্লোকের টীকার এক প্রকার অর্থে শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তীও "যথা বিনিময়ঃ"-শক্ষের যথাযথভাবে পরস্পার সন্মিলন অর্থ করিয়াছেন)। শ্লেষে **ভেজঃ—**বিভার ভেজঃ বা জ্ঞানের গর্পা ; এতাদৃশ গর্কা থাঁহাদের আছে, তাঁহারা—বহির্যাৢথ পঢ়ুয়া-পণ্ডিতাদি ; কিম্বা জ্ঞানের ও দাধনের গর্ক এবং এতাদৃশ গর্ম থাহাদের আছে, তাঁহার!—দার্ব্বভৌম-ভট্টাচার্য্য, প্রকাশানন্দ দরস্বতী প্রভৃতি। বারি—তরল জল; ভুদ্ধাভিজির কুপায় যাঁহাদের চিত্ত দ্বীভূত হইয়াছে, তাদৃশ প্রেমিক-ভক্তগণ। সুৎ—মৃত্তিকা; মৃত্তিকার ভায়ে জড়; অজ্ঞ মুর্থ জনসমূহ। পঞ্চ মহাভূতের পরম্পারের সহিত যথাযথভাবে সম্মিলনে যেমন অনস্ত বৈচিত্র্যময় জগং-প্রপঞ্চ উদ্ধৃত ২ইখাছে, উদ্ভূত হইখা স্বীয় অশেষ বৈচিত্ৰীর সহিতই যেমন একই (প্রাক্ত) ভূমিকায় অবস্থিত আছে, তদ্রণ গাঁগার মহিমায় বিভাগর্কো, সাধনগর্কো, ধনগর্কো, কুলগর্কো গাঁকিত লোকগণ, অজ্ঞ, মূর্থ, দরিদ্র, নীচজাতীয় শোকগণ, এমন কি ঝারিখণ্ডের কোল-ভীলাদি, ব্যাঘ্র-ভল্লুকাদি, তরুলতাদি পর্য্যন্ত এবং প্রেমভক্তির রূপাপ্রাপ্ত দ্রবচিত্ত ভাগৰতগণ ভগৰত্যুথতা-জনিত স্বার-ভাববৈচিত্রীর সহিত প্রস্পারের সহিত মিলিত হইয়া একই ভক্তির ভূমিকায় অব্হিতু হুইয়াছেন। যাঁহার মহিমায় ধনি-দ্রিদ্র, পণ্ডিত-মূর্খ, কুলীন-অকুলীন প্রভৃতি আপাসর-দাধারণ ভ্তির কুপালাভ কৰিয়া কুতার্থ ইইয়াছেন, স্ব-স্ব প্রবৃত্তি ও কুচি অনুসারে ভগবানের প্রতি বিভিন্ন ভাব পোষণ করিয়া ভাবরাজ্যে বহু বৈচিত্র্যের প্রকটন করিয়াছেন, এবং প্রত্যেকে স্বীয় বিশিষ্ট-ভাব-বৈচিত্রী অক্ষুণ্ণ রাথিয়াই একই সাধারণ ভিক্তি-ভূমিকাম বা ভগবছন্মুথতার ভূমিকাম অবস্থিত আছেন (গৌর-পার্ষদদের মধ্যেও বিভিন্ন ভাবের ভক্ত ছিলেন— বেমন ম্বারিগুও রামচক্রের উপাদক, প্রছায় ব্রন্ধরারী নৃদিংহের উপাদক, শ্রীবাদাদি ঐশ্বর্যভাবের উপাদক ইত্যাদি; কিয় সেকলেই ভগবত্মুৰ, সকলেই ভক্ত — স্থতরাং ভাব-বৈচিত্রী সত্তেও সকলে একই ভক্তি-ভূমিকায় অবস্থিত ছিলেন)। খাঁথার মহিমায় এই মাধারণ ভক্তি-ভূমিকা দমাজেও তাহার প্রভাব বিস্তার করিয়াছে; ভাই পদকর্ত্তা গাহিয়াছেন— "এান্ধণে চণ্ডালে করে কোলাকোলি কবে বা ছিল এ রঙ্গ।" এবং যবন-কুলোম্ভব হরিদাস ঠাকুরও নাম-মাহাত্ম্য প্রচার করিয়াছেন এবং শূদ্রামানন্দের নিকটে ব্রাহ্মণ-বংশোদ্রব প্রত্যন্ত্রমিশ্রও ক্লফক্থা শুনিয়াছেন। তাঁহার আরও মহিমার কথা বলা হট্যাছে "বালা স্বেন সদা নিরস্তকুহকম্"-বাক্যে। যিনি স্বেন স্বীয় ধান্ধা—ধামদারা। ধান-শব্দের একাণিক অর্থ আছে, যথা-—তেজ বা প্রভাব, শক্তি, দেহ; যিনি স্বীয় প্রভাবে বা শক্তিদারা বা দেহদারা নিরস্ত ক্থক নৃত্ক কে নিরস্ত করিয়াছেন ; কুহক-শব্দের অর্থ মায়াও হইতে পারে এবং কুতর্কনিষ্ঠ লোকও হইতে পারে। তিনি স্বীয় প্রভাবে বা শক্তিতে মায়াকে সর্বদা নিরস্ত করেন, মায়ার কার্য্যকেও দূরে অপসারিত করেন এবং কৃতক্ষিত লোক্দিগেরও কৃতকের অবদান ঘটাইয়া থাকেন। যাঁহার স্বরূপ-শক্তির প্রভাবে দর্বকালের জন্তই মায়া পূরে অপ্যারিত হয়। আছে, মায়া ঘাঁহার সন্মুখীন পর্য্যন্ত হইতে পারে না, ঘাঁহার প্রভাবে লোকের পাপ-তাপ-আদি (মামার কার্যা) দুরীভূত হইয়াছে, বাঁহার জীবিগ্রহের দর্শন-মাত্রে জীবের সমস্ত কলুয় (মায়া বা মায়ার কার্যা) দ্রীভূত ইইনাজে, জীব প্রোমভক্তির অধিকারী হইয়া মায়ার কার্য্য এই জগং-প্রাপঞ্চের মায়িক স্থাবর প্রতি বিভৃষ্ণ হইয়াছে, খাহার প্রভাবে নাম্রদেব-দার্বভৌমাদির, দাক্ষিণাত্যবাদী বৌদ্ধতার্কিকাদির কুতর্কজাল ছিল ভিন্ন হইয়া ভত্মীভূত হট্যাছে, মাহার প্রভাবে বাহুদেব-দার্কভৌম, প্রকাশানন্দ-দরস্বতী প্রভৃতি নির্ভেদ-ব্রন্ধান্তুসন্ধিৎস্ক জ্ঞানমার্গের সাদকগণ জানের কৃথককে দূরে নিশিপ্ত করিয়া প্রেমভক্তির অধিকারী হইয়াছেন এবং যাত্র—ঘাঁহাতে, যেই

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোহত্র পরমো

নির্মাৎসরাণাং সভাং

বেন্তং বাস্তবমত্রু বস্তু শিবদং ভাপত্রগ্রোন্মূলনম্। শ্রীমদ্ভাগবতে মৃহামুনিক্বতে কিংবা পরৈরীশনঃ সজো হৃত্যবরুধ্যতেহত্র ক্কৃতিভিঃ
শুশ্রুষ্ঠিস্তংক্ষণাৎ ৪০॥
কৃষ্ণভক্তি-রসস্বরূপ শ্রীভাগবত।
তাতে বেদশাস্ত্র হৈতে প্রমমহত্ত্ব॥১১০

भोत्रकृषा-उत्रक्षिनी जिन्हा ।

শ্রীশ্রীগোরস্থলরে অধিষ্টিত বলিয়া বিদর্গঃ— জিবিধ প্রকাশ। নবদীণ, নীলাচল ও বৃন্দাবন এই তিন্টী প্রমানন্দময়-ধামে তাঁহার বৈত্তব-প্রকাশ আমুমা—সত্য। নবদীপে মহাপ্রকাশ, নানা সময়ে বিভিন্ন ভগবৎ-সর্রণের প্রকাশ, শ্রীবাদ-অঙ্গনে কীর্ত্তন-বিলাদাদি রূপ বৈত্তব প্রকাশ; নীলাচলে বাস্কঃদব-মার্প্রভৌম ও রাজা প্রভোপন্দের নিক্টে ষড় ভূজরপের প্রকাশ, শ্রীসগল্লাথ-মন্দিরে এবং রপাণ্ডো নর্ভনাদি-সময়ে বহু ভাবপ্রকাশ-রূপের প্রকটন, শ্রীমন্দিরে এবং রপাণ্ডো শ্রীরাধার কুরুক্ষেত্র-মিলনের ভাবে আবেশ-প্রকটন, রপের চালনে ও স্থিরীকরণে অস্কৃত বৈভবের প্রকাশ, শ্রীসগাণের ও বিশ্বরোৎপাদনকারী মাধুর্য্যের প্রকটন, গন্তীরা-লীলাদি, স্বীয় বিগ্রহের দীর্ঘাকৃতির ও কুর্মাকৃতির প্রকটনাদি বৈভব-প্রকাশ; এবং বৃন্দাবনে পূর্ব্বনীলার শুক-সারী, মৃগ-পক্ষী-আদির আবির্ভাব-করণ এবং তাহাদের পূর্ববিধ ব্যবহারের প্রকটনাদিরকপ বৈভবের প্রকাশ। যিনি স্বয়ং সত্যস্বরূপ বলিয়া এবং যাহাতে অধিষ্ঠিত বলিয়া উক্ত তিন ধামে প্রকটিত বৈভবাদিও সমস্ত সত্য। এতাদৃশ সত্যং প্রং—পরম সত্য শ্রীশ্রীগোরাঙ্গস্থনরকে ধীমহি—ধ্যান করি।

শ্লো। ৪০। অম্বয়। অন্বয়াদি ১।১।৩১ শ্লোকে দ্রপ্তব্য।

এই শ্লোকে "ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবঃ"-বাক্যে গায়ত্রীর "ধীমহি"-শব্দের ফলরূপ প্রেমের (প্রয়োজনের) কথা এবং "ফ্রা ক্তবরুধ্যতে"-ইত্যাদি বাক্যে শ্রীমদ্ভাগৰত-শ্রবণের দাধনরূপত্ব (অভিধেয়ত্য—ধীমহি-শব্দের বিবৃতি) স্থাচিত ইইতেছে। এইরূপে ইহা ১০৯-পয়ারের শেষাংশের প্রমাণ।

১১০। শ্রীমদ্ভাগবত কৃষ্ণ-ভক্তি-রদস্বরূপ (পরবর্ত্তী শ্লোকে তাহার প্রমাণ দেওয়া হই গছে); এজন্য বেদাদি-শাস্ত হইতেও শ্রীমদ্ভাগবত শ্রেষ্ঠ।

েবেদোপনিষদাদি শ্রীমদ্ভাগবতের মত আস্বাস্থ নহে; গায়ত্রীতে পর-তবকে লীলাময় (দেব) বলা ইইয়াছে বটে, কিন্তু তাঁহার লীলা কিরপ, তাহা বলা হয় নাই। গায়ত্রীর বিবৃত্তি-পর্কণ উপনিষদে তাঁহাকে সভাং শিবং স্থল্পম্, আনলং ব্রহ্ম ইত্যাদি বলাতে ব্র্মা গেল, তিনি মন্ধলময়, তিনি পরমন্থলর এবং তিনি আনলম্বরূপ; কিন্তু তাঁহার মন্ধলময়েরের, তাঁহার সৌন্দর্য্য-মাধুর্যার এবং তাঁহার আনল-ময়েরের বৈচিত্রীর কথা কিছু না বলাতে তিনি পরমন্থায়াত্র কিনা, তাহা ব্র্মা গেল না। শ্রুতি আবার তাঁহাকে "রসো বৈ দঃ" বলিয়া জানাইয়া দিলেন যে, তিনি পরম্বিদ্ধ, তিনি পরম-রস-স্বরূপও ব্টেন; কিন্তু সেই রসের এবং রিদিকার বৈচিত্রী কিরপে, তাহা জানাইলেন না। শ্রীমদ্ভাগবত কিন্তু বিশেষ বর্ণনা ছারা দেখাইলেন যে, সেই লীলাপুরুষোন্তমের অসমোর্দ্ধ-সৌন্দর্য্য-মাধুর্য্যে এবং অসমোর্দ্ধ-লীলাবৈচিত্রীতে পূর্ণতম-স্বরূপ ইইয়াও তিনি নিজেই মৃয়, অন্যস্ত কা কথা। এসমস্ত কারণেই বলা ইইয়াছে যে, শ্রীমদ্ভাগবত আস্বান্ততায় সাক্ষাং-রস-স্বরূপ এবং ইয়া বেদাদি শাস্ত্র ইইতেও আস্বান্ততায় শ্রেষ্ঠ। প্রণবকে নিথিল তল্পের বীজস্বরূপ, গায়ত্রীকে তাহার কাওস্বরূপ, বেদোপনিষদাদিকে শাখা-প্রশাখা-সমন্বিত রুক্ষস্বরূপ, এবং বেদাস্ত্ত্রকে পূপ্পস্বরূপ মনে করিলে শ্রীমদ্ভাগবতকে রনময়-ফলস্বরূপ মনে করা যায়। শাখা-প্রণাণা বা প্রশা গণেশ সংগেষ রনময় ফল-স্বরূপ মনে করা বালা। বা প্রশা বিলতন্য রিতামৃতকে প্রমার করিতে পারা যায় না। শ্রীমদ্ভাগবত নিথিল-শাস্ত্র-চর্চার চরম পরিণতি। (শ্রীশ্রীটেতন্য-চরিতামৃতকে প্রমার ফল-স্বরূপ মনে করিলে, শ্রীটেতন্যচরিতামৃতকে প্রমার ফলের বনীভূত অমৃত্রময় রস বলিলেও অভ্যুক্তি ইইবে না।)

তথাহি (ভাঃ ১।১।৩)—
নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুথাদমৃতদ্রবদংগুতম্।

পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভূবি ভাবুকাঃ॥ ৪১॥

শ্লোকের সংস্কৃত চীকা।

ইদানীদ্ধ ন কেবলং দর্ম্মাস্ত্রেভাঃ শ্রেষ্ঠন্বাদশু শ্রবণং বিধীয়তে, অপিতু দর্ম্মাস্ত্রফলিয় অতঃ পরমাদরেণ দেব্যমিতা।ই নিগমেতি। নিগমো বেদঃ ম এব কল্পজন সর্ম্পুরুষার্থোপায়ন্তাং, তক্ত কল্মিদং ভাগবতং নাম। তৎ তু বৈকুণ্ঠগতং নারদেনানীয় মহাং দন্তং, ময়া চ গুকক্ত মুগে নিহিতং, তচ্চ তমুগাদ্ ভূবি গলিতং শিষ্য-প্রশিষ্যাদিরপণল্লবপরম্পর্যা শবৈর্থপুনেবাবতীর্বং ন তুচ্চনিপাতেন স্ফুটিতমিতার্থঃ। এতচ্চ ভবিষ্যদিপ ভূতবন্ধিদিষ্টম্ অনাগতা-থ্যানেনাশ্য প্রবৃত্তেঃ। অতএবামৃতরূপেণ দ্রবেণ সংযুক্তম্। লোকে হি গুকম্থল্লইং ফলমমৃত্যিব স্বাহ ভবতীতি প্রামিদ্য। অত্র প্রকাম্বিরা। অমৃতং প্রমানন্দঃ ম এব দ্রবো রসঃ রসো বৈ ম রসং হেবায়ং লক্ষ্যান্দী ভবতীতি প্রামেদ্য। অতঃ হে রসিদাঃ রসজ্ঞাঃ তন্ত্রাপি ভাবুকাঃ হে রস্বিশেষভাবনাচভুরাঃ অহা ভূবি গলিত্যিতালভ্যলাভোক্তিঃ। ইদং ভাগবতং নাম ফলং মূত্ঃ পিবত। নমু স্বর্গাদিকং বিহায় ফলাদ্ রসঃ পীয়তে, কথং ফলমেব পাতবাম্ পূত্রাহ। রসং রসরূপম্ অভস্বগন্ত্যাদেহেরাংশভাভাবাৎ ফলমেব স্বৎস্থং পিবত। অত্র চ রসতাদান্ত্যবিক্ষয়া রসবত্তভাবিবিদ্যাত্বাহ অত্যবচনেহপি রস্পান্ধে মতুশঃ প্রাপ্তাভাবাহ তেন বিনেব রসং ফলমিতি সামাভাধিকরণ্য্য। অত্র ফলমিত্যকে পানাসভ্যবা হেয়াংশ-প্রসন্তিশ্চ ভবেদিতি তরিবৃত্ত্যবং রসমিত্যুক্তম্। রস মিতুক্তেশি গলিতভ্য রসভ্ত পাতৃমশক্রয়ে ফলমিতি সন্ত্রহাম্য। ন চ ভাগবতামৃত্রপানং মোক্ষেহণি ত্যাজ্যমিত্যাহ আলয়ং লয়ো মোক্ষঃ অভিবিধাবাকারঃ লয়মভিব্যাণ্য, নহীদং স্বর্গাদিস্থবন্দ্রভিক্পপেক্ষ্যতে কিন্তু সেব্যত এব। বক্ষতি হি—আ্বারামাশ্চ মুন্যোনির্জি অগ্যুক্তমে। কুর্বস্ত্রাহৈত্ত্রীং ভক্তিমিত্যুত্তগুণো হরিঃ ইত্যাদি। স্বামী। ৪১

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

ক্রো। ৪১। অব্বয়। অহা (হে) রিদকাঃ (রদজ্ঞ) ভাবুকাঃ (রদবিশেষে ভাবনা-চতুর ব্যক্তিগণ)! শুকমুখাৎ (শুকমুখ হইতে) ভূবি (পৃথিবীতে) গলিতং(পতিত)অমৃতদ্রবদংযুতং (পরমানন্দরদ-সংযুক্ত)নিগমকল্পত্রোঃ (বেদরূপ কল্লবুক্লের) রদঃ (রদময়—বা রদস্বরূপ) ফলং (ফল) ভাগবতং (শ্রীমদ্ভাগবত) আলয়ং (লয়—মোক্ষ—পর্যান্তঃ) পিবতঃ (পান করুন)।

আমুবাদ। এই শ্রীমদ্ভাগবত (দর্ব্ধ-পুরুষার্থ-প্রদ) বেদরপ কল্পর্কের ফলস্বরূপ। ইহা শুকমুথ হইতে গণিত হইয়া অথণ্ডরূপে পৃথিবীতে পতিত হইয়াছে। অতএব রদ-বিশেষে ভাবনা-চতুর রদজ্ঞ ব্যক্তিষণ অমৃতদ্রবদংযুক্ত এই রদময় ফল মোক্রপর্য্যন্ত বারস্বার পান করুন। ৪১

এই শ্লোকে শ্রীমন্ভাগবতের কৃষ্ণভক্তিরদ-স্বরূপত্ব দেখান হইরাছে। শ্রীমন্ভাগবত নিগমকল্পতকর ফল-স্বরূপ।

নুক্ষের দার ফল; বৃক্ষের দার্থকতাও ফলে। তদ্রুপ, বেদাদি দমগ্র শাস্ত্রের দার হইল শ্রীমন্ভাগবত—বেদাদি দমগ্র
শাস্ত্রের দার্থকতা শ্রীমন্ভাগবত। নিগম-কল্পতরোঃ—নিগম (বেদ—বেদাদিশাস্ত্র)-রূপ যে কল্পতক (কল্পুক্ষ),
ভারার ফল হইল শ্রীমন্ভাগবত। কল্পতক জীবের সমস্ত অভীষ্ট পূর্ণ করিতে দমর্থ; বেদাদি শাস্ত্রও জীবের যাবতীর
পূক্ষার্থের—পূক্ষার্থলাভের—উপার নির্দ্ধারণ করিয়া দিয়া থাকে; যিনি যে পূক্ষার্থ লাভ করিতে ইচ্ছা করেন, তাহারই
উপায় বেদাদি-শাস্ত্রে পাওয়া যায়; ভাই বেদাদিশাস্ত্রকে (বা নিগমকে) কল্পতক বলা হইয়াছে। এই কল্পতক্রর
ফল-স্বরূপ হইল শ্রীমন্ভাগবত। ফলে বাকল থাকে, অষ্ঠি (আটি) থাকে, আঁশ থাকে—যাহা থাওয়া যায় না; এসমস্ত
ফেলিয়া দিয়া ফলের কেবল রদটী আস্বাদন করিতে হয়; কিন্তু শ্রীমন্ভাগবতরূপ ফল এইরূপ নহে—ইহাতে বাকল

তথাহি (ভাঃ ১া১৷১৯)— বয়ন্ত ন বিতৃপ্যাম উত্তমঃশ্লোকবিক্রম্ ।

যচ্ছুপ্রতাং রসজ্ঞানাং স্বাহ্ন স্বাহ্ন পদে পদে ॥ ৪২

গ্লোকেয় সংস্কৃত টীকা।

যগ্নপি শ্রীকৃষ্ণাবতার-প্রয়োজন-প্রশোনিব ভচ্চরিত-প্রশোহণি জাত এব, তগাণ্যৌৎস্থক্যেন পুনরণি ভচ্চরিতান্যেব শ্রোতুমিচ্ছস্তস্তত্তাত্মনস্থপ্যভাবমাবেদয়ন্তি বয়ন্থিতি। যোগযাগাদিযু তৃপ্তাঃ স্মঃ। উদ্গচ্ছতি তমো যশ্মাৎ

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

নাই, আটি নাই, আঁশ নাই; পরিত্যাগ করিবার কিছুই নাই; আছে কেবল রস; তাই বলা হইয়ছে, এই ফলটী ব্বসং—রদস্বরূপ, কেবল রদময়। ফল যখন উত্তমরূপে পাকে, তখনই তাহা খুব মিষ্ট, খুব স্থাদ হয় এবং তখনই শুকাদি কোনও পক্ষী ভাহাতে মুণ দিলেই ফলটী গাছ হইতে পড়িয়া যায়। এই শ্লোকে বলা হইয়াছে, নিগমকল্পতকর ফলস্বরূপ যে খ্রীমদ্ভাগবত, তাহা শুক্রমুখাৎ ভুবি গলিতং—শুকের মুথ হইতে পৃথিবীতে পতিত হইয়াছে। তাৎপর্য্য এই—শ্রীমদ্ভাগবতের মূল গ্রন্থকর্তা ব্যাসদেব হইলেও পরম ভাগবত শ্রীশুকদেব-গোসামীই ইহা মহারাজ-পরীক্ষিতের সভায় প্রথমে কীর্ত্তন করেন। এইরূপে শ্রীমদ্ভাগবত শুকদেব গোস্বামীর মুথে কীর্ত্তিত হইয়াই জগতে প্রচারিত হইয়াছে; তাই বলা হইয়াছে—এই ভাগবতরূপ ফল শুকমুখ হইতে পৃথিবীতে পতিত হইয়াছে। সাধারণতঃ গাছে যে ফল পাকিয়া থাকে, শুকপক্ষী তাহাতে মুথ দিলেই তাহা মাটিতে পড়িয়া যায়—শুক তাহার রস আস্বাদন করিতে পারে না; ভাগবতরূপ ফলটি কিন্তু দেইরূপ নহে; প্রীশুকণেব গোস্বামিরূপ শুকপাণী এই ফলটি সম্যক্রূপে আস্বাদন করিয়াছেন—আস্বাদনের মাধুর্য্য-চমৎকারিতায় একটু অবশতা আদিয়া পড়িতেই যেন তাঁহার মুথ হইতে ইহা পড়িয়া গিয়াছিল; অথবা, ইহার আস্বাদন-চনংকারিতায় একান্ত মুগ্ধ হইয়াই অপরকেও আস্বাদন করাইবার অভিপ্রায়েই যেন তিনি ইহা মুথ হইতে ফেলিয়া দিলেন—পরীক্ষিতের সভায় কীর্ত্তন করিলেন। কিন্তু এই ফল্টীর অভূত স্বরূপ এই যে—শুকদেব-গোস্বামিরূপ শুকপক্ষী ইহা সম্যক্রূপে আস্বাদন করাতেও এবং তাঁহার মুথ হইতে পৃথিবীতে পতিত হওয়াতেও—অষ্ঠি-বন্ধলাদি না থাকা সত্ত্বেও—এই ফলটী অথগুরূপেই পৃথিবীতে পতিত হইয়াছে, কিঞ্চিনাত্র অঙ্গহানিও ইহার হয় নাই এবং শুকদেব-গোস্বামিরূপ শুক্পাথীর মূথ হইতে পড়িয়া যাওয়ার পরেও দমগ্র ফলের আস্বাদন হইতে তিনি বঞ্চিত হয়েন নাই—পড়িয়া যাওয়ার পরেও পূর্ব্বিৎই তিনি ইহা আস্বাদন করিতেছি.লন, এমনই অচিস্ত্যশক্তিসম্পন্ন এই ফলটী। আরও একটী কথা। কোনও ফল যদি অমৃতর্গে নিঘিক্ত হয়, তাহা হইলে তাহার স্বাত্তা অত্যস্ত বৃদ্ধি প্রাপ্ত হয়। ভাগবতরূপ ফলটীর আস্বান্ততাও অত্যধিকরূপে বৃদ্ধিত হইয়াছে অমৃতদ্রব সংযুক্ত হওয়াতে—শুকমুথের অমৃত রদের দহিত দক্ষিণিত হওয়াতে; তাৎপর্য্য এই যে—শ্রীদদ্ভাগবত স্বতঃই আস্বাদ্য; পরম ভাগবতের মুখে কীর্ত্তিত হইলে ইহার আস্বান্থতা অত্যধিকরূপে বন্ধিত হইয়া থাকে। প্রমাস্বান্থ শ্রীমদ্ভাগবত প্রেমময়বপু পরমভাগবত-শ্রীশুকদেব-গোস্বামীর মুখে কীর্ত্তি হওয়াতে ইহার পরমাস্বান্ততা অতান্ত বর্দ্ধিত হইয়াছে। ইহা আবার আলমং—লম পর্যান্ত, মোক্ষ পর্যান্ত আম্বাদনীয়; বাঁহারা ভক্ত,—দাধক ইউন কি দিদ্ধ ইউন—ভাঁহারা দকলেই ভাগবত-রদ আম্বাদনের জন্ম উৎক্ষিত তো বটেনই; পরন্ত বাঁহারা জ্ঞানমার্গের দাধক—নির্কিশেষ ব্রহ্মের দহিত লয় বা তাদাত্ম্য লাভ করিয়া দাযুজ্যমুক্তিব অভিলাষী যাঁহার[া],—তাঁহারাও যদি একবার শ্রীমদ্ভাগবতের বর্ণনীয় শ্রীক্কফের গুণকথা শুনিতে পায়েন, তাহা হইলে আজীবন—যে পর্যান্ত তাঁহারা ব্র.হ্লার সহিত তাদাত্ম্য প্রাপ্ত হইয়া নিজেদের স্বতস্ত্র অস্তিত্ব হারাইয়া না ফেলেন—যে পর্যান্ত তাঁহাদের স্বতন্ত্র দেহাদি থাকে—স্কুতরাং যে পর্যান্ত ভাগবত-কীর্ত্তনের যোগ্যতা থাকে, সেই পর্যান্ত তাঁহারাও এই ভাগৰত-রদ পান করিয়া থাকেন—পান না করিয়া থাকিতে পারেন না; এমনই অদূত এই রদের আকর্ষণী শক্তি।

১১০-পয়ারের প্রমাণ এই শ্লোক।

ক্লো। ৪২। অস্বয়। বয়ং তু (আসরা---শোনকাদি মুনিগণ--কিন্তু) উত্তমঃ-শ্লোকবিক্রমে (উত্তমঃ-শ্লোক

অতএব ভাগবত করহ বিচার। ইহা হৈতে পাবে সূত্র-শ্রুতির অর্থ সার॥ ১১১ নিরন্তর কর কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন। হেলায় মুক্তি পাবে, পাবে কৃষ্ণপ্রেমধন॥ ১১২

শ্লোকের সংস্কৃত টীকা।

দ উত্তমন্তথাভূতঃ শ্লোকো যশো যশু তম্ম বিক্রমে তু বিশেষেণ ন তৃপ্যামঃ। অলমিতি ন মন্তামহে। তত্র হেতুঃ যদ্বিক্রমং শুগ্রাম্। যদা অন্তেতু তৃপ্যন্ত নাম বয়ন্ত নেতি তু-শন্দশালয়ঃ। অয়মর্থঃ—ত্রিধা হলংবুদ্ধির্ভবিতি উদরাদি-ভরণেন বা রদাজ্ঞানেন বা স্বাহ্বিশেষাভাবাদা, তত্র শৃগ্তামিত্যনেন, শ্রোত্রপাণাণা দভরণমিত্যক্তং রদজ্ঞানামিত্যনেন চ অজ্ঞানতঃ পশুবং তৃপ্তিনিরাক্তা, ইক্ষুভক্ষণবদ্দান্তরাভাবেন তৃপ্তিং নিরাকরোতি পদে পদে প্রতিক্ষণং স্বাহ্বতোহপি স্বাহ্ বিশ্বামী। ৪২

গৌর কুপা-তরঙ্গিণী টীকা।

শ্রীভগবানের চরিত্র-শ্রবণে) ন বিভূপ্যামঃ (ভৃপ্তিলাভ করি না); শৃগতাং (শ্রবণকারী) রসজ্ঞানাং (রসজ্ঞ ব্যক্তিদিগের সম্বন্ধে) যৎ পদে পদে (যে চরিত্রকথার পদে পদে—প্রতি পদে) স্বাহ্ সাহ (স্বাহ্ হইতেও স্বাহ্)।

তামুবাদ। শৌনকাদি ঋষিগণ শ্রীস্তের নিকটে বলিলেন:—উত্তম:-শ্লোক শ্রীভগবানের চরিত্রকথ'-শ্রবণে আমরা কিন্তু তৃপ্তিলাভ করিতে পারি না (অর্থাৎ ভগবৎ-কথা যতই শুনি, ততই যেন আরও শ্রবণের নিমিত্ত লালদা বর্দ্ধিত হয়; তাই শ্রবণ-লালদা কথনও পরিতৃপ্তি লাভ করিতে পারে না); যেহেতু বাঁহারা রসজ্ঞ, তাঁহারা যদি এই ভগবৎ-কথা শুনিতে থাকেন, তাহা হইলে এই চরিত্র-কথার প্রতি পদই তাঁহাদের নিকটে স্বাহ্ হইতে স্বাহ্ বলিয়া মনে হয় (অর্থাৎ একটী কথা শুনিয়া আর একটী কথা শুনিতে ইচ্ছা হয়—পরের কথাটী পূর্ব্বের কথাটী অপেক্ষা অধিকতর স্বাহ্ বলিয়া মনে হয়; এইরূপে, যতই শুনিতে থাকেন, ততই ভগবৎ-কথার স্বাহ্তা যেন বৃদ্ধি পাইতে থাকে—স্ক্তরাৎ শ্রবণের লালদাও উত্তরোত্রর বৃদ্ধি পাইতে থাকে; কাজেই শ্রবণ-লালদা কথনও তৃপ্তিলাভ করিতে পারে না)। ৪২

উত্তমংশ্লোকবিক্রমে—উদ্গত (দূরীভূত) হয় তমঃ (তমোগুণ—অবিছা) যাহা হইতে, তাহাকে বলে উত্তমঃ; উত্তমঃ হয় শ্লোক (যশঃ—কীত্তি, গুণ) খাহার, অর্থাৎ খাঁহার যশোগানে বা গুণকীর্ত্তনে তমঃ (বা অবিছা) দূরীভূত হয়, তিনি উত্তমঃশোক—শ্রীভগবান্। ভাঁহার যে বিক্রম (বা চরিত্রকথা), তদ্বিষয়ে।

এই শ্লোকেও ভগবৎ-কথার উপলক্ষণে শ্রীমদ্ভাগবতের আস্বাতাত্ব বা রদ-স্বরূপত্বের প্রমাণ দেওয়া হইয়াছে। এইরূপে ইহাও ১১০ প্যারের প্রমাণ।

- ১১১। শ্রীমদ্ভাগবতের দর্ঝশাস্ত্র-দারত্ব, শ্রেষ্ঠত্ব এবং রস-স্বরূপত্ব প্রতিপন্ন করিয়া শ্রীমন্মহাপ্রভু প্রকাশানন্দ দরস্বতীকে বলিলেন—"শ্রীমদ্ভাগবত গ্রন্থের চর্চচা কর, তাহা হইলেই বেদান্ত স্থ্যের এবং বেদোপনিষ্দের দার-রহন্ত ব্ঝিতে পারিবে।"
- ১১২। তিনি প্রকাশানন্দকে আরও বলিলেন—"দর্বনা প্রীকৃষ্ণনাম-দন্ধতিন কর, তাহা হইলে কৃষ্ণ-প্রেমরপ পরম-ধন লাভ করিতে পারিবে—বে ধনের দ্বারা পর্মমধুব শ্রীকৃষ্ণের পরম্মধুর দেবা লাভ করিতে পারা যায়। আর গে মৃক্তির নিমিত্ত তুমি এত কৃদ্ধে সাধন করিতেছ, দেই মৃক্তি হেলায়—অনায়াদে—বিনা চেষ্টায় আমুষ্পিকভাবেই লাভ করিতে পারিবে।"

শ্রীমদ্ভাগবত-অনুশীলনের এবং শ্রীকৃষ্ণ-নাম-কীর্ত্তনের উপদেশ দিয়া শ্রীমন্মহাপ্রভু প্রকাশানন্দকে গীতা ও ভাগবত হইতে কয়েকটা শ্লোক বলিলেন। এই শ্লোক-কয়্ষীর আলোচনা করিলে মনে হয়, প্রভু মেন ব্ঝিতে পারিয়াছিলেন, ভক্তির উপদেশ শুনিয়া প্রকাশানন্দের মনে যেন একটা বিতর্ক উপস্থিত হইয়াছিল। তাহা এইরূপ :—
"য়ামি সমস্ত জীবনটা ভরিয়া জ্ঞান-মার্গের অনুষ্ঠান করিলাম; এখন এই শেষ সময়ে আমি কি ভক্তির অনুষ্ঠান করিতে পারিব ? আমার প্রতি ভক্তিদেবীর কি কুপা হইবে ?" এইরূপ বিতর্ক অনুমান করিয়াই বোধ হয়, শ্রীমন্মহাপ্রভু

তথাহি শ্রীভগবদ্গীতায়াম্ (১৮।৫৪)—
ব্রন্ধভূতঃ প্রদরাত্মা ন শোচতি ন কাজ্ঞতি।
সমঃ সর্বেষ্ ভূতেয়ু মন্তক্তিং লভতে পরাম্॥ ৪০
তথাহি ভাবার্থদীপিকায়াং (ভাঃ ১০।৮৭।২১)
(নৃদিংহতাপনী ২৫।১৬)—শাঙ্করভায়ে
মুকা অপি লীলয়া বিগ্রহং ক্রন্তা ভগবন্তং ভন্তরে॥৪৪
তথাহি (ভাঃ ২।১।৯)—
পরিনিষ্ঠিতোহপি নৈগ্র গ্রে উব্রন্ধ্রাকলীলয়া।
গৃহীতচেতা রাজবের আধ্যানং ঘনধীতবান্॥ ৪৫

তথাহি (ভাঃ ৩/১৫/৪৩)—
তথারবিন্দ্নরনশু পদারবিন্দকিঞ্জক্ষমিশ্রতুলদীমকরন্দর্বায়ৄঃ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
দংক্ষোভমক্ষরজুষামপি চিত্তবোঃ॥ ৪৬

ভথাহি তবৈব (১।৭।১০)— আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রহা অপ্যুক্তক্ষে। কুর্বস্তাহৈতুকীং ভক্তিমিখস্থৃতগুণো হরিঃ॥ ৪৭

গোর-কুপা-তরঙ্গিণী টীকা :

"ব্দাস্তঃ প্রদরাস্থা" শোকটী বলিলেন। এই শোকে প্রভু সরস্বতী-মহাশয়কে বুঝাইলেন—"সরস্বতি, চিরকাল জ্ঞান-মার্পের অন্নষ্ঠান করিয়াছ বলিয়া এখন ভক্তির অন্নষ্ঠান করিতে কোনও বাগা নাই। জ্ঞানের চর্চচায় যাঁহারা ব্রহ্মের স্থার চিন্মরত্ব লাভ করিয়াছেন (ব্রহ্মভূতঃ হইয়াছেন), তাঁহারাও পরাভক্তি লাভ করিতে পারেন—ফদি জ্ঞান-মার্পের অমুষ্ঠান ত্যাগ করিয়া ভক্তির অমুষ্ঠান করেন।" একথা শুনিয়া প্রকাশানন্দের মনে বোধ হয় একটু ভরদা জিমিল; কিন্তু তথনই বোধ হয় আর একটা আশঙ্কা জিমাল যে—"আমি তো বৃদ্ধ হইয়াছি, দেহ-ভঙ্গের আর বিলম্বই বা কত ? ভক্তি-মার্গের অন্নষ্ঠান আরম্ভ করিতে পারি, কিন্তু তাহা কতদিনই বা করিতে পারিব, আমি তো কুলে পৌছিতে পারিব না।" ইহা অনুমান করিয়াই বোধ হয় শ্রীমং-শঙ্করাচার্য্যের উক্তি উল্লেখ করিয়া প্রভু বলিলেন—"প্রকাশানন্দ, ভক্তির দাধনে দিদ্দিলাভ করার পূর্ব্বেও যদি ভোমার দেহত্যাগ হয়, তাহা হইলেও নৈরাশ্রের হেতু নাই; দেহ-ভঙ্গের পরে ভক্তির রূপায় ভজনোপযোগী দেহ পাইবে। আর পূর্ব্বান্তৃষ্ঠিত জ্ঞান-চর্চচার ফলে যদি তোমার দাযুজ্য মুক্তিও হইয়া যায়, তাহা হইলেও আশস্কার হেতু নাই; কারণ, "মুক্তা অপি লীলয়া বিগ্রহং ক্লবা ভগবন্তং ভজত্তে;"-এই যে এখন তুমি ভক্তির আশ্রয় গ্রহণ করিবে, ইহার ফলেই ভক্তিদেবী ক্রপা করিয়া তোমাকে অঙ্গীকার করিবেন। যদি ভোমার সাযুক্তামুক্তিও হইয়া যায়, তাহা হইলেও ভক্তিদেবী কুপা করিয়া ব্রহ্ম-স্বরূপ হইতে ভোমাকে আকর্ষণ করিয়া আনিয়া ভজনো থোগী দেহ দিবেন এবং ভজন করাইবেন। অত এব তুমি ভক্তি অঙ্গের অনুষ্ঠান কর—শ্রীক্লফানাম কীর্ত্তন কর, আর শ্রীমদ্ভাগবতের অনুশীলন কর; ভক্তির অনুষ্ঠানের মধ্যে এই তুইটী অঙ্গই শ্রেষ্ঠ। শ্রীমদ্ভাগবত অমুশীলন করিলে ব্ঝিতে পারিবে, লীলা-পুরুষোত্তম-শ্রীক্কফের লীলা-মাধুর্য্যের কি আকর্ষণী শক্তি! গুকদেব-গোস্বামী নি গুণব্ৰক্ষে নিষ্ঠা প্ৰাপ্ত হইয়াছিলেন; কিন্তু শ্ৰীকুষ্ণের লীলা-কথা গুনিয়া তিনি এতই মুগ্ধ হইলেন যে, জ্ঞানামুষ্ঠান ত্যাগ করিয়া নিরন্তর শ্রীকৃষ্ণনীলাই কীর্ত্তন করিতে লাগিলেন (পরিনিষ্টিতোহপি শ্লোক)। আরও বৃঝিতে পারিবে— শ্রীক্ষের সৌন্দর্য্য কি অদ্ভে। তাঁহার অঙ্গ-গন্ধই বা কি অদ্ভুত! অঙ্গ-গন্ধের কথা তো দূরে, তাঁহার শ্রীচরণ-সংলগ্ন তুল্পীর বিশ্বিক্কই ব্রহ্মানন্দ্রেবী সনকাদি-ঋষিগণের চিত্তের ক্ষোভ উপস্থিত হইয়াছিল (ত্রস্তারবিন্দ্রয়নস্থ-ল্লোক)। বাস্তবিক শ্রীকৃষ্ণের গুণসমূহ এমনি মড়ুত যে, তাঁহার গুণে আকৃষ্ট হইয়া আত্মারাম মুনিগণও তাঁহার প্রতি অহৈতুকী ভক্তি করিয়া থাকেন। (আত্মারামাশ্চ মুনয়ঃ শ্লোক)। অতএব তুমি শ্রীকৃষ্ণ ভজন কর।"

রো। ৪৩। অম্বর। অবয়াদি হাচাচ শ্লোকে দ্রষ্টব্য।

রো। 88। অবয় অবয়াদি থ২৪।৩০ শ্লোকে দ্রষ্টব্য।

(শ্লা। ৪৫। অন্থয়। অনুয়াদি ২।২৪।১১ শ্লোকে দ্ৰন্থব্য।

শ্রো। ৪৬। অন্বয়। অন্বয়াদি ২৷১৭৷৯ শ্লোকে দ্রষ্টব্য।

শ্রো ৪৭ । অবয়। অবয়াদি ২।৬।১৭ শ্লোকে অথবা মধ্যলীলার চতুর্বিংশতি পরিচ্ছেদে দ্রষ্টব্য।

হেনকালে সেই মহারাষ্ট্রী ব্রাহ্মণ।
সভাতে কহিলা এই শ্লোক বিবরণ—॥ ১১০
এই শ্লোকের অর্থ প্রভু একষষ্টিপ্রকার।
করিয়াছেন যাহা শুনি লোকে চমৎকার॥ ১১৪
তবে সব লোক শুনিতে আগ্রহ করিল।
প্রভু একষষ্টি অর্থ বিবরি কহিল॥ ১১৫
শুনিয়া লোকের বড় হৈল চমৎকার।
'চৈতভাগোসাঞি কৃষ্ণ' করিল নির্দ্ধার॥ ১১৬
এত কহি উঠিয়া চলিলা গৌরহরি।
নমস্কার করে লোক হরিধানি করি॥ ১১৭
সব কাশীবাসী করে নামসঙ্কীর্ত্তন।

প্রেমে হাসে কান্দে গায় করয়ে নর্ত্তন ॥ ১১৮
সন্ন্যাসী পণ্ডিত করে ভাগবত-বিচার।
বারাণসী দেশ প্রভু করিলা নিস্তার ॥ ১১৯
নিজ-গণ লৈয়া প্রভু আইলা বাসাঘর।
বারাণসী হৈল দ্বিতীয় নদীয়া নগর ॥ ১২০
নিজ-গণ লৈয়া প্রভু কহে হাস্ত কহি—।
কাশীতে বেচিতে আমি আইলুঁ ভাবকালী ॥১২১
কাশীতে গ্রাহক নাহি, বস্তু না বিকায়।
পুনরপি বহি দেশে লওয়া নাহি যায় ॥ ১২২
'আমি বোঝা বহিব' তোমা-সভার ছঃখ হৈল।
তোমা-সভার ইচ্ছায় বিনামূল্যে বিলাইল ॥ ১২৩

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

এই শ্লোক পাঁচটী এস্থলে উদ্ধৃত করার উদ্দেশ্য ও সার্থকতা পূর্ববর্ত্তী ১১২-পয়ারের টীকায় দ্রষ্টব্য। ১১৩-১৬। "হেনকালে" হইতে "করিল নির্দ্ধারে" পর্য্যস্ত চারি পয়ার।

শ্বিক্থিত ম্হারাষ্ট্রীয় ব্রাহ্মণও ছিলেন। প্রভূ যথন আত্মারাম-শ্লোকটীর উল্লেখ করিলেন, তথন মহারাষ্ট্রীয়-ব্রাহ্মণের ত্মরণ হইল যে, সনাতন-গোস্বামীর নিকটে প্রভূ এই শ্লোকটীর একষ্টি রক্ম অর্থ করিয়াছিলেন; সভামধ্যে ব্রাহ্মণ সেই কথা বিলিলেন—শুনিয়া সকলেই চমৎকৃত হইলেন—একটী শ্লোকের এত রক্ম অর্থ !! ঐরপ অর্থ শুনিবার নিমিত্ত সকলেই অত্যন্ত আগ্রহ প্রকাশ করিলেন—সকলের আগ্রহে প্রভূও আর একবার ঐ আত্মারাম-শ্লোকের একষ্টি রক্ম অর্থ করিলেন, শুনিয়া সকলেই বিশেষ বিত্মিত হইলেন। তাঁহারা ভাবিলেন, এইরূপ অর্থ করা, মানুষের শক্তির অতীত। তাঁহারা স্থির করিলেন—শ্রীকৃষণতৈতন্ত প্রভূ মানুষ নহেন—তিনি স্বাং শ্রীকৃষ্ণ।

চৈত্রত্যগোসাঞি কৃষ্ণ ইত্যাদি—শ্রীচৈতন্তগোসাঞি যে শ্রীকৃষ্ণ—ইহাই তাঁহারা নির্দ্ধারণ করিলেন।

"চৈতন্ত-গোদাঞি কৃষ্ণ করিল নির্দ্ধার"—ইহার পরে কোন কোন গ্রন্থে এইরূপ অতিরিক্ত পাঠ আছে:— "প্রেমানন্দে প্রকাশানন্দের বহে অশ্রধার। 'হরি হরি' দব লোক বোলে অনিবার॥"

১২১। **নিজগণে**—প্রভুর অন্তুগত লোক সকল; তপন্যিশ্র, চক্রশেথর, প্রমানন্দ-কীর্ত্তনীয়া, মহারাষ্ট্রী ব্রাহ্মণ, সনাতনগোস্বামী প্রভৃতি।

হাস্ত করি—প্রকাশানন্দের পূর্ব্ব-ব্যবহারকে লক্ষ্য করিয়া প্রভু হাদিলেন।

কাশীতে বেচিতে ইত্যাদি—প্রকাশানন্দ মহাপ্রভূকে পূর্ব্বে ভাবক-দন্ন্যাদী বলিয়া ঠাট্টা করিতেন এবং বলিতেন, "কাশীপুরে না বিকাবে তার ভাবকালী" (২।১৭।১১৬ পদ্মারের টীকা দ্রষ্টবা)। ঐ বিষয় উল্লেখ করিয়াই প্রভূ হাদিয়া বলিলেন—"কাশীতে বেচিতে আমি আইলুঁ ভাবকালী"। ২।১৭।১৩৫-৩৬ পন্নারের টীকা দ্রষ্টব্য। ভাবক-শব্দের অর্থ ২।১৭।১১২ পন্নারের টীকার দ্রষ্টব্য। ভাবকালী—প্রেমভক্তি।

১২৩। ১০১৭০০৬ পথারের টীকা দ্রপ্তির। বিনামুল্যে—সাধনব্যতীত। তোমাসভার ইচ্ছায়—
তপনমিশ্র, কি মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ, ইহাঁদের সকলেরই ইচ্ছা হইয়াছিল—প্রভু যেন কাশীবাদী সন্ন্যাদীদিগকে ক্পা করেন;
তাই প্রভুও তাঁহাদিগকে ক্পা করিয়াছিলেন; কারণ, ভগবান্ ভক্তবাঞ্ছাকল্পতক। বিশেষতঃ ভক্তের ক্পাকে উপলক্ষ্য
করিয়াই সাধারণতঃ ভগবং-ক্পা স্ফুরিত হয়; কাশীবাদী সন্ন্যাদীদের প্রতি তপনমিশ্রাদির ক্পা হইয়াছিল বলিয়াই

সভে কহে—লোক তারিতে তোমার অবতার। পূর্বব দক্ষিণ পশ্চিম করিলে নিস্তার॥ ১২৪ এক বারাণসী ছিল তোমাতে বিমুখ। তাহা নিস্তারিয়া কৈলে আমা-সভার স্থুখ ॥ ১২৫ বারাণসীগ্রামে যদি কোলাহল হৈল। শুনি গ্রামী দেশী লোক আসিতে লাগিল॥ ১২৬ লক্ষকোটি লোক আইসে—নাহিক গণন। সঙ্কীর্ণ স্থানে প্রভুর না পায় দর্শন ॥ ১২৭ প্রভূ যবে স্নানে যান বিশ্বেশ্বর-দর্শনে। ছুই দিগে লোক করে প্রভু-বিলোকনে॥ ১২৮ বাহু তুলি প্রভু কহে 'বোল কৃষ্ণ হরি'। দওবং পড়ে লোক হরিধ্বনি করি॥ ১২৯ এইমত পঞ্চ দিন লোক নিস্তারিয়া। আর দিন চলিলা প্রভু উদিগ্ন হইয়া॥ ১৩০ রাত্র্যে উঠি প্রভু যদি করিল গমন। পাছে লাগ লৈল তবে ভক্ত পঞ্চন ॥ ১৩১

তপনমিশ্র রঘুনাথ মহারাষ্ট্রী ব্রাহ্মণ। চন্দ্রশেখর কীর্ত্তনীয়া প্রমানন্দ জন॥ ১৩২ সভে চাহে প্রভুসঙ্গে নীলাচল যাইতে। সভারে বিদায় দিল প্রভু যত্ন সহিতে—॥ ১৩৩ যার ইচ্ছা—পাছে আইস আমারে দেখিতে। এবে আমি একা যাব ঝারিখণ্ডপথে॥ ১৩৪ সনাতনে কহিল—তুমি যাহ রুদ্বাবন। তোমার তুই ভাই তথা করিয়াছে গমন॥ ১৩৫ কাঁথা করঙ্গিয়া মোর কাঙ্গাল ভক্তগর্ণ। রন্দাবনে আইলে তার করিহ পালন॥ ১৩৬ এত বলি চলিলা প্রভু সভা আলিঙ্গিয়া। সভেই পড়িলা তাহাঁ মূচ্ছিত হইয়া॥ ১৩৭ কথোক্ষণে উঠি সভে ছঃখে ঘর আইলা। সনাতন গোসাঞি বৃন্দাবনেতে চলিলা॥ ১৩৮ এথা শ্রীরূপগোসাঞি মথুরা আইলা। ধ্রুবঘাটে তাঁরে স্থবৃদ্ধিরায় মিলিলা॥ ১৩৯

গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

তাঁহাদের উদ্ধারের নিমিত্ত তাঁহাদের ইচ্ছা হইয়াছিল এবং ভক্তপরাধীন শ্রীমন্নহাপ্রভুত তপনমিশ্রাদির ইচ্ছার বশীভূত হইয়াই সন্ন্যাদীদিগকে রূপা করিলেন।

১২৪। পূর্ব্ব—বঙ্গদেশ। দক্ষিণ—নীলাচল ও দাক্ষিণাত্য। প্রিচম—মথুরা-মণ্ডলাদি।

১২৬। গ্রামী—কাশীর নিকটবর্ত্তী গ্রামবাদী লোক। দেশী—কাশী-প্রদেশস্থ লোক।

১২৭। সঙ্কীর্ণ স্থানে — চক্রশেখরের গৃহে, অল্ল-পরিদর স্থানে প্রভু থাকেন; বহুদংখ্যক লোকের দে স্থানে সমাবেশ হইতে পারে না; তাই দকল লোক প্রভুর দর্শন পায় না।

১৩০। **দিন পঞ্চ**—শ্রীদনাতনকে শিক্ষা-প্রদানের পরে পাঁচ দিন পর্য্যন্ত। অথবা প্রকাশানন্দের সম্পূর্ণ পরিবর্ত্তনের পরে পাঁচ দিন পর্য্যন্ত।

১৩৪। পাছে—আমার চলিয়া যাওয়ার কিছুদিন পরে, আমার দঙ্গে নহে।

একা যাব—অর্থাৎ কাশীস্থ ভক্তগণের কাহাকেও সঙ্গে নিবেন না, বলভদ্র-ভট্টাচার্য্যাদি প্রভুর সঙ্গী ছুইজন অবশ্রুই সঙ্গে থাকিবেন। ঝারিখণ্ড প্রে—বন পথে।

১৩৫। **তুইভাই**—রূপ ও অরুপম (জীবগোস্বামীর পিতা)। তথা --বৃন্দাবনে।

১৩৬। **কঁথো করঙ্গিয়া**—ছেড়া-কাঁথাধারী ও করঙ্গধারী, অত এব কাঙ্গাল।

করিহ পালন—আমার কাঞ্চাল-ভক্তগণ বৃন্দাবনে আসিলে তাহাদিগকে প্রতিশালন করিও; তাহাদের আহারাদির সংস্থান করিও এবং যাহাতে তাহাদের ভক্তির পুষ্টি হয়, তদ্রপ উপদেশাদি দিও।

ে কোন কোন গ্রন্থে "আইলে" স্থলে "আইদে যদি" বা "আসিবে" পাঠ আছে।

১৩>। স্থবৃদ্ধিরায় মিলিলা—কাশীতে মহাপ্রভুর রূপ। লাভ করিয়া তাঁহারই আদেশে স্থবৃদ্ধিরায় মথুরায় আদিয়াছিলেন; গ্রুবঘাটে রূপ-গোস্বামীর দহিত তাঁহার সাক্ষাৎ হইল।

পূর্বের যবে সুবুদ্ধিরায় ছিলা গোড়-অধিকারী।
হুদেন খাঁ সৈয়দ করে তাঁহার চাকুরী॥ ১৪০
দীঘী খোদাইতে তারে মন্সাব কৈল।
ছিদ্র পাঞা রায় তারে চাবুক মারিল॥ ১৪১
পাছে যবে হুদেন খাঁ গোড়ের রাজা হৈল।
সুবুদ্ধিরায়েরে তেঁহো বহু বাঢ়াইল॥ ১৪২
তাঁর স্ত্রী তাঁর অঙ্গে দেখে মারণের চিহ্নে।
সুবুদ্ধিরায়ে মারিবারে কহে রাজাস্থানে॥ ১৪০
রাজা কহে—আমার পোফী রায় হয় পিতা।
তাহারে মারিব আমি ভাল নহে কথা॥ ১৪৪

স্ত্রী কহে—জাতি লহ যদি প্রাণে না মারিবে।
রাজা কহে—জাতি নিলে ইঁহো নাহি জীবে॥ ১৪৫
স্ত্রী মারিতে চাহে, রাজা শঙ্কটে পড়িলা।
করোয়ার পানী তার মুখে দেয়াইলা॥ ১৪৬
তবে স্থবুদ্ধি রায় সেই ছদ্ম পাইয়া।
বারাণসী আইলা সব-বিষয় ছাড়িয়া॥ ১৪৭
প্রায়ান্চিত্র পুছিল তেঁহো পণ্ডিতের স্থানে।
তাঁরা কহেন—তপ্তস্তুত খাঞা ছাড় প্রাণে॥১৪৮
কেহো কহে—এই নহে, অল্লদোষ হয়।
শুনিঞা রহিলা রায় করিয়া সংশয়॥ ১৪৯

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

১৪ । পূর্বে যবে — স্থব্দিরায়ের পূর্বব-বৃত্তান্ত বলিতেছেন।

গোড়-অধিকারী — সুবৃদ্ধিরায় পূর্ব্ধে মুদলমান স্থাটের অধীনে গোড়ের রাজা ছিলেন। তথন সৈয়দ হুদেন খাঁ তাংগর অধীনে চাকুরী করিতেন।

\$85। একটা দাবী থোদাইবার জন্ম রাজা স্থবৃদ্ধিরায় হুসেন খাঁকে নিযুক্ত করিগছিলেন। মন্সাব— ভারপ্রাপ্ত কর্মচারী। হুসেনসার কার্য্যে দোষ (ছিদ্র) পরিলক্ষিত হওয়ায় শাস্তি-স্বরূপে স্থবৃদ্ধিরায় তাঁহাকে চাবৃক্ মারিয়াছিলেন।

১৪২। পাছে যবে — ১৪৯৭ পৃষ্টানে স্ববৃদ্ধি রায়ের স্থলে হুদেনগাঁই রাজা হইলেন।

বছ বাড়াইল — থ্ব সম্মান করিলেন। স্থবৃদ্ধি-বায় যথন রাজা ছিলেন, তথন হুসেন থাঁ তাঁহার অধীনে একজন কর্মচারী ছিলেন; সেই সময়ে রায়ের দ্বারা হুসেনথাঁ জনেক উপকৃত হইয়াছিলেন। সেই উপকারের কথা স্মাণ করিয়া, হুসেন খাঁ যথন রাজা হইলেন, তথন তিনি রায়কে অত্যস্ত সম্মানিত করিলেন।

১৪৩। একদিন হুসেন খাঁ যখন থালি গায়ে ছিলেন, তখন তাঁহার পিঠে চাবুকের দাগ দেখিয়া তাঁথার স্ত্রী এ দাগের কারণ জিজ্ঞাদা করায় তিনি সমস্ত বলিলেন। শুনিয়া, স্থ্রদ্ধিরায়কে বধ করার নিমিত্ত স্ত্রী তাঁহাকে অমুরোধ করিলেন। মারণের চিক্ত — চাবুকের দাগ।

১৪৪। কিন্তু হুদেন খাঁ বলিলেন—স্কুব্দ্ধিরায় আমার পূর্ব্ত্ব-মনিব, তিনি আমার পালন-কর্ত্তা; স্কুতরাং পিতৃতুল্য; তাঁহাকে বধ করা আমার পক্ষে সঙ্গত হয় না। পোষ্ঠা—পালনকর্ত্তা।

১৪৬। স্ত্রীর অনুরোধ ছাড়াইতে না পারিয়া ভ্দেন্থা স্থবুদিরায়ের মুথে তাঁহার করোয়ার জল দেওয়াইলেন। মুদলমানের স্পৃষ্ট জল মুথে যাওয়াতে স্থবুদিরায়ের জাতি নষ্ট হইল।

করোয়া — মুদলমানের ব্যবস্থত জল-পাত্র-বিশেষ। পানী — জল।

১৪৭। **ছল** — ছল।

১৪৮। প্রায় শিচ্তত -- মুদলমানের জল মুথে যাওয়ায় যে তাঁহাকে জাতি-ভ্রপ্ত হইয়াছে, তজ্জ্ঞ প্রায় শিচত্ত। কোন কোন পণ্ডিত ব্যবস্থা দিলেন যে, তপ্ত ঘৃত পান করিয়া প্রাণত্যাগ করিলে তাঁহার প্রায়শিচত্ত হইবে।

১৪৯। আবার কোনও কোনও পণ্ডিত বলিলেন—'স্বৃদ্ধিরায় নিজে ইচ্ছা করিয়া তো মুদলমানের জল্ খান নাই; জোর করিয়া তাঁহার মুথে জল দেওয়া হইয়াছে; স্কৃতরাং এ অতি সামান্ত দোষ; এই সামান্ত দোষে তপ্ত তবে যদি মহাপ্রভু বারাণসী আইলা। তাঁরে মিলি রায় আপন বৃত্তান্ত কহিলা॥ ১৫০ প্রভু কহে—ইহা হৈতে যাহ বৃন্দাবন। নিরন্তর কর কৃষ্ণনাম-সঙ্গীর্ত্তন॥ ১৫১

এক নামাভাবে তোমার পাপদোষ যাবে।
আর নাম হৈতে কৃষ্ণচরণ পাইবে॥ ১৫২
রায় আজ্ঞা পাঞা বৃন্দাবনেরে চলিলা।
প্রয়াগ অযোধ্যা দিয়া নৈমিযারণ্যে আইলা॥ ১৫৩

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

ঘুত-পানকরারূপ গুরু-প্রায়শ্চিত্ত হইতে পারে না।' পণ্ডিতদের মধ্যে মতভেদ হওয়াতে প্রায়শ্চিত্তের বিধি সম্বন্ধে রায়ের সন্দেহ জন্মিল ; তাই তিনি তথন ব্যবস্থান্ত্ররূপ প্রায়শ্চিত্ত না করিয়া অপেক্ষা করিতেছিলেন।

১৫১। মহাপ্রভূ যথন কাশীতে আসিলেন, তথন স্থবৃদ্ধিরায় তাঁহার চরণে সমস্ত নিবেদন করিলেন; প্রভূ প্রায়শ্চিত্তের এইরূপ ব্যবস্থা দিলেন—"তুমি এ স্থান ত্যাগ করিয়া বৃন্দাবনে যাও; যাইয়া দর্বদা রুফ্ডনাম্-কীর্ত্তন কর। নামাভাসেই তোমার পাপ দূর হইবে, আর প্রারশ্ভিত্ত করিতে হইবে না। নাম-কীর্ত্তনের ফলে তোমার শ্রীক্বফ্ডচরণ লাভ হইবে।" পরবর্তী বিবরণ (২।২৫।১৫৪-পয়ার) হইতে বুঝা যায়, প্রভূর বৃন্দাবন-গমনের পথে কাশীতে এই ঘটনা।

কেই বলিতে পারেন—কাশীবাদী পণ্ডিভগণ যে প্রাথশ্চিত্তের ব্যবস্থা দিলেন, শ্রীমন্মহাপ্রভূ দেই শুভির ব্যবস্থাকে উপেক্ষা করিলেন কেন ? ইহাতে কি শুভির অবমাননা, স্কুতরাং ধর্মহানি ইইল না ? ইহার উত্তর এই :— মহাপ্রভূ শ্বৃতিকে উপেক্ষা করেন নাই; শৃতিতে যে দমস্ত প্রাথশ্চিত্তের ব্যবস্থা আছে, তাহাদের মধ্যে শ্রীহরি-অরণও একটী এবং এই শ্রীহরি-অরণকেই শাস্ত্রে শ্রেষ্ঠ প্রাথশ্চিত্ত্ব বলিয়া কীর্ত্তন করা ইইয়াছে। "প্রাথশ্চিত্তাক্তশোলাণি তপংক্রাত্মকানি চ। যানি তেষামশেষাণাং কৃষ্ণান্মরণং পরম্॥ বিষ্ণুপুরাণ, দ্বিতীয় অংশ ৬ঠি আং ৩৫ শ্লোক।—তশস্তাত্মক ও কর্মাত্মক যে অশেষ প্রকার প্রায়শ্চিত্ত আছে, তাহার মধ্যে শ্রীক্ষয়ের জন্ত এই শ্রেষ্ঠ প্রায়শ্চিত্তের ব্যবস্থাই দিয়াছেন। বিষ্ণুপুরাণের উক্ত শ্লোকের পরবর্ত্তী শ্লোকে, শ্রীক্ষয়েবাকে কেন যে শ্রেষ্ঠ-প্রায়শ্চিত্ত বলা হইল, তাহার হেতুও দেওয়া ইইয়াছে। "ক্রতে পাপেহকুতাপো বৈ যম্ম পৃংদঃ প্রজায়তে। প্রায়শ্চিত্তত্ব তৈম্বকং হরিসংস্মরণং পরম্॥ ৩৮—পাপ করিয়া, যে পুক্ষের অন্ত্রাপ জ্যে, তাহার পক্ষেই মন্বাদির কথিত কোনরূপ প্রায়শ্চিত্ত উপযুক্ত। হরি-সংস্মরণই পরম-প্রায়শ্চিত্ত, অন্ত্রাণ না হইলেও হরি স্বরণে পাপ নিষ্ঠ হয়; কিন্তু অন্ত প্রায়শ্চিত্তে অন্ত্রাণ ব্যতীত পাপ ক্ষয় হয় না।" (—বিষ্ণুপুরাণের বঙ্গবাদী সংস্করণে ভট্টপ্রী নিবাদী পণ্ডিত্র প্রব্র শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্বক অন্ত্রাণ স্ব্রাদ্য)।

আরও একটা বিবেচ্য বিষয় আছে। কর্মাত্মক-প্রায়শ্চিত্তের সম্বন্ধ কেবল দেহের সঙ্গে; জীবস্বরূপের সঙ্গে ইহার কোনও সম্বন্ধ নাই। কিন্তু শ্রীকৃষ্ণ-স্মরণরূপ পর্ম প্রায়শ্চিত্ত দেহ ও আত্মা উভয়কেই পবিত্র করে—"যং স্মরেৎ পুগুরীকার্দ্ধং স বাহাভন্তরঃ শুটিং।" উক্ত প্রসঙ্গে বিষ্ণুপুরাণেও একণা বলা হইয়াছে। "বিষ্ণুদংস্মরণাৎ ক্ষীণ-সমস্ত-ক্ষো-সঞ্চয়ং। মুক্তিং প্রয়াতি স্বর্গাপ্তিস্ত বিল্লোহনুমীয়তে॥ ২০৮৮ ॥—বিষ্ণুদংস্মরণ জন্ত সমস্ত দঞ্চিত পাপক্ষর হইয়া মুক্তি-লাভ করে; তথন স্বর্গ-প্রাপ্তিও তাহার পক্ষে বিশ্ব বিশ্বা অন্তুমিত হয়।"

মুদলদানের জল মুথে যাওয়াতে জাতি গিয়াছিল—স্থৃদ্ধিরাটের দেইটার; তাঁহার জীবাত্মার জাতি যা। নাই; কারণ, জীবাত্মার কোনও জাতি নাই, জীবাত্মা লাগণও নহে, শুদ্রও নহে; জীবাত্মা জন্য-পদার্থ নহে—ইহা নিত্য—শ্রীক্ষের চিৎকণ অংশ, ইহাই তাহার জাতি; ঐ দেইটাকে জাতিতে উত্তোলনের নিমিত্রই কর্মাত্মক-প্রায়শ্চিত্র তপ্তযুত্তপানের ব্যবস্থা করা হইয়াছিল। স্থৃদ্ধিরায় অন্তথ্য হইয়া থাকিলে ঐ প্রায়শ্চিত্রের অন্তর্ছানে তাঁহার দেইটা জাতিতে উঠিতে পারিত বটে (অর্থাৎ, তথ্য-মৃত পান করিয়া তাঁহার দেহপাত হইলে তাঁহার স্ব-জাতীয়েরা তাঁহার শ্ব-সৎকার করিতে পারিত বটে); কিম্ব তাহাতে তাঁহার আত্মার কি হইত ? তিনি যে ভজনোপযোগী হল্লভি

কথোদিন তেঁহো নৈমিষারণ্যে রহিলা।
তাবদ্রন্দাবন দেখি প্রভু প্রয়াগ আইলা॥ ১৫৪
মথুরা আসিয়া রায় প্রভুবার্ত্তা পাইল।
প্রভুর লাগ না পাইয়া মনে ছঃখী হৈল॥ ১৫৫
রায় শুষ্ককাষ্ঠ আনি বেচে মথুরাতে।

পাঁচ ছয় পৈছা পায় একেক বোঝাতে ॥ ১৫৬ আপনে রহে এক পৈছার চানা চাবানা খাইয়া। আর পৈছা বানিয়া স্থানে রাখেন ধরিয়া॥ ১৫৭ ছঃখী বৈষ্ণ্য দেখি তারে করান ভোজন॥ গৌড়িয়া আইলে দধি ভাত তৈলমর্দ্দন॥ ১৫৮

গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

মন্ত্র্যা-দেহ লাভ করিয়াছিলেন, দেই দেহের সার্থকতা কোথায় থাকিত ? জাভি-রক্ষার নিমিত্ত তিনি মানব-দেহের বিনাশ-মাধন করিলে, তাঁহার দদ্গতির নিমিত্ত ভগ্বদ্-ভজন তো তাঁহাধারা আর হইতে পারিত না।

শ্রীমন্মহাপ্রভু যে ব্যবস্থা করিলেন, তাহাতে তাঁহার উভয়দিক্ই রক্ষা হইল—শ্রীকৃষ্ণ-স্থারণ-বশতঃ প্রায়শ্চিত্রার্হ পাপেরও ক্ষয় হইল এবং শ্রীকৃষ্ণ-ভগন করিয়া মানব-জন্মের সার্থকতা সাধন করাও হইল।

১৫৪। তাবদ্ বৃন্দাবন ইত্যাদি—স্তব্দিরায় যথন নৈমিধারণ্যে ছিলেন, তথন মহাপ্রভু বৃন্দাবন দেথিয়া প্রমাণে গাদিলেন। স্ক্রাং প্রভুর দঙ্গে রায়ের দাক্ষাং হয় নাই।

১৫৫। প্রভূবার্তা-প্রভুষে মধুরায় আদিয়াছিলেন, এই সংবাদ।

১৫৬। জীবিকা-নির্বাহের জন্য সুবুরিরায় কি করিতেন, তাহা বলিতেছেন। মথুরার নিকটবর্তী বন হইতে শুদ্ধ-কাঠ, সংগ্রহ করিয়া বোঝা বাঁধিয়া তিনি মথুরার বাজারে আনিয়া বিক্রেয় করিয়া পাঁচ পয়সা কি ছয় পয়সা পাইতেন। তখনকার দিনে পাঁচ ছয় পয়সার মূল্য আজকালকার আট আনারও বেশী। যাহা হউক, কাঠ বিক্রেয় করিয়া তিনি যাহা পাইতেন, তাহার সমস্তই যে তিনি নিজের ভোগের জন্য ব্যয় করিতেন, তাহা নহে। তিনি নিজে এক প্রসার চানামাত্র খাইতেন, আর বাকী পয়সা কাঙ্গাল-বৈষ্ণবদের সেবার উদ্দেশ্যে বাণিয়ার দোকানে জমা রাণিতেন। এইরূপ জমা রাণাতে তাঁহার সঞ্চয়-দোষ ঘটিবার আশন্ধা ছিল না। নিজের ভোগের উদ্দেশ্যে সঞ্চয় করিলেই দোষ।

স্বৃদ্ধিরায় এক সময়ে বাঙ্গালার রাজা ছিলেন—কত দাসদাসী তাঁহার সেবা-শুশ্রাষা করিত, চর্ব্য-চুয়্য-লেহ্য-পেয়
—কত উপাদের বস্তু তিনি ভোগ করিতেন। শ্রীমন্মহাপ্রভুর কুপায় তাঁহার আজ সমস্ত ভোগবাদনা দূর হইয়াছে—
সংসারে অপূর্ব বৈরাগ্য জন্মিয়াছে। ইহাই কুপার পরিচয়।

স্বৃদ্ধিরাবের আচরণ আদর্শ-স্থানীয়। তাঁহার আত্মনির্ভরতা, পরাপেক্ষা-শূন্যতা বৈশুবমাত্রেরই অনুকরণীয়। আজকাল কেহ কেহ ভজনের উদ্দেশ্যে সংগার ত্যাগ করিয়া যান বটে; কিন্তু আত্ম-নির্ভরতার চেষ্টা করেন না; নিজেদের জীবিকা-নির্কাহের নিমিত্র, তাঁহাদিগকে গৃহস্থের মুপাপেক্ষী হইতে হয়। কিন্তু প্রীদন্মহাপ্রভু বলিয়াছেন—
"বৈরাণী হইয়া যেবা করে পরাপেক্ষা। কার্য্যদিদ্ধি নহে, ক্বফ্ট করেন উপেক্ষা। অভাবহর ॥" আরও বলিয়াছেন—
"বিষয়ীর অল থাইলে মলিন হয় মন। মলিন মন হৈলে নহে ক্বফের ত্মরণ। বিষয়ীর অলে হয় রাজস-নিমন্ত্রণ ।
দাতা-ভোক্তা দোঁহার মলিন হয় মন। অভাব্ত-৭৪॥"

• ১৫৮। ব্যোড়িয়া—বঙ্গদেশী বৈষ্ণব। স্বৃদ্ধিরায় বাঙ্গালী-বৈষ্ণবগণকে দক্ষিত প্রদা দারা দিবি, ভাত এবং তৈলমর্দনের ব্যবস্থা করিয়া দিতেন। নদীবহুল বাঙ্গালাদেশে যাহাদের বাদ, জলশূন্য পৃশ্চিমাঞ্চলে তাহাদের পক্ষে একটু প্রিপ্প জিনিষের দরকার। শুখা রুটী তাহাদের দহু হয় না। দিবি, ভাতই তাঁহাদের শরীরের পক্ষে উপযোগী এবং শরীরে তৈলমর্দন না করিলেও দেইস্থানে বোধ হয়, তাহাদের শরীরে অত্যন্ত রুক্ষতা প্রকাশ পাইত। এজনাই বোধ হয় তিনি বাঙ্গালী-বৈষ্ণবদের জন্য দিবি, ভাত ও তৈল-মর্দনের ব্যবস্থা করিতেন।

রূপগোসাঞি আইলে তাঁরে বহু প্রীতি কৈল।
আপনসঙ্গে লঞা দ্বাদশবন করাইল॥ ১৫৯
মাসমাত্র রূপগোসাঞি রহিলা বৃন্দাবনে।
শীঘ্র চলি আইল সনাতনানুসন্ধানে॥ ১৬০
গঙ্গাতীরপথে প্রভু প্রয়াগেরে গেলা।
ইহা শুনি তুই ভাই সেই পথে চলিলা॥ ১৬১

এথা সনাতনগোসাঞি প্রয়াগে আসিয়া।
মথুরা আইলা সরান রাজপথ দিয়া॥ ১৬২
মথুরাতে স্তব্দিরায় তাহারে মিলিলা।
রূপ-অনুপম-কথা সকলি কহিলা॥ ১৬৩
গঙ্গাপথে তুইভাই, রাজপথে সনাতন।
অতএব তাঁহাসনে না হৈল মিলন॥ ১৬৪
স্তবৃদ্ধিরায় বহু সেহ করে সনাতনে।
ব্যবহার সেহ সনাতন নাহি মানে,॥ ১৬৫
মহাবিরক্ত সনাতন ভ্রমে বনেবনে।
প্রতিরুক্ষে প্রতিকুঞ্জে রহে রাত্রিদিনে॥ ১৬৬

মথুরামাহাত্ম্য-শাস্ত্র সংগ্রহ করিয়া। লুপ্ততীর্থ প্রকট কৈল বনেতে ভ্রমিয়া॥ ১৬৭ এইমত সনাতন বৃন্দাবনে রহিলা। ্ৰরপগোসাঞি তুইভাই কাশীতে আইলা॥ ১৬৮ মহারাধ্রী দ্বিজ, শেখর, মিশ্র তপন। তিনজনসহ রূপ করিলা মিলন ॥ ১৬৯ শেখরের ঘরে বাসা, মিশ্রঘরে ভিক্ষা। মিশ্রমুখে শুনে—সনাতনে প্রভুর শিক্ষা॥ ১৭০ কাশীতে প্রভুর চরিত্র শুনি তিনের মুখে। সন্ন্যাসীরে কুপা শুনি পাইল বড় স্থুখে॥ ১৭১ মহাপ্রভুর উপর লোকের প্রণতি দেখিয়া। স্থুখী হৈলা লোকমুখে কীৰ্ত্তন শুনিয়া॥ ১৭২ দিন-দশ রহি রূপ গৌডে যাত্রা কৈল। সনাতন-রূপের এই চরিত্র কহিল। ১৭৩ এথা মহাপ্রভু যদি নীলাদ্রি চলিলা। নিৰ্জ্জন বন পথে যাইতে মহাস্ত্ৰখ পাইলা॥ ১৭৪

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

- ১৫৯। শ্রীরপগোস্বামী যথন মথুরায় আদিলেন, তথন স্থবৃদ্ধিরায় তাঁহাকে অত্যন্ত প্রীতি করিলেন এবং দঙ্গে করিয়া দ্বাদশ্বন দেখাইলেন। **তাঁরে**—রূপগোস্বামীকে।
- ১৬১। **ইহা শুনি**—গঙ্গাতীরের পথে মহাপ্রভু প্রয়াগ গিয়াছেন, ইহা শুনিয়া রূপ ও অরুপম উভয়ে গঙ্গাতীরের পথে সনাতনের অনুসন্ধানে চলিলেন।
- ১৬২। এদিকে দনাতনগোস্বামী কাশী হইতে প্রয়াগে আসিলেন এবং প্রয়াগ হইতে প্রদিদ্ধ রাজ্ঞাও (রাস্তা) দিয়া মথুরায় আসিলেন।

সরান রাজপথ—প্রদিদ্ধ রাস্তা।

- ১৬৪। রূপ ও অনুপম গঙ্গাতীরের পথে গিয়াছিলেন। আর সনাতন প্রদিদ্ধ রাজণথ বৈষা গেলেন; এজন্য তাঁহাদের দেখা সাক্ষাৎ হয় নাই।
- ১৬৫। শ্রীদনাতন নিজের স্থ-সচ্ছন্দতার বিষয় সমস্তই ত্যাগ করিয়াছিলেন বলিয়া স্তব্দিরায়ের স্নেহ-ব্যবহার তিনি পছন্দ করিতেন না। ব্যবহার স্লেহ—ব্যবহারিক যথাবস্থিত দেহের প্রতি স্নেহ।
- ১৬৬। প্রতিরুক্ষে ইত্যাদি—দিনের বেলায় এক এক দিন এক এক বৃক্ষতলে এবং রাত্রিতে এক এক রাত্রি এক এক কুঞ্জে বাদ করেন। একস্থানে একাধিক রাত্রি বা একাধিক দিন থাকিতেন না।
- ১৬৭। সনাতন-গোস্বামী মথুরা-মাহাত্ম্য নামক শাস্ত্র সংগ্রহ করিয়া তাহা দেখিয়া দেখিয়া মথুরাখণ্ডের লুপ্ততীর্থ-সকলের স্থান নির্দেশ করিলেন।

লুপ্ততীর্থ — যে দকল তীর্থস্থানের কথা লোকে ভূলিয়া গিয়াছিল; স্থতরাং যে দমস্ত তীর্থ লোপ পাইয়াছিল। প্রকট কৈল — ঐ দকল তীর্থের স্থান নির্দেশ করিয়া তীর্থগুলিকে প্রকাশ করিলেন।

১৭০। **নিভাঘরে ভিক্ষা**—রূপ ও অনুপম তপন-মিশ্রের ঘরে আহার করিতেন।

স্থাবে চলি আইদে প্রভু বলভদ্রসঙ্গে।
পূর্ববিৎ মূগাদিসঙ্গে কৈল নানারঙ্গে॥ ১৭৫
আঠারনালাতে আসি ভট্টাচার্য্যব্রাহ্মণে।
পাঠাইয়া বোলাইল নিজ ভক্তগণে॥ ১৭৬
শুনি যেন ভক্তগণ পুনরপি জীলা।
দেহে প্রাণ আইলে যেন ইন্দ্রিয় উঠিলা॥ ১৭৭
আনন্দে বিহবল ভক্ত ধাইয়া আইলা।
নরেন্দ্রে আসিয়া সভে প্রভুরে মিলিলা॥ ১৭৮
পূরী-ভারতীর কৈল প্রভু চরণ-বন্দন।
দোহে মহাপ্রভুরে কৈল প্রেম-আলিঙ্গন॥ ১৭৯
দামোদর-স্বরূপ, পণ্ডিত গদাধর।
জগদানন্দ, কাশীশর, গোবিন্দ, বক্রেশ্বর॥ ১৮০
কাশীমিশ্র, প্রত্যন্মমিশ্র, পণ্ডিত দামোদর।

হরিদাস ঠাকুর, আর পণ্ডিত শঙ্কর ॥ ১৮১
আর সব ভক্ত প্রভুর চরণে পড়িলা।
সভা আলিঙ্গিয়া প্রভু প্রেমাবিষ্ট হৈলা॥ ১৮২
আনন্দ-সমুদ্রে ভাসে সব ভক্তগণে।
সভা লঞা চলিলা প্রভু জগন্নাথ-দর্শনে॥ ১৮৩
জগন্নাথ দেখি প্রভু প্রেমাবিষ্ট হৈলা।
ভক্তসঙ্গে বহুক্ষণ নৃত্যগীত কৈলা॥ ১৮৪
জগন্নাথসেবক আনি মালা প্রসাদ দিলা।
তুলসীপড়িছা আসি চরণ বন্দিলা॥ ১৮৫।
'মহাপ্রভু আইলা'—গ্রামে কোলাহল হৈল।
সার্বভৌম রামানন্দ বাণীনাথ মিলিলা সকল॥১৮৬
সভা সঙ্গে লঞা প্রভু মিশ্রবাসা আইলা।
সার্বভৌম পণ্ডিতগোসাঞি নিমন্ত্রণ কৈলা॥১৮৭

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

১৭৫। বলভদ্র-সনে—বলভদ্র-ভট্টাচার্য্যের গঙ্গে।
পূর্ব্ববৎ—শ্রীবৃন্দাবন-যাওয়ার পথে যেরূপ করিয়াছিলেন, সেইরূপ।
য়ৢগাদিসঙ্গে—দিংহ, ব্রাঘ্র, হরিণ-প্রভৃতি বন্ত-জন্তুকে কৃষ্ণনাম লওয়াইলেন।

১৭৬। আঠার নালা—পুরীর নিকটবর্ত্তী একটা স্থান। এই স্থানে আসিয়া প্রভু নীলাচলস্থিত নিজ ভক্তগণকে তাঁহার আগমন-বার্ত্তা জানাইবার নিমিত্ত বলভদ্র-ভট্টাচার্য্যের পাচক ব্রাহ্মণকে পাঠাইয়া দিলেন।

১৭৭। প্রভ্র বিরহে নীলাচলের ভক্তগণ এতদিন যেন মৃতবং হইয়াছিলেন; তাঁহাদের কর্ম-নির্কাহক হস্তপদাদি ইন্দ্রিয়দকল যেন কর্ম-করণে অদমর্থ হইয়া পড়িয়াছিল—এখন প্রভ্রত্ত্বীসাগমন-বার্ত্তা শুনিয়া তাঁহাদের দেহে মেন প্রাণ আদিল, ইন্দ্রিয়দকলও যেন কার্য্যকরী শক্তি পাইল। প্রভূই তাঁহাদের প্রাণ—তাই প্রভূর বিরহে তাঁহারা মৃতবং ইয়াছিলেন। জীলা—জীবিত হইল। দেহে প্রাণ ইত্যাদি—দেহ হইতে প্রাণ বহির্গত ইয়া গেলে হস্ত-পদাদি ইন্দ্রিয়দকল যেমন অকর্মণ্য হইয়া পড়ে, প্রভূ নীলাচল ত্যাগ করিয়া গেলেও ভক্তগণ তদ্ধপ নির্জীব—অশক্ত ইইয়াছিলেন। মৃতদেহে প্রাণের সঞ্চার হইলে যেমন ইন্দ্রিয়-সমূহও কার্য্যকরী শক্তি পায়, প্রভূর আগমন-বার্ত্তা শুনিয়াও ভক্তগণ তদ্ধপ আনন্দে যেন দলীব হইয়া উঠিলেন।

১৭৮। নরেন্দ্র-সরোবরে। ভক্তগণ প্রভুর সহিত মিলিবার জন্ম অগ্রাবর হইয়া আদিলেন। নরেন্দ্র-সরোবরের তীর পর্যান্ত আদিলে তাঁহারা প্রভুর সাক্ষাৎ পাইলেন।

১৭৯। পুরী-ভারতী—পরমানদপুরী এবং ব্রহ্মানদ-ভারতী। এই ছইজন প্রীণাদমাধ্বেক্রপুরীগোস্বামীর শিষা, স্ক্তরাং মহাপ্রভুর গুরুস্থানীয়। তাই প্রভু তাঁহাদের চরণ বন্দন করিলেন।

১৮৫। মালা-প্রসাদ —শ্রীজগন্নাথের প্রদাদী-মালা এবং মহাপ্রদাদ।

তুলসী-পড়িছা—তুলদী-নামক পড়িছা। পড়িছা বোধ হয় প্রতিহারী-শব্দের অপত্রংশ।

১৮৭। মিশ্রবাসা—কাশী মিশ্রের বাড়ীতে প্রভুর বাদায়। সার্ব্বভৌম পণ্ডিত-গোসিপ্রি—বাস্তদেব-দার্ব্বভৌম এবং গদাধর পণ্ডিত গোস্বামী উভয়েই প্রভুকে নিমন্ত্রণ করিলেন।

প্রভু কহে—মহাপ্রসাদ আন এই স্থানে। সভাসঙ্গে ইহাঁ আজি করিব ভোজনে ॥ ১৮৮ তবে দোঁহে জগন্নাথ-প্রসাদ আনিল। সভা সঙ্গে মহাপ্রভু ভোজন করিল।। ১৮৯ এই ত কহিল প্রভু দেখি বৃন্দাবন। পুনরপি কৈল যৈছে নীলাদ্রিগমন ॥ ১৯০ ইহা যেই শ্রেদ্ধা করি করয়ে প্রবর্ণ। অচিরাতে পায় সেই চৈতগ্যচরণ ॥ ১৯১ মধ্যলীলার এই কৈল দিগ্দরশন। ছয় বৎসর কৈল থৈছে গমনাগমন॥ ১৯২ শেষ অফীদশ বৎসর নীলাচলে বাস। ভক্তগণ-সঙ্গে করে কীর্ত্তনবিলাস ॥ ১৯৩ মধ্যলীলার ক্রম এবে করি অনুবাদ। অনুবাদ কৈলে হয় কথার (লীলার) আস্বাদ ॥১৯৪ প্রথম পরিচ্ছেদে শেষলীলার সূত্রগণ। তহিঁমধ্যে কোনভাগের বিস্তার বর্ণন॥ ১৯৫ দ্বিতীয় পরিচেছদে প্রভুর প্রলাপবর্ণন। তহি মধ্যে নানাভাবের দিগ্দরশন॥ ১৯৬

তৃতীয় পরিচ্ছেদে প্রভুর কহিল সন্যাস। আচার্য্যের ঘরে যৈছে করিলা বিলাস ॥ ১৯৭ চতুর্থে মাধবপুরীর চরিত্র-আস্বাদন। গোপাল স্থাপন ক্ষীরচুরির বর্ণন॥ ১৯৮ পঞ্চমে সাক্ষিগোপাল চরিত্রবর্ণন। নিত্যানন্দ কহে, প্রভু করে আস্বাদন॥ ১৯৯ যপ্তে সার্ববভৌমের করিল উদ্ধারণ। সপ্তমে তীর্থযাত্রা বাস্তদেব-বিমোচন॥ ২০০ অফটেম রামানন্দসংবাদ বিস্তার। আপনে শুনিল সব সিদ্ধান্তের সার॥ ২০১ নবমে কহিল দক্ষিণ-তীর্থভ্রমণ। দশমে কহিল সর্বববৈষ্ণব-মিলন॥২০২ একাদশে শ্রীমন্দিরে বেঢ়াসঙ্কীর্ত্তন। ঘাদশে গুণ্ডিচামন্দির মার্জ্জন-ক্ষালন॥ ২০৩ ত্রয়োদশে রথ-আগে প্রভুর নর্তুন। চতুর্দ্দশে হোরাপঞ্চমী-যাত্রা-দরশন ॥ ২০৪ তার মধ্যে ব্রজদেবীর ভাবের শ্রবণ। স্বরূপ কহেন, প্রভু করে আস্বাদন॥ ২০৫

গৌর-কৃণা-তরঙ্গিণী-টীকা।

১৮৯। দোঁহে—গার্বভোগ এবং গদাধর-পণ্ডিত গোস্বামী।

১৯২। **ছয় বৎসর** ইত্যাদি—সন্যাস-গ্রহণের পর, দাক্ষিণাত্য-ভ্রমণ, গৌড়গমন, বৃন্দাবনগমন প্রভৃতিতে প্রভুর ছয় বংসর অতীত হইয়াছিল। ইহার পরে প্রভু আর কোথাও যান নাই।

১৯৩। শেষ অষ্টাদশ ইত্যাদি—এই ছয় বৎরের পরে আঠার বৎদর পর্যান্ত প্রভু নীলাচলেই ছিলেন; নীলাচলে থাকিয়াই ঐ আঠার বৎদর ভক্তগণকে লইয়া কীর্ত্তনাদি করিতেন। তাহার পরে প্রভু লীলা-সম্বরণ করেন।

১৯৪। এইক্ষণে মধ্যলীলার কোন্ পরিচ্ছেদে কি বিষয় বর্ণনা করা হইয়াছে, তাহাই উল্লেখ করিতেছেন।
অনুবাদ —পূর্বের্ন উল্লিখিত বিষয়ের পুনকল্লেখ।

১৯৭। **আচার্য্যের ঘরে**—শান্তিপুরে শ্রীমহৈত আচার্য্যের ঘরে।

১৯৮। গোপালস্থাপন—গোবৰ্দ্ধনে শ্ৰীগোপাল-মৃত্তি-প্ৰতিষ্ঠা।

ক্ষীরচুরি—মাধবেন্দ্র-পুরীগোস্বামার নিমিত্ত ক্ষীরচোরা-গোপীনাথ-কর্তৃক ক্ষীর চুরি।

১৯৯। নিত্যানন্দ কহে ইত্যাদি—সাক্ষীগোপালের চরিত্র, যাহা শ্রীনিত্যানন্দ-প্রভু বর্ণন করিয়াছিলেন এবং শ্রীমন্মহাপ্রভু শুনিয়া আস্বাদন করিয়াছিলেন। গোপালের ভক্তবৎদণতাই আস্বাদনের বিষয়।

২০০। বাস্তব্যেব-বিমোচন - গলিত-কুঠরোগী বাস্তদেবের উন্ধার।

২০৫। স্বরূপ কহেন ইত্যাদি—ব্রজদেবীর ভাব, যাহা স্বরূপ-দামোদর বর্ণনা করিয়াছিলেন এবং শ্রীমন্-মহাপ্রভু সাসাদন করিয়াছিলেন।

পঞ্চদেশ ভক্তের গুণ শ্রীমুখে কহিল। সার্ব্বভৌম-ঘরে ভিক্ষা, অমোঘ তারিল॥ ২০৬ যোড়শে বুন্দাবনযাত্রা গৌডদেশ-পথে। পুন নীলাচল আইলা নাট্টশালা হৈতে॥ ২০৭ সপ্তদশে বনপথে মথুরা-গমন। অফীদশে বৃন্দাবন-বিহার বর্ণন ॥ ২০৮ উনবিংশে মথুরা হৈতে প্রয়াগে গমন। তার মধ্যে শ্রীরূপেরে শক্তিসঞ্চারণ॥ ২০৯ বিংশতি পরিচ্ছেদে সনাতনের মিলন। তার মধ্যে ভগবানের স্বরূপবর্ণন ॥ ২১০ একবিংশে কৃষ্ণৈশ্বর্য্য-মাধুর্য্য বর্ণন। দ্বাবিংশে দ্বিবিধ সাধন-ভক্তি-বিবরণ ॥ ২১১ ত্রয়োবিংশে প্রেমভক্তি-রসের কথন। চতুর্বিবংশে আত্মারাম-শ্লোকার্থ-বিবরণ॥ ২১২ পঞ্চিশে কাশীবাসিবৈঞ্ব-করণ। কাশী হৈতে পুন নীলাচলে আগমন॥২১৩ পঞ্চিংশতি পরিচ্ছেদের এই কৈল অনুবাদ। যাহার তাবণে হয় গ্রন্থার্থ-আস্বাদ॥ ২১৪ সংক্ষেপে কহিল এই মধ্যলীলা সার। কোটিগ্রন্থে বর্ণন না যায় ইহার বিস্তার॥ ২১৫

জীব নিস্তারিতে প্রভু ভ্রমিলা দেশে দেশে।
আপনি আস্বাদি ভক্তি করিল প্রকাশে॥ ২১৬
কৃষ্ণতত্ত্ব ভক্তিতত্ব প্রেমত্ব্ব সার।
ভাবতত্ব রসতত্ত্ব লীলাতত্ব আর॥ ২১৭
ভাগবত-তত্ত্বরস করিল প্রচার।
'কৃষ্ণতুল্য ভাগবত' জানাইল সংসার॥ ২১৮
ভক্তলাগি বিস্তারিল আপন বদনে।
কাহোঁ ভক্তমুখে কহাই শুনিলা আপনে॥ ২১৯
চৈত্যু সমান আর কুপালু বদায়।
ভক্তবৎসল নাহি আর ত্রিজগতে অয়॥ ২২০
প্রাদ্ধাকরি এই লীলা শুন ভক্তগণ।
ইহার প্রসাদে পাবে চৈত্যু চরণ ॥ ২২১
ইহার প্রসাদে পাবে কৃষ্ণতত্ত্ব-সার।
সর্বেশান্ত্র-সিদ্ধান্তের ইহাঁ পাইবে পার॥ ২২২

যথারাগঃ—

কৃষ্ণলীলামূতসার, তার শত শত ধার,
দশদিগে বহে ধাহা হৈতে।
সে চৈতহলীলা হয়, সরোবর অক্ষয়,
মন-হংস চরাহ তাহাতে॥ ২২৩

গোর-কৃপা-তরঙ্গিণী টীকা।

- ২০৬। **অমোঘ তারিল**—সার্ব্বভৌষের জামাতা অমোঘকে উদ্ধার করিলেন।
- ২১১। হি**বিধ সাধনভক্তি**—বৈধী ও রাগাহুগা।
- ২১৬। আপনি আম্বাদি—শ্রীমন্মহাপ্রভু নিজে ভক্তি-আচরণাদি করিয়া আস্বাদন করিলেন, এবং আরুষঞ্চে জীবের মঙ্গলের নিমিত্ত তাহা প্রকাশ করিলেন।
- **২১৮। ক্বফতুল্য ভাগবত**—২।২৪।২০২ প্রারের টাকা দ্রষ্টব্য। জা**নাইল সংসার**—সংসারবাদী জীবকে জানাইলেন।
- ২১৯। ভক্ত-লাগি ইত্যাদি—ভক্তের মঙ্গলের নিমিত্ত কোনও স্থানে বা নিজমুথে তত্ত্ব বর্ণনা করিয়াছেন, (যেমন সনাতন-শিক্ষায়), আবার কোনও স্থানে বা ভক্তদারা বর্ণনা করাইয়া নিজে গুনিয়াছেন (যেমন রায় রামানল-সঞ্জে)।

কাহে।—কোনও স্থল।

- "ভক্তলাগি" স্থলে কোন কোন গ্রন্থে "ভক্তিলাগি" পাঠ আছে। এরপস্থলে "ভক্তিলাগি" অর্থ—ভক্তি-প্রচারের নিমিত্ত।
 - ২২৩। ক্ব**ফলীলামূত-সার** ইত্যাদি—ক্ষণীলামূত-সারের শত শত ধারা ঘাহা হইতে দশদিকে প্রবাহিত

গৌর-কুপা-তরঙ্গিণা টীকা।

হইতেছে, সেই গৌরাঙ্গলীলা একটি অক্ষ-সরোবর-তুল্য। ইহাতে বুঝাইলেন যে, গৌরলীলাম ডুব দিতে পারিলেই কৃষ্ণলীলাম প্রবেশলাভ হইতে পারে; "গৌরাঙ্গ-গুণেতে ঝুরেঁ, নিত্যলীলা তারে স্ফুরে।" আবার "গৌরপ্রেম-রদার্থবে, সে তরজে যেবা ডুবে, সে রাধামাধ্ব-অন্তরঙ্গ।"

পূর্বে (২।২২।৯০ পরারের টাকার) বলা হইয়াছে, নবদীপ-লালা ও ব্রজলীলার স্বরূপতঃ পার্থক্য নাই; উভয়-ধামের লীলাই একই হতে গ্রথিত; এই লীলাহতাটী শ্রীমন্মহাপ্রভূই গুরু-পরম্পরাক্রমে নীবের হাতে ধরাইয়া দিয়া গিয়াছেন। ঐ লীলাহত অবলম্বন করিয়াই সাধক-জীবকে ভগবচ্চরণে পৌছিতে হইবে। কিন্তু এই লীলাহত অবলম্বন করিয়া অগ্রসর হইতে হইলেই নবদীপ-লীলার ভিতর দিয়া যাইতে হইবে; ইহা অবলম্বন করিয়া শ্রীমন্মহাপ্রভূর ক্রপায় নবদীপলীলায় প্রবেশ-লাভ করিতে পারিলেই ব্রজলীলা বেরূপে স্বভঃই স্ফুরিত হওয়ার মন্তাবনা, তাহা পূর্বের হা২২১০ পয়ারের টীকার বর্ণিত হইয়াছে।

কৃষ্ণলীল।মুত দার—অমৃতের-দার—ঘনীভূত অমৃতই অমৃতদার। রুঞ্লীলারূপ অমৃতদার—কৃষ্ণুলীলামৃত সার। তার শত ইত্যাদি—তার—কৃঞ্লীলামৃত-সারের। ধার—ধারা, প্রবাহিনী। শত শতধার—শতশত ভাবের ধারা। নানাভক্ত নানা ভাবে প্রীক্লফকে উপাদনা করেন। দকল ভাবের মূল উৎদই প্রীনবদ্বীপ-লীলা। "মন্মনা ভব" ইত্যাদি বাক্যে কিরূপে শ্রীক্ষণকে পাওয়া যাইতে পারে, শ্রীঅর্জুনের নিকট দিগ্দর্শনরূপে তিনি তাহা বলিয়াছেন। শ্রীগৌর-লীলায় কুরুক্ষেত্রের ঐ বাক্যেরই বিশ্লেষণ করিয়া তিনি দেখাইয়াছেন—"কৃষ্ণপ্রাপ্তির উপায় বহুবিধ হয়। ক্রফপ্রাপ্তির তারতম্য বহুত আছয়॥ ২৮৮৬৪॥" ক্রফপ্রাপ্তিও অনেক রকমের অনেক ভাবের, স্কুতরাৎ প্রাপ্তির উপায়ও অনেক রকম। নবদ্বীপলীলায় মধুর-ভাবের স্বরূপ এবং দাধন প্রকৃষ্টরূপে দেখাইয়া থাকিলেও অন্তান্ত ভাবের স্বরূপ এবং সাধনও দেখাইয়াছেন। তিনি নিজেও বলিয়াছেন—"চারি ভাবের ভক্তি দিয়া নাচাই মূ ভুবন"; করিয়াছেনও তাই। ব্রজের দাশু-ভাবের অনুরূপ লীলা নবদ্বীপেও আছে; এইরূপে, ব্রজের দখ্যবাৎদল্য-ভাবের লীলার অনুরূপ লীলাও নবদীপে আছে। ব্রজের দাশু-লীলা এবং নবদীপের দাশু-লীলা একখুত্রে গ্রথিত, এবং গুরু-পরম্পরাক্রমে এই লীলাস্ত্রও ডিনি জীবের হাতে ধরাইয়া দিয়া গিয়াছেন। সখ্য-বাৎসল্যাদি লীলা-সম্বন্ধেও ঐ ব্যবস্থা। স্থতরাং যিনি যে ভাবের উপাদকই হউন না কেন, ঐ লীলাস্ত্র অবলম্বন করিয়া তাঁহাকে দর্বাগ্রে নবদীপ-লীলারই শরণ লইতে হইবে; ভাবানুকুল নবদ্বীপ-লীলার আশ্রয় গ্রহণ করিলেই, তদনুষায়ী ব্রজলীলায় তাঁহার প্রবেশ-লাভ হইতে পারিবে। দাশুভাবের দাধককে নবদ্বীপে ঈশানাদির আমুগত্যে, দথ্যভাবের দাধককে গৌরীদাদাদির আমুগত্যে, বাৎসল্যভাবের সাধককে—শচী-জগন্নাথের আমুগত্যে ভজন করিতে হইবে। তাঁহাদের রূপায় গুরু-পরম্পরার আনুগত্যে নবদীপ-লীলায় প্রবেশলাভ হইলেই, ভাবানুকূল নবদীপ-পরিকরদের চিত্তস্থিত ব্রজভাবের তরঙ্গাঘাতে দাধকের চিত্তেও অনুরূপ ব্রজভাবের স্ফৃত্তি হইবে, তথন তিনিও ভাবান্তকুল ব্রজলীলায় প্রবেশ করিতে পারিবেন। দাশুভাবের উপাসক ঈশানাদির আতুগত্যে নবধীপ-লীলায় প্রবেশ করিয়া দেখিবেন—ঈশানাদি ব্রজের রক্তক-পত্রকাদির ভাবে আবিষ্ট আছেন; তথন তাঁহাদের সেই ভাবের স্রোত দাধকের চিত্তে আঘাত করিয়া তাঁহাকেও রক্তক-পত্রকাদির ভাবের আনুগভা্ময় ভাবে অনুপ্রাণিত করিবে, তথন তিনি ঐ ভাবের প্রেরণায় ব্রজলীলায় প্রবেশ করিতে পারিবেন। সখ্য-বাৎসল্যাদি সম্বন্ধেও এইরূপ।

দাস্ত-সংগ্য-বাৎসল্য ভাবের সাধকের চক্ষুতে শ্রীমন্মহাপ্রভু রাধাভাব-স্থবলিত ক্লফ্ষররূপ নহেন—তিনি কেবলই ক্লফ। দাস্ত ও বাৎসল্য ভাবের সাধকের নিকট তিনি যশোদানন্দন এবং সংগ্যভাবের সাধকের নিকট তিনি স্থবল-স্থা-ক্লফ; কেবল মধুর ভাবের সাধকের চক্ষুতেই তিনি রাধাভাবত্যতি স্থবলিত ক্লফ্য—অন্তরঙ্গ-সাধনে কেবল শ্রীরাধা।

এই গেল কেবল ব্রজের চারিভাবের কথা। প্রীমন্মহাপ্রভু স্বয়ং ভগবান্; স্থতরাং তাঁহার মধ্যে দকল ভগবং-

ভক্তগণ ! শুন মোর দৈশ্য-বচন।
তোমাসভার পদধূলি অঙ্গে বিভূষণ করি,
কিছু মুঞি করেঁ। নিবেদন ॥ ধ্রু ॥ ২২৪

কৃষ্ণ-ভক্তি-সিদ্ধান্তগণ, যাতে প্রফুল্ল পদ্মবন,
তার মধু কর আস্বাদন।
প্রেমরস-কুমুদ-বনে, প্রফুল্লিত রাত্রি-দিনে
তাতে চরাও মনোভৃঙ্গণ।। ২২৫

গৌর কৃপা-তরঙ্গিণী টীকা।

স্বরূপের ভাবেরই সমাবেশ আছে। লক্ষ্মী-কাচে নৃত্যকালে তিনি দেখাইয়াছেন—শ্রীভগবতীও তিনিই। এইরপে শিব, নৃসিংহ, বামন, বরাহ প্রভৃতি সমস্ত ভগবৎ-স্বরূপই যে তাঁহাতে আছে, নবন্ধীপ-লীলায় তাহাও তিনি প্রকট দেখাইয়াছেন। মতরাং যে কোনও ভগবৎ স্বরূপের সাধকই, নিজ নিজ ভাবে প্রীমন্মহাপ্রভুর উপাসনা করিতে পারেন। নিজের অনুকৃশ-ভাবে শ্রীমন্মহাপ্রভুর উপাসনা করিলেই, শ্রীমন্মহাপ্রভুর রূপায় সাধক নিদের উপাসনা করিতেছেন। কিন্তু গোবা লাভ করিতে পারেন। অসংখ্য ভগবৎ-স্বরূপ আছেন, অসংখ্যভাবে জীব তাঁহাদের উপাসনা করিতেছেন। কিন্তু ভাবাস্থ দি শ্রীগোরস্থলরের লীলা-সমুদ্রে সমস্ত ভাবেরই সমাবেশ আছে। এবং স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভুই ইতেই যেমন সমস্ত ভগবৎ-স্বরূপের অভিব্যক্তি, ভদ্রূপ তাঁহার অক্ষয়-লীলা-সরোবর হইতেই ঐ সকল ভগবৎ-স্বরূপের সাদকদের অভীপ্ত অসংখ্য ভাবের শ্রেভি প্রবাহিত হইতেছে। গৌরলীলারণ অক্ষয়-সরোবরে তুব দিলে, যে কোনও ভগবৎ-স্বরূপের অভীপ্ত ভাবস্রোবত প্রবাহিত হইরা অভীপ্তদেবের চরণ-সান্নিধ্যে উপানীত হইতে পারিবেন। বোধহয়, এজগুই বলা হইয়াছে— শ্রীচেতগু-লীলারপ অক্ষয়-সরোবর হইতেই কৃষ্ণ (বা অন্ত যে সকল ভগবৎ-স্বরূপ-রূপে শ্রির করিতেছেন, তাঁহাদের)-সীলার শত শত ধারা প্রবাহিত হইতেছে; এই অফ্য স্বরোবরে তুব দিলেই ভাবান্তক্ন-লীলা-স্রোতে-প্রবেশলাভ হইতে পারে।

যাহা হৈতে – যে চৈতন্তলীশারূপ সরোবর হইতে।

সরোবর অক্ষয়—অক্ষয় বলিবার তাৎপর্য্য এই যে, এই দরোবর হইতে অনবরত শত শত ধারা দশদিকে প্রবাহিত হইয়া যাইতেছে, তথাপি সরোবরটী সর্র্বদা পরিপূর্ণ থাকে। মন হংস—মনোরূপ হংস। কবিরাজ গোস্বামী ভক্তগণকে বলিতেছেন— প্রীগোরচন্দ্রের লীলা একটা অমৃতপূর্ণ অক্ষয় সরোবর তুল্য; এই সরোবর হইতেই প্রীক্ষয়লীলার ধারা সকল-দিকে প্রবাহিত হইতেছে। গোর-লীলারূপ সরোবরে অবগাহন করিতে পারিলে অনায়াসেই প্রধারাসমূহ তোমাকে টানিয়া লইয়া যাইবে। অর্থাৎ গৌরলীলায় ডুবিতে পারিলেই কৃষ্ণলীলা স্ফুরিত হইবে। অত এব হে ভক্তগণ, তোমাদের মনোরূপ-হংসকে সর্ব্বদা গৌরলীলারূপ সরোবরে বিচরণ করিতে দাও; অর্থাৎ প্রীশ্রীগোরলীলা-সেবন কর, তাহা হইলেই কৃষ্ণলীলা স্ফুরিত হইবে। গৌরলীলারূপ সরোবরে মনোহংসকে চরাইলে কি হইবে, তাহা পরবর্ত্তী কয় ত্রিপদীতে বলিতেছেন।

২২৫। সরোবরে যেগন পদ্ম থাকে, কুমুদ (সাপলা) থাকে, ভ্রমরগণ যেমন সেই পদ্ম ও কুমুদের মধুপান করে—তেগনি এই গৌরলীলারপ সরোবরেও পদ্ম ও কুমুদ আছে, ভক্তগণের মনোরপ ভ্রমর তাহাদের মধু আস্বাদন করিতে পারিবে। সেই পদ্ম ও কুমুদ কি ? ক্ষণ্ণভক্তিসম্বন্ধীয় সিদ্ধান্ত-সমূহই ঐ সরোবরের প্রস্ফুটিত পদ্ম এবং প্রেমরসই তাহার প্রস্ফুটিত কুমুদ। গৌরলীলায় প্রবেশলাভ হইলেই সমস্ত ভক্তিসিদ্ধান্ত জানিতে পার। যায় এবং প্রেমরসেরও জ্ঞান এবং আস্বাদন হয়।

ক্ব**ন্ডভক্তিসিন্ধ** ভাগা — ক্বন্ধ ভক্তি-বিষয়ক শাস্ত্রীয় দিদ্ধান্তসমূহ।

যাতে—যে গৌরলীলারূপ অক্ষয়-সরোধরে।

প্রযুদ্ধ পদাবন — এ দিদ্ধান্ত-সমূহই প্রস্ফুটিত পদাবনের তুল্য। পদা ষেমন স্নিগ্ধ, স্থন্দর, পবিত্র, নয়নের আনন্দদায়ক এবং স্থগন্ধ—ভক্তি-দিদ্ধান্ত-সমূহও তেমনি কর্ম-যোগ-জ্ঞানাদির আবিলতা-বর্জ্জিত বলিয়া পবিত্র ও স্থন্দর এবং আনন্দ্রন-বিগ্রাহ শ্রীক্ষান্তর নির্মাল প্রেমদেবার অমুকুল বলিয়া আনন্দদায়ক এবং মনোরম। প্রাকৃল্ল পদা বলার নানাভাবে ভক্তজন, হংস-চক্রবাকগণ, যাতে সভে করেন বিহার। কৃষ্ণকেলি স্থম্ণাল, যাহাঁ পাই সর্ববকাল, ভক্তহংস করয়ে আহার॥ ২২৬

গৌর কুপা তরঙ্গিণী চীকা।

হেতৃ এই যে, পদ্ম প্রস্কৃটিত না হইলে তাহাতে স্থান্ধ ও সধু হয় না। শ্রীমনাহাপ্রভুর দিদ্ধান্তসমূহও অতি বিস্তৃত, সমস্ত পূর্বপিক্ষের আপত্তির খণ্ডন-কারক, তাই প্রফুল কমলতুল্য, সন্দেহাদিরপ আবিলতাবজ্জিত, এবং নির্দান-ভক্তির সৌরভে ও স্থারদে ভরপূর।

্রেশরস কুমুদ—প্রেশরসই ঐ সরোবরের কুমুদ-তুল্য।

ভক্তি-দিদ্ধান্তকে পদা এবং প্রেম-রদকে কুমুদ বলারও বোধ হয় একটু রহস্ত আছে। পদা প্রস্ফুটিত হয় দিনে, স্থাের কিরণে। আর কুমুদ প্রস্ফুটিত হয় রাত্রিতে, চন্দ্রের কিরণে। চন্দ্রের কিরণ অতি স্নিগ্ধ, তাপ-গ্লানি দূরকারক, মন ও নয়নের আনন্দনায়ক; প্রেমরদও ভদ্ধেপ, অতি স্নিগ্ধ, শ্রীকৃষ্ণ-বিষয়ে চিত্তের দ্রবতা-দম্পাদক, মনোরম এবং আনন্দময়। আর, স্থাের কিরণ তাপদায়ক। দিদ্ধান্তাদিও প্রেম-রদ অপেক্ষা নীরদ, সাধারণতঃ অপরের বা নিজের চিত্তের বিক্ল-মত-থগুনের নিমিত্রই দিদ্ধান্তের আলোচনা—স্থতরাং দিদ্ধান্তের আলোচনায়—যদিও ভক্তি দৃঢ় হওয়ার দস্তাবনা—তথাপি চিত্তে একটু যেন শুদ্ধতা আদিতে চায়—যেমন স্থাের তাপে শুদ্ধতা আদে। এইরপ শুদ্ধতাময় তর্ক-বিচারের ফলে দিদ্ধান্ত প্রস্ফুটিত হয় বলিষাই বাধে হয় ভক্তি-দিদ্ধান্তকে পদ্মের দঙ্গে তুলনা করা ইইয়াছে।

২২৬। নানাভাবে ভক্তজ্বণ—দাস্ত, দথ্য, বাৎদল্য ও মধুর এই দকল ভাবের এবং ভিন্ন ভাবে ভিন্ন ভাবে ভিন্ন ভগবৎ-স্বরূপের উপাদকদের ভাবের যে কোনও ভাবের উপাদকই। দাস্ত-স্থ্যাদি চারিটী ব্রজরদ। প্রভাকের রুদের উপাদককেই প্রীচৈতন্ত-লীলারূপ অক্ষয়-সরোবরে ডুব দিতে হইবে। নচেৎ স্বীয় ভাবোপযোগী ব্রজ্-লীলারূদের অনুসন্ধান পাওয়া যাইবে না।

হংস চক্রবাকগাণ—নানা ভাবের ভক্তগণকে হংস ও চক্রবাকের সঙ্গে তুলনা করা হইয়াছে। হংস ও চক্রবাক সাধারণতঃ সরোবরে বিচুরণ করে। ভক্তগণকেও বলা হইতেছে, তাঁহারাও যেন প্রীচৈতত্ত-লীলারূপ অক্ষয়-সরোবরে বিচুরণ করেন।

যাতে—ধেই অক্ষয় সরোবরে।

কৃষ্ণকৈলি স্থয়ণাল — কৃষ্ণ-লীলারণ উত্তম মৃণাল। হংস-সমূহ সরোবরে বিহার করিবার সময়ে পদ্মের মৃণাল (ডাটা) আহার করিয়া থাকে। ভক্তগণকেও বলা হইতেছে যে, তাঁহারা হংসরপে যথন গৌরলীলারপ অক্ষ্য-সরোবরে বিহার করিবেন, তথন কৃষ্ণ-লীলা-রূপ মৃণাল আহার করিতে পারিবেন। অর্থাং গৌর-লীলায় প্রবেশ করিতে পারিলেই কৃষ্ণনীলা আস্বাদন করিতে পারিবেন।

মৃণালের উপরে, মৃণালকে অবলম্বন করিয়াই পদ্ম অবস্থিতি করে। পূর্ব্বে ক্ষণ্ডক্তি-দিদ্ধান্তকে পদ্ম বলা ইইয়াছে; একণে ক্ষণ্ডকলিকে মৃণাল বলা ইইল। ইহাতে বুঝা যাইতেছে যে. ভক্তিদিদ্ধান্ত-দম্হ ক্ষণলীলার উপরেই প্রতিষ্ঠিত, ক্ষণলীলাকে আশ্রয় করিয়াই ঐ দমন্ত দিদ্ধান্ত অবস্থিত। ইহাও ধ্বনিত ইইতেছে যে, যে দিদ্ধান্ত ক্ষণলীলা-দ্বারা দম্গিত নহে, তাহা স্থাদিদ্ধান্ত নহে। আবার পদ্মকে লক্ষ্য করিয়া অগ্রদর ইইলেই যেমন মৃণালের দন্ধান পাওয়া যায়, তক্ষ্যপ ভক্তি-দিদ্ধান্তের প্রতি স্থির লক্ষ্য রাখিয়া ভদ্ধন-মার্ণে অগ্রদর ইইলেই ক্ষণলীলার দন্ধান পাওয়া যায়। পদ্মের প্রতি লক্ষ্য না রাখিয়া দরোবরে দন্তরণ করিলেও যেমন মৃণালের দন্ধান পাওয়ার দন্তাবনা নাই, তদ্ধাপ ভক্তি-শান্তের দিদ্ধান্ত-দম্হকে উপকলা করিয়া যথেচছভাবে ভদ্ধন করিলেও ক্ষণ্ণলীলায় প্রবেশলাভ অসন্তব হইবে; তাহাতে কেবল পরিশ্রম এবং ক্লান্তিই দার হইবে—তাহা উৎপাৎ-বিশেষই ইইবে। তাই ভক্তিরদামৃতদিন্ধ বলিয়াছেন—"শ্বতি-প্রাণাদি-পঞ্চরাত্রিৎ বিধিৎ বিনা। আত্যন্তিকী ইরিভক্তিক্রৎপাতার্রৈর কল্পতে।৷ সান্তিভাগ বাহা কর্য, যে অক্ষয় দরোবরে।

সেই সরোবরে গিয়া, হংস চক্রবাক হৈয়া,
সদা তাহাঁ করহ বিলাস।
খণ্ডিবে সকল ছঃখ, পাইবে পরম স্থুখ,
অনায়াসে হবে প্রেমোল্লাস॥ ২২৭

এই অমৃত অনুক্ষণ, সাধু মহান্ত মেঘগণ, বিশ্বোছানে করে বরিষণ। তাতে ফলে প্রেমফল, ভক্ত খায় নিরন্তর, তার শেষে জীয়ে জগজন॥ ২২৮

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

২২৮। **এই অমৃত**—লীলারূপ অমৃত। **অনুক্ষণ**—সর্বাদা সাধু মহান্ত মেঘগণ—সাধুরূপ এবং মহান্তরূপ মেঘনমূহ। বিশ্বোদ্যানে—বিশ্বরূপ (জগৎ-রূপ) উন্তানে (বাগানে)।

আকাশস্থ মেথসমূহ বুষ্টি বর্ষণ করিলে পৃথিবীস্থ শস্তাদি রদ পার। তথন বাগানে আম, কাঁঠাল প্রভৃতি যে সমস্ত ম্থাত্ ফলের গাছ আছে, তাহারা ফলবান্ হয়। বাগানের মালিকেগণ ঐ ফলসমূহ যথেচ্ছে আসাদন করে। যাহা অতিরিক্ত হয়, তাহা অপরকে দান করে, বা অপরে সংগ্রহ করিয়া আস্বাদন করে। এইরপে সাধু মহান্তগণও ভগবৎশীলাকথা কীর্ত্তন ও আস্বাদন করিয়া জগতে প্রচায় করেন; এই লীলাকথার রসোৎসেক পাইয়া ভক্তমগুলীর ভক্তিলভা পূপ্তিত ও ফলিত হয়; ফলিত হইয়া প্রেম-ফল ধারণ করে; ভক্ত তাহা সর্বাদন করেন। যাহা অবশেষ থাকে, তাহাদের কুপায় অন্ত জীবগণও তাহা আস্বাদন করিয়া ধন্ত হয়।

সতাং প্রদান্মবীর্য্যসংবিদঃ-ই ত্যাদি শ্রীমদ্ভাগবতের শ্লোকেও বলা হইয়ছে—ভগবানের মহিমায় অভিজ্ঞ সাধুদিগের মুখে ভগবৎ-লীলা-কথা গুনিলেই ভক্তির পুষ্টি সাধিত বইতে পারে।

্দাধু-মহান্তগণকে মেঘের দক্ষে তুলনা করায় স্থান্ডিত হইতেছে যে—মেঘ যেমন আকাশে থাকে, পৃথিবীর দক্ষে মেঘের যেমন কোনও দম্বন্ধই নাই, তজ্ঞপ দাধু-মহান্তগণও মায়া হইতে অনেক উর্দ্ধে থাকেন, মায়িক দংদারের দক্ষে তাঁহারেন মায়াতীত, সংদারে অনাদক্ত। মেঘ যেমন ভাল গাছ, মন্দ গাছ—দকল গাছের উপরে, পবিত্র অপবিত্র দকল স্থানের উপরেই বুষ্টিবর্ষণ করে, বৃষ্টি-বর্ষণে মেঘের যেমন ভেদ-দৃষ্টি নাই, তজ্ঞপ বাঁহারা দাধু মহান্ত, তাঁহারাও দমদর্শী, ভেদজ্ঞান-শৃক্ত, অকুটিলচিত্ত, প্রশান্ত। শ্রীমদ্ভাগবতও মহান্তের এইরূপে লক্ষণই বিশিয়াছেন :—"মহান্তত্তে দমনিত্রাঃ প্রশান্তাঃ বিমন্যবঃ স্কহ্মদঃ দাধবো যে। যে বা মন্ত্রীশে কত্যোহদার্থা জনেষু দেহস্তরবাত্তিকেষু। গৃহেষু জাগাত্মজরতি-মৎস্থ ন প্রীতিযুক্তা ঘাবদর্থান্চ লোকে॥ বাবাহ-৩॥ "বাঁহারা দকলের স্ক্রন্থ, প্রশান্ত, ক্রোধশুন্য, দদাচার-পরায়ণ এবং বাঁহারা দকল প্রাণীকেই দমান দেখেন, তাঁহারাই মহৎ। আমি (ঋষভদেব) দ্বারুর বাঁহারা আমাতে দৌহন্ত করিয়া দেই দৌহন্তকেই পরম পুরুষার্থ জ্ঞান করেন; বাঁহারা বিষয়াদক্ত ব্যক্তিতে ও পুত্র-কলত্র-ধন-মিত্রাদিযুক্ত গৃহে প্রীতিযুক্ত নহেন এবং বাঁহারা লোকমধ্যে দেহ-বাত্রা-নির্ম্বাহোপযোগী অর্থ জ্ঞান অবিক অর্থর প্রয়াদা নহেন, তাঁহারাই মহৎ।" বাস্তবিক এইরূপ নিকিঞ্চন মহতের মুথে ভগবৎ-কথা শুনিতে পারিলেই, এইরূপ মহতের কুপা লাভ করিতে পারিলেই ভক্তির পৃষ্টি দাধিত হইতে পারে।

বৃষ্টির উদাহরণে ইহাও স্টিত হইল যে, মালী বাগানের যথেষ্ট যত্ন করিলেও যেমন, আকাশ হইতে বৃষ্টি পতিত না হইলে গাছে ফল ধরে না; তদ্ধপ, সাধক থুব ভজন করিলেও মহতের রুপা ব্যতীত প্রেম লাভ করিতে পারে না। • ভাতে—বিশ্বরূপ উত্থানে; জগতের জীবে।

তার শেষে—ভক্তের ভুক্তাবশেষে। ভক্তেরা প্রেমফল আস্বাদন করেন; তাঁহারা ক্লপা করিয়া দিলে অপর লোকতাহা আস্বাদন করিতে পারে। অথবা ভক্ত যথন প্রেমাস্বাদন করেন, তথন তাহা দেখিয়া তাহাতে লুর হইয়া
তাঁহাদের চরণ-সায়িধ্যে উপস্থিত হইলে তাঁহাদের সঙ্গের প্রভাবে অপর জীবও প্রেমফল আস্বাদন করিতে পারেন।
বাগানের মালিককে আম খাইতে দেখিলে কেহ যদি আমের জন্য লুর হইয়া মালিকের নিকট প্রার্থনা করে, অথবা
মালিকের নিকটে উপস্থিত হইয়া নিজের লুরতার ভাব প্রকাশ করে, তাহা হইলে বাগানের মালিক রূপা করিয়া

চৈতভালীলামৃতপূর, কৃষ্ণলীলা-স্থকপূর, দোঁহে মেলি হয় স্থমাধুর্য্য।

সাধুগুরুপ্রসাদে, তাহা যেই আস্বাদে, সে-ই জানে মাধুর্য্য-প্রাচুর্য্য॥ ২২৯

গৌর-কুপা-তরক্ষিণী টীকা।

তাহাকে আম দিতে পারেন। অথবা তাঁহার সহিত একতা বাসের ফলে ঘনিষ্ঠতা জন্মিলে অনায়াদেই দেই লুক্ক ব্যক্তি আমের আস্বাদ গ্রহণ করিতে পারে।

কোন কোন গ্রন্থে "শেষে" স্থানে "প্রেম" পাঠ আছে।

২২৯। পূর-সমুদ্র।

কৈতল্য-লীলাম্ভ-পূর — শ্রিক্ষাটে ত হলীলারণ অমৃতের সমৃদ। শ্রীটেত তের লীলা অমৃতের তুল্য আষাত।
আবার এই লীলায় যে মাধুর্য্য-প্রবাহ ক্ষুরিত হয়, তাহাও সমুদ্রের মত দীমাশৃত্য, অনন্ত। তাই শ্রীটেত তের লীলামৃত কে
সমুদ্রের দঙ্গে তুলনা করা ইইয়াছে। আর একটা ব্যঞ্জনাও বোধ হয় এই যে, অমৃত পান করিলে যেমন জীব অমর
হয়, জীবের দেহের শ্রিশ্বতাদি বৃদ্ধি হয়, প্রচুর আনন্দ উপভোগের যোগ্যতা আদে, তজেপ এই শ্রীটেত তের লীলাদেবনের দ্বারাও জীব অমরত্ব (জন্ম-মরণাদির অতীত চিন্ময় দেহ) লাভ করিতে পারে, ভত্তের জীবন-স্বরূপ-ভত্তির
পৃষ্টি হয় এবং জীব, ভগবৎ-দেবাজনিত অসমোর্দ্ধ আনন্দ উপভোগের যোগ্যতা লাভ করিতে পারে। স্থক পূর্ব —
উত্তম কর্পূর; যে কর্পূরের স্থান্দ চিত্তাকর্ষক এবং যাহার বর্ণও অত্যন্ত খেত (নির্মাল)। ক্রম্ভ-লীলা-স্থক পূর্ব —
কৃষ্ণ-লীলারপ উত্তম কর্পূর। কর্পূর যেমন মনোরম্-গঙ্গে এবং উত্তম খেত বর্ণে সকলের চিত্তকে আকর্ষণ করে,
শ্রীকৃষ্ণলীলাও তেমনি তাহার নির্মালতায় এবং সর্ব্ব-চিত্তাকর্যক তায় সকলকে মুঝ্ব করে।

আবার কর্পূর বেমন হর্গন্ধ-নিধারক ও রোগের বীজাণু-নাশক, প্রীক্বঞ্চ-লীলা-(কথা)ও তেমনি জীবের পাপ-তাপ-নিবারক এবং ভব-রোগের বীজ-স্বরূপ সংসারাসক্তি-নাশক; মুআবার কর্পূর যেমন প্রিগ্ধ শীতল, দাহ-নিবারক; প্রীক্ষণলীলাও তদ্ধপ ত্রিতাপ-নাশক, শুদ্ধাভক্তির উন্মেষদ্বারা চিত্তের প্রিগ্ধতা সাধক। "বিক্রীড়িতং ব্রজবধ্ভিরিত্যাদি" শ্রীমদ্ভাগবতের ১০া৩০০৯ শ্লোকই তাঁহার প্রমাণ।

দোঁহে— শ্রীচৈতন্ত-লীলা ও শ্রীরঞ্জনীলা। রিদক-শেখর শ্রীরুজ্ফের ব্রজনীলা ও নবদীপমালা। স্থুমাধুর্ব্য—উত্তম আস্বাহ্মতা। দোঁহে মেলি ইত্যাদি—ব্রজনীলা ও নবদীপনীলার সংযোগ হইলেই আস্বাহ্মতার সমধিক বৃদ্ধি হয়। অমৃতের দঙ্গে কর্পূর মিশ্রিত করিলে যেমন তাহার আস্বাদনীয়তা এবং উন্মাদকতা অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হয়, তত্রপ শ্রীনবদ্বীপ-লীলার সহিত ব্রজ্ব-লীলার সংযোগ রাখিলেই লীলার আস্বাদন-বৈচিত্রী এবং উন্মাদনা সমধিক বৃদ্ধি প্রাপ্ত হয়।

বজ-লীলার সহিত নবৰীপ-লীলার সংযোগ নিত্যই আছে; এই ছই ধামের লীলা, রসিক-শেখর প্রীক্ষেরে একই লীলা-রস-তর্মিণীর ছইটী অংশ মাত্র; স্বভরাং এই ছই লীলার কখনও সংযোগাভাব হইতে পারে না। এই ত্রিপদীতে সাধক ভক্তকে লক্ষ্য করিয়া গ্রন্থকার বলিতেছেন, সাধক ভক্ত যেন নবদীপ-লীলাকে বাদ দিয়া কেবল ব্রজ-লীলার, অথবা ব্রজ-লীলাকে বাদ দিয়া কেবল নবদীপ-লীলার উপাসনা না করেন—কারণ, তাহা করিলে লীলার অসমোর্দ্ধ-মাধুর্য্য-বৈচিত্রী হইতে এবং আস্বাদনের উন্মাদনা হইতে তিনি বঞ্চিত হইবেন। (এসম্বন্ধে একটু বিস্তৃত আলোচনা হাহহা৯০ প্রারের টীকায় দ্রষ্ট্ব্য।) কেবল ইহাই নহে—প্রবর্ত্তী ত্রিপদীতে বলা হইয়াছে যে, এক লীলাকে বাদ দিয়া অপর লীলার উপাসনা করিলে সাধকের ভক্তিই পৃষ্টিলাভ করিতে পারে না।

সাধু-শুক্ত-প্রসাদে—সাধু-মহান্তের-কুপায় এবং গুরুক্বপায়; অথবা সাধু গুরুর (সদ্গুরুর) কুপায়। সাধু গুরুর কুপা ব্যতীত লীলার আস্থাদন অ গুব, ইহাই বলা হইল। তাহা বেই আস্থাদে—তাহা (স্মিলিত ব্রঙ্গলীলা ও নবদ্বীপলীলা) যে ভক্ত আস্থাদন করেন। অন্তশ্চিন্তিত দেহে লীলা-ম্বরণাদি করিতে করিতে যখন অন্থ-নিবৃত্তি হইবে, হৃদয়ের মলিনতা দূর হইবে, তখনই চিত্তে গুল্ধ-সত্ত্বের আবির্ভাব হইবে। গুল্ধসত্ত্বের আবির্ভাব হইবে।

যে লীলা-অমৃত বিনে, খায় যদি অনুপানে, তভু ভক্তের তুর্বল জীবন। ষার একবিন্দু পানে, উৎফুল্লিত তনুমনে, হাসে গায় করয়ে নর্ত্তন ॥ ২৩০

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

লীলার আস্বাদন লাভ হইতে পারে। **সে-ই জানে**—সেই ভক্তই জানেন; সাধু-গুরুর রূপায় যিনি লীলা আস্বাদন করিতে পারেন, তিনিই জানেন। **মাধুর্য্য-প্রাচুর্য্য**—মাধুর্য্যের আধিক্য। প্রাচু**র্য্য**—প্রচুরতা; আধিক্য।

সাধু-গুরুর রুপায় যিনি উভয়-লীলা যুগপৎ আস্বাদন করিতে সমর্থ ইইয়াছিন, একমাত্র তিনিই জানিতে পারেন যে, উভয় লীলার সংযোগে মাধুর্য্য-বৈচিত্রী ও আস্বাদনের উন্মাদনা কত বেশী। যিনি সাধুগুরুর রুপা পান নাই, তিনি ইহা অন্তত্ত্ব করিতে পারেন না। এ বিষয়টী বর্ণনার বিষয় নহে, ইহা একমাত্র অন্তত্বের বিষয়। যে কথনও রসগোল্লা থায় নাই, রসগোল্লার যে কত স্থাদ, তাহা কেবল কথা দ্বারা তাহাকে বুঝান যায় না।

লীলারদের আস্বাদনের পক্ষে দাধু-গুরুর রূপা যে অত্যাবশুক্ত, ভাহাও এই ত্রিপদী হইতে ধ্বনিত হইতেছে।

২৩০। যে লীলা-অমৃত বিনে—যে প্রীচেতক্তলীলারপ অমৃত ব্যতীত। পূর্ব্ব-ত্রেপদীতে প্রীচেতক্তলীলাকে "এমৃত" বলা হইয়াছে; তাই এই স্থলে 'যে লীলা-অমৃত" পদে প্রীচেতক্ত-লীলাই ব্ঝিতে হইবে। অমৃত-শব্দের একটী অর্থ ঔষধও হয় (শক্ষরজ্ঞ); স্কুতরাং "যে লীলা-অমৃত" অর্থ—যে প্রীচৈতক্ত-লীলারপ ঔষধ।

তারপান—ওবধান্ধ-পেয়বিশেষ; মূল ঔষধের অন্ধরণে, ওবধের দক্ষে বা পরে যাহা পান করা যায়, তাহাকে অন্ধান বলে। যেমন স্বৰ্ণ-সিন্দুরের সঙ্গে মধু মিশ্রিত করিয়া থাইতে হয়; এ স্থলে "মধু" হইল অন্ধান। আবার কোন কোন বড়ি মুথে দিয়া তারপর জল থাইতে হয়; এ স্থলে জল হইল অনুপান। অনুপানের দারাই ঔষধের জিয়া বিশেষরূপে প্রকাশ পায়। অনুপান ব্যতীত কেবল ঔষধ থাইলে ঔষধ বিশেষ জিয়া করে না। আবার ঔষধ ব্যতীত কেবল অনুপান গ্রহণ করিলেও প্রায়শঃ বিশেষ কোন ফলই হয় না।

তুইটা লীলার একটাকে মূল ঔষধের সঙ্গে এবং অপরটাকে অন্তপানের সঙ্গে তুলনা করা ইইয়াছে। "লীলা-অমৃত" পদে শ্রীচৈতন্ত-লীলাকে বুঝাইলে এস্থলে "অনুপান"-পদে ক্বস্ত-লীলাকে বুঝিতে হইবে।

ভিছু—খাইলেও; শ্রীতৈভক্তনীলারূপ ঔষধ পান না করিয়া কেবল ক্লঞ্লীলারূপ অনুপান পান করিলেও।

ভজের সূর্বল জীবন—এ স্থলে জীবন-শব্দে "ভক্তি" বৃঝাইতেছে। যাহার প্রাণ আছে, তাহাকেই যেমন প্রাণী বলে, স্কুতরাং প্রাণই যেমন প্রাণীর জীবন; তদ্ধপ যাহার ভক্তি আছে, তাহাকেই ভক্ত বলা হয়; স্কুতরাং ভক্তিই ভক্তের জীবন। ভক্তি যদি অন্তর্হিত হয়, তাহা হইলে তাহাকে আর ভক্ত বলা চলে না; তথন তাহার (ভক্তত্বের) মৃত্যু হইয়ছে বলিয়াই মনে করা যায়। স্কুতরাং ভক্তিই হইল ভক্তের (ভক্তত্বের) জীবন। "জীবতে যোমুক্তিপদে" ইত্যাদি প্রীভা, ১০০১৪৮ শ্লোকের ভোষণী টীকায় বলা হইয়াছে "জীবত্বং ভক্তিমার্গস্থিতত্বম্।"

এই ত্রিপদীর মর্ম এই:—ঔষধ গ্রহণ না করিয়া কেবল ব্রুত্বপান মাত্র গ্রহণ করিলে যেমন রোগ ভাল রকম দূরীভূত হয় না, রোগী হর্বলই থাকে; তদ্ধপ শ্রীচৈতন্ত-লীলার উপাদনা না করিয়া কেবল ক্ষণলীলার উপাদনা করিলেও দাধকের ভক্তি পৃষ্টিশাভ করিতে পারে না—ভক্তি হর্বলাই থাকিয়া যায়।

প্রশ্ন হইতে পারে—অনুপান অপেকা মূল ঔষধেরই প্রাধান্ত। এটিচতন্ত-লীলাকে মূল ঔষধের সঙ্গে এবং প্রীকৃষ্ণ লীলাকে অনুপানের সঙ্গে তুলনা করায়, প্রীকৃষ্ণ-লীলা অপেক্ষা প্রীচৈতন্ত-লীলারই প্রাধান্ত স্থচিত হইতেছে। ইহার হেতু কি ?

উত্তর—২।২২।৯০ পর্যারের টীকার দেখান হইরাছে ষে, রস-বৈচিত্রীতে, করুণা-বিকাশে, রসিক-শেধরত্বের ও কৃষ্ণত্বের পূর্ণত্ম অভিব্যক্তিতে এবং প্রীপ্রীষুগল-কিশোরের মিলন-রহস্তের পূর্ণত্ম পরিণতিতে—ব্রজনীলা অপেক্ষা নবদ্বীপ-লীলারই সমধিক উৎকর্ষ। তাই বোধ হয় এই ত্রিপদীতে ব্রজনীলা অপেক্ষা নবদ্বীপ-লীলার প্রাধান্ত স্থাচিত হইরাছে। আবার সেই টীকার ইহাও দেখান হইরাছে যে,ব্রজ-লীলাই নবদ্বীপ-লীলার উপজীব্য বা পোষক; তাই

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

বোধ হয় নবদ্বীপ-লীলাকে মূল ঔষধ এবং ব্রজ-লীলাকে অমুপান বলা হইয়াছে; কারণ, অমুপান দারাই মূল ঔষধের শক্তি উদ্বুদ্ধ হয়, সঞ্জীবিত হয়।

আবার প্রশ্ন হইতে পারে—মূল ঔষধই মুখ্য; অমুপান তাহার সহায় মাত্র। প্রীভৈত্য-লীলা যথন মূল ঔষধ-তুল্য এবং ব্রজলীলা অমুপানতুল্য, তথন নবদ্বীপ-লীলার উপাসনাই মুখ্য, ব্রজ-লীলার দেবা গেণি—তাহার সহায় মাত্র; নবদ্বীপ লীলাই সাধ্য, ব্রজ-লীলা কেবল সাধন-সহায় মাত্র।

উত্তর—ঔষধ-দেবনই যদি রোগীর মূল উদ্দেশ্য হইত, তাহা হইলে ঔষধকে মুধ্য এবং অমুপানকে আমুষদ্দিক বা গোণ বস্তু বলা ঘাইতে পারিত। কিন্তু ঔষধ-দেবনই রোগীর মূল উদ্দেশ্য নহে—তাহার উদ্দেশ্য রোগ-নিবৃত্তি এবং স্বায়্যস্থ-ভোগ। ঔষধ ও অমুপান উভয়েই এই উদ্দেশ্য-সিদ্ধির পক্ষে তুল্য-রূপে সাধন; একটার অভাবে যথন অপরটা কোন ক্রিয়া করিতে পারে না, তথন উভয়েরই তুল্যরূপে মুধ্যুত্ত্ব দির হইতেছে। তদ্ধপ, লীলাম্মরণই সাধকের একমাত্র লক্ষ্য নহে; রুষ্ণ-বহির্মান্থতা দূর করিয়া দেবা-সৌভাগ্য-প্রাপ্তি এবং শ্রীভগবানের লীলা-রস-বৈচিত্রী আস্বাদন করাই সাধকের উদ্দেশ্য বা সাধ্য বস্তু। এই উদ্দেশ্য সিদ্ধির পক্ষে সাধকাবস্থায় উভয়লীলারই তুল্যরূপে সাধনত্ব, উভ্যনলীলারই তুল্যরূপে স্বাহ্য আছে। আবার সাধনের মুধ্যুত্বশতঃ এই উভয় লীলা যে কেবল সাধকাবস্থাতেই তুল্যভাবে দেবনীয়, তাহা নহে; সিদ্ধাবস্থাতেও ইহাদের তুল্যরূপে মুধ্যুত্ব—কারণ, উভয় লীলার সন্মিলনেই লীলার পূর্বতা, সিদ্ধ-দেহে উভয় লীলাই সাধ্য—একটা সাধ্য, অপরটা সাধন-মাত্র নহে। সাধন-সময়ে উভয়-লীলার স্মরণই তুল্যভাবে মুধ্যুক্ত সিদ্ধাবস্থায়ও উভয় ধামে সেবাই তুল্যভাবে সাধ্য।

সাধন ও সাধ্য হিসাবে উভয় লীলারই যথন মুখ্যত্ব আছে, তথন কৃষ্ণ-লীলাকে মূল ঔষধ এবং গৌর-লীলাকে অনুপান মনে করিয়াও উক্তরূপ এর্থ করা ঘাইতে পারে।

কৃষ্ণ লীলাকে অনুপান বলার আর একটা তাৎপর্য্যও বোধ হয় আছে। অনুপান—অনু (পশ্চাৎ)—পান; পশ্চাৎ বা শেষে যাহা পান করিতে হয়। এই অর্থে, কৃষ্ণ-লীলাকে অনুপান ধরিলে বুঝা যায় যে, সাধনকালে গৌরলীলার পশ্চাতে বা শেষে কৃষ্ণ-লীলা স্মরণ করিতে হইবে। সাধক, লীলা-স্মরণ-কালে প্রথমে গৌর-লীলাই আরম্ভ করিবেন, গৌর-লীলার কৃষায় কৃষ্ণ-লীলা যথন স্ফুরিত হইবে, তথন কৃষ্ণলীলা স্মরণ করিবেন। প্রথমে কৃষ্ণ-লীলার স্মরণ করিবেন না। (২০২০)।

এই ত্রিপদীর অন্তর্রণ অর্থণ্ড করা যায়। রাগানুগাভক্তি-প্রকরণে বলা হইয়াছে, রাগমার্গের সাধকের ভন্ধন ছই রকম—এক অস্তুন্দিস্তিত দেহে লীলা-শ্বরণ, আর যথাবস্থিত দেহে শ্রবণ-কীর্ত্তনাদি নববিধা বা চৌযট্ট-মঙ্গ-ভক্তি-যাজন। এই ছইটী ভজনের মধ্যে পোল্য-পোষক সম্বন্ধ। লীলা-শ্বরণ পোল্য—স্কুতরাং মুখ্য; এবং শ্রবণকীর্ত্তনাদি যথাবস্থিত দেহের সাধন ভাহার পোষক। অন্তুণান যেমন মূল ঔষধের শক্তির পোষক, যুথাবস্থিত দেহের সাধন শ্রবণকীর্ত্তনাদি ত্রুণান-শ্বরণের পোষক। স্কুতরাং লীলা-শ্বরণকে মূল ঔষধ এবং শ্রবণ-কীর্ত্তনাদি যথাবস্থিত-দেহের সাধনকে তাহার অনুপান-স্বরূপ বলা যাইতে পারে। এইরূপ অর্থে এই ত্রিপদীর তাৎপর্য্য হইবে এই যে :—উত্তর লীলার শ্বরণরূপ অমৃত ব্যতীত, কেবল শ্রবণ-কীর্ত্তনাদি যথাবস্থিত দেহের সাধনরূপ অমুপান গ্রহণ করিলেই সাধকের ভক্তির পৃষ্টি হইবে না। অর্থাৎ লীলা-শ্বরণ না করিয়া কেবলমাত্র যথাবস্থিত-দেহের সাধন শ্রবণকীর্ত্তনাদির অমুষ্ঠান মাত্র করিলেই রাগানুগা-ভক্তির পৃষ্টি হইবে না। বাগানুগীয় ভজনে লীলা-শ্বরণই মুখ্যান্ধ।

যে লীলা অমৃত বিনে —যে দমিলিত-লীলারূপ অমৃত ব্যতীত; উভয় লীলার শ্বরণ-ব্যতীত। অমৃতবর্ষণে যেমন মৃতদেহে প্রাণের সঞ্চার হয়, তদ্ধপ উভয় লীলার শ্বরণ-প্রভাবে জীবের বিশ্বত-স্বরূপের শ্বৃতি জাগ্রত হয়। এ অমৃত কর পান, যাহা সম নাহি আন, চিত্তে করি স্থদৃঢ় বিশ্বাস। না পড় কুতর্ক-গর্ত্তে, অমেধ্য কর্ক শাবর্ত্তে, যাতে পড়িলে হয় সর্ববনাশ ॥ ২৩১

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

কোনও কোনও গ্রন্থে "অনুপানে"-স্থলে "অন্ন-পানে" পাঠ আছে। এই পাঠে, "যে লীলা-অমৃত বিনে" পদে "অমৃত''-অর্থে-"ত্থ্য-স্তাদি" ব্ঝিতে হইবে। অমৃত অর্থ—ত্থ্যস্তিও হয় (শব্দকল্প-ক্রম)। তাহা হইলে ত্রিপদীটীর অর্থ এইরূপ হইবেঃ—

- ক) শ্রীচৈতগ্য-লীলারপ ঘৃত-ত্থাদি আহার না করিয়া কেবলমাত্র ক্ষণলীলারূপ অন্ন আহার করিলে ভক্তিরূপ জীবন যথোচিত পুষ্টিলাভ করিবে না; অথবা—
- (থ) শ্রীকৃষ্ণলীলারূপ দ্বত-হ্ন্ধাদি আহার না করিলে কেবল মাত্র শ্রীচৈতন্ত-লীলারূপ অন্ন আহার করিলে ভক্তিরূপ জীবন প্রষ্টিশাত করিবে না।

অর্থাৎ ঘত-চুগ্ধাদি আহার না করিয়া কেবল মাত্র অন্ধ আহার করিলে যেমন যথোচিতভাবে দেহ পুষ্টিলাভ করিতে পারে না, তদ্রাপ একটা লীলাকে বাদ দিয়া অক্ত লীলার স্মরণাদি করিলেও ভক্তি যথোচিত পুষ্টিলাভ করিতে পারে না। অথবা—

(গ) উভয় লীলার সারণরূপ ছগ্ম-ঘৃতাদি পান বা আহার না করিয়া কেবল যথাবস্থিত দেহের শ্রবণ-কীর্ত্তনাদির অমুষ্ঠানরূপ অন্ন আহার করিলে ভক্তিরূপ-জীবন যথোচিত পুষ্টিলাভ করিবে না। অর্থাৎ ছগ্ম-ঘৃতাদি আহার না করিয়া কেবল অন্ন মাত্র আহার করিলে ধেমন যথায়ণভাবে দেহ পুষ্ট হয় না, তদ্ধপ উভয় লীলার সারণ না করিয়া কেবল যথাবস্থিতদেহে শ্রবণ-কীর্ত্তনাদির অমুষ্ঠান করিলে রাগামুগা ভক্তি যথোচিত পুষ্টিলাভ করিতে পারে না।

এই ত্রিপদীতে "যে লীলা-অমৃত'' পদে শ্রীচৈতক্তলীলাই মুখ্যভাবে গ্রন্থকারের অভিপ্রেত বলিয়া মনে হয়। প্রকরণ-বলেও ইহাই যেন বুঝা যায়।

যার এক বিন্দু-পানে—ক্ষণ্টনারপ-স্কর্পরিমিশ্রিত চৈতন্ত লীলারপ অমৃতের এক কণিকা পান করিলে; যে লীলারসের অভি দামান্ত মাত্র আস্থাদন করিলেই। প্রাফুল্লিভ ভসু-মন—দেহ ও মন প্রফুল্লিভ হয়; লীলারসে মগ্র হওয়ায় মনে অভ্যন্ত আনন্দ জন্মে, দেহে দান্ত্বিক-বিকারাদির উদ্ভব হয়। হাসে গায় করয়ে নর্ভন—দাধু-গুরু-প্রদাদে ক্ষ্ণ-লীলামিশ্রিভ এই শ্রীচৈভন্ত-লীলারসের এক কণিকা মাত্রের আস্থাদন পাইলেও মনে অপূর্ব্ব-আনন্দের উদয় হয়, দেহে অশ্রু-কম্পাদি দান্ত্বিক ভাবাদির উদ্গম হয় এবং ভক্ত প্রেমে মাভোয়ারা হইয়া কথনও হা:স, কথনও বা কাদে, কথনও বা নৃত্য করে, আবার কথনও বা গান করে।

২৩)। এ অমৃত কর পান ইত্যাদি—প্রেম-দেবা লাভের পক্ষে লীলা-মরণের তুল্য বলবৎ দাধন আর কিছুই নাই; এই বাক্যে স্থাড় বিশ্বাদ স্থাপন করিয়া, দর্বাদা ক্ষণলীলা-রূপ-স্কর্পূব মিশ্রিত করিয়া শ্রীচৈতন্ত-লীলারূপ অমৃত পান কর। অর্থাৎ উভয় লীলার ম্মরণ করিবে। "দাধন ম্মরণ লীলা, ইহাতে না কর হেলা।"—প্রেমভক্তি-চন্দ্রিকা।

না পড় কুবর্ক-গর্প্তে—গ্রন্থকার এন্থলে সাধককে সাবধান করিয়া দিতেছেন। নানা লোক নানাবিধ কুবর্ক উঠাইয়া বলিতে পারেন যে "উভয় লীলার উপাসনার প্রয়োজন নাই; কেবল প্রীচৈতগুলীলার (বা কেবল শ্রীকৃষ্ণ-লীলার) সেবন করিলেই সাধ্যবস্ত লাভ করা ঘাঁয়'। গ্রন্থকার বলিতেছেন:—সাধক! সাবধান, এ সমস্ত কুবর্কে কর্ণপাত করিও না; তাহা হইলে সর্ব্বনাশ হইবে। ভয়ানক অধঃপত্তন হইবে, আর উঠিতে পারিবে না। শ্রীমন্মহাপ্রভ্র চরণ স্মরণ করিয়া উভয় লীলার সেবাই করিবে। অথবা, ভজনবিরোধী কুতর্কে।

কুতর্ককে গর্ত্তের দঙ্গে তুলনা করার তাৎপর্য্য এই ষে, গভীর গর্ত্তের মধ্যে পড়িয়া গেলে ষেমন স্হজে উঠা যায় না, গর্ত্তের নীচে অন্ধকায়ে পড়িয়া মশা, মাছি, জোক-পোক প্রভৃতির কামড়ে জর্জ্জরিত হইতে হয়, তদ্ধপ এসমস্ত শ্রীচৈতন্ম নিত্যানন্দ, অধৈতাদি ভক্তবৃন্দ, আর যত শ্রোতা ভক্তগণ। তোমাসভার শ্রীচরণ, করি শিরে বিভূষণ, যাহা হৈতে অভীষ্টপূরণ॥ ২৩২

গৌর-কুপা তরঙ্গিণী টীকা।

কুতর্কে বিচলিত হইয়া মহাজন-দেবিত-পন্থা ত্যাগ করিয়া ভিন্ন পন্থা অবলম্বন করিলেও সাধনে উন্নতি লাভ করিতে পারিবে না—বরং অধঃপতিত হইয়া, অপরাধগ্রস্ত হইয়া অজ্ঞান-অন্ধকারে পতিত হইয়া অশেষ যন্ত্রণা ভোগ করিতে হইবে।

কুতর্ক—যে তর্ক প্রাণাণ্য-শাস্ত্রের উপর প্রতিষ্ঠিত নহে এবং যাহা মহাজন-দেবিত পহার প্রতিকূল।

তামেধ্য—অপবিত্র হর্গন্ধময় পূরীষ (বিষ্ঠা)। কর্কশ—কঠোর, নির্দিয়। তাবর্ত্ত — ঘূর্ণীপাক। যেমন জলের ঘূর্ণী; স্রোতের বেগে চারিদিক্ হইতে জল আসিয়া যে স্থানে গর্ত্তের মত হয়, তাহাকে আবর্ত্ত বলে; এই আবর্ত্তে কোনও জিনিম্ব পড়িলে তাহা ক্রমশঃ নীচের দিকে ডুবিয়ায়য়, আর উঠিতে পারে না। নিষ্ঠুর লোক যেমন সময় সময় কাহাকেও জলে ডুবাইয়া ধরে, তাহাকে যেমন আর জল হইতে উঠিতে দেয় না, এই আবর্ত্তও তেমনি—তাহাতে পতিত বস্তুকে ডুবাইয়া ধরে, আর উঠিতে দেয় না; এজন্ত কর্কশ-আবর্ত্ত (নির্দিয় আবর্ত্ত) বলা হইয়াছে।

ত্থাবা—কর্মণ অর্থ অনস্থা। জলের আবর্ত্ত মস্থাই হয়, অনস্থা হয় না। মস্থা-জলাবর্ত্তে কেহ পতিত হইলে আবর্ত্তের পাকে তাহার হাত পা ভাঙ্গিতে পারে বটে, কিন্তু অন্তর্মণ ক্ষতবিক্ষত হওয়ার সম্ভাবনা থাকে না। কিন্তু জলের সঙ্গে তীক্ষণার প্রস্তর-খণ্ডাদিবং ক্ষুদ্র ক্ষু যদি বহুল পরিমাণে বর্ত্তমান থাকে, তবে দে সমস্ত অতি বেগে জলের সঙ্গে সঙ্গে আবর্ত্তে ঘূরিতে থাকে, তাহাতে আবর্ত্তীও অনস্থা বা কর্মণ হইয়া পড়ে। এইরূপ কোনও আবর্ত্তে কেহ পতিত হইলে, তীক্ষণার প্রস্তর্থণ্ডের সবেগ ঘর্ষণে তাহার সমস্ত দেহ ক্ষতবিক্ষত হইয়া য়য়য়, ঐ ক্ষ্তেখানেই আবার ঐ তীক্ষণার প্রস্তর্থণ্ডের সবেগ ঘর্ষণ চলিতে থাকে; তাহাতে লোকটীর প্রাণান্তক যন্ত্রণা হইতে থাকে। ঐ আবর্ত্তিী আবার গন্ধহীন জলের না হইয়া যদি হুর্গন্ধয়য় পুরীষের হয়, তাহা হইলে অপবিত্র পুরীষের স্পর্শে দেহ তো অপবিত্র হয়ই, বিশেষতঃ ঐ অপবিত্র হুর্গন্ধয় পুরীষ, আবর্তের ঘোরে প্রতি নিশ্বাদে নাকে, মুথে, চোথে, কানে প্রবেশ করিয়া অন্তর্দেহকেও অপবিত্র করে এবং অসহ হুর্গন্ধও শ্বাসরোধাদি জন্মাইয়া অসহ যন্ত্রণা প্রদান করে।

এই জাতীয়, তীক্ষধার-ক্ষুদ্র-প্রস্তর-খণ্ডমর, তুর্গন্ধ পুরীষের আবর্ত্তের দুর্গের তুলনা করা ইইয়াছে।
- এইরূপ কোনও আবর্ত্তে পতিত ইইলে জীবের যে অবস্থা হয়, শাস্ত্রযুক্তিহীন কুতর্কে ভুলিয়া মহাজন-সেবিত প্রিসিন্ধ পাছা ত্যাগ পূর্ব্দিক স্বতন্ত্র পাছা অবলম্বন করিলেও সাধকের তদ্ধপ শোচনীয় অবস্থা হয়—ভিতরে বাহিরে তিনি অপবিত্র ইয়া যান, নিত্য শাশ্বত আনন্দের পরিবর্ত্তে তাহাকে নানা-যোনি-ভ্রমণজনিত অদহ্য যন্ত্রণা ভোগ করিতে হয়, গর্ভস্থাবস্থায় পুরীয়াদি প্রতি শ্বাসে-প্রশ্বাসে তাহার নাকে মুখে প্রবেশ করে (নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে—প্রেমভক্তিচন্দ্রিকা), ভূমিষ্ঠ ইইলেও প্রতি শ্বাসে প্রশ্বাসে কেবল বিষয়াসক্তি এবং কৃষ্ণবহিম্ম্ থতাই গ্রহণ করিতে থাকে।

যাতে পড়িলে ইত্যাদি—যে কুতর্করপ গর্তে বা কর্কশ-পুরীষাবর্তে পড়িলে সর্কনাশ হয়; ভক্তি অন্তর্হিত হয়। ২৩২। সধ্যলীলার উপসংহারে প্রীল কবিরাজ-গোস্বামী সকলের চরণে ভক্তি-কৃতজ্ঞতা জানাইতেছেন:—হে প্রীচৈতন্ত ! তুমি পরম রূপালু; তুমি রূপা করিয়া প্রীকৃষ্ণ-বিষয়ে নিদ্রিতপ্রায় কলিহত-জীবের চৈতন্তবিধান করিয়াছ; কৃষ্ণ-তত্ত্ব, জীবতত্ত্ব, ভক্তি-তত্ত্ব, প্রেম-তত্ত্ব, লীলাতত্ত্ব, রসতত্ত্ব প্রভৃতি ব্যক্ত করিয়া সংসার-কূপে নিপতিত জীবমগুলীর উদ্ধারের উপায় বিধান করিয়াছ। তোমার তত্ত্ব তুমি না জানাইলে আর কে জানাইবে, কেই বা জানিতে পারিবে। তাই তুমি রূপা করিয়া তোমার অসমোর্দ্ধ-মাধুর্য্যময় লীলা-রহস্ত প্রকট করিয়াছ। আবার তোমার বর্ণিত বিষয়ও অপর কেহ বর্ণন করিতে সমর্থ হয় না; তাই ভক্তবৃন্দ তোমার লীলা-কাহিনী বর্ণন করিবার জন্ত যথন এই অযোগ্য জীবাধমকে আদেশ করিলেন, তথন তোমার চরণ স্বরণ করিয়াই তাঁহাদের আদেশ পালনের নিমিত্ত উন্তত হইলাম। তোমার লীলা

শ্রীরূপ, সনাতন, রঘুনাথ-জীব চরণ, শিরে ধরি, যার করেঁ। আশ। কৃষ্ণ-লীলামৃতান্বিত, চৈতস্য-চরিতামৃত, কহে কিছু দীন কৃষ্ণদাস॥ ২৩৩

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

দম্যক্ বর্ণনা করিবার শক্তি কাহারও নাই—সামান্ত যাহা কিছু বর্ণনা করিলাম, তাহাও তোমার রূপাতেই। বর্ণনা করিলামই বা বলি কেন ? বর্ণনা করিবার শক্তি তো আমার নাই। তোমার ভক্তদের প্রীতির নিমিত্ত তুমিই যন্ত্রিরূপে আমা-হেন যন্ত্রের দ্বারা যাহা কিছু লিখাইয়াছ, তাহাতেই আমি রুতার্থ। প্রভোণ তোমার চরণে নমস্কার।

আর হে শ্রীনিত্যানন্দ! আমি তোমারই শ্রীচরণাশ্রিত দাস। তুমি শ্রীচৈতত্তের অভিন-কলেবর। তাই তুমিই শ্রীচৈতত্তের লীলা-রহস্ত সমস্ত অবগত আছে। তুমিই নানারূপে তাঁহার সেবা করিয়া অশেষবিধ আনন্দ বিধান করিতেছে। আবার তুমিই পতিত-পাবন-বিগ্রহকপে কলিহত-জীবের প্রতি করণা করিয়া দারে দারে ঘুরিয়া নাম-প্রেম বিতরণ করিয়াছ—অনাদিকাল হইতে সংসার-তৃঃথে নিমগ্র জীবমগুলী যাহাতে শ্রীক্রফ্সেবা করিয়া নিত্য শার্খত আনন্দের আস্বাদন পাইয়া ধন্ত হইতে পারে, তুমিই অবিচারে তাহার বিধান করিয়াছ। কলিহত-জীব যাহাতে তোমার প্রাণাপেকাও প্রিয়ত্ম শ্রীচৈতত্তের দীলার্ম পান করিয়া ধন্ত হইতে পারে, তজ্জন্ত তোমার এই অযোগ্য দাসের দারা তোমার প্রভুর লীলা-কথা যাহা লিখাইয়াছ, তাহা লিখিয়াই আমি ক্রতার্থ। প্রভো! তোমার অপরিসীম ক্রপার জন্ত তোমার শ্রীচরণে আমার কোটি কোটি নমস্কার।

আর হে প্রীমহৈত। হে মামার পরমদয়াল গৌর-মানা ঠাকুর। কলিহত জীবের হৃংথে হৃংথী হইয়া তুমিই তে প্রীগৌরাঙ্গকে প্রণট করাইলে। তোমার প্রদাদেই তো জীব প্রভুব অভুত-লীলারহস্থ অবগত হইতে পারিল। নচেৎ, নিভৃত-নিকুঞ্জের লীলা-রহস্থ কে জানিতে পারিত ? কেবল জানিলেই বা কি হইত ? তাহা পাইবার উপায় কেবলিয়া দিত ? ভজনের আদর্শ কে দেখাইত ? প্রভো! তোমার করুণার তুলনা নাই। ভক্তবৃন্দ তোমার প্রাণের ঠাকুরের লীলা-কথা শুনিবার নিমিত্ত যথন আগ্রহ প্রকাশ করিলেন, তোমার এই দাসায়্লাসকে উপলক্ষ্য করিয়া তুমিই তো প্রভু তাহা বর্ণনা করিলে। প্রভু, ভোমার এই অপার করুণার নিমিত্ত তোমার চরণে শতকোটি দণ্ডবৎ-প্রণাম।

আর হে ভক্তবৃন্দ! রিদক-শেথরের লীলা-রহস্ত তোমরাই অবগত আছ। তোমরা তাঁহার চরণদরোজের ভৃত্ব। তোমাদের কুপাব্যতীত—কোনও জীবই, হউক না দে পরম পণ্ডিত—কোনও জীবই তাঁর লীলারদ-রহস্ত ব্যক্ত করিতে দমর্থ নহে। আর আমি তো মূর্থ, অজ্ঞ; ভাতে আবার জরাতুর, অস্ধ। আমার কি শক্তি আছে, আমি তাঁর লীলা বর্ণন করিব ? তোমরা কুপা করিয়া যাহা খুরিত করাইয়াছ, তাহাই তোমাদের কুপাশক্তিতেই লিখিতে চেষ্ঠা করিয়াছি। হে পরম-দয়াল-বিগ্রহ! তোমাদের চরণে নমস্কার; তোমরা কুপা করিয়া আমার মন্তকে তোমাদের পদরজঃ দাও।

আর হে শ্রোতাগণ! শ্রীমন্মহাপ্রতুর লীলাকণা শুনিবার জন্ত তোমাদের যে প্রবল আগ্রহ, সেই আগ্রহের উপলক্ষ্টে ভক্তবংগল শ্রীমন্মহাপ্রতু তোমাদের প্রীতিবিধানের উদ্দেশ্যে এ অধ্যাগ্যের দারা ধংকিঞ্চিং প্রকাশ করিয়াছেন। দর্শকের আনন্দবিধানের নিমিত্ত বাজীকর ধেমন পুতুলের দারা নৃত্যাদির বন্দোবস্ত করে, তোমাদের প্রীতিবিধানের নিমিত্তই তদ্ধপ শ্রীমন্মহাপ্রতু পুতুল্দদ্শ আমাদ্বারা তাঁহার লীলাকথা ধংকিঞ্চিং প্রকাশ করাইয়াছেন। তোমাদের কুপার তাহা প্রকাশ করিয়া অংমি ধন্ত ও কুতার্থ। অত এব তোমাদের চরণে আমার শত কোটি দণ্ডবং-প্রণাম।

আর হে শ্রীরূপ। হে শ্রীসনাতন। হে শ্রীরুঘুনাথ। হে শ্রীজীব। তোমাদের শ্রীচরণই আমার একমাত্র ভরদা। তোমরা প্রভুব অন্তরঙ্গ, তোমরা প্রভুর নিত্যশীলার পার্ষদ। তোমাদের ক্রপাতেই কলিহত-জীব ভর্জন-রহ্ম অবগত হইতে পারিয়াছে, তোমাদের ক্রপাতেই তাহারা ভর্জনের একটা উজ্জ্ব আদর্শ সাক্ষাতে দেখিতে **बीमग्रा**मनरगां भागरगां विन्मरम् व जुष्टेरम

হৈতক্তাপিতমস্বেতকৈতক্তচরিতামৃতম্॥ ৪৮

শ্লোকের ^মসংস্কৃত টীকা।

এতচ্ছ্রীটেতন্যচরিতামূতং শ্রীমনাদনগোপালভ গোবিন্দদেবভ চ তুইয়ে অস্ত এবং শ্রীটেতন্যার্পিতমস্ত। ইতি চক্রবর্ত্তী। ৪৮

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

পাইতেছে। প্রভুর রূপাদেশে এ অধন যথন প্রীর্দাবনাশ্র করিল, তথন তোমরাই রূপা করিয়া এ দীনহীনকে প্রীচরণে স্থান দিয়াছ—তোমরাই রূপা করিয়া ভক্তি-দিদ্ধান্তাদি এ অধনকে শিক্ষা দিয়াছ। তোমাদের রূপা এ অযোগ্য জীব যভটুকু ধারণ করিতে দমর্থ হইয়াছে, ততটুকুই ভক্তমগুলীর প্রীতির নিমিত্ত—রূপা করিয়া এ পুতুল দারা তোমরা লিখাইয়াছ। আর হে প্রীরঘুনাথদাস! ভূমি প্রীটেতনাের অন্তরঙ্গ দেবক, ভূমিই প্রভুব লীলারঙ্গ স্বচক্ষে দর্শন করিয়াছ। ভূমি রূপা করিয়া যাহা কিছু প্রকাশ করিয়াছ, তাহাই যন্তর্রপে এ অধম এই গ্রন্থে প্রকাশ করিয়াছে। তোমার রূপা না হইলে, এ গ্রন্থ লেখা একেবারেই অসম্ভব হইত। তোমার চরণে, নমস্কার, নমস্কার।

কুষ্ণলীলামূতান্তি— শ্রীচৈতন্যচরিতামূত-গ্রন্থ, শ্রীকৃষ্ণ-লীলা-মিশ্রিত শ্রীচৈতন্যলীলাময়। নবদীপ-লীলায় শ্রীমন্মহাপ্রভু শ্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া ব্রজলীলা আস্বাদন করেন। স্কুতরাং তাঁহার লীলা-রহস্তও ব্রজলীলাময়। তাঁহার আস্বাদিত ব্রজলীলার বর্ণনা ব্যতীত শ্রীচৈতন্যের লীলা বর্ণন অসম্ভব; তাই এই শ্রীগ্রে ব্রজলীলা ও ন্বদ্বীপ্-লীলা এই উভয় লীলারই বর্ণনা আছে।

· শ্রো। ৪৮। অষয়। এতং (এই) চৈতন্যচরিতামৃতং (এটিতন্যচরিতামৃত-গ্রন্থ) শ্রীমন্মদনগোপাল-গোবিন্দদেবতুষ্টরে (শ্রীমন্মদনগোপালের এবং শ্রীগোবিন্দদেবের তুষ্টির নিমিত্ত) অস্ত (হউক), [তথা] (এবং) চৈতন্যাপিতং (শ্রীচৈতন্যে অপিত) অস্ত (হউক)।

অসুবাদ। এই প্রীচৈতন্যচরিতামৃত শ্রীমন্মদন-গোপালের এবং শ্রীগোবিন্দদেবের তুষ্টির নিমিত্ত হউক এবং শ্রীচৈতন্যে অপিত হউক। ৪৮

ভক্তের দর্ব্বদাই "ক্ষথর্থে অথিলচেষ্টা"—িতিন যাহা কিছু করেন, দমস্তই তাঁহার ইষ্টদেবের প্রীতির নিমিত্রই করিয়া থাকেন। তাই, গ্রন্থকার করিরাজ-গোস্বামী প্রীচেতন্যচরিতামৃত প্রণয়ন করিয়া প্রার্থনা করিতেছেন—ইহাতে যেন তাঁহার ইষ্টদেব প্রীমদনগোপাল এবং প্রীগোবিন্দদেবের তৃষ্টি দাধিত হয়। স্বীয় লীলাকথা আম্বাদনের নিমিত্ত প্রীভগবানও দর্বদা লালায়িত; স্বীয় লীলাকথার আম্বাদনে তাঁহার পরমা তৃপ্তি। তিনি ইহা হুইরূপে আম্বাদন করিতে পারেন—বিষয়রূপে এবং আম্বায়রূপে। প্রীমদনগোপালরূপে বা গোবিন্দদেবরূপে তিনি বিষয় এবং আম্বায় হুইই; তাঁহার লীলাকথা—প্রীচেতন্যস্বরূপে তিনি বিষয়রূপেও আম্বাদন করিতে পারেন, আম্বায়রূপেও আম্বাদন করিতে পারেন। স্থতরাং প্রীচৈতন্যস্বরূপে তিনি বিষয়রূপেও আম্বাদন করিতে পারেন। স্থতরাং প্রীচেতন্যস্বরূপে তাঁহার যে স্বীয় লীলাকথার আম্বাদন, তাহাতেই আম্বাদনের পূর্ণতা এবং আম্বাদনজনিত তাঁহার তুষ্টির পূর্ণতা। এজন্তই করিরাজ-গোস্থামী তাঁহার প্রণীত প্রীম্প্রিটিতন্যক্রিতামৃত প্রীচিতন্তদেবকে অর্পণ করিয়া প্রার্থনা করিতেছেন—যেন তাঁহার গ্রন্থের প্রীচিতন্যাপণি দার্থক হয়—চৈতন্তার্পণমন্ত। বিষয়রূপেই হউক, কি উভয়রূপেই হউক,—লীলারদ-রিদক প্রীচিতন্তদেব যদি তাঁহার লীলাকথাপূর্ণ প্রীচিতন্যচরিতামৃত আ্যাদন করিয়া তৃপ্তিলাভ করেন, তাহা হইলেই গ্রন্থকার নিজেকে কুতার্থ ও ধন্য মনে করিবেন—ইহাই তাৎপর্যা।

তদিদমতিরহন্তং গৌরলীলামূতং যৎ, থলসমুদয়:কালৈর্নাদৃতং তৈরলভাম্। ক্ষতিরিহ্মিহ কা মে স্বাদিতং যৎ সমস্তাৎ, সন্থানমন্ত্রমান্তর্মাদমেষাং তনোতি। ৪৯ ইতি শ্রীচৈত অচরিতামূতে মধ্যথণ্ডে কাশী-বাদিবৈষ্ণবকরণপুনর্নীলাচলগমনং নাম পঞ্চবিংশতিপরিচ্ছেদঃ।

শ্লোকের সংস্কৃত টীকা।

যদ্গৌরলীলামৃতং তদিদমতিরহস্তম্ তৎ কিং যদমৃতং থলসমৃদয়কোলৈঃ থলসমূহ-শৃকরৈঃ নঃ আদৃতম্ অত এব তৈরলভ্যম্ ইহ অত্র মে মম কা ক্ষতিঃ ? যৎ যতঃ সহৃদয়-স্থমনোভিঃ সামাজিকৈঃ স্বাদিতং সৎ এষাং মোদং হর্ষং তনোতি বিস্তারয়তি। ইতি চক্রবর্তী। ৪৯

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

শ্রেম ৪৯। অষ্ট্র । তৎ (দেই) ইদং (এই) গৌরলীলামৃতং (গৌরলীলামৃতরপ শ্রীতৈতক্তরিতামৃত) অতিরহন্তং (অতি গোপনীয়), যৎ (ইহা যে) খলসমুদয়কোলৈঃ (খলরপ শৃকরসমূহ কর্তৃক) ন আদৃতং (আদৃত হয় না), [অতএব] (অতএব) তৈঃ (তাহাদিগকর্তৃক) অলভ্যং (অলভ্য), ইহ (ইহাতে) মে (আমার) কা ক্ষতিঃ (কি ক্ষতি)
ং যৎ (যেহেতু) সহ্লেয়-স্থমনোভিঃ (সাধুচিত্ত সহ্লেয়কর্তৃক) স্বাদিতং (আসাদিত হইয়া) এমাং (ইহাদের) সমস্তাৎ (সর্ক্তোভাবে) মোদং (আনন্দ) তনোতি (বিস্তার করে)।

্ **অনুবাদ।** এই ঐতিতক্তরিতামৃত অতি গোপনীয় রহস্তময়। এই অমৃতকে থলরপ শৃকরসমূহ আদর করে না, অতএব উহা তাহাদের অলভ্য; তাহাতে আমার কি ক্ষতি আছে ? থেহেতু, এই লীলামৃত সাধুচিত্ত সহৃদয় কর্ত্ত্বক আস্বাদিত হইয়া সর্বতোভাবে তাঁহাদের আনন্দবিস্তার করিতেছে। ৪৯

জগতে দাধারণতঃ হুই রকমের লোক দেখা যায়—যাঁহারা নির্মালচিত্ত, তাঁহারা ভগবহুমুখ; চিত্ত মলিন, তাঁহারা বিষয়াসক্ত। যাঁহারা মলিন-চিত্ত, বিষয়াসক্ত, ভগবৎ-কথায় তাঁহাদের রুচি নাই, বিষয়েতেই তাঁহাদের ক্ষতি; অপবিত্র হর্গন্ধ বিষ্ঠাদিতেই যেমন শৃকরের ক্ষতি, তদ্ধপ জীবস্বরূপের অবনতি-সম্পাদক বিষয়ভোগেই মলিনচিত্ত লোকের রুচি; তাই এতাদৃশ লোকসকলকে এই শ্লোকে শৃকরতুল্য বলা হইয়াছে—থলসমুদয়কোলৈঃ— এই বাক্যে (কোল অর্থ শূকর); শ্রীচৈতক্তদেবের চরিত্রকথা অমৃততুল্য পরমাস্বাছ্য হইলেও এতাদৃশ বিষয়াসক্ত লোকগণের নিকটে আস্বান্ত বলিয়া বিবেচিত হইবে না; এই গৌরলীলামৃত খলসমুদয়কোলৈঃ—থল (নীচ, অধম— বিষয়াদক্ত লোক) সমুদয়-রূপ কোল (বা শৃকর) সকল ছার! ন আদৃতং—আদৃত হয় না; কারণ, ভগবৎ-কথায় তাঁহাদের রুচি নাই, তাই গৌরলীলামৃত—গৌরলীলারূপ অমৃতের আস্বাদনও তাঁহাদের পক্ষে অলভ্যং—ছল্ল ভ; কারণ, ইহা—ভক্তিরদ বা লীলারদ—একমাত্র ভক্তেরই আস্বাত্য। ''এই রদ-আস্বাদ নাহি অভক্তের গণে। ভক্তগণ করে রস-আস্বাদনে॥ ২।২ আও ১॥'' তাই গ্রন্থকার কবিরাজ-গোস্বামী বলিতেছেন—এই যে অমৃতরস-নিলয় শ্রীচৈতক্তরিতামৃত তিনি প্রণয়ন করিয়াছেন, বিষয়াসক্ত অধম-চরিত্র লোকদের নিকটে তাহা আদৃত হইবে না; আদৃত হইবেনা বলিয়া—কতকগুলি লোক গৌরলীলারদের আস্বাদন হইতে বঞ্চিত হইবে বলিয়া—গ্রন্থকারের ছঃখ হইতে পারে, কিন্তু তাহাতে তাঁহার ক্ষতি কিছু নাই—কা ক্ষতিঃ ? কারণ, বিষয়াসক্ত বহিমুখি লোকগণের আদর না পাইলেই যে তাঁহার গ্রন্থপায়ন অসার্থক হঁইবে, তাহা নহে; কাক আত্রমুকুল আম্বাদন করে না বলিয়া স্রষ্টার্র পক্ষে আমুকুলের স্ষ্টি অসার্থক হইয়া যায় না। তবে কিসে এই গ্রন্থপ্রণয়ন সার্থক হইবে ? যাঁহাদের জন্ত এই গ্রন্থ লিখিত হইয়াছে, তাঁহাদের আস্বাদনেই ইহা দার্থকতা লাভ করিবে। কবিরাজ-গোস্বামী এই গ্রন্থপ্রন করিয়াছেন-রিদিক-ভক্তদের আস্বাদনের জন্ত ; অভক্ত-অরসিকের জন্ত নহে ; তাই গ্রন্থারস্তেই তিনি বলিয়াছেন-"অতএব কহি কিছু করিয়া

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

নিগুঢ়। বুঝিবে রিসিক ভক্ত না বুঝিবে মৃঢ় ॥ ১া৪।১৮৯॥ এসব সিদ্ধান্ত-রদ আগ্রের পল্লব। ভক্তগণ-ক্লোকিলের সর্বাণ বল্লভ॥ অভক্ত-উদ্ধের ইথে না হয় প্রবেশ। তবে চিত্তে হয় মোর আনন্দবিশেষ॥ ১।৪।১৯১-৯২॥" স্ক্তরাং ভক্তগণ যদি এই গ্রন্থের সমাদর করেন, ভাহা হইলেই প্রন্থ-প্রণয়নে তাঁহার সার্থকতা। আবার এই গ্রন্থ যে সহাদয়-স্থানাভিঃ—সহাদয় এবং স্থমনঃ (উত্তম মন বা চিত্ত যাঁহাদের, যাঁহারা সাধুচিত্ত, তাঁহাদের) দ্বারা স্থাদিতং— আস্বাদিত হইয়া সমস্তাৎ —সর্বাভোগের তাঁহাদের মোদং তনোতি—আনন্দ্রদ্ধন করিতেছে, তাঁহাও গ্রন্থকার জানেন; তাহাতেই তাঁহার গ্রন্থপ্রমন সার্থক হইয়াছে বলিয়া এবং তিনিও ক্রতার্থ হইয়াছেন বলিয়া তিনি মনেকরেন; তাই অভক্রণণ কর্ত্বক এই গ্রন্থের অনাদরে তিনি তাঁহার গ্রন্থপ্রণয়ন অসার্থক বলিয়া মনে করেন না। ইতি প্রীশ্রীচৈতক্যচির হামৃত মধ্যলীলার গৌর-ক্লপা-তর্ম্পিণী টীকা সমাপ্তা।

मधानीना ममाखा।